১ -মা -পা -া II
০ ০ ০
০ ০ ০

II + ণা -া ণা | ণা ধ ণা -া | ০ ধা ধা ণা | ণ১ ধা পা -া I + মা পা -া |
মো র স্ব | প নে র | মা ন স | প টে ০ কা হা র |

৩ ণা -ণা পা | ০ মপা -ধা পা | ম১ জ্ঞা -া -া I + মা -া মা | ৩ জ্ঞা -া মা |
আ ০ বেশ্ | লে০ ০ গে | ছে ০ ০ | কো ন্ অ | জা না র |

০ রা রা -া | ১ সা সা -া I + প্া ন্া -া | ৩ সা সা -া | ০ গা রা গা |
ম ধু র | বা ণী ০ | গা নে ০ | ব্ স্ রে | বে ০ জে |

১ সা -া -া II II
ছে ০ ০

স্বরলিপি

ভৈরবী-একতালা

ওগো অচিন্ দরদী
রিক্ত হিয়ার গোপন পথে এসো নিরবধি।
মুকুল ঝরা কুঞ্জ ছায়ে,
গানটী তব যেও গেয়ে,
ডেকো তোমার বাঁশীর সুরে পথ ভুলে যাই যদি।

তোমার বাদল রাতের কাজল মেঘের উত্তরী,
আমার বেভুল মনে জাগায় স্বপন মঞ্জরী।
শুনি আকুল ব্যথা বেণু
ঝরে বন-কুসুমের রেণু।
কোন্ সুরেতে বহাও উজান তোমার প্রেমনদী।

কথা—শ্রীজগদীশচন্দ্র সেন মজুমদার

সুর ও স্বরলিপি—শ্রীকল্যাণী গুপ্তা

আস্থায়ী

	০			১			২´			৩			০		
II	সা	ঋা	সা	সা	ঋা	মা	জ্ঞা	-া	ঋা	সা	-া	-া II	সা	র্সা	র্সা
	ও	০	গো	অ	চি	ন্	দ	০	র	দী	০	০	রি	০	ক্ত

১			২´			৩			০			১		
র্সা	ণর্সা	ঋর্সা	ণা	দা	দা	দা	পা	পা	মা	ণা	দা	পা	মা	জ্ঞা
হি	য়া০	০র	গো	প	ন্	প	থে	০	এ	০	সো	নি	র	০

২´			৩		
ঋা	-া	-া	সা	-া	-া
ব	০	০	ধি	০	০

অন্তরা

০			১			২´			৩			০		
দা	মা	মা	জ্ঞা	মা	মা	দা	দা	ণা	ণা	র্সা	র্সা	ণা	র্সা	র্ঋা
মু	কু	ল	ঝ	রা	০	কু	০	ঞ্জ	ছা	০	য়ে	গা	ন	টী

১ ২´ ৩ ০ ১
র্সা ণা ণা | দা দা ণা | র্সা র্সা র্সা | পা র্সা র্সা | র্সা র্জ্ঞা র্সা |
ত ব ০ | যে য়ো ০ | গে ০ য়ে | ডে কো ০ | তো মা র |

২´ ৩ ০ ১ ২´
ণা র্সা ণা | দা পা পা | মা পা দা | পা পা পা | মা পা জ্ঞমা |
বাঁ শী র | সু রে ০ | প থ ভু | লে ০ ০ | যা ই য০ |

৩
পদা পমা জ্ঞঋসা ||
০০ ০০ দি০০ ||

সঞ্চারী

০ ১ ২´ ৩ ০
ণ্‌া সা সা | প্‌া দ্‌া দ্‌া | ণ্‌া সা সা | সা ঋা ঋা | ঋা সা সা |
তো মা র | বা দ ল | রা তে র | কা জ ল | মে ঘে র |

১ ২´ ৩ ০ ১
ণ্‌া ণ্‌া ঋা | সা -া -া | -া -া -া | সা ঋা ঋা | জ্ঞা মা মা |
উ ০ ত্ত | রী ০ ০ | ০ ০ ০ | আ মা র | বে ভু ল |

২´ ৩ ০ ১ ২´
পা মা মা | জ্ঞা ঋা ঋা | ঋা সা সা | ঋা -া ণ্‌া | সা -া -া |
ম নে ০ | জা গা য় | স্ব প ন | ম ০ ঞ্জ | রী ০ ০ |

৩
-া -া -া |
০ ০ ০ |

আভোগ

০ ১ ২´ ৩ ০
জ্ঞা মা মা | দা ণা ণা | ণা র্সা র্সা | র্সা র্সা র্সা | দা ণা ণা |
শু নি ০ | আ কু ল | ব্য থা ০ | বে ০ ণু | ঝ রে ০ |

১ ২´ ৩ ০ ১
র্সা র্জ্ঞা র্জ্ঞা ⁝ র্মা র্জ্ঞা র্ঋা | র্সা র্সা র্সা | পা. র্সা র্সা | র্সা ণর্সা র্জ্ঞর্ঋা |
ম ন্ কু ⁝ সু মে র | রে ণু ০ | কো ন্ সু | রে তে০ ০০ |

২´ ৩ ০ ১ ২´
র্সা ণা দা ⁝ দা পা পা | মা দা পা ⁝ মা জ্ঞা মা | র্সণা দপা দপা |
ব হা ও ⁝ উ জা ন্ | তো মা র ⁝ প্রে ম ০ | ন০ ০০ ০০ |

৩
মজ্ঞা ঋসা -া II II
দী০ ০০ ০

প্রথম তান—

১ ২ ৩
সঋা ণ্সা ঋজ্ঞা | মপা র্সণা দপা | মজ্ঞা ঋসা সা II
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০

দ্বিতীয় তান—

০ ১ ২´ ৩
র্সা ণর্সা র্জ্ঞর্ঋা | র্সণা দপা দপা | জ্ঞমা ণ্দা পমা | ঋজ্ঞমা ণ্সঋা সা II
আ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০০ ০০০ ০

সরগম—

০ ১ ২´ ৩ ০
সসা ঋঋা জ্ঞা | মা সঋা জ্ঞমা | পা -া -া | পা দদা মা | পপা জ্ঞা মমা |

১ ২´ ৩ ০ ১
র্সা র্ঋর্ঋা ণা | র্সর্সা দা ণণা | পা দদা মা | পপা জ্ঞা মমা | ঋা সসা সা |

২´ ৩
র্সর্সা র্মর্জ্ঞা র্ঋণা | র্সা -া -া II II

স্বরলিপি

মিশ্র ভীমপলাসী—কাহার্‌বা

উষার তোরণ গিয়াছে খুলে
এল কি কথা মোর পরাণে
যেদিকে তাকাই নয়ন মেলে
হেলার হাসি সকলে হানে।

ভ্রূকুটি করে বাহিরে ঘরে,
ভীষণ মেঘ গরজি মরে,
তব বাহুতে বাহু জড়ায়ে
চলিব সখা অজানা পানে।

একেলা যেতে সাহস নাহি,
তাই ত বন্ধু তোমারে চাহি,
তোমার হাসি অভয় বাণী
ভরসা আনে তোমার গানে।

পথের কাঁটা দলিয়া যাব
তবু ত তোমায় নিরালা' পাব
চোখের জলে মুছায়ে দিও
বেদনা কখন আসে কে জানে॥

কথা ও সুর—শ্রীসুবোধচন্দ্র চক্রবর্ত্তী, বি-এ

স্বরলিপি—শ্রীপ্রমথবন্ধু দে, বি-এস্-সি

```
+                  ০                  +                  ০
া  পা  পা  দা  |  মা  পা  জ্ঞা  মা  |  া  রা  রা  জ্ঞা  |  রা  সা  ণ্‌া  -া  |
০  উ  ষা  র  |  তো  ০  র  ণ  |  ০  গি  য়া  ছে  |  খু  ০  লে  ০  |

+                  ০                  +                  ০
া  ণজ্ঞা  -া  -া  |  জ্ঞা  -া  জ্ঞা  মরা  |  -া  পা  -া  মপা  |  জ্ঞমা  পণা  পা  -া  |
০  এ  ল  কি  |  ক  ০  থা  ০  |  ০  মো  র  প০  |  রা০  ০০  ণে  ০  |

+                  ০                  +                  ০
া  ণা  -া  -া  |  ণা  -া  ণা  ণা  |  -া  ণা  র্া  স্া  |  ণা  ধা  ণপা  -া  |
০  যে  দি  কে  |  তা  ০  কা  ই  |  ০  ন  য়  ন  |  মে  ০  লে  ০  |

+                  ০                  +                  ০
-া  ণা  ণা  ণা  |  মা  পা  জ্ঞা  মা  |  সা  জ্ঞা  -া  মা  |  জ্ঞমা  পণা  পা  -া  ||
০  হে  লা  র  |  হা  ০  সি  ০  |  ০  স  ক  লে  |  হা০  ০০  নে  ০  ||
```

\+   ০   +   ০
। পা পা পা | মা পা জ্ঞা মা | । ^পণা -া -া | র্সা -া র্সা -া |
০ ভ্রূ কু টি | ক ০ রে ০ | ০ বা হি বে | ঘ ০ বে ০ |
০ প থে র | কাঁ ০ টা য় | ০ দ লি য়া | যা ০ ব ০ |

\+   ০   +   ০
। ণা ণর্জ্ঞা -া | র্রা -া র্সা -া | ণা ণা র্রা র্রা | ণর্সা ণধা ^ণপা -া |
০ ভী ম ০ ণ | মে ০ ঘে ০ | গ র জি ০ | ম ০ ০ ০ বে ০ |
০ ত বু ০ ত | তো ০ মা য় | নি বা না ০ | পা ০ ০ ০ ব ০ |

\+   ০   +   ০
। ণা ণা ণা | ণা -া ণা -া | । ণা র্রা র্সা | ণর্সা ণধা ^ণপা -া |
০ ত ব বা | হু ০ তে ০ | ০ বা হু জ | রা ০ ০ ০ য়ে ০ |
০ চো খে র | জ ০ লে ০ | ০ মু ছা য়ে | দি ০ ০ ০ ও ০ |

÷   ০   +   ০
। ণা ণা ণা | মা পা জ্ঞা মা | সা জ্ঞা জ্ঞা মা | জ্ঞমা পণা পা -া ||
০ চ লি ব | স ০ খা ০ | ০ অ জা না | পা ০ ০ ০ নে ০ ||
০ বে দ না | ক ০ থ ন্ | ০ আ সে কে | দ্বা ০ ০ ০ নে ০ ||

\+   ০   +   ০
। সা সা ^সপা | মা -া জ্ঞা -া | । রা রা রা | রা জ্ঞা সা -া |
০ এ কে লা | যে ০ কে ০ | ০ সা হ স | না ০ হি ০ |

\+   ০   +   ০
। সা সা সা | সা রা ণা -া | । সা সা পা | পা -া পা -া |
০ তা ই ত | ব ন্ ধু ০ | ০ তো মা রে | চা ০ হি ০ |

\+   ০   +   ০
-া ণা -া -া | ণা -া ণা -া | -া ণা ণর্রা র্রর্সা | ণা ধা ^ণপা -া |
০ তো মা র | হা ০ সি ০ | ০ অ ভ০ ০য় | বা ০ ণী ০ |

\+   ০   +   ০
-া ণা -া -া | মা পা জ্ঞা মা | সা জ্ঞা -া মা | জ্ঞমা পণা পা -া ||
০ ভ ০ সা | আ ০ নে ০ | ০ তো মা র | গা ০ ০ ০ নে ০ ||

স্বরদ পাঠ

সঙ্গীত-ভারতী শ্রীবাণী দেবী (D. Mus.)

।।।।।।।।।II ম্ প্ ম্ জ্ঞা। রা -া -া -া I সা রা জ্ঞা রা। মা -া -া গা I
ডা রা ডা রা ডা রা রা রা ডা রা ডা রা ডা রা রা ডা

জ্ঞা -া -া -া। ম্ প্ ম্ জ্ঞা I রা -া -া -া। সা রা জ্ঞা রা I ণ্ মপা মজ্ঞা রসা।
ডা রা রা রা ডা রা ডা রা ডা রা রা রা ডা রা ডা রা ডা ডিবি ডিরি ডিরি

ণ্ রা ণ্ -া I ণ্ ণ্ -া রা। সা -া -া রজ্ঞা I রা -া -া -া। রা -া রা ণ্ I
ডা রা ডা রা রা ডা রা ডা ডা রা রা ডিরি ডা বা রা রা

সা -া -া -া। ণ্ ধ্ প্ ধ্ I ণ্ -া -া -া। ণ্ ণ্ -া রা I সা -া সা রজ্ঞা।

রা -া রা -া I রা -া রা ণ্। সা -া সা -া I ণ্ ধ্ প্ ধ্। ণ্ -া -া -া I
ডা রা ডা রা ডা

ণ্ -া ম্ ম্। ম্ মা মা -া I মা -া মা -া। জ্ঞা -া রা -া I রা মা -া -া।

মজ্ঞা -া -া রা I সা -া সা সা। সা রা জ্ঞা মা I রা সা ণ্ ধা। ণ্ মা মা মা I

মা মা মা মা। জ্ঞা জ্ঞা রা রা I রা মা মা মা। মজ্ঞা জ্ঞা জ্ঞা রা I সা সা সা সা।

সা রা জ্ঞা মা I রা রা রা রা। ণ্ ণ্ -া রা I সা -া -া রজ্ঞা। রা -া -া -া I

৪৮

১´ ০ ১´ ০ ১´

রা -া রা ণ্‌া | সা -া -া -া I ণ্‌া ধ্‌া প্‌া ধ্‌া | ণ্‌া -া -া -া I ণ্‌া -া -া -া |

৫২ ৫৬

০ ১´ ০ ১´ ০

ণ্‌া ণ্‌া -া রা I সা -া সা রজ্ঞা | রা -া রা -া I রা -া রা ণ্‌া | সা -া সা -া I

৬০

১´ ০ ১´ ০

ণ্‌া ধ্‌া প্‌া ধ্‌া | ণ্‌া -া -া -া I ণ্‌া -া -া -া | া া া া II II

ডা রা রা রা ডা

ষ্ট্রীং কন্‌সার্টের গৎ

কেদারা (ইংরাজি সুরের অনুকরণে)—জলদ কাওয়ালি

ব্যবহার—দুই ম ও সম্পূর্ণ জাতি

স্বরলিপি—শ্রীকৃষ্ণকিশোর দাস

স্থায়ী

০ ১ ২´ ৩´

II সা ন্‌সা মা গা | পা হ্মপা ধা পা | পা হ্মপা ধা না | র্সা -া র্সা -া I

০ ১ ২´ ৩

মা গমা পা হ্মপা | র্সা ধা পা -া | গমা হ্মপা ধা পা | মা রা সা -া I

০ ১ ২´ ৩

সা ধ্‌া ধ্‌া সা | মা গা রা রা | মা গা মা হ্মা | পা -া পা -া I

০ ১ ২´ ৩

র্সা নর্সা ধা পা | পা হ্মপা ধা পা | গমা হ্মপা ধা পা | মা রা সা -া II

১ম অন্তরা

০ ১ ২ ৩
II পা ক্ষপা ধা পা | মা রা সা -া | সা ন্সা রা গা | মা -া মা -া I

০ ১ ২´ ৩
সা ধ্া ধ্া সা | ধ্া -া ধ্া -া | গ্া ম্া ম্া ক্ষ্া | প্া -া প্া -া I

০ ১ ২´ ৩
প্া ক্ষপ্া ধ্া প্া | সা ধ্া প্া -া | গমা ক্ষপা ধা না | র্সা -া -া -া I

০ ১ ২´ ৩
সা মা মা সা | ধ্া ম্া ম্া -া | গ্ম্া ক্ষপ্া ধ্ন্া সরা | মা -মা মা -া II

২য় অন্তরা

০ ১ ২´ ৩
মা মা মা রা | সা ন্া সা -া | গা মা ক্ষা পা | পা -া পা -া I

০ ১ ২´ ৩
পা ক্ষপা ধা না | র্সা র্রা র্গা -া | মা গমা ক্ষা পা | ধা -না -র্সা -া I

০ ১ ২´ ৩
র্সা নর্সা ধা পা | পা ক্ষপা ধা পা | গমা ক্ষপা ধা পা | গা রা সা -া I

০ ১ ২´ ৩
ন্সা রগা মা রা | গমা ক্ষপা ধা পা | গমা ক্ষপা ধনা র্সর্রা | র্সা র্সা র্সা -া II II

গান

আর, সুলতান বি, এ

নিশি যে পোহায়ে যায় নয়ন জলে,
পিয়াসী পাপিয়া কাঁদে উদয়াচলে।
বেদনা দীপালি তবু
বুকে না নিভিল কভু
বিরহ শিখায় পুড়ে পরাণ তলে।

আঁধারে ফুটিয়া ফুল প্রভাতে ঝরে,
তরুণ আলোর বুকে তরাসে মরে ;
আঁখির পাতায় তার
দুলিছে মতির হার,
কবি বিধুর ব্যথায় দুলে কুসুম দলে ॥

যন্ত্র-সঙ্গীত

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীমোহিনীমোহন মিশ্র

হাত সাধ্‌বার আগে দু'একটী শাস্ত্র-বাক্য ব'লে নিয়মিত সাধনার কথা লেখবার চেষ্টা করব। যেমন স্বরের নাম, তাহাদের উৎপত্তি অর্থাৎ জন্মস্থান—জাতি, দেবতা, ঋষি, ছন্দ, বর্ণ, রস, চক্র, ধাতু, বীজ প্রভৃতি। পরে শ্রুতি, গ্রাম, আরোহণ, অবরোহণ, বাদী, সম্বাদী, অনুবাদী, বিবাদী, তান ও বিভিন্ন অলঙ্কার। সব বিষয় লিখতে গেলে "বাহুল্য" দোষ এসে পড়ে তাই যে সকল বিষয় সাধনার প্রথম সময়ে আগেকার যুগে আবশ্যক হত সেইগুলিই এখানে উল্লেখ করা গেল।

স্বরের নাম :—	ষড়জ,	ঋষভ,	গান্ধার,	মধ্যম,	পঞ্চম,	ধৈবত,	নিষাদ
	সা	ঋা	গা	মা	পা	ধা	নি
জন্মস্থান	জম্বু	শাক	কুশ	ক্রৌঞ্চ	শাল্মলী	শ্বেৎ	পুষ্কর
জাতি	ব্রাহ্মণ	ক্ষত্রিয়	বৈশ্য	ব্রাহ্মণ	ব্রাহ্মণ	ক্ষত্রিয়	বৈশ্য
দেবতা	অগ্নি	ব্রহ্মা	সরস্বতী	শিব	লক্ষ্মী	গণপতি	সূর্য্য
ঋষি	বহ্নি	ব্রহ্মা	চন্দ্র	বিষ্ণু	নারদ	তম্বুরু	তম্বুরু
ছন্দ	অনুষ্টপ	গায়ত্রী	ত্রিষ্টপ	বৃহতী	পংক্তি	উষ্ণিক	জগতি
বর্ণ	রক্ত	ঈষৎপীত	অতিপীত	শুভ্র	শ্যাম	পীত	কর্পূর
রস	বীর, অদ্ভুৎ রৌদ্র	রৌদ্র, বীর অদ্ভুৎ	করুণা	হাস্য	শৃঙ্গার	বীভৎস ভয়ানক	করুণা
চক্র	মূলাধার	স্বাধিষ্ঠান	মণিপুর	অনাহত	বিশুদ্ধ	আজ্ঞা	সহস্রার
ধাতু	ত্বক	রুধির	মাংস	মেধ	অস্থি	মজ্জা	শুক্র
বীজ	পৃথিবী	বরুণ	বহ্নি	বায়ু	শূন্য	আজ্ঞা	

উপরোক্ত বিষয়ের উল্লেখ করার একমাত্র কারণ এই যে আজকাল গান বাজনা এক রকম বিলাসের জিনিষ হ'য়ে দাঁড়িয়েছে। সত্যই পূর্ব্বে তা ছিল না। এখন "বাগান-বাড়ীর" গান বাজনা করতে পার্‌লে বা না জান্‌লে তাহার কদর নাই। কিন্তু হিন্দু সঙ্গীত-সাধককে সাধনা ও সংযমের মাঝে দিয়ে সঙ্গীতের আসল জায়গায় ও তাহার প্রকৃত উদ্দেশ্যে নিয়ে যেত অর্থাৎ "নাদ" যে কি তাই বুঝিয়ে দিত। "নাদ" যে কি জিনিষ ও তার গুরুত্ব কি, নীচের শ্লোকটীই তার পরিচয় :— "নাদাব্ধেস্তু পরং পারং ন জানাতি সরস্বতী
অদ্যাপি মজ্জনভয়াত্তুম্বং বহতি বক্ষসি॥"

আর যে সব কথা বাকি রইল সে বিষয় পরে আলোচনা করা যাবে। এখন সেতার বাজাতে প্রথমে যে ভাবে হাত তৈয়ার করিতে হয় তার কিছু কিছু দেওয়া গেল।

পরীক্ষা করিয়া হিসাবনিকাশ করিয়াছেন। তজ্জন্য সম্মিলনী তাঁহাকে কৃতজ্ঞতাপূর্ণ আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছেন। আয়ব্যয়ের সমুদয় হিসাবে সভ্যগণের পর্য্যবেক্ষণজন্য পৃথক কাগজে দেওয়া হইল। প্রতি বৎসরের হিসাবে মুখোপাধ্যায় মহাশয় তাঁহার মন্তব্য লিপিবদ্ধ করিয়াছেন। এস্থলে উল্লেখ করা আবশ্যক যে, সম্মিলনীর সাবেক বাড়ীর (৭৮ ধর্ম্মতলা ষ্ট্রীটের) দুই কোয়ার্টারের জন্য ১৭৭৸৶০ ট্যাক্স দাবী করিয়া Corporation এর Law officer পত্র লিখিয়াছেন। বিষয়টীর এখনও শেষ মীমাংসা হয় নাই। সম্মিলনীর তহবিলে মাত্র ১৮৮৶৮ পাই আছে। এই টাকা কি প্রকারে দেওয়া যাইবে তাহা বিশেষ চিন্তার বিষয়।

সঙ্গীত-সম্মিলনীর কার্য্যাদি গত বৎসর নিম্নলিখিত ভাবে সম্পন্ন হয়।

সঙ্গীত সভার ৫টী, কার্য্যনির্ব্বাহক সমিতির ৮টী ও স্কুল কমিটির ২টী অধিবেশন হয়।

সঙ্গীত-সম্মিলনীর ছাত্রছাত্রী, শিক্ষক ও সভ্যগণ ব্যতীত নিমন্ত্রিত ব্যক্তিগণও মধ্যে মধ্যে কণ্ঠ ও যন্ত্র-সঙ্গীতে আমন্ত্রিত সকলকে পরিতুষ্ট করিয়াছেন। এই সকল সভায় যাঁহারা নানাপ্রকার ক্ষতি স্বীকার করিয়া সঙ্গীতসভার কার্য্য সুসম্পন্ন করিয়াছেন, তাঁহাদিগকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাইতেছি। কলিকাতাস্থ বহু গণ্যমান্য ব্যক্তি, বিশেষতঃ ছাত্রছাত্রীদের অভিভাবকগণ এই সকল সঙ্গীতসভায় উপস্থিত হইয়া আমাদিগকে কার্য্যে উৎসাহান্বিত করিয়াছেন—ইহা পরম সৌভাগ্যের বিষয়।

১৯৩০ সনের ২৯শে নভেম্বর সঙ্গীত-সম্মিলনী ১৮৫০ সনের আইনানুসারে রেজিষ্ট্রী করা হইয়াছে। সম্মিলনীর নিয়মাদি বিশদভাবে পুনর্গঠন করিয়া পুস্তিকাকারে মুদ্রিত হইয়াছে। এই অতীব আবশ্যকীয় কার্য্যটী সুসম্পন্ন হওয়ায় সম্মিলনীর অনেক সুবিধা হইয়াছে। পরলোকগত কৃষ্ণকুমার দত্ত মহাশয় বহু কষ্ট স্বীকার করিয়া এই কার্য্যগুলি সমাধা করিয়াছিলেন, সেজন্য তাঁহার নিকট আমরা চিরঋণী।

১৯৩১ সনের মে মাসে ধর্ম্মতলা ষ্ট্রীটস্থ বাটী পরিত্যাগ করিয়া সম্মিলনী ৯এ নিউ পার্ক ষ্ট্রীটে উঠিয়া আসিয়াছে। ধর্ম্মতলার বাড়ীর ভাড়া মাসিক ১৮০ টাকা ছিল, নিউ পার্ক ষ্ট্রীটস্থ বাড়ীর ভাড়া ১৬০৲; কিন্তু বর্ত্তমান বৎসরের ফেব্রুয়ারী হইতে সম্মিলনী মাসিক ১৪৫৲ ভাড়া দিতেছেন। শ্যামবাজার, বাগবাজার ইত্যাদি স্থান হইতে এই স্থান বহু দূর, কিন্তু শ্যামবাজারে সম্মিলনীর যদি একটী শাখা খুলিতে পারা যায়, তাহা হইলে এই সমস্যা দূরীভূত হয়। নিউ পার্ক ষ্ট্রীটে উঠিয়া আসাতে বিদ্যালয়ের ছাত্রীসংখ্যা কিছু বর্দ্ধিত হইয়াছে এবং এই অঞ্চলের নিকটবর্ত্তী স্থান হইতে বালকবালিকাগণ বিদ্যালয়ে যোগ দিতেছে।

দ্বিতীয়—সঙ্গীত বিদ্যালয়।

সঙ্গীত বিদ্যালয় ১৯৩১ সনের অবসানে ২১ বৎসরে উপনীত হইল। ১৯১১ সনের এপ্রিল মাসে ১১টী বালক বালিকা লইয়া সঙ্গীত বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৯৩১ সনের ডিসেম্বর মাসে ছাত্রছাত্রীসংখ্যা ৬৭ জন ও শিক্ষক ১১ জন ছিলেন। এতদ্ব্যতীত একজন কেরাণী, একজন দ্বারবান, একজন জমাদার, এবং প্রতি রবিবারে আরও দুইজন দ্বারবান বিদ্যালয়ের কাজে উপস্থিত থাকে।

১৯৩১ সনে প্রতি রবিবারে বিদ্যালয়ে ২৫টী করিয়া ক্লাস হইয়াছিল। হিন্দী গানের ৬টী, সেতারের ৫টী, এস্রাজের ৫টী, বেহালার ৪টী, এবং বাংলা গানের ৫টী।

হিন্দী গান ও সেতারএস্রাজের জন্য শ্রীযুক্ত সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত সত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রামশঙ্কর

বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র রায়, শ্রীযুক্ত কাঙ্গালীচরণ দে ; বাংলা গানের জন্য শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র বড়াল ও শ্রীযুক্ত অনাদিকুমার দস্তিদার, বেহালার জন্য শ্রীযুক্ত বিপিনবিহারী পাল ও শ্রীযুক্ত মিহিরকিরণ ভট্টাচার্য্য ; ও বাঁয়া-তবলার জন্য শ্রীযুক্ত শিশিরশোভন ভট্টাচার্য্য সম্মিলনীর কাজে নিযুক্ত ছিলেন।

দুঃখের বিষয় শিক্ষকগণের মাহিনা প্রভৃতি নিয়মিতভাবে দিতে পারি নাই। ব্যয়সংক্ষেপার্থে তাঁহাদের বেতনের দশমাংশ জুলাইমাস হইতে কমানো হইয়াছে।

২০শে সেপ্টেম্বর প্রেসিডেন্সি বিভাগের বিদ্যালয় সমূহের ইন্‌স্‌পেক্‌ট্রেস্‌ কুমারী হৃদয়বালা বসু এম, এ, মহাশয়া সঙ্গীত বিদ্যালয় পরিদর্শন করিয়া বিদ্যালয়ের উন্নতি দর্শনে সন্তোষ প্রকাশ করিয়াছেন। তাঁহার প্রেরিত সরকারী মন্তব্য বিদ্যালয়ের পরিদর্শন বহিতে সন্নিবেশিত রহিয়াছে। এতদ্ব্যতীত সম্মিলনীর সভানেত্রী শ্রীযুতা ইন্দিরা দেবী চৌধুরাণী মহাশয়া দুইবার বিদ্যালয় পরিদর্শন করিতে আসিয়াছিলেন।

সঙ্গীত বিদ্যালয়ের নিয়মাদি পুস্তিকাকারে মুদ্রিত করা হইয়াছে। ১৯৩১ সনে বিশেষ কারণে বিদ্যালয়ের পারিতোষিক দেওয়া হয় নাই, পারিতোষিক পদকাদি সবই প্রস্তুত আছে। এই বৎসরের পরীক্ষার পর পারিতোষিক সভা যাহাতে সম্পন্ন হয়, কার্য্যনির্ব্বাহক সভা সে বিষয়ে অনুগ্রহ পূর্ব্বক দৃষ্টি রাখিবেন।

সেপ্টেম্বর মাসে দুইটী বালিকা লইয়া ইংরাজী যন্ত্র-সঙ্গীতের শ্রেণী খোলা হয়। Prof. C. A. Smith ঐ শ্রেণীতে শিক্ষা দিয়া থাকেন। বর্ত্তমানে উহাতে ছাত্রীসংখ্যা তিনটী। সকলেই বেহালা শিখিতেছে। একজন ছাত্রী আগামী ডিসেম্বর মাসে Trinity College of Music এর জুনিয়র পরীক্ষার জন্য প্রস্তুত হইতেছে। ইহার আয়ব্যয় সম্মিলনীর হিসাবে দ্রষ্টব্য। সঙ্গীত বিদ্যালয়ের হিসাব প্রতি মাসে Presidency Division-এর Inspectress অফিসে প্রেরিত হয়। সভ্যগণের পরিদর্শনের জন্য সম্মিলনীর হিসাব পৃথক ভাবে দেওয়া হইল।

তৃতীয়—যুবকদিগের বিভাগ

১৯২১ সনে পাঁচটী যুবক লইয়া এই বিভাগ প্রতিষ্ঠিত হয়। ডিসেম্বর মাসে ছাত্রসংখ্যা ছিল নয়টী। Fees পাওয়া গিয়াছে ১২৯৲ টাকা। উক্ত বিভাগের হিসাব সম্মিলনীর আয়ব্যয়ে দ্রষ্টব্য। যুবকদিগের বিভাগে দুইটী শ্রেণী—উচ্চ ও নিম্ন। প্রতি বৃহস্পতিবারে সন্ধ্যা ৬টা হইতে ৮-১০ অবধি এই দুই শ্রেণীর কার্য্য হইয়া থাকে। হিন্দী ও বাংলা গান এবং সেতার এস্‌রাজ ও বেহালা শিক্ষা দেওয়া হয়। হিন্দি গান ও সেতার এস্‌রাজের জন্য শ্রীসত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায় ও শ্রীরামশঙ্কর বন্দ্যোপাধ্যায়, এবং বাংলা গানের জন্য শ্রীনির্ম্মলচন্দ্র বড়াল ও শ্রীঅনাদিকুমার দস্তিদার ; এবং বেহালার জন্য শ্রীমিহিরকিরণ ভট্টাচার্য্য নিযুক্ত আছেন।

চতুর্থ—সঙ্গীত শিক্ষয়িত্রী বিভাগ

১৯২৭ সনের মার্চ্চ মাসের Mrs Leo স্কুলের আটটী শিক্ষয়িত্রী লইয়া এই বিভাগ খোলা হয়। ১৯৩১ সনের ডিসেম্বর মাসে ছাত্রীসংখ্যা ছিল বারো জন। এই বিভাগের ফী সঙ্গীত বিদ্যালয়ের fees bookএ জমা হয় ও ছাত্রীদের নাম বিদ্যালয়ের ছাত্রীদের সহিত তালিকাভুক্ত হয়। সুতরাং পৃথকভাবে আয়ব্যয়ের উল্লেখ করা হইল না।

পরিশিষ্ট

উক্ত বৎসর মার্চ্চমাসে সম্মিলনীর কোষাধ্যক্ষ ডাক্তার বনোয়ারীলাল চৌধুরী মহাশয়ের আকস্মিক শোচনীয় মৃত্যুতে সম্মিলনী আন্তরিক দুঃখিত ও ক্ষতিগ্রস্ত হইয়াছে। সম্মিলনীর গোড়াপত্তন হইতে তিনি যেরূপ দক্ষতা ও সহানুভূতির সহিত তাহার পরিচালনার প্রত্যেক ব্যাপারে সাহায্য ও তত্ত্বাবধান করিয়াছেন তাহা সভ্যমাত্রই জ্ঞাত আছেন, অধিক বলা বাহুল্য। তাঁহার অভাব সহজে পূর্ণ হইবার নহে।

শ্রীপ্রমদা চৌধুরাণী
সম্পাদিকা, সঙ্গীত সম্মিলনী।

সংবাদ

চণ্ডীদাস উৎসব

গত ১৮ই সেপ্টেম্বর রবিবার চেত্‌লা সাহিত্য পরিষদের উদ্যোগে চণ্ডীদাস উৎসব মহা সমারোহে সম্পন্ন হইয়াছে। এই নূতন উদ্যম ও সাধু প্রচেষ্টার জন্য চেত্‌লাবাসী সমগ্র বাঙ্গালী জাতির শ্রদ্ধা ও ধন্যবাদ অর্জ্জন করিয়াছেন। সভাপতি ছিলেন স্যার শ্রীযুক্ত দেবপ্রসাদ সর্ব্বাধিকারী। সভায় বহু পণ্ডিতের সমাগম হইয়াছিল। রায় বাহাদুর খগেন্দ্র নাথ মিত্র, রায় বাহাদুর ডাক্তার দীনেশ চন্দ্র সেন, বসুমতীর সত্যেন্দ্র কুমার বসু, সরোজ নাথ ঘোষ, শশিভূষণ মুখোপাধ্যায়, কবি প্যারী-মোহন সেনগুপ্ত প্রভৃতি বহু সাহিত্যিকগণ উপস্থিত ছিলেন। ডাক্তার অভয়কুমার গুহ মহাশয় মধুর ভাবের উপাসনা সম্বন্ধে একটি পাণ্ডিত্য পূর্ণ—প্রবন্ধ পাঠ করেন। সরোজ নাথ ঘোষ ও সত্যেন্দ্র কুমার বসু মহাশয়ও চণ্ডীদাস সম্বন্ধে অতি হৃদয়গ্রাহী প্রবন্ধ পাঠ করেন। কবি প্যারীমোহন সেনগুপ্ত ও অনিলকুমার ভট্টাচার্য্য দুইটী সময়োচিত কবিতা পাঠ করেন। রায় বাহাদুর খগেন্দ্র নাথ মিত্র মহাশয়ের বক্তৃতা শুধু পাণ্ডিত্যে নয়, সঙ্গীতের দিক দিয়াও শ্রোতৃবর্গের মনোরঞ্জন করিয়াছিল। একজন ভদ্রলোক চণ্ডীদাসের "বঁধু কি আর বলিব আমি" এই প্রসিদ্ধ পদটী অতি সুললিত ভাবে গাহিয়াছিলেন। একটী বালকও অতি সুমিষ্ট সুরে একটী কীর্ত্তন গান করিয়াছিল। পরিশেষে রায় বাহাদুর খগেন্দ্র নাথ মিত্র মহাশয় চণ্ডীদাসের প্রসিদ্ধ পদ "সই কেবা শুনাইল শ্যাম নাম, কাণের ভিতর দিয়া মরমে পশিল গো আকুল করিল মোর প্রাণ" এই দুই কলি গাহিয়া শ্রোতৃবর্গের অপার আনন্দ বিধান করিয়াছিলেন।

বাস্তবিক চণ্ডীদাস উৎসবের সার্থকতা আছে। তাঁহার পদাবলীর আরও প্রচার এবং প্রসার হওয়া আবশ্যক। তিনি শুধু কবি ছিলেন না। তিনি অসাধারণ গায়কও ছিলেন। তাঁহার কবিতার মূল উৎস ছিল প্রেম। 'রজকিণী প্রেম নিকষিত হেম, কাম গন্ধ নাহি তায়' তিনি এই বিশুদ্ধ প্রেমের সাধক ছিলেন। পরবর্ত্তী যুগে রাধা ভাবদ্যুতি সুবলিত দেহ, অন্তঃকৃষ্ণ বহি গৌর নদীয়ার প্রেমের অবতার মহাপ্রভু শ্রীচৈতন্য ভক্তগণ সঙ্গে চণ্ডীদাসের পদাবলীর মাধুর্য্য আস্বাদন করিয়া অপার আনন্দ সাগরে নিমগ্ন থাকিতেন।

চণ্ডীদাস, বিদ্যাপতি, রায়ের নাটক গীতি
কর্ণামৃত শ্রীগীত গোবিন্দ।
স্বরূপ রামানন্দ সনে, মহাপ্রভু রাত্রিদিনে
গায় শুনে পরম আনন্দ॥

'চৈতন্য চরিতামৃত মধ্যলীলা'

বিদ্যাপতি চণ্ডীদাস শ্রীগীত গোবিন্দ।
এই তিন গীতে করে প্রভুর আনন্দ॥

ঐ মধ্যলীলা।

সুতরাং বাঙ্গালীর আদি সাধক কবি চণ্ডীদাস ভাব বৈভবে, রস সৌরভে, গৌরব মণ্ডিতা বাণীর দ্বারা, কাম গন্ধহীন পিরীতি চন্দনে, উন্নত উজ্জ্বল রস বরিষণে ভাব-প্রবণ বাঙ্গালীর প্রাণে নবীন ভাবের সঞ্চার করিয়াছিলেন। তাঁহার সঙ্গীতেরও নিশ্চয়ই কোন বিশেষ পদ্ধতি ছিল। সেই ধারা প্রায় দেশ হইতে লুপ্ত হইতে চলিয়াছে। শিক্ষিত সমাজের এই দিকে দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। আশায় করা চণ্ডীদাসের পদাবলী শুধু সাহিত্যিক আলোচনাতেই পর্য্যবসিত হইবে না। কীর্ত্তনের বা সঙ্গীতের দিক দিয়াও বিশেষ উৎকর্ষ সাধিত হইবে।

শ্রীনগেন্দ্রকুমার লোধ, এম, এ, বি এল।

REGD. NO. C. 1317

৯ম বর্ষ | অগ্রহায়ণ, ১৩৩৯ সাল | ৮ম সংখ্যা

৺বিজয়া

সহৃদয় পাঠক-পাঠিকাগণ,

৺বিজয়ার বিনত নমস্কার ও প্রীতি-সম্ভাষণ গ্রহণ করুন। অমৃতময়ী মহামায়া জগন্মাতার আশীর্ব্বাদে আশীর্ব্বাদিত হইয়া, আমরা আমাদের কার্য্যে পুনঃ প্রবৃত্ত হইলাম। আপনাদের সম্মিলিত শুভেচ্ছায় আমাদের সঙ্গীত প্রচার মৃত্যুন্মুখী জাতির প্রাণে অমৃত স্বর-সুধা-রস বর্ষিত করুক, এই কামনা করি, সফলতা—করুণাময়ীর অবদান।

সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য

শ্রীশৈলেশকুমার দত্তগুপ্ত

বর্ত্তমান কালে বঙ্গে সঙ্গীত চর্চ্চা ও বিশুদ্ধ প্রাচ্য সঙ্গীতের প্রতি অনুরাগ দিন দিন প্রসারলাভ করিতেছে। এইজন্য মনে হয় যে পূর্ব্ববর্ত্তী যুগের সঙ্গীতবিদগণের জীবনী আলোচনায়, তাঁহাদের একনিষ্ঠ সাধনার উজ্জ্বল আদর্শ আমাদের অনেকখানি সাহায্য করিবে।

"ন বিদ্যা সঙ্গীতাৎপরা" এবং সঙ্গীতবিদ্যা শিক্ষা ও সাধনা সাপেক্ষ। উপযুক্ত গুরুর নিকট শ্রদ্ধা ও ধৈর্য্য সহকারে শিক্ষা না করিলে সঙ্গীতে জ্ঞানলাভ করা ও পারদর্শী হওয়া সম্ভবপর নয়; সঙ্গীতবিদ্ গুণীব্যক্তিগণের সাধকোচিৎ জীবনকথা চিরকাল এইরূপ সাক্ষ্যই দিয়া আসিতেছে।

বর্ত্তমান প্রবন্ধে আমরা এইরূপ একজন ৭৭ বৎসর বয়স্ক প্রবীন সঙ্গীতাচার্য্যের জীবনকথা প্রকাশ করিতেছি। আমরা দেখিতে পাই যে ৪০।৫০ বৎসর পূর্ব্বেও বাংলা দেশে সঙ্গীতের যথেষ্ট চর্চ্চা ছিল—এবং সঙ্গীতের উৎকর্ষ বিধানের জন্য রাজা, নবাব, জমিদার ও ধনীব্যক্তিগণ সর্ব্বদা মুক্তহস্ত ছিলেন—এবং কেহ কেহ এখনও আছেন যাহাতে তাঁহারা প্রকৃত গুণীর যথাযথ সমাদর করিতে পারেন সেই উদ্দেশ্যে নিজেরাও যথেষ্ট শ্রমসহকারে সঙ্গীত শাস্ত্রানুশীলন করিতেন।

প্রায় ৭০।৮০ বৎসর পূর্ব্বে যখন এইরূপ সঙ্গীত চর্চ্চার স্রোত প্রবহমান ছিল, সেই সময়ে রাণাঘাটের সঙ্গীতাচার্য্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় জন্মগ্রহণ করেন। কোন বিষয় শিক্ষা করিবার আন্তরিক ইচ্ছা থাকিলে চেষ্টা ও যত্ন আপনি আসিয়া উপস্থিত হয় এবং তাহার ফলে মানুষ যে কিরূপ অসাধ্য সাধন করিতে পারে, সঙ্গীতাচার্য্য মহাশয়ের জীবনী তাহার অত্যুৎকৃষ্ট উদাহরণ।

রাণাঘাটের অন্তঃপাতী মালিপোতা গ্রামে বঙ্গের অনেক সুসন্তান জন্মগ্রহণ করিয়া বঙ্গভূমিকে অলঙ্কৃত করিয়া গিয়াছেন। এই মালিপোতা গ্রামে ১২৬২ বঙ্গাব্দে, ফাল্গুন মাসে শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম ৺উমানাথ ভট্টাচার্য্য কথকশিরোমণি। নগেনবাবু তাঁহার পিতার জ্যেষ্ঠ পুত্র। কথকশিরোমণি মহাশয় এতদঞ্চলের একজন প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ ছিলেন। তিনি কথকতার সময় ভক্তিভাবোদ্দীপক সঙ্গীত সমূহ বিশুদ্ধ সুরসংযোগে অতি মধুরভাবে গান করিতে পারিতেন। এ হেন পিতার সন্তান এবং সঙ্গীতের আবহাওয়ায় পরিবর্দ্ধিত—সঙ্গীতাচার্য্য মহাশয় বাল্যকাল হইতেই সঙ্গীতের প্রতি আকৃষ্ট হইয়া পড়েন।

তিনি সর্ব্বপ্রথম তাহার পিতার নিকট টপ্পা ও ঠুংরী শিক্ষা করেন। বালক নগেন বাবুর এই সময়ে বিশুদ্ধ তাল, মান, লয় সংযুক্ত সঙ্গীত যে শুনিত সেই মুগ্ধ হইয়া যাইত, ইহা রাণাঘাট ও মালিপোতায় অশীতিপর প্রবীণদিগের মুখে শুনিয়াছি।

কিছুকাল পরে, মালিপোতা বিদ্যালয়ের শিক্ষা সমাপনান্তে তিনি বঙ্গের প্রসিদ্ধ টপ্পা গায়ক ৺মহেশ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট নিয়মিত টপ্পা শিক্ষা করেন। টপ্পায় তাঁহার এরূপ মেধা ছিল যে তিনি যে কোন গান ২।১ বার শুনিলেই তাহা বাণীসহ সম্পূর্ণ আয়ত্ব করিতে পারিতেন। ইহার পরে তিনি ভারতবিদিত টপ্পা গায়ক

ওস্তাদ রমজানের মাতা ইমামবাঁদীর নিকট কয়েক বৎসর নিয়মিত শিক্ষা দ্বারা টপ্পা গানে বিশেষ ব্যুৎপত্তি লাভ করেন।

ইহার পর তিনি সুপ্রসিদ্ধ বাইজী শ্রীজানের নিকট ঠুংরী শিক্ষা করেন। ভট্টাচার্য্য মহাশয়ের শিষ্য, বঙ্গের অন্যতম প্রধান টপ্পা গায়ক শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র চট্টোপাধ্যায়ের (পদ্ম বাবু) নিকট এ সম্বন্ধে একটী কাহিনী শুনিয়াছি তাহা এখানে উল্লেখ করিবার লোভ সংবরণ করিতে পারিলাম না। যেবার শ্রীজান বাইজী রাণাঘাটের জমীদার পালচৌধুরী বাড়ীতে সর্ব্বপ্রথম মুজরায় আসেন সেই সময় ভট্টাচার্য্য মহাশয় পালচৌধুরী বাড়ী নিমন্ত্রিত হইয়া গান শুনিতে আসিয়াছিলেন। শ্রীজানের কয়েকখানি গান তাঁহার বড় ভাল লাগে। তিনি অনুরোধ করিয়া সেই কয়খানি গান পুনরায় শুনিয়া তাঁহার অসাধারণ মেধা বলে সেগুলি তৎক্ষণাৎ আয়ত্ব করিয়া লন। মুজরার শেষ দিনে শ্রীজান বাইজী রাণাঘাটের সঙ্গীতজ্ঞগণের গান শুনিতে চাহিলে নগেনবাবু কয়েকটী টপ্পা ও ঠুংরী গাহিবার পর প্রথমে শ্রীজানের শিষ্যত্ব গ্রহণের বাসনা জানাইয়া ও বাইজীর অনুমতি লইয়া পূর্ব্বদিন বাইজীর নীকট শুনা ২ খানি গান এরূপ নির্ভুল ভাবে শুনাইলেন যে বাইজী তাহাতে চমৎকৃত হইয়া যান।

ইহার পর তাঁহার ধ্রুপদ ও খেয়াল শিক্ষার বাসনা হয়। তিনি প্রথমতঃ বিষ্ণুপুরের ভারত বিখ্যাত ধ্রুপদ গায়ক ৺যদু ভট্টের শিষ্যত্ব স্বীকার করেন। কিন্তু ধ্রুপদে তিনি আর অধিক দূর অগ্রসর না হইয়া খেয়াল গানের প্রতি আধকতর আকৃষ্ট হন ও সর্ব্বপ্রথমে সুপ্রসিদ্ধ খেয়াল গায়ক আহমদ খাঁর শিষ্যত্ব গ্রহণ করেন। তথাপি যাঁহারা তাঁহার ধ্রুপদ গান শুনিয়াছেন তাঁহারা বলিয়া থাকেন যে তিনি একজন উচ্চ শ্রেণীর ধ্রুপদ গায়ক ছিলেন ও ধ্রুপদ গান অতি মধুর ভাবে গাহিতে পারিতেন। তারপর তিনি ক্রমে ক্রমে ওস্তাদ বন্নে খাঁ, ফজলদ্দিন খাঁ ও ভারত বিখ্যাত ওস্তাদ দুনি খাঁর নিকট খেয়াল শিক্ষা করেন।

নগেন বাবুর কণ্ঠ অতি সুমিষ্ট ছিল এবং তাহার কণ্ঠে ঈশ্বরদত্ত শ্রুতির কাজ এরূপ সম্পূর্ণ ছিল যে তাঁহার খেয়াল ও টপ্পা যিনি একবারও মাত্র শুনিয়াছেন তিনিই মুগ্ধ হইয়াছেন। অসাধারণ মেধা প্রভাবে তিনি ওস্তাদের গান ঘরোয়ানা ঢং সমেত অবিকল তুলিয়া তাঁহার মধুর স্বর ও স্বতঃস্ফূর্ত্ত সৃজনী প্রতিভার সাহায্যে মনোহর রস সৃষ্টি করিতেন।

এতগুলি প্রসিদ্ধ ওস্তাদের নিকট শিক্ষা সম্পূর্ণ করিয়া একজন শ্রেষ্ঠ গায়ক বলিয়া খ্যাতি লাভ করিলেও ভট্টাচার্য্য মহাশয় অতিশয় নিরহঙ্কারী ও অমায়িক ব্যক্তি। যে কেহ তাঁহার নিকট গান শিখিতে বা শুনিতে আসিয়াছে তাহাকেই তিনি সমাদরে গান শিখাইয়াছেন বা শুনাইয়াছেন কদাপি উপেক্ষা বা বিরক্তি প্রদর্শন করেন নাই।

সঙ্গীতোৎসাহী প্রকৃত গুণী সমাজে তিনি চিরকাল সমাদর পাইয়া আসিতেছেন। প্রাতঃস্মরণীয় রাণী ভবানীর বংশধর নাটোরের মহারাজা ৺জগদিন্দ্রনাথ রায় (প্রসিদ্ধ মৃদঙ্গ বাদক) যশোহর গোবরডাঙ্গার জমিদার (সেজ বাবু) ৺জ্ঞানদাপ্রসন্ন মুখোপাধ্যায় (সুপ্রসিদ্ধ সুরবাহার বাদক ও গায়ক), বীরনগর উলার জমীদার ৺বামনদাস মুখোপাধ্যায়; ময়মনসিংহ গৌরীপুরের সুপ্রসিদ্ধ ভূম্যাধিকারী শ্রীযুক্ত ব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী, রাণাঘাটের জমীদার প্রসিদ্ধ পাল চৌধুরী বংশের সঙ্গীতোৎসাহী ৺সুরেন্দ্রনাথ পাল চৌধুরী ও রায় বাহাদুর নগেন্দ্রনাথ পাল চৌধুরী এবং আসাম গৌরীপুরাধিপতি প্রভাতচন্দ্র বড়ুয়া প্রভৃতি গণ্যমান্য সুপ্রসিদ্ধ সঙ্গীতজ্ঞগণ তাঁহাকে বিশেষভাবে সমাদর করিতেন।

বর্ত্তমানকালে সঙ্গীতের সর্ব্ববিধ শাখায় তাঁহার মত পারদর্শী গুণী ব্যক্তি বাঙ্গালায় বিরল। যদিও তিনি এখন অতিশয় বৃদ্ধ হইয়া পড়িয়াছেন (এখন তাহার বয়স প্রায় ৭৭ বৎসর) তবুও এখনও তিনি নিজবাটীতে ছাত্রদিগকে রীতিমত শিক্ষা দেন ও সঙ্গীতালোচনা করিয়া থাকেন। তাঁহার বহু ছাত্রের মধ্যে বর্ত্তমানে রাণাঘাট নিবাসী প্রোফেসর নগেন্দ্রনাথ দত্ত (যিনি আজ প্রায় ১০।১১ বৎসর যাবৎ প্রসিদ্ধ ওস্তাদ বাদলখাঁর নিকট খেয়াল শিখিতেছেন) এবং রাণাঘাটের শ্রীযুক্ত নির্ম্মলচন্দ্র চট্টোপাধ্যায় (পদ্ম বাবু) মহাশয়দ্বয়ের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

ভগবানের নিকট প্রার্থনা করি যেন এই নিষ্ঠাবান ব্রাহ্মণ দীর্ঘায়ু হইয়া বঙ্গদেশে কণ্ঠ সঙ্গীতের উন্নতি বিধান করুন। আমাদের দেশে উচ্চ সঙ্গীতের ক্রম বিকাশের যুগে তাঁহার ন্যায় বহুদর্শী প্রকৃত গুণী ব্যক্তির উপস্থিতি একান্ত প্রার্থনীয়। *

স্বরলিপি

ইমন—ঢিমে তেতালা

সুন্দর মোহন প্যারে
তুম রূপ দেখ
হাম তন মন
তুম পগ পরডার।

নিশ দিন সুমরণ
তুঅ মূরত কো
মৈঁ রাখ আস সব
তুঅ বিচার॥

সময় রাত্রি ১ম প্রহর। জাতি সম্পূর্ণ, ঠাট বিকৃত, কড়ি মধ্যম, বাদী পঞ্চম।

কথা ও সুর—সঙ্গীতাচার্য্য শ্রীসত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায়

স্বরলিপি—শ্রীমতী তারা দেবী (ছাত্রী)

স্থায়ী

০ ১ ২´ ৩
II { পা -া হ্মগা হ্মা | পা নধা ধনর্সা না | পহ্মা ধা পা -া | (হ্মগা হ্মা গা হ্মা) } |
সু ০ ন্দ০ র | মো০০ হ০০০ ন০ | প্যা০ ০ রে ০ | ০০ ০ ০ ০ |

৩ ০ ১
হ্মগা হ্মা গা -া I পা হ্মধপপা হ্মা গা | গহ্মা গহ্মপধা হ্মধপহ্মা গরগা |
০০ ০ ০ ০ তু ম০০০ রূ প | দে০ ০০০০ খ০০০ ০০০ |

---

* এই জীবনী লিখিতে আমি, মদীয় ওস্তাদ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ দত্ত মহাশয়ের নিকট অনেক সাহায্য পাইয়াছি।

২´ গা রসন্‌্ রা সা | ৩ ন্‌রা ন্‌রগক্ষা ক্ষাগা ক্ষা I ০ ক্ষধা ক্ষাধনর্সা নধা না | ১ ধনা ধনর্সর্রা র্সা -া |
হা ম০০ ত ন | ম০ ন০০০ তু০ ম প০ গ০০০প০ র | ডা০ ০০০০ র ০ |

২´ ন্‌রগক্ষা পধনর্সা র্রা র্সা | ৩ নর্র্সনা ধনা ক্ষানধপা ক্ষাগক্ষা II
০০০০ ০০০০ ০ ০ | ০০০০ ০০ ০০০০ ০০০

অন্তরা

II { ২´ পক্ষা ধপা র্সা র্সা | ৩ র্সা র্সনা র্রা র্সা | ০ নর্রা নাঃ রর্গঃ র্র্সা | ১ নধা নধা পক্ষা গা } I
{ নি০ শ০ দি ন | সু ম০ র ণ | তু০ অ ০০ মুর | ত০ কো০ ০০ ০ }

২´ ক্ষাধা ধনা ধনর্সর্রা র্সা | ৩ নর্রা নর্গা নর্রা র্সা | ০ পক্ষা গরা গক্ষাপধা পা | ১ ক্ষাপা ধর্রা নর্সা ধনা I
মৈ০ রা০ ০০০০ খ | আ০ ০০ ০০ স | স০ ব০ ০০০০ ০ | তু০ অ০ ০০ ০বি

২´ ক্ষাপা পক্ষা গক্ষাপক্ষা গরা | ৩ ন্‌রগক্ষা পা ক্ষা ধঃননঃ IIII
চা৫ ০০ ০০০০ র০ | ০০০০ ০ ০ ০০০

০ সুন্দর ১ মোহন ২´ প্যারে

১ম তান—II ৩ ন্‌রগক্ষা পধনর্রা র্সনধপা ক্ষাগরসা II
আ০০০ ০০০০ ০০০০ ০০০০

২য় তান—II ৩ র্সনধপা ক্ষাগরসা ন্‌রগক্ষা পধনর্সা II
আ০০০ ০০০০ ০০০০ ০০০০

০ ১
সুন্দ০ মোহন

২ ৩
৩য় তান—II স্́নধনা স্́নধনা স্́নধপা হ্মগরসা | ন্রগহ্মা ন্রগহ্মা ন্রগহ্মা পধনর্স্́া II
আ০০০ ০০০০ ০০০০ ০০০০ ০০০০ ০০০০ ০০০০ ০০০০

২ ৩
৪র্থ তান—II গহ্মপহ্মা গরঃসঃ হ্মপধনা স্́র্́ঃস্́ঃ | নর্গর্́স্́া নর্́স্́না ধনধপা হ্মগরসা II
আ০০০ ০০০০ ০০০০ ০০১০ ০০০০ ০০০০ ০০০০ ০০০০

২ ৩
১ম বাঁট—II পঃনধঃ স্́ঃনধঃ হ্মধা পহ্মগরা | ন্রগহ্মা পধনর্́া স্́নধপা হ্মগরসা II
সু ন্দর মো হন প্যারে তুমরূপ | দেখ হাম তন মন তুম পগ পরভার

২ ৩
২য় বাঁট—II ন্ঃরগঃ ন্ঃরসঃ গহ্মঃপঃ ধপহ্মগা | রগহ্মধা নর্́গর্́া স্́নধপা পহ্মগরা II II
সু ন্দর মোহন প্যা০ রে তুমরূপ | দেখ হাম তনমন তুমপগ পরভার

গান

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

এস ধীরে ওগো চঞ্চলা,
এস মৃদু বায়ে
এলায়িত মেঘ কুন্তলা!
ফুল সুরভির
নবীন রবির
মৃদু-কণা মাখি' এস উজ্জ্বলা!

হিমঝরা প্রাতে ক্ষণ লাগি'
প্রীতি-কণিকার
অর্ঘ্য সাজায়ে উঠি জাগি'
এস সুহাসিনী
মধু সুভাষিণী
এস ঝলমল-অঞ্চলা!

সেতারের গৎ

ইমন্—ঢিমা তেতালা

সুর শিক্ষক—ওস্তাদ্ এনায়েৎ হোসেন খাঁ সাহেব   স্বরলিপি—শ্রীঅমিয় কান্তি ভট্টাচার্য্য

	০				১				+				৩				
II	সা	গগা	রা	গা	-া	হ্মা	গা	হ্মা	পা	-া	পা	হ্মা	গা	রা	সা	ন্‌া	I
	ডা	ডিরি	ডা	রা	০	ডা	রা	ডা	ডা	০	ডা	রা	ডা	রা	ডা	রা	

০				১				+				৩				
সা	গগা	রা	গা	-া	হ্মা	গা	হ্মা	পা	ননা	ধা	পা	হ্মা	গা	রা	সা	II
ডা	ডিরি	ডা	রা	০	ডা	রা	ডা	ডা	ডিরি	ডা	রা	ডা	রা	ডা	রা	

অন্তরা

	+				৩				০				১				
II	পা	পপা	হ্মা	ধা	না	র্রা	র্সা	-া	র্গা	র্গর্গা	র্রা	র্সা	না	ধা	পা	হ্মা	I
	ডা	ডিরি	ডা	রা	ডা	রা	ডা	০	ডা	ডিরি	ডা	রা	ডা	রা	ডা	রা	

+				৩				
না	ধধা	পা	হ্মা	গা	রা	সা	ন্‌া	II
ডা	ডিরি	ডা	রা	ডা	রা	ডা	রা	

তান :—

	১				+				৩				
II	পহ্মা	পহ্মা	গরা	সন্‌া	পা	-া	পা	হ্মা	গা	রা	সা	ন্‌া	II
	ডারা	ডারা	ডারা	ডারা	ডা	০	ডা	রা	ডা	রা	ডা	রা	

১ + ৩
II নধা পক্ষা গরা গক্ষা | পা -া পা ক্ষা | গা রা সা ন্া II
ডারা ডারা ডারা ডারা | ডা ০ ডা রা | ডা রা ডা রা

০ ১ +
II সরা গক্ষা পধা নর্সা | নধা পক্ষা গরা গক্ষা | পা -া পা ক্ষা |
ডারা ডারা ডারা ডারা | ডারা ডারা ডারা ডারা | ডা ০ ডা রা |

৩
গা রা সা ন্া II II
ডা রা ডা রা

+ ৩ ০
II পক্ষা পক্ষা গরা সা | নর্ধা পক্ষা গরা সা | সরা গক্ষা পধা নর্সা |
ডারা ডারা ডারা ডা | ডারা ডারা ডারা ডা | ডারা ডারা ডারা ডারা |

১ + ৩
নধা পক্ষা গরা সা I ধনা র্সধা নর্সা ধনা | র্সা -া ধ্ন্া সধ্া |
ডারা ডারা ডারা ডা ডারা ডারা ডারা ডারা | ডা ০ ডারা ডাডা |

০ ১ +
ন্সা ধ্ন্া সা -া | গক্ষা পগা ক্ষপা গক্ষা I পা -া পা ক্ষা |
রাডা ডারা ডা ০ | ডারা ডাডা রাডা ডারা ডা ০ ডা রা |

৩
গা রা সা ন্া II II
ডা রা ডা রা

স্বরলিপি

ললিত—চৌতাল

শিব শঙ্কর ত্রিপুরারি চন্দ্র ভাল
শোহে রুণ্ড মাল ধারী।
অষ্ট সিদ্ধ নববিধ জটাজুট গঙ্গা,
অষ্ট পহর বজারত ডমরু ডমকারী।
শ্রবণ কুণ্ডল নীলকণ্ঠ বঘাম্বর অম্বর,
কোটী মদন দরপহারী।
ধীরজ প্রভুকো ধ্যারত সুব নর মুনি ;
যো সকল অখ নাশ কারী ॥

রচণা—ধীরজ

স্বরলিপি—শ্রীভূপেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়

আস্থায়ী

১ ০ ২ ০ ৩ ৪
II না ঋা ¦ মা -া | মা মা ¦ -া মমা | জ্ঞা -া ¦ -া মগা ¦ মা গা I
শি ব ¦ শ ০ | ঙ্ক র ¦ ০ ত্রিপু | রা ০ ¦ ০ ০০ ¦ ০ রি

১´ ০ ২ ০ ৩ ৪ ১´
দজ্ঞা দা | জ্ঞা মগা ¦ মা মগা | ঋা জ্ঞা | মা গা ¦ ঋা সসা I সা ঋা |
চ ০ ০ | ন্দ্র ভা০ ¦ ০ ল০ | শো ০ | ০ হে ¦ ০ ০০ রু ০ |

০ ২ ০ ৩ ৪
ন্‌া ঋা | জ্ঞা মা | মগা মঋা | -া সা | ঋন্‌া II
ণ্ড মা | ০ ল | ধা০ ০০ | ০ রী | ০০

অন্তরা

১´ ০ ২ ০ ৩ ৪ ১
দা জ্ঞা | দা র্সা | -া র্সা | র্সা র্সা | -া র্সনা | র্ঋা র্সা I র্সা র্ঋা |
অ ০ | ষ্ট সি | ০ দ্ধ | ন ব | ০ নি০ | ০ ধ জ টা |

০ ২ ০ ৩ ৪ ১´ ০
র্মা র্গা | র্ঋা র্সা র্ঋা না | দা না | দা জ্ঞা I মা -া | মা মা |
০ জু | ০ ট গ ০ | ০ ০ | ঙ্গা ০ অ ০ | ষ্ট প |

২ ০ ৩ ৪ ১´ ০ ২
মা গা | জ্ঞা দা | -া না | র্সা র্সা I র্ঋা না | দা জ্ঞা | মা মা |
হ র | ব জা | ০ ০ | ০ ত ড ম | রু ০ | ড ম |

০ ৩ ৪
গজ্ঞা গমা | গা ঋা | সন্া II
কা০ ০০ | ০ রী | ০০

সঞ্চারী

১´ ০ ২ ০ ৩ ৪ ১
মা মা | মা মা | মা মা | জ্ঞা -া | জ্ঞা মগা | মা মা I জ্ঞা দা |
শ্র ব | ন কু | গু ল | নী ০ | স ক০ | ০ ণ্ঠ বা ০ |

০ ২ ০ ৩ ৪ ১´ ০
না র্সা | র্সা র্সা | র্ঋা না | দা জ্ঞা | মা মা I মা গা | ঋা গা |
ধা ০ | স্ব র | অ ০ | ০ ০ | স্ব র কো ০ | টী ম |

২ ০ ৩ ৪
মা জ্ঞা | মা গা | মা গা | ঋা সা II
দ ন | দ র | প হা | ০ রী

আভোগ

১´ ০ ২ ০ ৩ ৪ ১´
জ্ঞা দা | না র্সা | র্সা র্সা | র্সা -া । না ঋা | র্সা র্সা I সা না |
ধী র | র জ | প্র ভু | কো ০ । ধ্যা ০ | ব ত সু র |

০ ২ ০ ৩ ৪ ১´ ০
দা জ্ঞা | দা র্সা | ঋা না | দনা দা | জ্ঞা মা I মা -া | -া মা |
০ ন | ০ র | মু ০ | ০০ ০ | ০ নি যো ০ | ০ স |

২ ০ ৩ ৪ ১´ ০ ২
জ্ঞা গা | জ্ঞা দা জ্ঞা দা | র্সা র্সা I ঋা না | দা জ্ঞা | না দা |
ক ল | অ খ ০ না | ০ স কা ০ | ০ ০ | ০ ০ |

০ ৩ ৪
জ্ঞা মা | গা ঋা | সন্‌া II
০ ০ | ০ রী | ০০

গান

শ্রীকমলাকান্ত বসু

হয় ত জীবনে হবে না আমার
সকল রাগিণী গাওয়া ;
তাই এ বীণায় আজিকে আমার
বিদায়-বাণীটি চাওয়া।

হয় ত সেদিন ভুলে গেছি গান,
হয় ত সেদিন সব অবসান,
হয় ত সেদিন হবে না আমার
অবসরটুকু পাওয়া।

হয় ত সেদিন শরতের শোভা
ভুবন-পরতে পরতে ;
হয় ত সেদিন গুরু বরিষণ
রোদন মরতে মরতে।

হয় ত সেদিন নীরব সকল,
হয় ত সেদিন হিমের দখল,
হয় ত সেদিন লয়ে গেছে শ্বাস
আগুন ফাগুন হাওয়া।

স্বরলিপি

সোহিনী—ত্রিতাল (মধ্যলয়)

জাগো ওগো সুন্দরী কলি!
এল মধুমাস
সেধে কেঁদে মূরছিল অলি।
হিম-পারাবার
হয়ে এল পার
তারে ব্যথা দিও না গো ছলি'।

তরুলতা কাঁপে রহি' রহি'
দোলা জাগে বনে
দুরন্ত বায়ু চলে বহি';—
যদি ঘুমঘোরে
যাও কলি ঝরে'
সে বেদনা কারে যাবে বলি'॥

কথা—শ্রীঅজয়কুমার ভট্টাচার্য্য, এম, এ

সুর ও স্বরলিপি—শ্রীহিমাংশুকুমার দত্ত, সুরসাগর

[ধগা]

II ধা -র্সা | না ধক্ষা -ধা ধগা | ধক্ষা -ধা না র্সা I + র্সর্ঋা -া র্সা -া |
জা ০ | গো ও ০ গো | সু ন্ দ রী | ক ০ লি ০ |

২ -না -ধা ধক্ষা -র্সা | ০ না ধক্ষা -ধা ধগা | ৩ ধক্ষা -ধা না র্সা I র্সর্ঋা র্সা র্সনা র্সা |
০ ০ জা ০ | গো ও ০ গো | সু ন্ দ রী | ক লি এ ল |

নধা না র্সা -র্গা | র্ঋা র্ঋর্ক্ষা -র্গা র্ঋা | র্ঋর্সা র্সা না ধা I না -র্ঋা না ধনা | -া ধক্ষাধা II
ম ধু মা ০ | স সে ০ ধে | কেঁ দে মূ র | ছি ০ ল অ০ | ০ লি০

II { ০ ধগা -ক্ষা ধা না | ৩ র্সা -া র্সা -া I + র্সা র্ঋা র্ঋনা র্সা | ২ না -ধা -না -া } |
হি ০ ম পা | রা ০ বা র্ | হ' য়ে এ ল | পা ০ ০ র্ |

০ না -র্সা র্গা র্গর্ঋা | ৩ -র্ক্ষা র্গা র্ঋা র্সা I র্সনা -া নর্ঋা না | নধা -না II
তা ০ রে ব্য | ০ থা দি ও | না ০ গো ছ | লি ০

II { সন্‌া -সা গা হ্মা | -গা ঋা সা সা | ন্‌সা -ঋা নসা -া | সনা -ধা হ্মা -গা } I
ত ০ রু ল | ০ তা কাঁ পে | র০ ০ হি ০ | র ০ হি ০

গহ্মা -ধা হ্মা গা | -া গঋা ঋা সা | সর্সা র্সা -া র্সা | নর্সা -ঋা নর্সা -া I
দো০ ০ লা জা | ০ গে ব নে | দু র ন্ ত | বা০ ০ য়ু ০

সগা -হ্মা ধা না | র্সা -ঋা -র্সা -া | { নগা -হ্মা ধা না | র্সা -া র্সা র্সা I
চ ০ লে ব | হি ০ ০ ০ | য ০ দি ঘু | ম ০ ঘো রে

র্সা ঋা ঋনা র্সা | না -ধা না -া } | না -র্সা র্গা গঋা | -হ্মা র্গা ঋা র্সা I
যা ও ক লি | ঝ ০ রে ০ | সে ০ বে দ | ০ না কা রে

সনা -া নঋা না | নধা -না II II
যা ০ বে ব | লি ০

রাগ সোহিনী সম্বন্ধে যৎকিঞ্চিৎ

এই রাগ মারবা ঠাট হইতে উৎপন্ন হইয়াছে। ইহার জাতি খাড়ব-খাড়ব। বাদী ধৈবত এবং সংবাদী গান্ধার। রাত্রির শেষ প্রহরে গেয়। আরোহণে বিখব দুর্বল। এই রাগ উত্তরাঙ্গ প্রধান।

আরোহাবরোহস্বরূপ

সা গা, হ্মা ধা না র্সা | র্সা ঋা র্সা, না ধা, গা, হ্মা ধা হ্মা গা, ঋা সা |

পকড় (রাগ পরিচয়াত্মক স্বরবিন্যাস)

র্সা, না ধা, না ধা, গা, হ্মা ধা, না র্সা ঋা র্সা,

শ্রীহিমাংশুকুমার দত্ত

স্বরলিপি

(ইংরাজী সুরের অনুকরণে)

নিখিল ব্যথা গরল্
নীল নভে টলমল !
ফেলিছে শিশির লোর
বিধবা শেফালি দল ॥

অভাগা এ দেশে হায়
(মাগো) কেন এলি অবেলায় ।
তু' হাতে বাঁধন ভার,
প্রণতি হ'লো বিফল ॥

মরণ অসাড় প্রাণ
ছেয়ে আছে এ শ্মশান
কণ্ঠে রুদ্ধ সুর
কে গাহিবে স্তব গান ।

সাজি' আজি ফুলহীন
ছিন্ন তন্ত্রী বীণ
বুকের শোণিতে লাল,
পূজার শ্বেত-কমল ॥

কথা—শ্রীপ্রণব রায় সুর ও স্বরলিপি—শ্রীউমাপদ ভট্টাচার্য্য এম, এ ও শ্রীজগৎ ঘটক

II সা ঋা সা | ন্‌া সা ন্‌া | সদা -া -া | -া -া -া I পা দা ণা |
নি খি ল | ব্য থা গ | র ০ ০ | ল্ ০ ০ নী ল ন |

দা দদা সঋা | সমা -া -া | -া -া -া I মা গা মা | মা গা -মা |
ভে ট০ ল০ | ম ০ ০ | ল্ ০ ০ ফে লি ছে | শি শি র |

মঋ্ঁা -া -র্সা | -া -া -া I র্সা ণা দা | পণা দা পদা | মা -া -া |
লো ০ ০ | ০ ০ র্ বি ধ বা | শে০ ফা লি০ | দ ০ ০ |

-া -া -া II
ল্ ০ ০

II মা পা মা | মজ্ঞা জ্ঞা রা | জ্ঞা -া -া | -ঋা -সা -া I সা রা জ্ঞা |
অ ভা গা | এ দে শে | হা ০ ০ | য়্ ০ ০ কে ন এ |

ঋা সা ঋা | পা -া -া | -া -া -া I র্সা র্সা র্সর্া | ণা র্সর্া ণর্সা |
লি অ বে | লা ০ ০ | য়্ ০ ০ তু' হা তে | বাঁ ধ০ ন০ |

ণদা -া -া | -া -া -া I পা পা পা | পা পা ক্মা | পদা -া -া |
ভা০ ০ ০ | র্ ০ ০ প্র ণ তি | হ ল বি | ফ০ ০ ০ |

-া -া -া II
ল্ ০ ০

II র্সা র্সা র্সা | দা দা -মা | মসা -া -া | -া -া -া I সা মা জ্ঞা |
ম র ণ | অ সা ড় | প্রা ০ ০ | ণ্ ০ ০ ছে য়ে আ |

মা দা ণা | র্সা -া -া | -া -া -া I র্সা -র্জ্ঞা র্জ্ঞা | ণা -র্সা র্সা |
ছে এ শ্ম | শা ০ ০ | ন্ ০ ০ ক ণ্ ঠে | রু ০ দ্ধ |

দা -া -ণা | -া -া -া I দা ণা দা | দমা দা ণা | দণা -া -া |
সু ০ ০ | র্ ০ ০ কে গা হি | বে০ স্ত ব | গা০ ০ ০ |

-া -া -া II
ন্ ০ ০

II { ঋা ঋা ঋা | ঋসা সা না | নসা -া -া | -া -া -া I পা দা ণা |
{ সা জি আ | জি ০ ফু ল | হী ০ ০ ০ | ন্ ০ ০ ছি ন্ ন |

[সা -া -া]
সা -জ্ঞা রা | জ্ঞা -া -া | -জ্ঞা -ঋসা -া } I { জ্ঞা জ্ঞা রা | জ্ঞা জ্ঞা জ্ঞরা |
ত ন্ ত্রী | বী ০ ০ | ০ ০০ ণ্ } { বু কে র | শো ণি তে০ |

পদা | পা -মা -গমা |
মজ্ঞা -া -ঋা | সা -া -া I জ্ঞা ঋা সা | ণা দা ণা | সা -া -া |
লা০ ০ ০ | ল্ ০ ০ পূ জা র্ | শ্বে ত্ ক | ম ০ ০ |

-া -া -া
-া -া -া } II II
ল্ ০ ০ }

গান

ভৈরবী

শ্রীজগদীশচন্দ্র সেন মজুমদার

নমো নমো নমো নমো
অন্তর তর
ওগো প্রিয়তম ॥
কভু অতি গোপনে
দেখা দাও স্বপনে
দাও মুছে যত সুখ
দুঃখ মম।

(আজ) প্রভাতে মোর আঙ্গিনাতে
দেখেছি চেয়ে,
(তব) চরণ রেখা ধূলোর পরে
রয়েছে ছেয়ে,
ওগো জানি গো জানি,
মোরে আজো ভোল নি,
আছ সাথে সাথী
যেন ছায়া সম ॥

স্বরলিপি

হাম্বীর—কাওয়ালি

(আমি) দেখেছি জীবন ভরে চাহিয়া কত ;
(তুমি) আমারে যা' দাও, সবই তোমারি মত।
আকুল হইয়ে মিছে, চেয়ে মরি কত কিয়ে,
(কাঁদে) পদতলে নিস্ফল বাসনা শত।
কিসে মোর ভাল হয়, তুমি জান, দয়াময়,
(তবু) নির্ভর জানে না, এ অবিনত।
আমি কেন চেয়ে মরি, তুমি জান কিসে, হরি,
সফল হইবে মম জীবন ব্রত।
চাহিব না কিছু আর, দিব শ্রীচরণে ভার,
হে দয়াল, সদা মম কুশল রত।

কথা ও সুর—স্বর্গীয় রজনীকান্ত সেন — স্বরলিপি—শ্রীনীলকান্ত রায়

ধা, বাদী, জাতি সম্পূর্ণ, ঠাট বিকৃত, ব্যবহার মা, হ্মা,

	০				১				+				৩				
II	না	ধা	না	ধা	পহ্মা	পা	গা	মা	না	ধা	না	নর্রা	র্সা	-া	-া	-া	I
	দে	খে	ছি	জী	ব০	ন	ভ	রে	চা	হি	য়া	ক০	ত	০	০	০	
	র্সা	র্রা	না	র্সা	ধা	না	পা	ধা	হ্মা	পা	গা	রা	সা	-া	-া	-া	II
	আ	মা	রে	যা	দা	ও	সব	ই	তো	মা	রি	ম	ত	০	০	০	
II	পা	ধা	পা	ধনর্সা	র্সা	র্সা	র্সা	র্সনধা	ধা	না	ধনা	র্সর্রা	র্সা	নর্সা	ধনা	পা	I
	আ	কু	ল	হ০০	ই	য়ে	মি	ছে০০	চে	য়ে	ম০	রি০	ক	ত০	কি০	যে	
	সা	সা	রা	রা	গা	গা	হ্মা	হ্মা	না	না	নধপা	ধনা	ধনা	র্সা	-া	-া	I
	প	দ	ত	লে	নি	ষ	ফ	ল	বা	স	না০০	শ০	ত০	০	০	০	

০ ১ + ৩
পা পা পা পা | পা পা পা -া | ক্ষা পা ক্ষাপা ধা | পা পা গা -া I
কি সে মো র | ভা ল হ য় | তু মি জা০ ন | দ য়া ম য়

০ ১ + ৩
ধা -া ধা ধা | না -া না নধপা | পা ধা না ধনা | ধনা র্সা -া -া II
নি র ভ র | জা ০ নে না০০ | এ অ বি ন০ | ত০ ০ ০ ০

০ ১ + ৩
II পা পা ধা পা | ধা ধা ধা ধা | র্সা র্সা র্রা র্সা | র্সা র্সা র্সা র্সা I
আ মি কে ন | চে য়ে ম রি | তু মি জা ন | কি সে হ রি

০ ১ + ৩
র্সা র্রা র্রা র্রা | র্সর্রা র্গা র্গা র্গা | র্রা র্সা না ধা | পা -া -া -া I
স ফ ল হ | ই০ বে ম ম | জী ব ন ব্র | ত ০ ০ ০

০ ১ + ৩
ক্ষা পা পা পা | পা পা পা -া | ক্ষা পা ক্ষা ধা | পা ক্ষাপা গা -া I
চা হি ব না | কি ছু আ র | দি ব শ্রী চ | র ণে০ ভা র

০ ১ + ৩
ধা ধা ধা -া | না না না নধপা | পা ধা না ধনা | র্সা -া -া -া II
হে দ য়া ল | স দা ম ম০০ | কু শ ল র০ | ত ০ ০ ০

সেতারের স্বরলিপি

গৌড় সারং—ঢিমা তেতালা

স্থর—শ্রীব্রজনাথ ঠাকুর

স্বরলিপি—উক্ত শ্রদ্ধেয় ঠাকুর মহাশয়ের সেতার বাদন অনুসারে ও তাঁহার সাহায্যে
শ্রীহিমাংশুশেখর বন্দ্যোপাধ্যায় কৃত

স্থায়ী

	১				র২´				৩			
গমা	রগগা	সন্	সা	গা	গা	রগমা	গা	পপপপা	হ্মপপধা	পহ্মপা	গঃমা	গঃ
ডারা	ডাআক্ক	ডাআ	ডা	ডা	ডাআ	ডাআআ	রা	ডিরিডিরি	ডাআআআ	ডাক্কক্ক	ডাআ	রা

০		
রগা	রগমা	গা
ডাআ	ডাআআ	রা

অন্তরা

	১				২´				গ৩		র		০		
পপপপা	পা	ধধা	না	র্সা	না	ধপা	হ্ম^{পা}	পপা	মা	গমা	গা	রগমা	গা	রা	সা
ডিরিডিরি	ডা	ডারা	ডা	রা	ডা	ডারা	ডাআ	ডারা	ডাআ	ডারা	ডাআ	ডাআআ	ডা	রা	ডা

	২´			৩			০		
১ম উপেজ	ন্সা	সঃগগা	রঃমগা	গমা	পঃনা	পনঃর্সর্রা	র্সনা	ধপা	মগা
	ডারা	ডাডারা	ডাডারা	ডারা	ডাডা	ডারাডারা	ডারা	ডারা	ডারা

	২´					৩				০			
২য় উপেজ	ন্সা	সঃ	গগা	রঃ	মগা	গমা	পঃমা	পনঃ	র্সর্রা	র্সনা	ধপা	মগা	পমা
	ডারা	ডা	ডারা	ডা	ডারা	ডারা	ডাডা	ডারা	ডারা	ডারা	ডারা	ডারা	ডারা

১					র২´				
গা	রগা	সন্সা	গা	ইহার পর	গা	রগমা	গা	পপপপা	স্থায়ীর এই সম্
ডা	ডারা	ডাআআ	ডা		ডাআ	ডাআআ	ডা	ডিরিডিরি	হইতে।

	২´			৩				০				
৩য় উপেজ	নঃনঃনঃ	নঃনঃনঃ	র্সর্সা	র্সঃর্গর্গঃ	র্র্সা	নধা	পমা	পঃধধঃ	পমা	গগা	পমা	
	ডারাডা	ডারাডা	ডারা	ডা ডিরি	ডারা	ডারা	ডারা	ডা ডিরি	ডারা	ডারা	ডারা	

১				
গা	গরা	সন্‌সা	গা	ইহার পর স্থায়ীর সম্ হইতে।
ডা	ডারা	ডাআা	ডা	

	২´							৩			
৪র্থ উপেজ (আড়ী ছন্দে)	সঃং	—	র্সঃং	র্সর্সঃ	র্সঃং	র্সং	র্সর্সর্সা	নঃর্র্রঃ	র্রঃর্সর্সঃ	নধধা	পপপা
	ডা	ঘর্ষণ	ডা	ডি'র	ডা	রা	ডারাডা	ডা ডিরি	ডারাডা	ডারাডা	ডারাডা
								ননা	রঃসসঃ	নধধা পা (প্রকারন্তর)	

০				১				
পঃধধঃ	পমগা	গমগা	পমমা	গা	গরা	সন্‌সা	গা	ইহার পর স্থায়ীর সম্ হইতে।
ডাডিরি	ডারাডা	ডারাডা	ডারাডা	ডা	ডারা	ডাআা	ডা	

	২´				৩			
৫ম উপেজ (আড়ী ছন্দে)	র্সঃর্গর্গঃ	র্র্র্রা	র্গর্গর্গা	র্সা	র্সঃর্র্রা	র্সননা	নধধা	পা
	ডা ডিরি	ডারাডা	ডারাডা	ডা	ডা ডিরি	ডারাডা	ডারাডা	ডা

০				১				
পঃধধঃ	পমগা	গমগা	পমমা	গা	গরা	সন্‌সা	গা	ইহার পর স্থায়ীর সম্ হইতে।
ডা ডিরি	ডারাডা	ডারাডা	ডারাডা	ডা	ডারা	ডাআা	ডা	

	২´				৩			
৬ষ্ঠ উপেজ (আড়ী ছন্দে)	র্গগর্গা	র্র্র্রা	র্গর্গর্গা	র্সর্সর্সা	র্সঃর্র্রঃ	র্সর্সনা	নধধা	পপপা
	ডারাডা	ডারাডা	ডারাডা	ডারাডা	ডা ডিরি	ডারাডা	ডারাডা	ডারাডা

০				১				
পঃধধঃ	পপপা	মমমা	পমমা	গা	গরা	সন্‌সা	গা	ইহার পর স্থায়ীর সম্ হইতে।
ডা ডিরি	ডারাডা	ডারাডা	ডারাডা	ডা	ডারা	ডাআা	ডা	

তেহাই

২´	৩	০
নঃনঃনঃ নঃনঃনঃ র্সর্সা	র্সঃর্গর্গঃ র্রর্সা র্নর্ধা র্পর্মা	পঃধধঃ পমা গগা পমা
ডারাডা ডারাডা ডারা	ডা ডিরি ডারা ডারা ডারা	ডা ডিরি ডারা ডারা ডারা

১	র২´	৩
গা গরা সন্‌সা গা	রগা রগমা গা র্গর্গর্গর্গা	র্রর্রর্রর্রা র্সর্সর্সর্সা না -া
ডা ডারা ডাআআ ডা	ডাআ ডাআআ ডা ডিরিডিরি	ডিরিডিরি ডিরিডিরি ডাঃ ০

০	১	২´
র্রর্রর্রর্রা র্সর্সর্সর্সা নননন ধা	-া ধধধধা পপপপা মমমমা	গা -া হ্মা পা
ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডাঃ	০ ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি	ডাঃ ০ ডা রা

৩	
হ্মাপপধা পহ্মাপা গঃমা পঃ ‖	ইহার পর স্থায়ীর ফাঁকের পদ, তৎপরে অন্তরা হইবে।
ডাআআআ ডাকৃকৃ ডাআ রা ‖	

চিহ্নের বিবরণ :—ঃ অর্থে সিকি মাত্রা, ঃঃ অর্থে পৌনে এক মাত্রা, — এবং ঘর্ষণ অর্থে ঐ চিহ্নের পূর্ব্ববর্ত্তী স্বরের পর্দ্দার উপর বামকরাঙ্গুলী দিয়া তার টীপিয়া দক্ষিণ তর্জ্জনীস্থ মেজ্রাবের আঘাতে তার বাদনান্তর, তারে আর মেজ্রাবের আঘাত না করিয়া, পূর্ব্বের আঘাতে তার বাদিত অবস্থাতেই ঐ বামকরাঙ্গুলী তারের উপর (তার ঘর্ষণ করিয়া) সঞ্চালন করিয়া পরবর্ত্তী স্বরের পর্দা পর্য্যন্ত ঐ বামকরাঙ্গুলী লইয়া যাইয়া বাদন। ডা এবং ডি অর্থে দক্ষিণ তর্জ্জনীস্থ মেজ্রাব দ্বারা, করতল অভিমুখী আঘাত দিয়া, তার বাদন, রা এবং রি অর্থে ঐ মেজ্রাব দ্বারা করতলের বিপরীত দিকে তারে আঘাত দিয়া বাদন। —চিহ্ন, এবং 'আ' অর্থে আশ বাদন, অর্থাৎ পূর্ব্বে (ডা) আঘাতে তার বাদিত অবস্থায় (আর মেজ্রাবের নূতন আঘাত না দিয়া), পরবর্ত্তী এক বা একাধিক পর্দ্দার উপর বাম করাঙ্গুলী দ্বারা তার টিপিয়া পরবর্ত্তী একটি বা অন্যান্য (আশ সহযোগে) স্বর বাদন। কৃ অর্থে কৃন্তন, অর্থাৎ (ঐ কৃ চিহ্নিত) স্বরের পর্দ্দার উপর, বাম করাঙ্গুলী দিয়া তার টিপিয়া তৎসমকালেই আঘাতেই তারে ঐ স্বর বাজাইয়া তৎক্ষণাৎ ঐ বাম করাঙ্গুলী, পর্দ্দার উপর হইতে উঠাইয়া লইয়া ঐ স্বর বাদন। দক্ষিণ তর্জ্জনীস্থ মেজ্রাবের (অপর নাম মিজ্রাব বা মিজ্রাপ্) আঘাতে না বাজাইয়া উপরিউক্ত ভাবে বামকরাঙ্গুলীর আঘাতে স্বরের বাদনের নামই কৃন্তন। এই স্বরলিপিতে—চিহ্নের নীচে কৃ চিহ্ন আছে। উহার অর্থ আশ সহ কৃন্তন, অর্থাৎ পূর্ব্বের ডা আঘাতে পূর্ব্ববর্ত্তী স্বর বাদিত অবস্থাতেই ঐ কৃন্তনের স্বরের পর্দ্দার উপর বামকরাঙ্গুলী চালাইয়া আশ বাদনের সঙ্গে সঙ্গেই উপরিউক্তরূপে ঐ বামকরাঙ্গুলীর আঘাতে ঐ স্বর কৃন্তন বাদন। এই স্বরলিপির অন্যান্য চিহ্নের অর্থ আকার মাত্রিক স্বরলিপির চিহ্নের যে অর্থ তাহাই।

উপেজ বাদন প্রণালী :—অন্তরা বাদনের পর বা অন্তরার পর স্থায়ী বাজাইয়া, পুনঃ স্থায়ী বাদনের পর, স্থায়ীর গোঁড়ায় ফিরিয়া আসিয়া স্থায়ীর ১ম তাল বাদনের পর, সমে প্রত্যেক উপেজ আরম্ভ হইবে। তৎপরে ১ম উপেজ বাদনের পর স্থায়ীর সুরুতে ফিরিয়া যাইবে এবং ২য় হইতে ৬ষ্ঠ উপেজ ঐ ভাবে আরম্ভ করিয়া বাদনের পর, স্থায়ীর সমে (ফিরিয়া যাওয়ার কথা যেরূপ দেখাইয়াছে ঐরূপ) স্থায়ীর সম্ ও পর পর স্থায়ীর অন্যান্য অংশ বাজাইতে হইবে। তেহাই উপরোক্তরূপে স্থায়ীর ১ম তালের পর, সমে আরম্ভ হইয়া (তেহাইর সম হইতে) সম্পূর্ণ তেহাই বাদনের পর, স্থায়ীর যে পদে ফিরিয়া যাইয়া অন্তরা হইতে প্রদর্শিত হইয়াছে, ঐ ঐ পদ ও অন্তরা বাজাইতে হইবে।

এই স্বরলিপিতে যেরূপ প্রদর্শিত হইয়াছে, তদ্ব্যতীত স্থল বিশেষে কিঞ্চিৎ বিরাম, স্থলে বিশেষে প্রস্বন স্থল বিশেষে প্রবল বা মৃদু ভাবে সুর উৎপাদন, স্বর বিশেষে, সুরে কম্পনও তার পার্শ্বের দিকে (পর্দ্দার উপরেই) বামকরাঙ্গুলী দিয়া টানিয়া (অর্থাৎ মীড় দিয়া) রাগোপযোগী যথাযথ ওজোনে সুরবিশেষ উৎপাদন করিয়া এবং যথাযথ সুরের বিকাশ ইত্যাদি কার্য্য দ্বারা রাগের রূপ ফুটাইয়া তোলা হয়। তদ্ব্যতীত পুনঃ পুনঃ বাদনকালে স্থল বিশেষে একটি সুরের পরিবর্ত্তে অপর সুর উৎপাদন স্থল বিশেষে সুরের স্থায়ী কালের পরিবর্ত্তন এবং ঐরূপে প্রস্বন, বল, বিরাম, কম্পন আদির স্থল পরিবর্ত্তন, কম্পন মত আদি দ্বারা সুরের ওজন ও অলঙ্কার আদির পরিবর্ত্তন করিয়া বৈচিত্র্য সম্পাদন ও সঙ্গীতের রস উৎপাদন হয়। ঐ সকল জিনিষ পারদর্শী ও কৃতী বাদকের বাদন শুনিয়া শুনিয়া সংস্কার জন্মাইয়া ও অভ্যাস করিয়া শিখিতে হয়, ঐ সকল সূক্ষ্ম বিষয় পুঙ্খানুপুঙ্খরূপে, স্বরলিপিতে লেখা সম্ভব নাই। ইতি

গান *

শ্রীমতী বীণা দেবী

চেয়ে দেখা পাইনা যাহার সে রয় আমার মনে।
গোপন রহি' আপনারে সে খোঁজায় ক্ষণে ক্ষণে ॥
পউষের নিশীথ অশ্রুজলে
ফাগুণের রঙীণ হাসির ছলে
আপনারে সে জড়িয়ে রাখে দুঃখ সুখের সনে।
আমার মনে ॥

বিশ্বে আপন গান শুনে সে আপনাকে হারায়,
তারি গানের আবেশ আনে শ্রাবণ ধারায়;
তারি সুর স্রোতের বুকে দোলে
গান গেয়ে যায় নদীর কলরোলে
ফুল হ'য়ে সে দোদুল দোলে সকল বনে বনে।
আমার মনে ॥

---

* গানখানি কুমারী সবিতা সেন কর্ত্তৃক বেতারে গীত হইয়াছে।

তেলেনা

ভূপালী—জলদ্ তেতালা

নাদের্ দেরে দানি দিম্ তাদিম্ তানা দেরেনা।
তানা দেরেনা তানা দিম্ তানা দেরেনা, দিম্ তানানা তানা।
দিম্ তানানা দের্ দের্ তাদারেতাদারেদানি
তাক্ ভ্রাণ ধুমাকিটি তাক ধেৎ ত্বা, গাদিঘেনে ক্রাণ্ ধুমাকিটিতাক্ ধা

শ্রীযতীন্দ্রমোহন রায়চৌধুরী কৃত

ঠাট—সা রা গা পা ধা র্সা। জাতি—ঔড়ব। ম, নি বর্জ্জিত। রাত্রি—প্রথম প্রহরে গেয়।

	০	১	২´	৩	
II {	সা -র্সা ধা পা	গা রা -সা রা	পা -গা পা পা	পা ধা পা -গা	}
	না দের্ দেরে দা	নি দি ম্ তা	দি ম্ তা না	দে রে না ০	

২´	৩	০	১
গা -র্সা ধা পা	গা রা সা রা	সা -ধ্া সা রা	গা রা গা -া
তা ০ না দে	রে না তা না	দি ম্ তা না	দে রে না ০

২´	৩
পধা -র্সা -া ধা	পা গা রা সা II
দি০ ০ ম্ তা	না না তা না

অন্তরা

০	১	২´	৩
{ রা -গা পা ধা	র্সা র্সা র্সা র্সা	র্সা র্রা র্গা র্রা	র্সা র্সা ধা পা }
{ দি ০ ম্ তা	না না দের্ দের্	তা দা রে তা	দা রে দা নি }

০	১	২´	৩
পা ধা -র্সা ধপা	গগা রা সা রা	র্গা -র্সা ধা পা	গা রা সা -া II II
তাক ভ্রা ণ্ ধুমা	কিটি তাক ধেৎ ত্বা	গদি ঘেনে ক্রাণ্ ধুমা	কিটি তাক ধা ০

তান—

১। ২´ সরা গপা ধর্সা র্র্গা | ৩ র্র্সা ধপা গরা সা |

২। ২ র্সর্সা ধপা গরা গপা | ৩ ধর্সা ধপা গরা সা |

৩। ১ সরা গপা গরা গপা | ২´ ধর্সা ধপা ধর্সা র্র্গা | ৩ র্র্সা ধপা গরা সা |

৪। ১ র্সর্সা ধপা গরা সা | ২´ পধা পপা গরা সা | ৩ সরা গপা গরা সা |

৫। ০ পপা গরা সরা গপা | ১ গরা সা পপা গরা | ২´ সরা গপা ধর্সা র্র্গা | ৩ র্র্সা ধপা গরা সা |

৬। ০ র্সর্সা ধপা ধধা পগা | ১ পপা গরা গগা রসা | ২´ পপা গরা ধধা পগা | ৩ র্সর্সা ধপা গরা সা |

৭। ৩ র্গর্গা র্র্সা র্র্রা র্সধা | ০ র্সর্সা ধপা ধধা পগা | ১ পপা গরা গগা রসা |

২ সরা গপা ধর্সা র্র্গা | ৩ র্র্সা ধপা গরা সা |

প্রথম শিক্ষার্থীর উপযোগী করিয়া লিখা হইল।

গান

শ্রীঅজিতকৃষ্ণ বসু

আমি তোমার পূজার অর্ঘ্য সাজাই বুকের বেদনায়

আঁখিতে মোর অশ্রু যত ঝর্‌বে তোমার পায়।

আমার প্রাণের ব্যথার বাঁশী

তোমার হিয়ায় বাজ্‌বে আসি'

কণ্ঠ তোমার সাজাবো মোর

ব্যথার মালিকায়।

স্বরলিপি

খাম্বাজ—তেতালা

(ভজন)

চঞ্চল হরণকারী শ্রীহরি,
তুঁহী মঙ্গলময় তোহে পূজত সব নরনারী।
অন্তকাল কোই জাওএ ন সাথ,
দুরগম পথমেঁ এক তুঅ নাম সহায়কারী।
ইয়ে সংসার আয়ে অগনিত জন, তুরত জাওএ মরঘট বন,
তুঁহী এক শরণ হো সৃজনকারী।
অমরগণ সেব তুঅ চরণ কমল, ক্যায়্‌সে পাওএ গোপেশ চরণ,
কৃপা কীজে বতাও হো করণধারী॥

কথা ও সুর—শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায় স্বরলিপি—শ্রীমতী প্রতিমা দেবী

৩				০				১				২´			
{ পা	র্সা	ণা	ধা	পা	ধা	মা	গা	-া	মা	পা	ধা	র্সা	-া	-া	-া }
চ	০	ঞ্চ	ল	হ	র	ণ	কা	০	রী	শ্রী	হ	রি	০	০	০

৩				০				১				২´			
পা	র্সা	নর্সা	র্রা	না	র্সা	ণা	ধা	-া	-া	ধা	ণা	ধণা	র্সর্সা	ণধা	ণা
তুঁ	হী	ম০	০	ঙ্গ	ল	ম	য়	০	০	তো	হে	পূ০	০০	০০	০

৩				০				১				২´			
ধপা	পা	-া	-া	গা	মা	পা	ধা	পধা	নর্সা	র্রনা	র্সা	ণা	-া	ধা	-া ॥
জ০	ত	০	০	স	ব	ন	র	না০	০০	০০	০	রী	০	০	০

৩				০				১				২´			
{ গা	-া	মা	ধা	ণা	ধা	পা	ধা	না	-া	র্সা	না	র্সা	-া	-া	র্সা
অ	০	স্ত	কা	০	ল	কো	ই	জা	০	ওএ	ন	সা	০	০	থ

৩ ০ ১ ২´
না র্সা র্রা র্রা | র্সা না র্সা -া | না র্সা নর্সা র্রর্সা | না র্সা ণা ধা } ||
দু র্ গ ম | প থ মে ০ | এ ০ ক০ ০০ | [illegible]০ ০ তু অ } ||

৩ ০ ১ ২´
প র্সা ণা ধা পা | ধা গা -া মা | পধা নর্সা র্রনা র্সা | ণা -া ধা -া ||
না ০ ০ ম | স হা ০ য় | কা০ ০০ ০০ ০ | রী ০ ০ ০ ||

৩ ০ ১ ২´
{ সা সা মা -া | গা রা গা গা | মা পা পা পা | পা পা পা পা
{ ই য়ে সং ০ | সা ০ র আ | ০ ধে অ গ | নি ত্ত জ ন

৩ ০ ১ ২´
-া -া -া -া | গা মা মা ধা | -া ণা র্সা ণা | ধা পা ধা ধা } |
০ ০ ০ ০ | তু র ত জা | ০ ওএ ম র | ঘ ট ব ন } |

৩ ০ ১ ২´
না না না -া | না না র্সা র্সা | র্সা না র্রা না | র্সা ণা -া ধা ||
তু হী হৈ ০ | এ ক শ্ ব র | ন হো স্ জ | ন কা ০ রী ||

৩ ০ ১ ২´
{ গা মা ধা ধা | ণা ধা পা ধা | না না র্সা র্সা | না র্সা র্সা র্সা |
{ অ ম র গ | ণ সে ০ ব | তু অ চ র | ণ ক ম ল |

৩ ০ ১ ২´
র্সা না র্সা র্রা | র্সা র্সা না র্সা | নর্সা র্রা না র্সা | ণা ণা ধা ধা } |
ক্যা য় সে পা | ওয় ত গো পে | শ০ ০ চ র | ণ ক ম ল } |

৩ ০ ১ ২´
গা মা পা ধা | না র্সা র্সা র্সা | নর্সা র্রা না র্সা | ণা ধা পা ধা ||
কৃ পা কী ০ | জে ব তা ও | হো০ ০ ক র | ণ ধা ০ রী ||

হিন্দুস্থানী সঙ্গীতে তানসেনের স্থান

(পূর্ব্ব প্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায় চৌধুরী

সঙ্গীতের চারি বাণীর মধ্যে গৌড়ীয় বাণীকে গুণীগণ রাজার আসন দিয়েছেন। ডাগর বাণীকে মন্ত্রীর স্থান, খাণ্ডারকে সেনাপতির স্থান ও নওহারকে ভৃত্যের স্থান দেওয়া হয়ে থাকে। প্রতি বাণীরই আপন আপন স্থানে বিশিষ্ট এক সার্থকতা আছে তবে প্রথমোল্লিখিত বাণী-দ্বয়ই শুদ্ধবাণীর অন্তর্ভুক্ত। গৌড়ী বাণীর স্বরগুলির প্রত্যেকটি আপন আপন সীমায় সুনির্দ্দিষ্টরূপে প্রতিভাত হয়, স্পষ্টতা হচ্ছে এই বাণীর প্রধান লক্ষণ। ডাগর বাণীতে একটি স্বর অপরটির সহিত যেন মিশে যেতে চায়, তাই ডাগর বাণীতে একটা কেমন রহস্যময় ভাব থাকে। স্বরগুলিকে স্পষ্টভাবে ধরাছোঁওয়া যায় না, শ্রোতার কল্পনা দিয়ে যেন তা পূর্ণ করে নিতে হয়। লালিত্য ও গভীরতা এ উভয় বাণীর মধ্যেই যথেষ্ট পাওয়া যায়। খাণ্ডার বাণীকে সংস্কৃতে "ভিন্না রীতি" বলা হয়েছে। এই বাণীতে স্বরগুলিকে কেটে কেটে গাওয়া হয়—তাই সংস্কৃতে একে "ভিন্না" (ভিদ্ ধাতু হতে ভিন্ন শব্দ নিষ্পন্ন হয়েছে) বলা হয়, ও হিন্দুস্থানীতে "খাণ্ডার" বলা হয়। উভয় শব্দেরই মূল তাৎপর্য্য একই। স্বর-গুলিকে সরলভাবে প্রকাশ না করে এতে কুটিলভাবে ও কেটে কেটে প্রকাশ করা হয়ে থাকে। কিন্তু তাই বলে এতে মাধুর্য্য হ্রাস পায় না সূক্ষ্ম গমকের সাহায্যে স্বর কাট্‌লে বা আন্দোলিত কর্‌লে তাতে মধুরতা বৃদ্ধিই পেয়ে থাকে। তাই উত্তম গুণীগণ সূক্ষ্ম মধুর গমক সহযোগেই খাণ্ডার বাণী গেয়ে থাকেন গমকের অপপ্রয়োগ ও উৎকট প্রয়োগেই খাণ্ডার বাণীর বিকৃতি এসেছে কিন্তু পূর্ব্বাচার্য্যগণ ও তানসেন বংশীয় বীণকারগণ অতি সূক্ষ্ম গমক ও শ্রুতি প্রয়োগে খাণ্ডার বাণীতেও যথেষ্ট মধুরতা প্রকাশ করে গেছেন।

তবে শুদ্ধবাণীকেই সর্ব্বদা রক্ষা করে বলা উচিত। খাণ্ডার বাণী বৈচিত্র্যের জন্য মাঝে মাঝে প্রয়োগ করা যেতে পারে। সেনীগণ তাই করে এসেছেন। সেনী ধ্রুপদের অধিকাংশই শুদ্ধবাণীতে গীত হয়। আলাপের সময় বিলম্বিত অংশে শুদ্ধবাণীরই প্রাধান্য মধ্যতালে খাণ্ডার বাণী বিশেষ বিশেষ স্থলে ব্যবহৃত হয়। যন্ত্রসঙ্গীতে বীণাতেই খাণ্ডার বাণীর মধ্যতাল বা গমক জোড় সেনীগণ রকমারিভাবে ব্যবহার করেছেন কিন্তু রবাবে বিলম্বিত, মধ্য ও দ্রুত এই ত্রিবিধ আলাপ অংশেই শুদ্ধবাণীরই সমান প্রাধান্য। কেননা রবাবের স্বর সরল—রবাবে বীণার ন্যায় গমক তত খোলে না।

তানসেনের পুত্রবংশীয় সকল গুণীই গৌড়ীয় বাণীতে সিদ্ধ ছিলেন। তাই তাঁদের গীত ও বাদ্যে রঙ্গের খেলা তত পাওয়া যায় না, কিন্তু রাগের নগ্ন সৌন্দর্য্য প্রকাশে তাঁদের তুলনা হয় না। সরলতাই তাঁদের বৈশিষ্ট্য, তাঁদের প্রকৃতিও তাঁদের সঙ্গীতের মতই সরল ছিল। তানসেনের কনিষ্ঠ পুত্র বিলাস খাঁ থেকে সুরু করে হাসান খাঁ, গোলাব খাঁ, ছজ্জু খাঁ, জ্ঞান খাঁ, জীবন খাঁ প্রভৃতি গুণীগণের ইতিবৃত্ত আলোচনা কর্‌লে আমরা দেখতে পাই, তাঁরা মুনিদের মত সরল অনাড়ম্বর ও ভগবৎপ্রাণ ছিলেন। হাসান খাঁকে সবাই "শুভ্র দেবতা" সফেদ্ দেও বল্‌ত, তাঁর অন্তঃকরণ যেমন শাদা ছিল তাঁর শরীরেও তেম্‌নি এক মনোহর গৌর-কান্তি ছিল। এঁরা কেহই বাদ্‌শাদের্ দরবারের সহিত ঘনিষ্ঠভাবে জড়িত থাক্‌তেন না ঐহিক ধনরত্নের ও

প্রতাপ ঐশ্বর্য্যের নশ্বর ঠাট ও জাঁকজমকের বাহিরে নির্জ্জন কুটীরেই এঁরা বসবাস করতেন—বাদশাহগণ অযাচিতভাবে অজস্র অর্থ দিয়ে গেলেও, অধিকাংশ অর্থই এঁদের, দান ধ্যানে ও দীনজন-প্রতিপালনে ব্যয়িত হত। বাদশারা যখন তখন ইচ্ছা করলেই এঁদের গীত ও বাদ্য শুনতে পেতেন না অনেক সাধ্যসাধনা করে এঁদের দরবারে আনতে হত।

হাসান খাঁ ও তাঁর পুত্র গোলাব খাঁ উৎকৃষ্ট ধ্রুপদী ছিলেন। গোলাব খাঁর তিন পুত্র ছজ্জু খাঁ, জ্ঞান খাঁ ও জীবন খাঁ। ছজ্জু খাঁ রবাবযন্ত্রে বিশেষ পারদর্শিতা অর্জ্জন করেছিলেন জ্ঞান খাঁ ও জীবন খাঁ ধ্রুপদী ছিলেন। এই তিন ভ্রাতার শেষ জীবনেই দিল্লীর বাদশাহী দরবার ভেঙে যায়। ছজ্জু খাঁর তিন পুত্র—জাফর খাঁ, প্যার খাঁ ও বাসৎ খাঁ। জ্ঞান খাঁ নিঃসন্তান ছিলেন। জীবন খাঁর দুই পুত্র বাহাদুর খাঁ ও হায়দর খাঁ। বাহাদুর খাঁ বিষ্ণুপুরের মহারাজ কর্ত্তৃক নিমন্ত্রিত হয়ে বঙ্গদেশে চলে এলেন ও হায়দর খাঁ সন্ন্যাস আশ্রম অবলম্বন করে ফকীর হয়ে গেলেন। বাহাদুর খাঁর বাঙ্গালী শিষ্য বংশের কথা আমরা পূর্ব্বে উল্লেখ করেছি হায়দর খাঁ ফকীর ছিলেন ও সঙ্গীতসাধনায়ও বিশেষ অগ্রসর হয়েছিলেন। তাঁর এক ধ্রুপদী শিষ্যের বংশ কানপুরের নিকটে এখনও আছে। লক্ষ্ণৌর গুণী রাজা নবাব আলি খাঁ সাহেব তাঁদের বিশেষ সম্মান ও প্রশংসা করে থাকেন।

ছজ্জু খাঁর তিন পুত্র জাফর খাঁ, প্যার খাঁ ও বাসৎ খাঁর নাম ভারতীয় সঙ্গীত ইতিহাসে চিরদিনই স্বর্ণাক্ষরে লিখিত থাকবে। এই ভ্রাতৃত্রয় সত্যই সঙ্গীতের অবতার-স্বরূপ ছিলেন। গীতে, বাদ্যে, বিদ্যায় ও সাধনায় এঁদের স্থান তৎকালে সকলের শীর্ষস্থানে ছিল। এঁরা সত্যই নায়কপদবাচ্য ছিলেন। জাফর খাঁ ও প্যার খাঁ, পিতা ছজ্জু খাঁর কাছে বিদ্যাশিক্ষা করেছিলেন কিন্তু বাসৎ খাঁর গুরু ছিলেন তাঁর খুল্লতাত জ্ঞান খাঁ। জ্ঞান খাঁ নিঃসন্তান ছিলেন বলে ভ্রাতুষ্পুত্র বাসৎ খাঁকেই পোষ্য-পুত্ররূপে গ্রহণ করেছিলেন ও তাঁকে বুকে করে মানুষ করেছিলেন বাসৎ খাঁকে তিনি যোগসাধনা ও সঙ্গীত শিক্ষা দিয়েছিলেন।

তদ্ভিন্ন নির্ম্মল শাহ্ বীণকারও এই ভ্রাতৃত্রয়কে খুব ভালবাসতেন, এঁদের প্রতিভা অতি বাল্য হতেই স্ফুরিত হয়ে উঠেছিল ও নির্ম্মল শাহের দৃষ্টি আকর্ষণ করেছিল। নির্ম্মল শাহ ছিলেন তানসেনের দৌহিত্রবংশীয় তাই এঁদের তিনি জ্ঞাতি সম্বন্ধে গুরুজন ছিলেন ও এঁদের সস্নেহে বীণা শুনাতেন ও বীণার গূঢ় রহস্য সকল শিখিয়েছিলেন। নির্ম্মল শাহের পুত্রসন্তান হয় নাই। তাঁর সমুদয় বিদ্যা তাঁর ভ্রাতুষ্পুত্র ওমরাও খাঁকে তিনি শিক্ষা দিয়েছিলেন। ওমরাও ছিলেন প্যার খাঁর সমবয়সী ও অতি অন্তরঙ্গ সুহৃদ। কিন্তু সঙ্গীত বিষয়ে তাঁদের প্রতিযোগিতাও খুব তীব্র ছিল। জাফর খাঁ, প্যার খাঁ ও বাসৎ খাঁ এই তিন ভ্রাতা ও ওমরাও খাঁ এঁরা সকলেই একই সময়ে একই স্থানে বাল্যজীবন অতিবাহিত করেছিলেন—ছজ্জু খাঁ, জ্ঞান খাঁ ও নির্ম্মল শাহের ন্যায় সঙ্গীত সিদ্ধ গুরুদের স্নেহ-ছায়ায়। তাই এঁদের মাঝে সঙ্গীত সাধনা বীজ সুসময়ে সুক্ষেত্রে পতিত হয়ে, কালে ফুলে ফলে সুশোভিত বিশাল সঙ্গীত তরুরূপে হিন্দুস্থানের অসংখ্য সঙ্গীতপিপাসুদিগকে কল্পবৃক্ষের ন্যায় আশ্রয় দিতে পেরেছে।

(ক্রমশঃ)

স্বরলিপি *

ভৈরবী-পুর্বী মিশ্র—দাদ্‌রা

বল্‌ হিমঋতু বল্‌,
কেন লো হ'লি উতল্‌
খুলিয়া সকল বেশ
শয়ান ধরণীতল।

নাহি সে হাসি আকুল
কপোল ফুল রাতুল
,কোন সেই অকরুণ
নয়নে আনিল জল।

নিরাকুল সন্ধ্যায়
নয়নে কুহেলি ছায়
শিথিল অলক তোর
পবন আসি' দোলায়।

রজনী চলিয়া যায়
না বলা কি বেদনায়
রোদন অরুণ চোখ্‌
পূরব গগন ভায়
নয়ন সলিল তোর
করে তৃণে টলমল্‌।

কে সে ধেয়ানেরি ধন
পলকে হরিল মন
মিলনে ছিল কি তার
বিরহেরি এ বেদন
চাহি' তারি আশাপথ
হ'লি কিলো বিহ্বল্‌।

কথা—শ্রীসুবোধচন্দ্র পুরকায়স্থ

সুর—শ্রীহিমাংশুকুমার দত্ত, বি-এ, সুরসাগর

স্বরলিপি—শ্রীমতী ছবি পালিত

+			0									॥		
II সা	-ঋা	সা |	ঋা	সা	ঋা I	^ঋ^পা	-া	-া |	-া	-া	-া I.	পা	দা	পা |
ব	ল্‌	হি |	ম	ঋ	তু	ব	ল্‌	০ |	০	০	০	কে	ন	লো |

দা	ণা	র্সা I	পা	-া	-া |	-া	-া	-া I	পা	^প^দা	পা |	মা	^ম^পা	মা I
হ	লি	উ	ত	ল্‌	০ |	০	০	০	খু	লি	য়া |	স	ক	ল

* এই গানটি "হিন্দুস্থান রেকর্ড" কোম্পানী ব্যতীত অন্য কোন রেকর্ডিং কোং রেকর্ড করিতে পারিবেন না।
শ্রীহিমাংশুকুমার দত্ত

গা -া -া | -মগা -রা -সা I সা রা মা | (ম)রা মা পদা I (ম)পা -া -া |
বে ০ ০ ০০ ০ শ্ শ য়া ন ধ র ণী০ তল্ ০ ০

-া -া -া I সা ঋা সা | সা (স)জ্ঞা ঋা I সা -া -া | -া -া -া I
০ ০ ০ না হি সে হা সি আ কুল্ ০ ০ ০ ০ ০

প্া দ্া ণ্া | সা জ্ঞা রা I জ্ঞা -া -া | -া -া -মপা I পা (প)দা পা |
ক পো ল ফু ল রা তুল্ ০ ০ ০ ০ ০০ কো ন্ সে

মা মা গা I সমা -া -া | -া -া -া I সা রা মা | (ম)রা মা পদা I
ই অ ক রুণ ০ ০ ০ ০ ০ ন য় নে আ নি ল০

(ম)পা -া -া | -া -া -া II
জল্ ০ ০ ০ ০ ০

II পা (প)দা মা | পা দা পা I পর্সা -া -া | -া -া -া I পা দা ণা |
র জ নী চ লি য়া যায়্ ০ ০ ০ ০ ০ না ব লা

র্সা (র্স)র্জ্ঞা র্ঋা I র্সা -া -া | -া -া -া I না র্সা (র্স)পা | পা ণা দা I
কি বে দ নায়্ ০ ০ ০ ০ ০ রো দ ন অ রু ণ

পা -া -া | -া -া -া I সা ঋা জ্ঞা | মা পা দর্সা I ণদা -া -া |
চো ০ ০ | ০ ০ খ্ পূ্ র ব | গ গ নে০ ভায় ০ ০ |

-া -া -া I পা পদা পা | মা মপা মা I মগা -া -া | -া -া -রসা I
০ ০ ০ ন য় ন | স লি ল তো ০ ০ | ০ ০ ০র্

সা রা ম্যা | রা মা পদা I মপা -া -া | -া -া -া II
ক রে ভূ | লে ট ল০ মল্ ০ ০ | ০ ০ ০

II ঋা ঋা ঋা | ঋা ঋা -সা I সা -া -া | -া -া -া I সপা পা পা |
নি রা কু | ল স ন্ ধ্যা ০ ০ | ০ ০ য় ন০ য় নে |

পা জ্ঞপা গমা I গা -া -া | -া -া -া I গা জ্ঞা ঋা | গা জ্ঞা পা I
কু হে লি ছা ০ ০ | ০ ০ য় শি থি ল | অ ল ক

নদা -া -া | -পা -া -া I জ্ঞা পা জ্ঞগা | গা মা মা I মা -া -া |
তো ০ ০ | র্ ০ ০ প ব ন০ | আ সি দো লা ০ ০ |

-া -া -পা I গা পা গা | গা ঋা -সা I সা -া -া | -া -া -া I
০ ০ য়্ নি রা কূ | ল স ন্ ধ্যা ০ ০ | ০ ০ য়

পা [প]দা মা | পা দা পা I পর্সা -া -া | -া -া -া I পা দা ণা |
কে সে ধে | য়া নে রি ধ০ ০ ০ | ০ ০ ন্ প ল কে |

র্সা [র্স]জ্ঞা র্ঋা I র্সা -া -া | -া -া -া I না র্সা [র্স]পা | পা ণা দা I
হ রি ল মন্ ০ ০ | ০ ০ ০ মি ল নে | ছি ল কি

পা -া -া | -া -া -া I সা ঋা জ্ঞা | মা পা দর্সা I [প]দা -া -া |
তা ০ ০ | ০ ০ র বি র হে | রি এ বে০ দন্ ০ ০ |

-া -া -া I পা [প]দা পা | মা [ম]পা মা I [ম]গা -া -া | -া -া -রসা I
০ ০ ০ চা হি তা | রি আ শা প ০ ০ | ০ ০ ০থ্

সা রা মা | রা মা -পদা I [ম]পা -া -া | -া -া -া II II
হ লি কি | লো বি ০০ হৃ ০ ০ | ০ ০ ল্

স্বরলিপি *

খাম্বাজ—চৌতাল

কাল বরণী করাল বদনী, বিলোল রসনা কলুষনাশিনী,
বালক-ভানু-তনু-ত্রিনয়নী, ত্রিকাল ব্যাপিনী ত্রিলোকপালিনী
রুধির-ধারা-রঞ্জিত অধর, স্তন্যপূর্ণ পীনোন্নত পয়োধর,
নৃকর নিকর কটি-শোভাকর, চণ্ডিকা চামুণ্ডা নৃমুণ্ড মালিনী।
সুবলিত চারু গুরু নিতম্বিনী, উন্মুক্ত কুন্তল কাল কাদম্বিনী
দিগম্বরী হর-বক্ষ বিহারিণী, ধর্ম্ম-অর্থ-কাম-মোক্ষ-বিধায়িনী।
ব্যাম বাহু যুগে নৃমুণ্ড কৃপাণ, দক্ষিণ দ্বিভুজে বরাভয় দান,
সতীশ অন্তরে কর অধিষ্ঠান ভীমকান্ত মহাভাব বিকাশিনী।

কথা, সুর ও স্বরলিপি—শ্রীসতীশচন্দ্র সান্ন্যাল

আস্থায়ী

১´ ০ ২ ০´ ৩ ৪ ১´
II না -া | না র্সা | র্সা র্সা | র্সা র্ণা | ণা ধা | ধাপ মা I মা পমা |
কা ০ | ল ব | র ণী | ক রা০ | ল ব | দ নী | বি লো০ |

০ ২ ০ ৩ ৪ ১´ ০
পা ধা | ণা ধপা | পা ধমা | মা গা | মা রা I সন্ -া | সা মা |
ল র | স না০ | ক লু০ | ষ না | শি নী | বা০ ০ | ল ক |

২ ০ ৩ ৪ ১´ ০ ২
মা গা | মা ণধা | না র্সনা | র্সা র্সা I র্রা র্রা | র্রর্সা র্সণা | র্সনা র্রর্সা |
ভা নু | ত নু০ | ত্রি ন০ | য় নী | ত্রি কা | ল০ ব্যা০ | পি০ নী০ |

০ ৩ ৪
র্সা র্ণা | ণা ধা | পা ধা II
ত্রি লো০ | ক পা | লি নী

* মুক্তাগাছার স্বনামধন্য সঙ্গীতানুরাগী সুপ্রসিদ্ধ ধ্রুপদ গায়ক, মাননীয় শ্রীযুক্ত রাজা জগৎকিশোর আচার্য্য বাহাদুর মহোদয়ের আদেশানুসারে রচিত।

অন্তরা

১´ ০ ২ ০ ৩ ৪ ১´

II { মা মাগ | মা ণধা | ণধা না | না র্সনা | র্সনা র্সণা | র্সনা র্সা I র্সা র্সনা |

রু ধি | র ধা০ | ০০ রা | র ঞ্জি০ | ত০ অ০ | ধ০ র | স্ত ন্য০ |

০ ২ ০ ৩ ৪ ১´ ০

র্সা র্রা | র্রা র্সা | র্সনা র্সনা | র্রণা ণা | ণা ধা } I মা মা | মা মগা |

পূ র্ণ | পী নো | ন্ন০ ত০ | প০ য়ো | ধ র } | নৃ ক | র নি০ |

২ ০ ৩ ৪ ১´ ০ ২

মগা মা | মা ণধা | না র্সনা | র্সনা র্সা I র্রা র্রা | র্রর্সা র্সনা | র্সনা র্রর্সা |

ক০ র | ক টি০ | শো ভা০ | ক০ র | চ ণ্ডি | কা০ চা০ | মু০ ণ্ডা০ |

০ ৩ ৪

র্সা র্রণা | ণা ধা | পা ধা II

নৃ মু০ | ণ্ড মা | লি নী

সঞ্চারী

১´ ০ ২ ০ ৩ ৪ ১´

II { মা মা | মা মগা | মগা মা | মা পা | পা ণা | ধা ধপা I মা পমা |

সু ব | লি ত০ | চা০ রু | গু রু | নি ত | ম্বি নী০ | উ ন্মু০ |

০ ২ ০ ৩ ৪ ১´ ০

পা র্সণা | ণধা ধা | ধা ধাণ | পমা মগা | গা গা I মা মা | মা মা |

ক্ত কু০ | ন্ত০ লা | কা ল | কা০ দ০ | ম্বি নী | দি গ | ম্ব রী |

২ ০ ৩ ৪ ১´ ০ ২

গা মা | মা পা | পা ণা | ণা ধা I মা পমা | পা র্সণা | নধা ধা |

হ র | ব ক্ষ | বি হা | রি ণী | ধ র্ম০ | অ র্থ০ | কা০ ম |

০ ৩ ৪

ধা ণা | পমা মগা | মা রসা } II

মো ক্ষ | বি০ ধা০ | য়ি নী০ }

আভোগ

১´ | ০ | ২ | ০ | ৩ | ৪ | ১´

II { মা মা^গ | মা ণধা | ণধা না | র্সা র্সা | র্সা র্সনা | র্সা র্সা I র্সনা র্সনা |

বা ম | বা হু০ | যু০ গে | নু মু | গু ক্ক০ | পা ণ দ০ ক্ষি০ |

০ | ২ | ০ | ৩ | ৪ | ১´ | ০

র্সা র্রা | র্রা^র্স র্সা | র্সনা র্সনা | র্রণা ণা | ণা ধা } I মা মা | মা মগা |

ণ ষি | ভু জে | ব০ রা০ | ভ০ য় | দা ন) স তী | শ ঙ্ক০ |

২ | ০ | ৩ | ৪ | ১´ | ০ | ২

মগা মা | মা ণধা | ধা না | র্সা র্সা I র্রা র্রা | র্রর্সা র্সনা | র্সনা র্রর্সা |

ঙ্ক০ রে | ক র০ | অ ধি | ষ্ঠা ন ভী ম | কা০ ন্ত০ | ম০ হা০ |

০ | ৩ | ৪

র্সা র্রণা | ণা ধা | পা ধা II II

ভা ব০ | বি কা | শি নী

সঙ্গীত চিন্তামণি

(পূর্ব্বানুবৃত্তি)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায়চৌধুরী

এই সংগীত শাস্ত্র পূর্ব্বে কিরূপ ছিল এবং তাহার কি পরিমাণ চর্চ্চা হইত তাহা অবগত হওয়ার জন্য কতিপয় গ্রন্থ এবং আমাদের পূর্ব্বজ সেই সকল গ্রন্থকারগণের নাম এস্থলে লিখিত হইল।

	গ্রন্থের নাম		গ্রন্থকর্ত্তা
১।	অর্জ্জুনভরত	...	অর্জ্জুন
২।	অনূপ সংগীত বিলাস (সটীক)	...	ভাবভট্ট
৩।	অষ্টোত্তর শততাল লক্ষণ	...	,,
৪।	আনন্দ জীবন	...	রাজা মদন পাল
৫।	কল্পতরু টীকা সুবোধিনী	...	গণেশদে
৬।	গীতালঙ্কার	...	অনন্ত নারায়ণ
৭।	ভরত শাস্ত্র সংগীত	...	,,
৮।	ভরত লক্ষণ	...	,,
৯।	ভরত নাট্যশাস্ত্র	...	ভরত মুনি
১০।	ভরত ভাষ্য	...	ন্যায়দেব

গ্রন্থের নাম		গ্রন্থকর্ত্তা	গ্রন্থের নাম		গ্রন্থকর্ত্তা
১১। ভরত শাস্ত্র	...	রঘুনাথ	৪০। নাদ দীপিকা	...	ভট্টাচার্য্য
১২। মতঙ্গ ভরত	...	লক্ষণ ভাস্কর	৪১। পঞ্চমসার সংহিতা	...	নারদজি
১৩। মেলাধিকার লক্ষণ	...	,,	৪২। রাগচন্দ্রোদয়	...	বিমল
১৪। মুক্তাবলী প্রকাশিকা	...	,,	৪৩। রাগতত্ত্ববোধ	...	শ্রীনিবাস
১৫। মুরলী প্রকাশ	...	ভাবভট্ট	৪৪। রাগ বিবেক	...	গন্ধর্ব্বরাজ
১৬। তালপ্রস্ত	...	,,	৪৫। রাগ প্রস্তার	...	,,
১৭। তালদশপ্রাণ দীপিকা	...	গোবিন্দ	৪৬। রাগ লক্ষণ	...	,,
১৮। তালাভিনয় লক্ষণ	...	নন্দিকেশ্বর	৪৭। রাগ নিরূপণ	...	নারদ
১৯। তাল প্রস্তার	...	,,	৪৮। সঙ্গীত চিন্তামণি	...	কমল লোচন
২০। তাল লক্ষণ	...	,,	৪৯। সঙ্গীত দীপিকা	...	তিষ্য ভূপাল
২১। তাল দীপিকা	...	তিষ্য ভূপাল	৫০। সঙ্গীত মকরন্দ	...	দেব
২২। ধ্রোপদটীকা	...	ভাবভট্ট	৫১। সঙ্গীত মুক্তাবলী	...	দেবনাচার্য্য
২৩। রাগধ্যানাদি কথনাধ্যায়	...	,,	৫২। সঙ্গীত মুক্তাবলী	...	দেবে অকৃত
২৪। রাগমালা	...	পুণ্ডরীক বিকল	৫৩। সঙ্গীত সারামৃত	...	তুলজেন্দ্র
২৫। রাগমালা ইম্মা রত্নমালা	...	ক্ষেমকরণ	৫৪। সঙ্গীত সুধাকর	...	হরিপাল
২৬। রাগ মঞ্জরী	...	পুণ্ডরীক বিকল	৫৫। সঙ্গীত রাঘব	...	বোমভূপাল
২৭। রাগ বিচার	...	শ্রীরাম	৫৬। সঙ্গীত পারিজাত	...	পণ্ডিত অহোবল
২৮। রাগকৌতুহলে নৃত্যকরণ	...	রামকৃষ্ণভট্ট	৫৭। সরাগ চন্দ্রোদয়	...	,,
২৯। রাগনিরূপণ	...	নারদজি	৫৮। সঙ্গীত সারোদ্ধার	...	হরিভট্ট
৩০। রুদ্র, ডমরু, ভবসূত্র বিবরণ	...	,,	৫৯। সঙ্গীত নারায়ণ	...	,,
৩১। রাগাদি স্বরণী টীপ	...	রঘুনাথদাস প্রসাদ	৬০। সঙ্গীত দর্পণ	...	হরিবল্লভ
৩২। রাগবিরোধ	...	সোমনাথ	৬১। সঙ্গীত দর্পণ	...	দামোদর
৩৩। রাগরত্নাকর	...	গন্ধর্ব্বরাজ	৬২। সঙ্গীত সময়সার	...	,,
৩৪। শ্রুতি ভাস্কর	...	ভীমদেব	৬৩। সঙ্গীত সর্ব্বার্থ সার সংগ্রহ	...	,,
৩৫। ষড রাগ চন্দ্রোদয়	...	পুণ্ডরীক বিকল	৬৪। সঙ্গীত কল্পতরু	...	,,
৩৬। নারদী শিক্ষা	...	নারদ	৬৫। সঙ্গীত রত্নমালা	...	,,
৩৭। নৃত্যরত্নাবলী	...	গণপতিদেব	৬৬। সঙ্গীত সুধাকর	...	সিংহভূপাল
৩৮। নৃত্যধ্যান	...	অশোকমল্ল	৬৭। সঙ্গীত সেতু	...	গঙ্গারাম
৩৯। নর্ত্তন নির্ণয়	...	পুণ্ডরীক বিকল	৬৮। সঙ্গীত সুধা	...	,,

গ্রন্থের নাম		গ্রন্থকর্ত্তা
৬৯। সঙ্গীত সারাবলী	...	গঙ্গারাম
৭০। সঙ্গীত পাঠ	...	,,
৭১। সঙ্গীত পুষ্পাঞ্জলী	...	,,
৭২। সঙ্গীত শিরোমণি	...	,,
৭৩। সঙ্গীত বিনোদ	...	,,
৭৪। সঙ্গীত উপনিষদ্	...	সুধাকলস
৭৫। সঙ্গীত রত্নাকর	...	বনরক
৭৬। সঙ্গীত রত্নাকর	...	শার্ঙ্গদেব
টীকা	...	,,
,,	...	কল্লীনাথ
,,	...	সিংহভূপাল
,,	...	কুম্ভকর্ণ নরেন্দ্র
,,	...	গঙ্গারাম
,,	...	হংসভূপাল
৭৭। সারসংহিতা	...	নারদজি
৭৮। স্বরমঞ্জরী	...	,,
৭৯। স্বরমেলকলানিধি	...	,,
৮০। বীণাবাদ্য লক্ষণ	...	,,
৮১। বীর পরাক্রম	...	বাসুদেব
৮২। হৃদয় প্রকাশ	...	হৃদয় নারায়ণ দেব
৮৩। সংকীর্ণ রাগাধ্যায়	...	,,
৮৪। সঙ্গীত রত্নাবলী	...	সোমরাজদেব
৮৫। সঙ্গীত দামোদর	...	শুভশঙ্কর
৮৬। সঙ্গীত নারায়ণ	...	পুরুষোত্তম মিশ্র
৮৭। সঙ্গীত মীমাংস	...	কুম্ভকর্ণ
৮৮। সঙ্গীত রাজ	...	,,
৮৯। সঙ্গীতামৃত	...	কমলোচন
৯০। সঙ্গীত সুরামৃত		তুলাজি মহারাজ ভোঁসলে
৯১। সঙ্গীত ব্রত রত্নাকর	...	বিকল
৯২। সঙ্গীত সুন্দর	...	সদাশিব দীক্ষিত

গুরুস্তুতি

আস্তে নূতন পত্তনং নবনবৈর্হর্ম্যৈঃ সদালঙ্কৃতং
নানাশাস্ত্র কলাকলাপকুশলৈঃ পৌরৈরণে কৈর্বৃতং ॥
যত্রাসীদ্রসকোবিদোবিনয়তঃ সম্ভূষিতঃ সজ্জনঃ
শ্রীমদ্রামপদারবিন্দ নিলয়শ্চাদিত্য রামোগুরুঃ ॥ ১ ॥

বিবিধ অভিনব প্রাসাদ সুশোভিত এবং অনেক প্রকার শাস্ত্র ও চরমোন্নত কলা শিল্পে কুশল নাগরিকপূর্ণ নবীনগর নামক একটী সহর আছে, সেখানে রসশাস্ত্রের রসিকতা প্রদানকারী, বিনয়ে বিভূষিত এবং শ্রীরাম পরমাত্মার চরণ কমলে একনিষ্ঠ শ্রীআদিত্য রামজি গুরুবাস করিতেন।

যেনাকারি নবীন পত্তনমিদং সংগীত শাস্ত্রপ্রিয়ং
যদ্বিদ্যাব্যসনাশ্চভূরিশিশবঃ শিষ্যা শ্রমাচ্ছিক্ষিতাঃ ॥
সীতাকান্ত পদাম্বুজং নিরুপধিপ্রেম্না সমারাধিতং
বিদ্বাংসো গুণিনশ্চ সদ্গুণ গণৈরাহ্লাদিতা ভূতলে ॥২॥

যে শ্রীআদিত্য নারায়ণজি এই নবীনগরে সঙ্গীত শাস্ত্রের প্রতি প্রীতি উৎপাদন করিয়াছিলেন এবং সেই বিদ্যা শিখিতে ইচ্ছুক অনেক বালককে শিষ্য করতঃ সঙ্গীত শাস্ত্রে নিপুণ করিয়া তুলিয়াছিলেন এবং আড়ম্বরশূন্য হইয়া প্রেমভরে উত্তমরূপে শ্রীসীতাপতির চরণকমল আরাধনা করিয়াছিলেন ও স্বীয় সংখ্যাবদ্ধ উত্তম গুণবলে ধরণীতলে বিদ্বান এবং গুণবান্ পুরুষগণকে সুপ্রসন্ন করিয়াছিলেন।

রভাজন স্তুতগণঃ সঙ্গীত রসাভাজনং
দেশিকোমে বিজয়তেঃ জয়তেজো বিভূষণম্ ॥ ৩ ॥

সভ্যজন যাঁহাকে স্তুতি করিয়াছেন, সঙ্গীত রসভাজন এবং জয় ও তেজে বিভূষিত আমার গুরু শ্রীআদিত্য রামজি কীর্ত্তিরূপে ঐহিক এবং সদ্গতিরূপে পারত্রিক জয়যুক্ত হইয়া আছেন।

যে সঙ্গীত কলাকলাপবিলসৎপ্রৌঢ় প্রতাপোদয়াঃ।
কারুণ্যামৃত সাগরা গুণ যশঃ সন্মন্তনৈর্মণ্ডিতাঃ ॥
নিত্যং শ্রীপতিভক্তিরঙ্গরসিকাঃ সানন্দ সন্মূর্ত্তয়ো
বৈকুণ্ঠে গুরবো জয়ন্তি মমঃতহ্যাদিত্য রামাভিধাঃ ॥১॥

সঙ্গীত কলা সমূহে সুশোভিত সমৃদ্ধিশালী কারণরূপ অমৃত-সাগর-সদৃশ উত্তমগুণ এবং যশোরূপ অলঙ্কার শোভিত সদা শ্রীলক্ষ্মীপতির ভক্তিরসে নিমগ্ন আমার পূজ্যপাদ গুরু শ্রীআদিত্যরামজি বৈকুণ্ঠলোকে বিরাজমান আছেন।

আরূঢ়ঃ খলুয়ৎ কৃপাপ্রবহণং তদ্ভক্তিবাতোরিতং
তীর্ণো দুস্তরমত্র শক্তিসহিতঃ সংগীত শাস্ত্রাম্বুধিম।
সোঽহং মূলজিদাহ্বয়ো গুণপরো ব্যাসাবটং কোদ্বিজঃ
সানন্দং প্রণমামি তং গুরুবরং হ্যাদিত্য রামাভিধম ॥২॥

সদ্গুণাকাঙ্ক্ষী ব্রাহ্মণ বংশজ আমি ব্যাস মূলজী জ্যেষ্ঠারাম পূজ্যপাদ গুরু শ্রীআদিত্য রামজিকে সানন্দে প্রণাম করিতেছি। কারণ তাঁহাতে ভক্তিরূপ পবন লহরী হইতে প্রেরণা প্রাপ্ত কৃপা তরণীতে আরোহণ করিয়া দুস্তর সঙ্গীত শাস্ত্র সমুদ্র পার হওয়ার উপযুক্ত সময় আমার উপস্থিত হইয়াছে।

সজ্জন স্তুতি

সন্তঃ সন্তোষ পোষেণ পলায়ন্তঃ পরাঙ্গনান্।
জয়ন্ত্যাকাশ বিমলাঃ সদ্বিচার প্রচারিণঃ ॥১॥

দূরীকরোতি দুঃসঙ্গং নির্ম্মলী কুরুতে মনঃ।
চুলুকী কুরুতে পাপং যৎপ্রসঙ্গো নতোস্মিতান্ ॥২॥

ভাবার্থ :—যিনি হৃষ্টচিত্তে অপরকে প্রতিপালন করিয়া থাকেন, যিনি আকাশের মত নির্ম্মল এবং যাঁহার বিচার প্রবৃত্তি উৎকৃষ্ট তিনিই সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ ॥১॥

যে সৎপুরুষের প্রসঙ্গ দুঃসঙ্গ দূর করে; মন পবিত্র করে এবং পাপ বিনাশ করে তাঁহাকে প্রণাম করিতেছি ॥২॥

খলস্তুতি

প্রসর্পতো মহাবেগান্নন্তঃ স্থিত মহাবিষান্।
ব্যালানিব খলান্ ভূয়োন মামো ব্যর্থ বৈরিণঃ ॥
বিরক্তাচ্ছ বহির্দ্দেশে সক্তাদন্তর্বকাদিব।
খলাজ্জীব গ্রহেনস্রান্নির্ভয়ং কস্য জায়তে ॥২॥

ভাবার্থ :—খল পুরুষ ক্ষিপ্রগামী, তাহার অন্তর বিষময় এবং প্রাণী সকলের প্রতি নিষ্ঠুর; তজ্জন্য সর্পের সহিত তাহার উপমা দেওয়া হয়। তাহাকে বারংবার প্রণাম করিতেছি। খলের বাহির বৈরাগ্যযুক্ত এবং অন্তর আসক্তিপূর্ণ হওয়ায় এবং জীবগণকে আয়ত্ত করিবার সময় নম্রতা প্রদর্শন করে বলিয়া বকের সহিত তাহার উপমা দেওয়া হয়। তাহা হইতে যেন কোনও ভয়ের উদয় না হয়। সকলকে প্রণাম ॥

(ক্রমশঃ)

স্বরলিপি

ইমন—একতালা

ভজরে মন রাম নাম, জাসু কাটে যমকে ফন্দ।
ভব দুখ সব দূর যাবে, পাবে মন পরমানন্দ॥
লোভ মোহ বিষয় বাস, যাসে নিত পাবে ত্রাস।
সব ত্যজি ধর চরণ আশ, ভজরে মন নিত্যানন্দ॥

ঠাট :—স, র, গ, হ্ম, প ধ ন।

জাতি—সম্পূর্ণ। বাদী—গা। সংবাদী—পা। রাত্রি প্রথম প্রহরে গেয়।

কথা—শ্রীযোগেন্দ্রনাথ চক্রবর্ত্তী

সুর ও স্বরলিপি—শ্রীবিজয়কৃষ্ণ দাস (নচু)

আস্থায়ী

```
   ০              ১                +             ৩             ০
II{নধা নমা ধা | পা হ্মপা হ্মপা | পা হ্মা গা | -া গা গা | পা রা রা |
  {ভ০ জ০ রে  | ০  ম   ন    | রা ০  ম  | ০  না ম  | জা ০  সু |

 ১              +             ৩                 ০             ১
গপা মধা পা | রা গা রা | সা -া সা } || {সা গা রা | গা রা ধ্া |
কা০ ০০ টে  | য  ম  কে | ফ  ন্  দ  } || {ভ  ব  দু | খ  স  ব  |

 +             ৩             ০               ১               +
ন্া রা গা | -া গা গা | না ধা হ্মা | ধা পা পা | রা রগা রা |
দূ  ০  র  | ০  যা বে | পা ০  বে  | ০  ম  ন  | প  র০  মা |

 ৩
সা -া সা } II
ন  ন্  দ  }
```

অন্তরা

II { পা গা গা | পক্ষা ধপা ধনর্সা | র্সা র্সা র্সা | র্সা -া র্সা |
লো ০ ভ | মো০ ০০ হ০০ | বি ষ য় | বা ০ স |

র্সা ধা না | র্রা র্গা র্রা | র্সা না ধা | ক্ষা ধা পা } | র্সা র্গা র্রা |
যা ০ সে | ০ নি ত | পা ০ বে | আ ০ স } | স ব ত্যা |

র্গা র্রা ধা | না র্রা র্গা | র্রা র্সা র্সা | সা রা গক্ষা | না ধা পা |
জি ধ র | চ র ণ | ০ আ শ | ভ জ রে০ | ০ ম ন |

রা গা রা | সা -া সা IIII
নি ০ ত্যা | ন ন্ দ

স্বরলিপি

বসন্ত—চৌতাল

মধুঋতু আয়ী সব বনফুল ফুটে
সোঁ ফাগুনকে দিনমাণী।
কোয়েলা দামামা বাজায়ে, মুরলীমে কর লায়ে,
মদন কি ফৌজ লিয়ে, ভ্রমরা কি টেঁটেরাকি রায়ে॥

গোপগোপী প্রফুল্লিত ভঁইহে,
বসন্ত কি লেখকর ঘর ঘর পাঠায়ে।
আবির গুলালে লাল কেশর কুমকুম
ডরত পরশ পর সুরদাস ধলে যাই॥

খাড়ব—জাতি। প বর্জ্জিত। ম বাদী। স সংবাদী। ঋ কোমল। দুই ম।

কথা ও সুর—সুরদাস

স্ববলিপি—সঙ্গীতাচার্য্য শ্রীঅমরনাথ ভট্টাচার্য্য, সঙ্গীতরত্ন

আস্থায়ী

০	৩	৪	১	০	২	০	৩
র্সা র্সা	র্সা নধা	না ধা	মা ধা	ধা র্সা	র্সা র্সা	মা মা	গা মা
ম ধু	০ ঋ০	তু ০	আ ০	০ য়ী	০ ০	স ব	০ ব

৪	১	০	২	০	৩	৪	১
মা মা	জ্ঞা গা	গা গা	গা গা	জ্ঞা গা	গা ঋা	ঋা সা	মা মা
০ ন	ফু ০	০ ০	০ ল	ফু টে	০ সোঁ	০ ০	ফা ০

০	২	০	৩	৪	১	০	২
মা জ্ঞা	জ্ঞা গা	মা ধা	ধা র্সা	র্সা র্সা	ঋ্ঁা না	ধা নধা	জ্ঞগা ঋসা
গু ণ	০ ০	কে ০	০ দি	ই ন	মা ০	০ ০০	০০ ০ণী

অন্তরা

১	০	২	০	৩	৪	১	০
{ মা ধা	ধা র্সা	র্সা র্সা	র্সা র্সা	র্সা র্সনা	র্ঋা র্সা	মা ধা	ধা র্সা
কো য়ে	০ লা	০ দা	মা মা	বা জা০	০ এ	মূ র	০ লী

২	০	৩	৪	১	০	২	০
র্সা র্সা	র্ঋা না	ধা না	ধা মা }	মা মা	মা গা	মা মা	জ্ঞা জ্ঞা
০ মে	ক ব	০ লা	০ য়ে)	ম দ	০ ন	০ কি	ফো উ

৩	৪	১	০	২	০	৩	৪
গা ঋা	ঋা সা	মা মা	মা জ্ঞা	গা গা	মা ধা	ধা র্সা	র্সা র্সা
জ লি	০ য়ে	ভ্র ম	০ রা	০ ০	ঢেঁ টে	০ রা	০ কি

১	০	২
র্ঋা না	ধা নধা	জ্ঞগা ঋসা ‖
রা ০	০ ০০	০০ ০য়ে ‖

সঞ্চারী

১	০	২	০	৩	৪	১	০
সা মা	মা মা	মা মা	মা মা	মা মা	মা মা	মা মা	মা জ্ঞা
গো প	০ গো	পী ০	০ ০	০ স	০ ব	প্র ফু	০ ল্লি

২	০	৩	৪	১	০	২	০
জ্ঞা গা	মা ধা	ধা না	ধা মা	মা মা	মা মা	মা মা	জ্ঞা গা
ত ০	ভঁ ই	০ ০	০ হে	ব স	০ ন্ত	০ ০	কি লে

৩	৪	১	০	২	০	৩	৪
গা ঋা	ঋা সা	সা সা	সা মা	মা মা	মা মা	মা মা	মা মা ‖
থ ক	০ র	ঘ র	০ ঘ	০ র	পা ঠা	০ য়ে	০ ০ ‖

আভোগ

১		০		২		০		৩		৪		১		০	
মা	ধা	ধা	র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	ধা	মা	ধা	র্সা
আ	বি	০	র	০	গু	লা	০	লে	লা	০	ল	কে	০	০	শ

২		০		৩		৪		১		০		২		০	
র্সা	র্সা	ঋা	না	ধা	না	ধা	মা	মা	মা	মা	মা	মা	মা	জ্ঞা	গা
০	র	কু	ম	০	কু	ম	০	ড	র	০	ত	০	প	র	শ

৩		৪		১		০		২		০		৩		৪	
গা	ঋা	ঋা	সা	মা	জ্ঞা	গা	মা	ধা	ধা	র্সধা	র্সা	র্সা	র্সা	র্সা	র্সা
০	প	০	র	সু	র	০	দা	০	০	০০	০	স	ধ	০	লে

১		০		২	
ঋা	না	ধা	নধা	মগা	ঋসা
যা	০	০	০০	০০	০য়ী

রাগ-বিবোধ

(পূর্ব্বপ্রকাশিতের পর)

পণ্ডিত শ্রীযুক্ত হেমচন্দ্র বিদ্যারত্ন কর্ত্তৃক অনুমোদিত

দ্বাদশ বিকৃতান্ পূর্ব্বে বদন্তি তত্রতু পৃথক্ পৃথক্ ধ্বনিতঃ।
সপ্তৈব স্যুর্ভিন্না ন পঞ্চ যদিমে সমধ্বনয়ঃ॥ ২৫॥

প্রাচীনেরা দ্বাদশ বিকৃত বলিয়া থাকেন। এই বিকৃত দ্বাদশের মধ্যে সাতটী পৃথক্ পৃথক্ ধ্বনি অনুসারে ভিন্ন, কিন্তু পাঁচটী ভিন্ন নহে, যেহেতু ইহারা সমধ্বনি। ২৫

বলি, প্রাচীনেরা দ্বাদশ বিকৃত বলিয়াছেন; কিন্তু এ স্থলে সাতটীই গৃহীত হইতেছে, সুতরাং বিরোধ দাঁড়াইল, এই আশঙ্কায় প্রাচ্য-মত-সংখ্যা উল্লেখ পূর্ব্বক সাতটীই বিকৃত এই মত যুক্তি দ্বারা সমর্থন করিতেছেন। কিন্তু প্রাচীনেরা দ্বাদশ বিকৃত বলিয়াছেন। তাহা এইরূপ নিষাদ ও ঋষভ দ্বারা ক্রমে গৃহীত স্বীয় আদিম ও অন্তিম শ্রুতির মধ্যে ষড়জ স্বীয় অন্তিম শ্রুতিতে অবস্থিতি দ্বারা চ্যুত হয়, এই এক বিকৃত। আর ষড়জই নিষাদ-গৃহীত স্বীয় প্রথম ও দ্বিতীয় শ্রুতির মধ্যে স্বীয় অন্তিম শ্রুতিতে অবস্থিতি দ্বারা অচ্যুত হয়, ইহা দ্বিতীয়। আর ঋষভ ষড়জের অন্তশ্রুতি গ্রহণ করিয়া চতুঃশ্রুতি ষড়জ হইয়া

বিকৃত হয়, এই তৃতীয়। আর গান্ধার মধ্যমের আদ্যশ্রুতি গ্রহণ করিয়া ত্রিশ্রুতি হইয়া বিকৃত হয়, এই চতুর্থ। আর গান্ধারই মধ্যমের প্রথম ও দ্বিতীয় শ্রুতি গ্রহণ করিয়া চতুঃশ্রুতি হইয়া বিকৃত হয়, এই পঞ্চম। আর গান্ধারও মধ্যম পঞ্চম দ্বারা গৃহীত স্বীয় আদিম ও অন্ত্যশ্রুতির মধ্যে স্বীয় অন্তশ্রুতিতে অবস্থিতি দ্বারা চ্যুত হয়, এই বিকৃত ষষ্ঠ। আর ঐ মধ্যমই গান্ধার গৃহীত প্রথম ও দ্বিতীয় শ্রুতির মধ্যে স্বীয় অন্তিম শ্রুতিতে অবস্থিতি দ্বারা অচ্যুত হয়, এই বিকৃত সপ্তত। আর পঞ্চম মধ্যম গ্রামে স্বীয় অন্তিম শ্রুতি ধৈবত দ্বারা গৃহীত হইলে স্বীয় উপান্ত শ্রুতিতে অবস্থিতি দ্বারা ত্রিশ্রুতি হইয়া বিকৃত হয়, এই অষ্টম। আর ঐ পঞ্চমই মধ্যমের অন্ত্যশ্রুতি গ্রহণ করিয়া চতুঃশ্রুতি হইয়াও স্বীয় উপান্ত শ্রুতিতে অবস্থিতি দ্বারা বিকৃত হয়, এই নবম। আর ধৈবত মধ্যম গ্রামে পঞ্চমের অন্ত্য শ্রুতি গ্রহণ করিয়া চতুঃশ্রুতি হইয়া বিকৃত হয়, এই দশম। আর নিষাদ ষড়জের আদ্য শ্রুতি গ্রহণ করিয়া ত্রিশ্রুতি হইয়া বিকৃত হয়, এই একাদশ। আর ঐ নিষাদই ষড়জের প্রথম ও দ্বিতীয় দুই শ্রুতি গ্রহণ করিয়া চতুঃশ্রুতি হইয়া বিকৃত হয়, এই দ্বাদশ। নিঃশঙ্ক করিয়াছেন, ষড়জ চ্যুত ও অচ্যুত এই দুই প্রকার। উহা দ্বিশ্রুতি হইলে বিকৃত হয় ইত্যাদি আরম্ভ করিয়া কহিতেছেন, উহা বিকৃত ও অবিকৃত এই দুই ভেদ প্রাপ্ত হয়, সুতরাং এইরূপে দ্বাদশ। এইরূপ প্রাচীনেরা যে দ্বাদশটী কহিয়াছেন সেই দ্বাদশের মধ্যে সাতটীই ভিন্ন, আর সাতটীই বিলক্ষণতা অর্থাৎ ভিন্নতা হেতু বিকৃত, এইরূপ সম্ভাবনা করি। সেই সমস্ত প্রাচীন মত এইরূপ। চ্যুত ষড়জ এক ত্রিশ্রুতি গান্ধার দ্বিতীয়, চতুঃশ্রুতি গান্ধার তৃতীয়, চ্যুত মধ্যম চতুর্থ, ত্রিশ্রুতি পঞ্চম, ত্রিশ্রুতি নিষাদ সপ্তম। কিন্তু এই মতে ইহারাই ক্রমে মৃদু-স, সাধারণ ও অন্তর গ, মৃদু ম, মৃদু গ, কৈশিকী ও কাকলী নি নাম ধারণ করিয়া থাকে। এই সাতটীরই ভিন্নত্বের হেতু নির্দ্দেশ করিতেছেন, ইহা পৃথক্ পৃথক্ ধ্বনিত; অর্থাৎ শুদ্ধ ষড়জাদি হইতে ভিন্ন ভিন্ন রূপে ধ্বনির প্রতীতি হয় এই জন্য। কণ্ঠোক্তি দ্বারা এই দ্বাদশের মধ্যে অবশিষ্ট পাঁচের ভিন্নতা প্রতিষেধ করিতেছেন; কিন্তু পাঁচটা ভিন্ন নহে। তৎসমুদায় তাঁহার মতে এইরূপ। অচ্যুত ষড়জ, চতুঃশ্রুতি ঋষভ, অচ্যুত মধ্যম, মধ্যম গ্রামে মধ্যম ও অন্ত্যশ্রুতি গৃহীত চতুঃশ্রুতি পঞ্চম, আর মধ্যম গ্রামেই চতুঃশ্রুতি ধৈবত। ইহাদের অভিন্নত্বের হেতু নির্দ্দেশ করিতেছেন, এই সমস্ত সম অর্থাৎ শুদ্ধ ষড়জাদির সহিত তুল্যধ্বনি। ২৫

ন পৃথক্ শুদ্ধসমাভ্যামচ্যুতসমকৌ চতুঃশ্রুতি চ বিধৌ।
শুদ্ধবিধাভ্যাং বিকৃতস্ত্রিশ্রুতি পাদপি চতুঃশ্রুতিপঃ ॥২৬

অচ্যুত স, ম শুদ্ধ স, ম-র সহিত পৃথক্ নহে, আর চতুঃশ্রুতি রি ধ, শুদ্ধ রি ধ-র সহিত, আরও বিকৃত চতুঃশ্রুতি প ত্রিশ্রুতি প-র সহিত পৃথক নহে ॥২৬

অভিন্নতা স্পষ্ট করিয়া বলিতেছেন। শুদ্ধ স, ম, ষড়জ ও মধ্যম এই উভয়ের সহিত অচ্যুত যে স, ম, ষড়জ ও মধ্যম এই দুই পৃথক্ নহে। তন্মতের তাৎপর্য্য এই যে অচ্যুত বিকৃত ষড়জ, ইহা শুদ্ধ ষড়জের সহিত স্বীয় অন্ত্যশ্রুতিতে অবস্থান হেতু তুল্যধ্বনিই শ্রুত হইয়া থাকে। আর অচ্যুত বিকৃত মধ্যম স্বীয় অন্ত্যশ্রুতিতে অবস্থান হেতু শুদ্ধ মধ্যমের সহিত তুল্যধ্বনিই শ্রুত হইয়া থাকে। চতুঃশ্রুতি রি, ধ, শুদ্ধ রি ধ র সহিত পৃথক নহে। চতুঃশ্রুতি ঋষভ ত্রিশ্রুতি ঋষভ হইতে চতুঃশ্রুতি ধৈবত ত্রিশ্রুতি ধৈবত হইতে স্বীয় অন্ত্যশ্রুতিতে অবস্থানতা হেতুই—ভিন্নধ্বনি হইতে পারে না। আরও বিকৃত চতুঃশ্রুতি পঞ্চম বিকৃত হেতুই ত্রিশ্রুতি-পঞ্চম হইতে পৃথক্ নহে। কিন্তু মধ্যম-গ্রামে শুদ্ধ পঞ্চম অপেক্ষা চতুঃশ্রুতি-পঞ্চম বিকৃত হইলেও ত্রিশ্রুতি-বিকৃত পঞ্চম হইতেও ভিন্ন

নহে; ইহার হেতু উভয়েরই স্বীয় উপস্থি-শ্রুতিতে অবস্থিতি। এইরূপ আধার ভূত শ্রুতি হইতে অপর পূর্ব্বশ্রুতি সকল ন্যূনাধিক ভাবে ভেদ সত্ত্বেও অকিঞ্চিৎকর জানিবে।২৬

ভিন্নো ন চতুঃশ্রুতির্ধো নিঃশঙ্কমতেঽপি কুটপুনরুক্তৌ।
তল্লক্ষণতো ভেদেঽপ্যমীষু পঞ্চস্থ ন লক্ষ্যে ভিৎ॥২৭

নিঃশঙ্ক মতেও কূট পুনরুক্তিতে চতুঃশ্রুতি ধ ভিন্ন নহে। এই পাঁচটীতে প্রাচীন লক্ষণে ভেদ থাকিলেও লক্ষ্যে ভেদ নাই। ২৭

এই ভাবার্থে সাঙ্গ'দেবেরও সম্মতি প্রদর্শিত হইতেছে। নিঃশঙ্ক মতে এবং শাঙ্গ'দেব মতেও কূটতান সমূহের যে পুনরুক্তি অর্থাৎ তৎপ্রতিপাদক গ্রন্থ, তাহাতে চতুঃশ্রুতি যে ধ মধ্যম গ্রামস্থ ধৈবত; তাহা ত্রিশ্রুতি ষড়জ গ্রামস্থ ধৈবত হইতে ভিন্ন অর্থাৎ স্বতন্ত্র নহে, ইহা তাঁহারই মত, তাহা এইরূপ। যখন ষড়জ গ্রামে পঞ্চম স্বীয় অন্তিম শ্রুতিতে থাকে কিন্তু মধ্যম গ্রামে স্বীয় অন্তিম শ্রুতিতে তখন মধ্যম গ্রামে ধৈবত চতুঃশ্রুতি হয়, কিন্তু ষড়জ গ্রামে বিশ্রুতিই থাকে, এইজন্য ভেদ কথিত হয় নাই। মধ্যম গ্রামে পৌরবী নামে ধৈবতাদি ষষ্ঠ মূর্চ্ছনাতে শুদ্ধ সান্তরাদি ভেদ ভিন্ন চতুর্বিধ ধ নি স রি গ ম এই ষট্ স্বরাত্মক ক্রম পরম্পরায় ১৮৮০ অশীতি সহ অষ্টাবিংশতি শত কূটতান হয়। আর ষড়জ গ্রামে উত্তরায়তাখ্য ধৈবতাদি তৃতীয় মূর্চ্ছনাতেও পূর্ব্ববৎ চতুর্বিধ ধ নি স রি গ ম এই খাড়ব ক্রম-পরম্পরায় পূর্ব্বোক্তই ঐ ১৮৮০ কূটতান হয়। ঐ সমস্ত কূটতান গ্রামদ্বয় ভেদকে পঞ্চম ব্যতীত সদৃশাকার, এইজন্য পুনরুক্ত। এইরূপ পঞ্চ স্বরাদি ক্রম-পরম্পরায় অন্যান্যও ভিন্ন ভিন্ন সংখ্যা ৪৮০।৪৮।১২।৪।১ সর্ব্বসমেত ৩৪২৫ চৌত্রিশ শত পঁচিশ সংখ্যা পুনরুক্ত, ইহা তাঁহার মত। ইহার তাৎপর্য্য এই, এ স্থলে যদি মধ্যম গ্রামে চতুঃশ্রুতি ধৈবত ভিন্ন, ষড়জ গ্রামে ত্রিশ্রুতি ধৈবত ভিন্ন এইরূপ বিবেচনা কর, তাহা হইলে বৈসাদৃশ্য হেতু পৌনরুক্ত ঘটে না। নিঃশঙ্ক ভেদক পঞ্চম ব্যতীত এইরূপ উপক্রম করিয়া ধৈবতাদির পৌরবী চার, তাহার তান ১৮৮০ এইরূপ কহিয়াছেন, আর ঔড়বের পূর্ব্বে সংখ্যা নির্দ্দেশ করা হইয়াছে। ইহা চৌত্রিশ শত পঁচিশ। এই সমস্ত তানের উত্তরায়ত তান সমূহের সহিত সদৃশাকার হয়। সুতরাং আদ্য শ্রুতির ন্যূনাধিক ভাবে স্বরান্তর নাই ইহাই সিদ্ধান্ত। এক্ষণে বহু সম্মতিক্রমে ভেদ স্বীকার করিয়া নিজের কথায় লক্ষ্যকে প্রমাণ করিতেছেন। এই পাঁচটীতে অচ্যুত ষড়জ চতুঃশ্রুতি ঋষভাদিতে প্রাচীন মতে ভেদ স্বীকার করিলেও লক্ষ্য অর্থাৎ লোকপ্রযুজ্য গানে ভেদ কিছুমাত্র নাই। যদিও শাস্ত্রে ভেদ থাকে কিন্তু প্রয়োগে নাই। ২৭

নৈকশ্রুতমোঽপ্যেতে শ্রবনার্হাঃ স্বচরমশ্রুতাবেব।
ন ত্বাদ্যাস্তু শ্রুতিষু স্পষ্টমিতি বিচিত্রবীণাতঃ॥ ২৮

এই সমস্ত গান্ধারাদি অনেক শ্রুতি হইলেও স্বীয় চরম শ্রুতিতেই শ্রবনার্থ হয়। কিন্তু আদ্য শ্রুতিতে নহে, তাহা বিচিত্র বীণা হইতে স্পষ্ট হয়। ২৮

ইহাই স্পষ্ট করিয়া বলা হইতেছে। এই গান্ধারাদি স্বর সকল দ্বি ত্রি চতুঃশ্রুতি হইলেও নিজের যাহা অন্ত্যশ্রুতি তাহাতেই শ্রবণযোগ্য হয়, শ্রোতৃগণ শুনিতে পায়। আদ্যাশ্রুতিতে নয় কিন্তু অন্ত্যশ্রুতির পূর্ব্ব শ্রুতিতেই শ্রবনাই। গান্ধার দ্বিশ্রুতি হইলেও নিজের দ্বিতীয় শ্রুতিতেই শ্রুত হয়, প্রথমে নহে। এইরূপ ঋষভাদিরও জানিবে। অন্তশ্র্যুতিতেই যে স্বরাবগতি, তাহা বিচিত্র বিবিধ বীণা হইতে স্পষ্ট হয়। বণিকেরাই অনুমান দ্বারা তন্ত্রী বা সারীতে অন্ত্যশ্রুতিতেই স্বর স্থাপন করে এবং শ্রবণ করাইয়া থাকে। কিন্তু তথায় পূর্ব্ব শ্রুতি সমূহও ব্যক্ত করিবার সুবিধা নাই, গায়নকণ্ঠে তাহা প্রকাশ হয়॥ ২৮

ক্রমশঃ

স্বরলিপি *

নিসাসাগ—ঝাঁপতাল

দেহি হৃদয়ে সদা শান্তিরস প্রভু হে,
তব অমৃত-কর-পরশে দুঃখ যাতনা কর দূর,
সুখ বিমলতর বিতর প্রভু হে।
দেহি প্রভু প্রেম-ধন, দারিদ্র্য কর হরণ
তব চরণে দেহি শরণ এই ভিক্ষা করি হে।

রচনা—৺জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

স্বরলিপি—শ্রীকাঙ্গালীচরণ সেন

২´ ৩ ০ ১ ২´ ৩ ০
II গা -া । গা রা সা | গা -া । রা সা -া I সা -া | গা গা গা | মা পা |
দে ০ হি হৃ দ য়ে ০ স দা ০ শা ন্ তি র স প্র ভু

১ ২´ ৩ ০ ১ ২´
ম পা -মা -গা I মা গা | সা গা মা | পা পক্ষা | ধপা পা পা I পা পা |
হে ০ ০ ত ব অ মৃ ত ক র০ প র শে দু খ

৩ ০ ১ ২ ৩ ০
নধা নধা না | র্সা র্সনা | ধা -পঃ গঃ I মা -া | গা -রা রা | গা পা |
যা০ ত০ না ক র০ দূ ০ র সু ০ খ ০ বি ম ল

১ ২´ ৩ ০ ১
ধা না -া I র্সা না | ধা -পা ণা | ধা -পা | ধা মা -া II
ত র ০ বি ত র ০ প্র ভু ০ হে ০ ০

* উক্ত গানটী "সঙ্গীত প্রকাশিকা" ১ম ভাগ, ৯ম সংখ্যা হইতে পুনর্মুদ্রিত।

২´ ৩ ০ ১ ২´ ৩
II { পা -া | পা নধা না | র্সা -া | র্সা র্সা র্সনা I ধা নধা | না -র্সা র্রা |
দে ০ | হি প্র০ ভু | প্রে ০ | ম ধ ন০ দা রি০ | দ্র্য ০ ক |

০ ১ ২´ ৩ ০ ১
র্সা না | ধা পক্ষা -ধপা } I মা গা | মা গা রা | গা পা | ধা নধা না I
র হ | র ণ০ ০০ | ভ ব | চ র ণে | দে হি | শ র০ ণ

২´ ৩ ০ ১
র্সা না | ধা -পা ণা | ধা পা | ধা -মা -া II
এ ই | ভি ০ ক্ষা | ক রি | হে ০ ০

গৎ

মেঘ—তেতালা

(মধ্যলয়)

গৎ ও স্বরলিপি—শ্রীকিরীটেন্দু রায়

ইহা স্বাভাবিক ঠাটের খাড়ব জাতিয় রাগ, ইহার মধ্যম বাদী, পঞ্চম সম্বাদী ও ধৈবত বিবাদী।

এই রাগের "গ" পর্দ্দাটি বাজাইবার সময় আগে ও শেষে "ম" সংযোগে বাজাইতে হইবে তা না হইলে এই রাগের ভাব আসিবেনা যেমন—

সা রা -া মা গমা পা -া -া, রা মা গা -া মা -া -া, পা মগমা
রা -া সা -া

আলাপ

আস্থায়ী

সা -া রা -া -া মা পা মপা মপা -া -া মগা মা -া রা -া মা
পা -া না -া র্সা -া -া পা মা রা -া রসা রা -া ন্‌সরা প্‌া -া
ম্‌া -া ম্‌া প্‌া ন্‌া প্‌া ন্‌প্‌া ন্‌সা সা -া -া

অন্তরা

মা -া -া গমপা -া মপা নর্সা র্সা -া -া র্রা -া র্মর্গা -া -া
র্মর্রা র্সনা সা -া পা -া মগা মা -া রা সা -া -া -া

গৎ

আস্থায়ী

+				৩				০				১			
সা	-া	রা	রা	মা	গা	মা	-া	পা	-া	না	না	র্সা	র্রা	র্সা	-া
+				৩				০				১			
না	-া	র্সা	র্সা	না	র্সর্রা	র্সা	-া	পা	-া	মা	পা	মা	গা	মা	-া

অন্তরা

+				৩				০				১			
মা	-া	পা	পা	না	না	পা	-া	না	না	না	না	র্সা	না	র্সা	-া
+				৩				০				১			
মা	-া	পা	-া	না	পা	না	-া	পা	-া	মা	-া	মা	গা	মা	-া

তোরা

০				১				০				১			
সা	রা	মা	পা	মগমা	পা	না	র্সা	সা	রা	মগা	মা	পা	না	র্সর্রা	র্সা

ঝালা

+				৩				০				১			
সা	ররা	মা	রা	মমা	পা	মপা	মপা	সসা	ররা	মমা	পগা	না	-া	র্সা	র্সর্সা
+				৩				০				১			
নর্সা	নর্সা	র্রা	র্মা	র্গা	র্মা	র্রর্সা	নর্সা	পপা	মা	গা	মা	ররা	ররা	সা	-া

স্বরান্তরের কাজ

+				৩				০				১			
সা	মা	গা	মা	সা	পা	না	র্সা	র্সা	নর্সর্রা	পা	-া	মা	গমপা	সা	-া
+				৩				০				১			
র্মা	র্গা	র্মা	-া	র্সা	না	র্সা	-া	পা	মা	পা	-া	সা	ন্‌া	সা	-া

তেহাই

+				৩				০				১			
র্সা	না	র্সা	র্রা	পা	-া	মা	গা	মা	রা	সা	-া	মা	গা	মা	পা

স্বরলিপি

তুমি এস, তুমি এস হে প্রিয়তম,
আমার দুখের অমা-নিশায় প্রদীপ সম,
হে প্রিয়তম !

নিদ্-হারা মোর অশ্রুধারায় সারা রাতি
ব্যথার মালা তাই একেলা নিলাম গাঁথি'
নিবে এস মালাটি গলে তোমার
কামনা মম,
হে প্রিয়তম !

ঝরে পড়া ফুলগুলি মোর
মুখ পানে চেয়ে,
গেছে থেমে গানটি তাদের
গেয়ে গেয়ে ;

আশার প্রদীপ জ্বালি' আমার বাতায়নে
আমি থাক্‌ব বসি' সারা নিশি আনমনে,
হিয়ায় আমার জাগ্‌বে পুলক অনুপম,
হে প্রিয়তম !

কথা ও সুর—শ্রীযুত জগদীশচন্দ্র সেন মজুমদার

স্বরলিপি—শ্রীঅনাদিকুমার দস্তিদার

II র্সা র্সা ণা | -া পা -া I র্সা র্সা ণা | -া পা -া I মা -া রা |
তু মি এ | ০ স ০ তু মি এ | ০ স ০ হে ০ প্রি |

সা -ন্া রা I সা -া -া | -া -া -া I সা সা -মা | গা মা -া I
য় ০ ত ম ০ ০ | ০ ০ ০ আ মা র্ | দু খে র্

পা পা -া | ক্ষা পা -া I পা ক্ষপা -ধা | পা পা -মা I -া -া -া |
অ মা ০ | নি শা য় প্র দী ০ প্ | স ম ০ ০ ০ ০ |

মা -া রা I সা -ন্া রা | সা -া -া II
হে ০ প্রি য় ০ ত | ম ০ ০

I মা -া পা | না না -র্সা I র্সা -া র্সা | র্সনা র্সা -া I র্সা র্সনা র্রা |
নি দ্ হা | রা মো র্ অ শ্ রু | ধা০ রা য় সা রা০ ০ |

র্রা র্রা -া I র্সা ণা -া | ণা ণা -া I ধা ণা ধা | পা মা -া I
রা তি ০ ব্য থা র্ | মা লা ০ তা ই এ | কে লা ০

পা ধা -া | না র্সা -া | পা না -া | র্সা -া র্সা I নর্সা র্রা র্সা |
নি লা ম্ | গাঁ থি ০ নি বে ০ | সে ০ মা লা০ ০ টি |

ণা পা -া I ণা পা -া | -া -া -া I পধা -পা পা | মগা -রগা মা I
গ লে ০ তো মা র্ | ০ ০ ০ কা০ ০ ম | না০ ০০ ম

মা -া -া | মা -া রা I সা -ন্া রা | সা -া -া II
ম ০ ০ | হে ০ প্রি য় ০ ত | ম ০ ০

II {সা ঋা -া | গা পা -া I পা -হ্মা গা | মা গা -া I পা -া হ্মা |
{ঝ রে ০ | প ড়া ০ ফু ল্ গু | লি মো র্ মু খ্ পা |

গা ঋা -া I সা -া -া | -া -া -া I গা পা -া | হ্মা পা -া I
নে চে ০ য়ে ০ ০ | ০ ০ ০ গে ছে ০ | থে মে ০

পা -নধা পা | হ্মা পা -া I হ্মা -া -া | গা -া মা I গা -া -া |
গা ন্০ টি | তা দে র্ গে ০ ০ | য়ে ০ গে য়ে ০ ০ |

-া -া -া} I মা পা -া | না না -া I র্সা র্সা -া | না র্সা -া I
০ ০ ০} আ শা র্ | প্র দী প্ জা লি ০ | আ মা র্

র্সা নর্সা -র্রা | র্রা র্রা -া I র্সা -া ণা | ণা ণা -া I ণা ণা -মা |
বা তা০ ০ | য় নে ০ থা ক্ ব | ব সি ০ সা রা ০ |

মা মা -া I পা -া ধা | না র্সা -া I পা র্সা -া | নর্সা -র্রা র্সা I
নি শি ০ আ ০ ন | ম নে ০ হি য়া য়্ | আ০ ০ মার্

ণা -া পা | ণা পা না I মা -া -া | মগা -রগা গা I মা -া -া |
জা গ্ বে | পু ল ক্ অ ০ ০ | স্থ০ ০০ প ম ০ ০ |

মা -া রা I সা -ন্া রা | সা -া -া II II
হে ০ প্রি য় ০ ত | ম ০ ০

তেলেনা

রামকেলী—কাওয়ালী

ব্যবহার—কোমল ঋা, দা।

স্বরলিপি—শ্রীকৃষ্ণকিশোর দাস

স্থায়ী

০ ১ + ৩
{মা গা গা মা | ঋা সা ন্া সা | গা -া -া মা | ঋা ঋা সা -া |
ও দের দা নি | তা দের দা নি | দিম ০ ০ তা | না না না ০ |

দা পা পা দা | মা পমা গা মা | দা পা -া মা | গা ঋসা ন্া সা |
দিম তা না না | তা দি০ আ না | তা দ্রিম ০ তা | না নানা না না |

র্সা না না র্সা | দা পা মা পা | মা গা মা পা | মা গা ঋা সা |
না ধিন ধিন ধা | তা ধিন ধিন তা | ধেরে কেটে তাক ধুম | তেরে কেটে তাক ধুম |

সা ঋা গা মা | পা দা না র্সা | র্সা না দা পা | মা গা ঋা সা} |
না দ্রে দ্রে দিম | দিম তা না না | তা দ্রে দ্রে দিম | দিম তা না না} |

অন্তরা

০ ১ + ৩

দা পা পা দা | মা পা গা মা | দা পা -া দা | র্সা -া -া -া |
ধে লে লে তে | লে না দা নি | তা নু ম তা | তুম ০ ০ ০ |

পা দা না র্সা | র্ঋা র্সা না র্সা | র্গা -া -া র্মা | র্ঋা -া র্সা -া
না দ্রে দ্রে দিম | দিম তা না না | দিম ০ ০ তা | না না না না |

র্গা -া -া র্মা | র্ঋা র্সা না র্সা | র্সা না -া দা | পা মা গা মা |
দিম ০ ০ তা | না না না না | তা দ্রিম ০ তা | দ্রে দ্রে দা নি |

র্সা না দা পা | না দা পা মা | দা পা মা গা | মা গা ঋা সা |
তেরে কেটে তাক ধুম | ধেরে কেটে তাক ধুম | তুম তা না না | না না না না |

গা ঋাসা ন্‌া সা | ঋা সা ন্‌া সা | সা ঋা গা মা | পা দা না র্সা |
দে দ্রে০ দা নি | তোম তা না না | না দ্রে দ্রে দিম | দিম তা না না |

র্গা র্ঋার্সা না র্সা | র্ঋা র্সা না র্সা | র্সা না দা পা | মা গা ঋা সা ||
তা দ্রে০ দ্রে দিম | তা দি আ না | তা দ্রে দ্রে দিম | দিম তা না না ||

শ্যাম

শ্রীনগেন্দ্রকুমার লোধ, এম, এ, বি, এল্

কালিয়া বরণ, নয়ন মোহন,
হিয়ায় রহিল জাগি',
পরাণ অধীর, ঝুরে আঁখি নীর,
নবীন নাগর লাগি'।

যমুনা তীরে, ধীর সমীরে,
বাঁশরী বাজায় কান,
রাধা রাধা বলি', ধ্বনিছে মুরলী,
শুনিয়া আকুল প্রাণ।

আমি অভাগিনী, গোপ গোয়ালিনী,
না জানি পীরিতি রীতি,
সে বর নাগর, রসের সাগর,
প্রেমিক পণ্ডিত অতি।

তোমা প্রেম বিনা, কিছুই জানি না,
ওহে নব-ঘন শ্যাম!
তুমিই আমার, অতি অপনার,
হ'ওনা আমারে বাম॥

মৃদঙ্গ বাদন

(পূর্ব্ব প্রকাশিতের পর)

শ্রীদেবেন্দ্রনাথ দে (সুবোধ বাবু)

তারপরম

চৌতাল—(দুহাতি)

\+ ০ ১
১৬৫। তেরেকেটে ক ত্রেকেটে তাগ তেরেকেটে তাগ

০ ২
তেরেকেটে তাগ তেরেকেটে দেৎ ৺দিঘেনে

৩ + ০ ১
গ্রেদেন না ড়ে ঘেঘে দেন্তা থুন থুন

০ ২
কেটে তাগ ধা থুন থুন কেটে তাগ ধা

৩ +
থুন থুন কেটে তাগ ধা

\+ ০
১৬৬। কৎ তেরেকেটে তাগ তাগ তেরেকেটে তাগ

০
ধেরেকেটে তাগ ধেরে কেটে তাগ দেৎ

২ ৩ + ০ ১
৺দিঘেনে গ্রেদেন না ড়ে ঘেঘে দেন্তা থুন

০ ২
থুন কেটে তাগ ধা থুন থুন কেটে তাগ

৩ +
ধা থুন থুন কেটে তাগ ধা

\+ ০ ১ ০
১৬৭। দ্রেগে থুন দ্রেগে থুন দ্রেগে দ্রেগে থুন

২ ৩ +
থুন গ্রেদেন্ তা আক তেটে দ্রেগে থুন

০ ১ ০ ২
দ্রেগে থুন দ্রেগে দ্রেগে থুন থুন গ্রেদেন

৩ + ০ ১
তা আক তেটে ধা থুন থুন দ্রেগে থুন

০ ২ ৩ + ০
দ্রেগে থুন গ্রেদেন্ তা আক তেটে ধা থুন

১ ০ ২ ৩
থুন দ্রেগে থুন দ্রেগে থুন দ্রেগেন্ তা আক

\+
তেটে ধা

। । ।
১৬৮। কতা কড়ান কতা কড়ান কতা কড়ান

। । ।
কতান্না ক ত্রেকেটে তাগ তেরেকেটে দেৎ

। । ।
তেরেকেটে দেৎ তেরেকেটে দেৎ ধা

১ম তেরেকেটে দেৎ ধা চৌতাল
২য় ঐ ধামার
৩য় ঐ ঢিমাতেতালা

সুর ফাক তাল চৌতাল হইতে ১ মাত্রা বাদ অর্থাৎ প্রথম কতা কড়ান শব্দ বাদ দিতে হইবে।

। । । ।
১৬৯। কদেনে থুউন্না কতা ক ত্রেকেটে তাগ্ ত্রেকেটে

। । ।
দেৎ ত্রেকেটে দেৎ ত্রেকেটে দেৎ ধা

উপরোক্ত রূপ যথাক্রমে চৌতাল, ধামার, ঢিমা-তেতালা ও সুর ফাকতাল হইবে।

\+ ০ ১ ১
১৭০। কৎ ঘড়ান—তা আতা কতা ঘেঘে দিন

২ ৩ + ০
তা তেটে তা নেতা কতান দি দি তাগ

১ ০ ২ ৩
ধা কতা দি দি তাগ ধা কতা দি দি

\+
তাগ ধা

সংবাদ

নৃত্যকুশলা কুমারী মমতা রায় (বেবী)

ভারতীয় নৃত্য পৃথিবীর সর্ব্বত্রই খ্যাতিলাভ করিতেছে, তাহা নটনবীর উদয়শঙ্করের নৃত্যের যশংগরিমায় পরিলক্ষিত হয়। এই নৃত্য আদিযুগ হইতেই প্রচলিত ছিল, তাহার প্রকৃষ্ট প্রমাণ প্রাচীন গ্রন্থাদি পাঠ করিলে পাওয়া যায়। যথা—বৃহন্নলা, বেহুলা, দেবদাসী, উর্ব্বশী

কুমারী মমতা রায় (বেবী)।

প্রভৃতি দেবকন্যা ও অপ্সরাগণই তাহার দৃষ্টান্ত। পূর্ব্বে এই নৃত্য নরনারী নির্ব্বিশেষে হইত। বর্ত্তমান যুগেও তাহার ক্রমবিকাশ হইতেছে। দক্ষিণ আফ্রিকাস্থ কেনিয়া রমণীগণের মধ্যে নৃত্যের একটা সুন্দর প্রথা দৃষ্ট হয়, তাহা অন্য কোন দেশীয় নৃত্যে বড় একটা দেখা যায় না। তথাকার পুরুষেরা রণ-বিজয়ী হইয়া প্রত্যাগমন করিলে, রমণীরা তাহাদিগকে নৃত্যের দ্বারা অভিনন্দিত করিয়া গৃহে বরণ করে। এরূপ সুন্দর প্রথা বাস্তবিকই প্রশংসনীয়। যাহা হউক আলোচ্য বিষয়ে আমরা একটী নৃত্যকুশলা বালিকার কৃতিত্বের কথা লিখিব। দার্জ্জিলিং নিবাসী শ্রীযুক্ত হরিসত্য রায় মহাশয়ের ৮ম বর্ষীয়া কন্যা কুমারী মমতা রায় (বেবী) এই অষ্টম বর্ষ বয়সে নৃত্যে কিরূপ পারদর্শিতালাভ করিয়াছে তাহা বর্ণনাতীত! যাঁহারা তাহার লাস্যলীলা পরিদর্শন করিয়াছেন, তাঁহাদেরই হৃদয় অধিকার করিয়াছে এই অষ্টম বর্ষীয়া বালিকার মোহনীয় নৃত্যের মাধুরিমা। আমরা মাত্র ২ দিন তাহার নৃত্যদর্শন করিবার সুযোগ পাইয়াছিলাম। প্রথম দিবস, ৮ই অক্টোবর দার্জ্জিলিং নৃপেন্দ্রনারায়ণ হিন্দু পাব্লিক হলে তাহার নৃত্য হয়। সেখানে বহু খ্যাতনামা ভদ্রমহোদয়-গণের মধ্যে তাহার নৃত্যকুশলতা উচ্চকণ্ঠে প্রশংসালাভ করে। উক্ত দিবস বালিকা কয়েকটী পদক লাভ করিয়াছিল। ২য় দিবস, ১৮ই অক্টোবর লুইস জুবিলী স্যানিটোরিয়ামে একটী বৃহৎ উৎসবানুষ্ঠানে তাহার নৃত্য হইয়াছিল। সেদিনও তাহার নৃত্যের যাদুকরী আকর্ষণে দর্শকমণ্ডলীকে আকৃষ্ট করিয়াছিল। কি সুন্দর তাহার সুললিত নৃত্যের লীলায়িত ভঙ্গিমা! মানুষের প্রতিভা যে বয়সের বাধা মানে না, তাহা তাহার নৃত্যকুশলতায় পরিলক্ষিত হয়। তাহার কয়েকটী নৃত্য হইবার পর, সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকা পত্রিকার কার্য্যাধ্যক্ষ শ্রদ্ধেয় শ্রীযুক্ত কৃষ্ণকিশোর দাস মহাশয় একটী সুবর্ণ পদক প্রদান করেন, অতঃপর রায় বাহাদুর দলিপনারায়ণ সিংহ এম, এল, সি, অফ্ মুঙ্গের, মহাশয় আর একটী সুবর্ণ পদক প্রদান করিয়া তাহাকে উৎসাহিত ও অভিনন্দিত

করিয়াছিলেন। আশা করি, বালিকা মমতা রায় ইহাপেক্ষা কৃতিত্ব অর্জ্জন করিয়া দীর্ঘজীবন লাভ করুক, ইহাই আমাদের একান্ত কামনা। বালিকার মনোমুগ্ধকর নৃত্যের পর শ্রীযুক্ত হরিসাধন গুপ্ত মহাশয়ের খ্যাল ও ঠুংরী গান হৃদয়গ্রাহী হইয়াছিল। অতঃপর অমল লাহিড়ীর কমিক, বুদ্ধদেব ঘোষ এবং জে, কে, শীল মহাশয়ের জিম্‌নাষ্টিক ক্রিয়া অত্যদ্ভুত হইয়াছিল। উক্ত সভায় মাননীয় বিচারপতি শ্রীযুক্ত মন্মথনাথ মুখার্জ্জি, কুমার শরদিন্দু রায় এবং অন্যান্য খ্যাতনামা বিদেশাগত ভদ্র-মহোদয়গণও উপস্থিত ছিলেন। নানাবিধ আনন্দাদির পর দীর্ঘরাত্রে অনুষ্ঠান ভঙ্গ হয়।

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত
সেক্রেটারী—সঃ বিঃ প্রঃ

—

MUSIC CONFERENCE
University of Allahabad
Muir College Buildings

Allahabad, 1932

The third session of the Music Conference, University of Allahabad, will be held on November 25, 26, and 27th, 1932, in the Vizianagaram Hall, Muir College Buildings. Musicians, students of schools and colleges, and students of music academies who wish to take part in the competitions (vocal and instrumental) are requested to fill in the forms which can be had from the office of the Music Conference Muir College Buildings. Medals and prizes will be awarded to deserving musicians and competitors. It is also intended to arrange lectures and discussions on Indian music and to hold an exhibition of Indian musical instruments.

Persons interested in music are requested to become patrons, donors or members of the Reception Committee. They will be entitled to join in all the functions of the conference without any extra charge. They will also be given the best seats in the conference hall in order in which fee the is received. Payment should be made by cheques or cash to the undersigned on or before November 1st, 1932.

The aims and objects of this conference are :—

(1) To Popularise and encourage the propagation of classical Indian music amongest the educated classes in general and the student community to particular.

(2) To arrange lectures and discussions for the purpose of providing a workable uniform system of *ragas* and *talas* with special reference to the Northern system of music.

(3) To evolve an uniform system of notation acceptable to all schools of thought in the country.

Membership Fee

Patron	... ...	Rs 25
Donor	... ...	Rs 16
Reception Committee	...	Rs 8

D. R. BHATTACHARYA,
Ph. D., D. Sc., F. Z. S,
Chairman
Reception Committee,
Music Conference,
University of Allahabad.

Provisional Programme.
Competitions

Tuesday, November 22nd, 5 p. m.
Wednesday, „ 23rd, 6-30 p. m.
Thursday, „ 24th, 8 a. m. (Competitions for University students only).
Thursday, November 24th, 6 p. m.
Friday, „ 25th, 8 a. m. (Amature only).

Demonstrations & Lectures etc.

Friday, November 25th,
First sitting ... Presidential Address & Music by Amateurs. 5-7. 30 p. m.
Second sitting ... 9-12 p. m.

Saturday, November 26th,

Third Sitting ... 8-30—11-30 a. m.
Lecture & Discussion 4-30—6 p. m.
Fourth Sitting ... 6-9 p. m.

Sunday, November 27th,

Fifth Sitting ... 8-30—11-30 a. m.
At Home ... 4 p. m.
Prize Distribution ... 5-30 p. m
Sixth Sitting ... 9-12 p. m.

The rates of admission for the public are as follows :—

No. 1. To the sittings of the Competitions on November 22nd, 23rd, 24th and 25th
- I Class ... ... -/8/-
- II Class ... ... -/4/-
- Purdah Ladies Gallery ... -/8/-

No. 2. To the Sittings of the Conference on November 25, 26 and 27 for the whole session :—
- First Class ... ... Rs 8/-
- Second Class ... ... ,, 5/-

For each day (for morning or afternoon and evening sittings of the Conference)
- First Class ... ... Rs 3/-
- Second Class ... ... ,, 2/-

Gallery for Indian Ladies.

No 3. Block of two seats for the whole session ... ... Rs 5/-
- For a single seat for the session ,, 3/-
- For each day ... ... Re 1/-

N. B. Persons holding season tickets and Members of the Reception Committee are free to all the sittings of the Competitions and the Conference.

The following members are expected to the Music conference University of Allahabad.

1. Sangit Nayak—Gopeswar Banerjee.
2. Prof. Inayat Khan
3. Ramesh Chandra Banerjee.
4. Ostad Aftabuddin khan Shahib.

—

তিমিরবরণ ফ্যামিলি অরকেষ্ট্রা

আমরা অতি আনন্দের সহিত জানাইতেছি, স্বনামধন্য ওস্তাদ আলাউদ্দিন খাঁ সাহেবের কৃতী ছাত্র বিশ্ববিদিত শ্রীযুক্ত তিমিববরণ ভট্টাচার্য্য মহাশয়ের বাটীতে একটী পারিবারিক অরকেষ্ট্রা পার্টী প্রতিষ্ঠিত হইয়াছে। গত ২৩শে অক্টোবর রবিবার দিবস উক্ত পার্টীতে যোগদান করিয়াছিলাম। এই নব প্রতিষ্ঠিত অরকেষ্ট্রার একটী বৈশিষ্ট্য আছে, ইহাতে অধিকাংশই ভারতীয় যন্ত্র এবং তারের যন্ত্রই বেশী। উক্ত দিবস তিমিরবরণ বাবুর জ্যেষ্ঠ ভ্রাতা মাননীয় শ্রীযুক্ত মিহিরকিরণ ভট্টাচার্য্য মহাশয়ের পবিচালনায নিম্নলিখিত ব্যক্তিগণ অরকেষ্ট্রা বাজাইয়াছিলেন। শ্রীযুক্ত বিনয়মাধব মুখার্জ্জি (স্বরোদ), শ্রীযুক্ত কানাইলাল চাটার্জ্জি (বেহালা), শ্রীযুক্ত দুলাল সেন (ব্যাঞ্জো) শ্রীমান অমিয়কান্তি ভট্টাচার্য্য ও শ্রীমান পাঁচুগোপাল চ্যাটার্জ্জী (সেতার), কুমারী বাসন্তী ভট্টাচার্য্য ও কুমারী সুনীতি ভট্টাচার্য্য (এস্রাজ)। আমরা এরূপ শ্রুতিমধুর অরকেষ্ট্রা নটনবীর উদয়শঙ্করের নৃত্য ব্যতীত শুনি নাই। এরূপ অরকেষ্ট্রার বহুলপ্রচার কামনা করি।

বালক নটন শোহনলাল

বিগত ৩০এ অক্টোবর রবিবার তারিখে তিমিরবরণ অরকেষ্ট্রা পার্টীর আর একটী অনুষ্ঠানে যোগদান করিয়াছিলাম উক্ত দিবস অরকেষ্ট্রা হইবার পর জয়পুরাগত একটী বালক নটনের কৃতিত্ব দেখিয়া আমরা অতিশয় মুগ্ধ হইয়াছি বালক নটনের নাম সোহনলাল এবং বিখ্যাত নর্ত্তক বৃন্দাদিন মহাশয়ের পুত্র আচ্ছান নর্ত্তকের ছাত্র। বয়স ১১ বৎসর মাত্র, বাড়ী জয়পুব। এই ১১ বৎসর বয়সে শ্রীমান বেশ কৃতিত্ব অর্জ্জন করিয়াছে। প্রায় ২ ঘণ্টারও অধিক সে অক্লান্তভাবে নৃত্য করিয়াছিল। তাহার নৃত্যে একটা বিশেষত্ব দেখিলাম, তবলার বোলের অনুকরণে নৃত্যলীলার সহিত বোল অনুকরণ করা। আশা করি বালক দীর্ঘজীবন লাভ করিয়া আরও কৃতিত্ব অর্জ্জন করুক, ইহাই ঈশ্বর সমীপে সতত প্রার্থনা।

—

আমরা সুখী হইলাম, শ্রীযুক্ত হিমাংশুকুমার দত্ত, সুরসাগর মহাশয় দীর্ঘ অসুস্থতার পরে কলিকাতা প্রত্যাগমন করিয়া ২৮নং আমহার্ষ্ট ষ্ট্রীট্, ক্রাউন বোর্ডিংএ অবস্থান করিতেছেন।

সুরশিল্পী শ্রীযুক্ত সুধীরচন্দ্র ঘোষ দস্তিদার

REGD. NO. C. 1317

৯ম বর্ষ } পৌষ, ১৩৩৯ সাল { ৯ম সংখ্যা

সাহিত্যে, শিল্পে ও সঙ্গীতে সুধীরচন্দ্র

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

প্রসিদ্ধ কলা-শিল্পী শ্রীযুক্ত সুধীরচন্দ্র ঘোষ দস্তিদার মহাশয়ের পরিচয় পাঠক-বর্গের অনেকেই বোধ হয় অবগত আছেন। আজ আমি তাঁহারই বহুমুখী প্রতিভার বিষয় সামান্য কিছু এই ক্ষুদ্র নিবন্ধে লিখিব।

পূর্ব্ব-বঙ্গের বরিশাল (বাখরগঞ্জ) জেলার গাভা গ্রামের বিখ্যাত কুলীন কায়স্থ "ঘোষ দস্তিদার" বংশে, তাঁহার জন্ম। এই বংশের অনেকেই সঙ্গীত, শিল্প ও সাহিত্যাদিতে বিশেষ অনুরাগী।

ঘোষ দস্তিদার মহাশয় অতি অল্প বয়সেই এ তিনটি গুণের অধিকারী হ'ন। তিনি কলিকাতা গভর্ণমেণ্ট আর্ট স্কুলে শিল্প শিক্ষা লাভ করেন; তৎপূর্ব্বেই তাঁহার সঙ্গীতাদিতে পারদর্শিতা জন্মে। তাঁহার ৩।৪ বৎসর মাত্র বয়সেই এইরূপ অদ্ভুত ক্ষমতার কথা আমরা জানি যে হাতের কাছে যে যন্ত্রই পাইতেন, তাহা দুই চারিবার নাড়িয়া চাড়িয়া অমনি বাজাইয়া সকলকে শুনাইতেন। এইরূপ ঐশ্বরিক ক্ষমতার বলেই দস্তিদার মহাশয় অতি অল্প বয়সেই উচ্চ সঙ্গীতে দক্ষতা লাভ করিয়াছেন। তিনি সঙ্গীত রচনাতেও সিদ্ধহস্ত, তাঁহার রচিত গান 'সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকায়' প্রকাশিত হইয়াছে।

আমরা ঘোষ দস্তিদার মহাশয়ের গান সেইবারই প্রথম শুনিবার সৌভাগ্য লাভ করিয়াছিলাম যেবার কলিকাতা ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউটে প্রাচ্য-সঙ্গীত

প্রতিযোগীতার দ্বিতীয় অধিবেশন হইয়াছিল। তখনই আমরা এই উদীয়মান গায়কের সুকণ্ঠে, সুরের অপূর্ব্ব ভঙ্গিমায়, প্রাণের দরদে পরিষ্কার শুদ্ধ উচ্চারণে এবং ভাব মাধুর্য্যে মুগ্ধ হইয়াছিলাম। তাঁহার গানে এমন একটি স্বাতন্ত্র্য আছে যাহা বহু গায়কের মধ্যেও মাত্র একবার শুনিলেই, সহজেই বাছিয়া লওয়া যায়। ধ্রুপদ, খেয়াল, টপ্পা, ঠুংরী এবং আধুনিক বাঙ্গালা গান, কীর্ত্তন, বাউল প্রভৃতি সর্ব্বপ্রকার কণ্ঠ সঙ্গীত ও তার-যন্ত্রাদি, বাঁশের বাঁশী ইত্যাদিতে দস্তিদার মহাশয়ের অদ্ভুত ক্ষমতা দেখিয়াছি। তিনি কলিকাতার Empire Theatreএ নটনবীর উদয়শঙ্করের নৃত্যের সহিত বাঁশের বাঁশী বাজাইয়া বেশ কৃতিত্ব অর্জ্জন করিয়াছেন।

মানুষ 'study' দ্বারা পরিণতিতে পৌঁছাইতে পারে যখন তাহার Personality'র উদ্ভব হয়! 'Gift' একটা সম্পদ—culture সমৃদ্ধশালী করিয়া তোলে; creation আদর্শ মানবের ধর্ম্ম—শুধু study বা culture এ মানব ঐ অবস্থার অধিকারী নাও হইতে পারে। এই creation যিনি করেন সঙ্গীত-শাস্ত্রে তাঁহাকে 'নায়ক' কথিত হইয়া থাকে। এ শুধু সঙ্গীতেই নয় প্রত্যেক বিদ্যাতেই। বহুবার বহু সঙ্গীতের আসরে দস্তিদার মহাশয়ের এইরূপ অদ্ভুত সৃজনী শক্তির পরিচয় পাইয়াছি—যাহা সত্যই উপভোগের এবং প্রশংসার! অন্ততঃ সুধীর বাবুর প্রতিভা যে শুধু সঙ্গীত চর্চ্চাতেই নিঃশেষ হইয়া গিয়াছে—এমন যে নয়, তার প্রত্যক্ষ নিদর্শন পাওয়া যায়—তাঁহারই অদ্ভুত কীর্ত্তি—তাঁহারই অক্লান্ত পরিশ্রমের, বাঙ্গালার এক অমূল্য সম্পদ, "বঙ্গীয় সঙ্গীত সম্মেলনে"র প্রতিষ্ঠা। এই সম্মেলন বা conference আজ দ্বিতীয় বর্ষ অতিক্রম করিয়াছে। এই কল্পনা তাঁহার বহুদিন হইতেই ছিল। তাঁহারই মুখে বহুদিন পূর্ব্বে আমরা শুনিতাম, ইনি আক্ষেপ করিয়া বলিতেন—"বাঙ্গালায় এত গুণীজন থাকিতে সঙ্গীত ও শিল্পের কোন সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠান বা সম্মেলন আজও গড়িয়া উঠিল না। আজ যে বঙ্গ-সাহিত্যের এত উন্নতি বলিয়া গর্ব্ব করি ইহার মূলে যে বঙ্গীয় সাহিত্য-পরিষদ ও বঙ্গীয় সাহিত্য সম্মিলনেরই প্রভাব রহিয়াছে, এ কথা সকলেই স্বীকার করেন।

অল্পদিনেই সুধীর বাবু নানাস্থানে বহু সুনাম অর্জ্জন করিয়া আসিয়াছেন। কলিকাতা, কাশী, পাটনা, ঢাকা, ময়মনসিং, ভাওয়াল, বগুড়া, চট্টগ্রাম প্রভৃতি বহু স্থানের সঙ্গীত অনুষ্ঠানে যোগদান করিয়া সকলের প্রশংসা লাভ করিয়াছেন।

চিত্র-শিল্পেও অসাধারণ ক্ষমতার পরিচয় তিনি দিয়াছেন।

যাঁহারাই দস্তিদার মহাশয়ের সহিত আলাপ করিয়াছেন তাঁহারাই তাঁহার অমায়িক মধুর ব্যবহারে প্রীত হইয়াছেন—এ বিষয়েও যে তিনি সকলের প্রিয়ভাজন তাহা আর বেশী বলিয়া আমার লেখনীর ক্ষমতার মাত্রা বিস্তার করিব না।

বাঙ্গালার সুসন্তান বীণাপাণির একনিষ্ঠ সাধক—প্রতিভাবান্ ও অধ্যবসায়ী শ্রীযুক্ত সুধীরচন্দ্র ঘোষ দস্তিদার মহাশয়ের প্রভূত উন্নতি কামনা করি এবং ভগবান তাঁহার জীবনের প্রতি কর্ম্মশাখায় ফুলে ফলে সুশোভিত করিয়া তুলুন, ইহাই তাঁহার চরণে প্রার্থনা।

স্বরলিপি

বাউল—দাদ্‌রা

বাঁশরী আমার হারায়ে গিয়াছে বালুর চরে
কেমনে ফিরিব গোধন লইয়া গাঁয়ের ঘরে।

কোমল তৃণের পরশ লাগিয়া
চরণে নূপুর পড়িছে খসিয়া
চলিতে চরণ ওঠে না বাজিয়া তেমন করে'।

কোথায় খেলার সাথীরা আমার কোথায় ধেনু,
সাঁঝের হিয়ায় রাঙিয়া উঠিছে গোখুর রেণু;

ফোটা সরিষার পাঁপ্‌ড়ির ভরে
চরো মাঠখানি কাঁপে থরে থরে
চরণ ধরিয়া সাঁঝের শিশির কাঁদিয়া মরে।

কথা—জসীম-উদ্দীন্ এম, এ।

স্বুর ও স্বরলিপি—শ্রীহিমাংশুকুমার দত্ত, স্বুরসাগর

II ধনা -ধা না | র্সা -া -া I র্সপা পর্সা র্সনা | নধা ধপা -া I পমা মপধা পা |
বাঁ ০ শ | রী ০ ০ বাঁ শ রী | আ মা র্ হা০ রা০০ য়ে |

পমা মগা মা I পা পনা -া | না -ধা -র্সনা I ধপা -া -ধপমা | -গমা -পধা -নর্সা I
গি০ য়া ছে বা লু র্ | চ ০ ০০ রে ০ ০০০ | ০০ ০০ ০০

না -ধা না | র্সা -া -া I -া -া -া | -া -া -া I দা দা দা |
বাঁ ০ শ | রী ০ ০ ০ ০ ০ | ০ ০ ০ কে ম নে |

দা দা দা I দপা পা -দণা | ণা দা পা I পমা মা পা | মপা -দপা -মপা I
ফি রি ব গো ধন্ ০০ | ল ই য়া গাঁ য়ে র | ঘ০ ০০ ০০

মগা -া -া | -গমা -পধা -নর্সা II
রে০ ০ ০ | ০০ ০০ ০০

II { র্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞর্রা র্জ্ঞা -া I র্জ্ঞর্রা র্রর্সা র্সা | নর্সা -র্রর্মা র্জ্ঞর্রা I
কো ম ল | তৃ০ ণে র্ প০ র০ শ | লা০ ০০ গি০

নর্সা -া -া | -া -া -া I র্সা র্রা র্রর্সা | ধা ণা -া I ধা র্সা ণা |
য়া০ ০ ০ | ০ ০ ০ চ র ণে০ | নূ পু র্ প ড়ি ছে |

ধা -ণা ধা I পক্ষা -া -পা | -া -া -া } I { পা ধা ধপা | মা গা মা I
খ ০ সি য়া০ ০ ০ | ০ ০ ০ } { চ লি তে০ | চ র ণ

পা ধা না | নর্সা -ধা নর্রা I র্সা -া -া | -া -া -া I (-নসা -না দা |
ও ঠে না | বা০ ০ জি০ য়া ০ ০ | ০ ০ ০ ০০ ০ ০ |

-পা -া -া) } I পা না -া | না -ধা -র্সনা I পা -া -ধপমা | -গমা -পধা -নর্সা II
০ ০ ০ } তে ম ন্ | ক' ০ ০ রে ০ ০০০ | ০০ ০০ ০০

II { সা সা -রা | রা রা -গা I মা পা ধপা | মা গা -মা I পা পা -দা |
কো থা য়্ | খে লা র্ সা থী রা০ | আ মা র্ কো থা য়্ |

পদা -পদা -ণদা I পা -া -া | -া -া -া I (দা দা -া | দা দা -ণা I
ধে০ ০০ ০০ মু ০ ০ | ০ ০ ০ সাঁ ঝে র্ | হি য়া য়্

পা পা ণা | ণদা দা পদা I পমা মা পা | মপা -দপা -মপা I মগা -া -া |
রা ঙি য়া | উ ঠি ছে০ গো খু র | রে০ ০০ ০০ ণু ০ ০ |

-গমা -গরা -সা)} I {র্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞর্রা র্জ্ঞা -া I র্জ্ঞা -র্রা র র্সা | নর্সা -র্রর্মা র্জ্ঞর্রা I
০০ ০০ ০) {ফো টা স | রি০ যা রৃ পা প্ ড়ী০ | র০ ০০ ভ০

র্সনর্সা -া -া | -া -া -া I র্সা র্সর্রা র্সর্রা | -র্সা পধা ণা I ণধা ধর্সা ণা |
রে০ ০ ০ | ০ ০ ০ চ' রো মা | ঠ্ খা নি কাঁ পে থ |

ধা -ণা ধা I পক্ষা -া -পা | -া -া -া} I পা পধা পধপা | মা গা মা I
রে ০ থ রে০ ০ ০ | ০ ০ ০} চ র ণ০ | ধ রি য়া

পা ধা না | নর্সা -ধনা -র্রা I র্সা -া -া | -া -া -া I র্সপা পনা না |
সাঁ ঝে র | শি০ ০০ ০ শি ০ ০ | ০ ০ রৃ কাঁ দি য়া |

না -ধা -র্সনা I ধপা -া -ধপমা | -গমা -পধা -নর্সা II II
ম ০ ০০ রে ০ ০০০ | ০০ ০০ ০০

এই গানখানি শ্রীযুক্ত কুমুদেশ সেন (বদন) হিন্দুস্থান কোম্পানীতে রেকর্ড করিয়াছেন। শ্রীহিমাংশুকুমার দত্ত।

সঙ্গীত

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

দুঃখ, ক্লেশ, শোক, তাপ যত ভেদাভেদ
অন্যায়, অসত্য, দ্বন্দ্বে করিতে উচ্ছেদ,
হে প্রিয় সঙ্গীত, তোমাতে সম্ভবে তাহা
এ বিশ্বের অন্য সবে পারে নাই যাহা।

উদয়শঙ্কর ও তিমিরবরণ

(একখানি পত্র)

17 Rue du Belvedère
Boulogne
তারিখহারা মে ১৯৩২

শ্রীদিলীপকুমার রায়
শ্রদ্ধাস্পদেষু,

উদয়শঙ্করের চিঠির উত্তরে ও আমার পত্রের উত্তরে আপনি যে-দুটি চিঠি লিখেছিলেন তা যথাসময়েই আমাদের হস্তগত হ'য়েছে, কিন্তু এতদিন উত্তর দিতে পারি নি কেউই। কেন পারিনি তা' শুন্‌লে এ-ত্রুটি আপনি নিশ্চয় মার্জ্জনা করবেন। আমরা চার মাসের ওপর কন্টিনেণ্টটা চ'ষে বেড়িয়েছি, ঠিক "সাগরের কূলে বসিয়া বিরলে লহর মালা" নিরীক্ষণ ক'রে কাল কর্ত্তন করছিলাম না। সে যে কী রকম ঘোরা তা আপনার মতন ভ্রাম্যমাণের অজানা নয়—তাই পত্রোত্তর না পাওয়ার দরুণ নিশ্চয়ই কবিকল্পনা দিয়ে সমধর্ম্মী যাযাবরকে ক্ষমা করবেন চৈঠিক অনবধানতার জন্যে। আমরা জার্ম্মেনি, অষ্ট্রিয়া, চেকোশ্লোভাকিয়া, হাঙ্গেরি, ইতালি প্রভৃতি নানা জায়গায় ঘুরে এলাম—নিঃশ্বাস ফেল্‌বারও অবকাশ পাইনি বল্‌লে সত্যিই খুব বেশি বলা হবে না। মাসে ২৬টা যায়গায় নৃত্যগীতের নিমন্ত্রণ রাখ্‌তে হ'য়েছে। তবে আমরা জার্ম্মানিতেই বেশির ভাগ সময় কাটিয়েছি। এ রকম দেশ আমাদের নজরে পড়ল না। প্রত্যেক ছোট শহরে গিয়েছি বল্‌লেই হয়—এবং সেখানে লোকের কী উৎসাহ ও আদর! আর এত আন্তরিক আদর—জানেনই তো জার্ম্মানিতে সত্যিকার সঙ্গীতের কত আদর। সাধে কি এরা সঙ্গীতে জগতের মুকুটমণি! এরা সৃষ্টি করে তাই উদয়শঙ্করের মতন অসামান্য শিল্পীর সৃষ্টির মূল্য বোঝে। "গুণী গুণং বেত্তি" কথাটা যে এ বৈশ্যধূমমলিন জগতে আজও সত্য তা দেখেশুনে একটু ভরসা হয়। মনে হয় ললিতকারুর চাবি দিয়ে সার্ব্বভৌম মানুষের হৃদয়ের অন্দরমহলের মণিকুঠুরিটির মধ্যে বুঝি তবে এই জাতীয়তার যুগেও প্রবেশলাভ করা যায়।

আমাদের খুব বেশি আদর হ'য়েছে এবার জেকো-শ্লোভাকিয়ার রাজধানী প্রাগে। আপনার বান্ধবী মাদাম মার্থা ভানেক সে সব আপনাকে লিখে থাক্‌বেন।* এখানকার প্রকাণ্ড থিয়েটারে তিনদিনে তিনটি অভিনয় দিয়েছিলাম ও তাতেও সব বিক্রি। এখানে একটা ভারি মজার ঘটনা হ'য়েছিল, জানিনা আপনার বান্ধবী আপনাকে লিখেছেন কি না। আমাদের সুবিধের জন্যে আমরা প্যারিস থেকে একটি প্রকাণ্ড অটোবাস নিয়ে ভ্রমণে বেরিয়েছিলাম। প্রাগে একটা অভিনয় হওয়ার পর আমরা বুদাপেস্ত্‌ যাই। সেখান থেকে ফের ফিরে প্রাগে

---

* মাদাম ভানেক জেকোশ্লোভোকিয়ার একজন মস্ত কর্ম্মচারীর স্ত্রী—অত্যন্ত সঙ্গীতানুরাগী—সঙ্গীতনিপুণও আমাকে ইনি প্রায় এ চিঠি পাওয়ার সঙ্গে সঙ্গে লেখেন: "উদয়শঙ্করের নাচও যেমন অপূর্ব্ব তিমিরবরণের বাজনাও তেম্‌নি অভাবনীয়। প্রাগ সঙ্গীতজ্ঞদের একটা মস্ত কেন্দ্র—তারা সব যে কি গভীরভাবে মুগ্ধ হ'য়েছেন তোমার বন্ধুর বাজনা শুনে দিলীপ, যে সে তুমি কল্পনা করতে পারবে না। উদয়শঙ্করের নাচের তো কথাই নেই।" ইত্যাদি ইত্যাদি।

আবার অভিনয় ছিল। কিন্তু পথে দেরি হ'য়ে যাওয়ার দরুণ অভিনয়ের রাত্রে প্রাগে পৌঁছুই রাত সাড়ে ন'টায়। অভিনয় করার কথা ছিল সন্ধ্যা সাড়ে সাতটায়। থিয়েটারে সমস্ত টিকিট তিনদিন আগে থেকে বিক্রি হ'য়ে গিয়েছিল। টাকা ফেরত দিতেই বা হয়—তার ওপর কী স্ক্যাণ্ডাল বলুন তো! ভেবেই সারা আমরা। কিন্তু ভগবৎকৃপা—একজনও শুন্‌লাম টিকিটের টাকা ফেরত চায় নি। আমরা যখন কম্পিতবক্ষে চৌরচরণে প্রাগের থিয়েটারে প্রবেশ করলাম—ভাব্‌লাম কী ঝড়ই না জানি অপেক্ষা ক'রে আছে! কিন্তু গিয়ে দেখি পুরো হাউস ঠায় ব'সে আমাদের পথ চেয়ে। আপনাদের মতন যোগীদেরও হয়ত এরকম ব্যাপারে এ হেন ধৈর্য্য থাকত না। থাকত? বলুন তো। শুধু তাই নয়—আমরা আরও বিখ্যাত হয়ে পড়লাম রাতারাতি—আমাদের এ ধরণের কাণ্ডকারখানার জন্যে। এ রকম ব্যাপার এদেশে নাকি কখনো হয়নি—দু ঘণ্টা পুরো হাউস সতীসাধ্বী স্ত্রীর মতন বিলম্বায়মান ভর্ত্তার পথ চেয়ে—এ হিন্দু সাধ্বী ছাড়া আর কারুর পক্ষে সম্ভব নয় এই-ই আমরা জানতাম। কিন্তু দেখুন, এরা আর্টের জন্যে পতিব্রতার ধৈর্য্যকেও হারায়। To live is to learn.

প্রাগে আমরা চারদিন ছিলাম—তাই সহরটা খুব ঘুড়ে বেড়িয়ে দেখলাম। আপনার বান্ধবী মাদাম ভানেক প্রাগের বিখ্যাত স্থাপত্য সম্বন্ধে আমাদের চোখ ফুটিয়ে দিতে থাকলেন সকাল থেকে সন্ধ্যা অবধি। যে কয়দিন আমরা এখানে ছিলাম তিনি তাঁর অত কাজ ছেড়ে আমাদের সঙ্গে সঙ্গে থাকতেন সকাল থেকে রাত বারোটা পর্য্যন্ত। এমন সহৃদয়তা দুর্লভ! ভাগ্যিস্ ওঁর সঙ্গে আপনি আলাপ করিয়ে দিয়েছিলেন; য়ুরোপে কত যায়গায় যে এ-রকম প্রীতিনিলয়া বান্ধবী জুটে যায়! এদের মনও যে কী সজাগভাবে সাড়া দেয় বিদেশের সৃষ্টিতে—বিদেশীর কাছে ওরা কত জানতে চায়! সাধে কি য়ুরোপ এত বড় হ'য়েছে! যেখানে এরা সত্য গুণপনা দেখে সেখানেই এরা মাথা নীচু করে। কদরদান একেই বলে; নয়? মাদাম ভানেকের মুখে আপনার কত কাহিনীই যে শুনলাম—প্রাগের conservatoriumএ আপনার গান গাইবার কথা—প্রতিদিন যাব যাব ক'রে না-যাওয়া, সে কত কী। তাঁকে আপনার নানা কথা শুনিয়েও দিলাম। তবে তিনি তো আপনার বড় বড় চিঠি পান। এখন তিনি তাঁর স্বামীর সঙ্গে ষ্টকহল্‌মে। আমরাও ১০।১২ দিনের মধ্যেই সেখানে যাচ্ছি।

আপনার "শ্রীকৃষ্ণের আবির্ভাব" ও "শ্রীরাধা" গান-দুটির স্বরলিপি পাঠিয়ে বড় ভালো করেছেন। গান ও সুর আমার খুবই ভাল লেগেছে। ও দুটি অরকেষ্ট্রাতে বাজাব। কিন্তু একটা কথা আপনাকে জানিয়ে রাখতে চাই নাচের খাতিরে যদি দু'এক যায়গায় সুর একটু আধটু সামান্য বদ্‌লাতে হয় আতে আপনার আপত্তি নেই তো? যদিও জানি আপনি বাংলা গান হিন্দুস্থানী ঢঙেই গাইবার পক্ষপাতী ও গানে নিত্য নূতন তানবিস্তার আনতে তৎপর তবুও আপনার সুর আমি একটু আধটু বদ্‌লালে পাছে কিছু মনে করেন ভেবে গোড়া থেকে আপনার অনুমতি নিয়ে রাখলাম। কারণ অপরে বদ্‌লালে রচয়িতারা অনেক সময় ভারি রাগ করেন, আপনি ভুক্ত-ভোগী জানেনই তো। তবে আমার একটা মস্ত সুবিধা আছে এই যে আমার 'পরে আপনার পূর্ণ আস্থা আছে।

সঙ্গীত রত্নাবলী।

এই পাঁচটী পূর্ণমাত্রার তাল। প্রমথ সোম পরে একটি ফাঁক তাহার পর দুইটি তাল শেষ ফাঁক।

মধ্যলয়ের ঠেকা

+ ০ ১ ২ ০
১৭১। ধা ঘেড়ে নাগ ধা ঘেড়ে নাগ গদ্দী ঘেড়ে

+
নাগ ধা

বিলম্বিত লয়ের ঠেকা

+ ০ ১
১৭২। ধা কতা দেন্তা ঘেগে তেটে ঘেঘেতেটে ধা দেৎ

২
ধাগেতেটে গদিঘেনে ঘেন্ তেরেকেটে তাগ

০ +
তেরেকেটে তাগ দেৎ দেৎ ধা

+ ০
১৭৩। ধাগেতেটে কেটেতাগ তাগেতেটে কেটেতাগ

১ ২ ০
দেন্তা কেটেতাগ তেরেকেটে তাকাধুম কেটে

+
তাগ গদিঘেনে ধা

ইহাদিগকে এক সোমের বোল বা ঠেকা বলা যায়।

দ্রুতলয়ের ঠেকা

+ ০ ১ ২ ০ +
১৭৪। ধা কতা গদি ঘেনে নাগ ধা

+ ০ ১ ২ ০ +
১৭৫। ধা দেন্তা তন্ধা তেটে কতা গদিঘেনে ধা

বোল

+ ০
১৭৬। ধাকেটে তাগ ধা কেটে তাগ তেরেকেটে

১ ২ ০
তাগ দি ঘেনে নাগ থুন্না নানা তেটে কতা

+ ০ ১
গদিঘেনে তাগ ত্রাণ তাগ ত্রাণ ধাধা দেন্তা

২ ০
কেটে তাগ তেরেকেটে তাগ ধুম কেটেতাকা

+
গদিঘেনে ধা

+ ০
১৭৭। ত্রেকেটে তাগ ধা ঘেনে নাগেতেটে কতান্না

১ ২
কত্রেকেটে তাগ দিদি দ্রেগে তাগ ধা দ্রেগে

০
তাগ ধা দ্রেগে তাগ ধা

স্বরলিপি

তিলক কামোদ—ঝাঁপতাল

আঁখির উজল কথা
কাঁপিয়া লুকাবে গো।
শিশির সজল ব্যথা
কাঁদিয়া লুটাবে গো॥

জ্যোছনা, জ্যোছনা রাশি!
ভুল' না কহিও হাসি,'
"শেফালিরেই ভালবাসি'
বিরহী শুকাবে গো॥"

সহসা ফুটিল সখী
কহিল পিয়াসা মাখি;
—"মুখপরে বুকপরে
চির বঁধু রবে গো॥"

কথা, সুর ও স্বরলিপি—শ্রীপ্রফুল্লচন্দ্র ঘোষ দস্তিদার

+ ৩ ০ ১ + ৩ ০
II ন্‌া প্‌া | ন্‌া -া সা | গা রা | রা মা গা I সা রা | সরা গা -া | ন্‌া রসা |
আঁ খি | র ০ উ | জ ল | ক ০ থা কাঁ পি | য়া০ ০ লু | কা বে০ |

১ + ৩ ০ ১ +
ন্‌া -া -া I মা রা | পমা পা -া | ধা মা | গরা গা -া I সা রা |
গো ০ ০ শি শি | র০ ০ স | জ ল | ব্যা০ ০ থা কাঁ দি |

৩ ০ ১
সরা গা -া | ন্‌া সরা | ন্‌া -া -া II
য়া০ ০ লু | টা বে০ | গো ০ ০

II গা পা | না -া -া | না -া | র্সা -া -া I না -া | -া র্সা -া | র্রর্সা র্রর্সা |
জ্যো ছ | না ০ জ্যো | ছ না | রা ০ শি ভু লো | না ০ ক | হি০ ও০ |

ণা ণধা পা I না -া | না -া র্সা | র্সা -া | র্সা -া -া I র্সর্রা র্সর্রা |
হা ০০ সি শে ফা | লি রে ই | ভা লো | বা ০ সি বি০ র০ |

ণা ধা পা | ধা মা | গরা গা রসা II
হী ০ শু | কা বে | গো০ ০ ০০

II না -া | না -া -া | র্সা -া | না র্সা -া I র্সর্রা র্সর্রা | ণা ণধা পা |
স হ | সা ০ ফু | টি ল | স খী ০ ক০ হি০ | ল ০০ পি |

পধা মা | গরা গা রসা I মরা পমা | পনা -া নর্সা | র্রা র্সা | না -া র্সা I
য়া০ সা | মা০ ০ পি০ মু০ খ০ | প০ ০ রে০ | বু ক | প ০ রে

পর্রা র্সর্রা | ণা ধা পা | পধা মা | গরা গা রসা II
চি০ র০ | বঁ ০ ধু | র০ বে | গে০ ০ ০০

স্বরলিপি

বেহাগ—তেতালা

মণি-মঞ্জীর সুমধুর বাজে।
সুমধুর বাজে ভোম্‌রা গুঞ্জরেনা লাজে॥
কটিতটে কিঙ্কিণী এলায়ে পড়েছে বেণী
যেন তড়িৎ সৌদামিনী জলদে বিরাজে॥
সে তত্ত্ব জানিয়ে হর হইলেক দিগম্বর
শবছলে ও চরণ রাখে হৃদিমাঝে (পাছে)
সমর সমাজে পাছে রাঙ্গা পায়ে বাজে॥

কথা—অজ্ঞাত।

সুর—শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ ঘোষাল। স্বরলিপি—জ্ঞানেন্দ্রনাথ চক্রবর্ত্তী।

আস্থায়ী

		০				১				+				৩				
{না	পা	গা	মা	ধা	পা	মা	গা	ন্‌া	সা	সা	গা	হ্মপা	না	র্সা	না}	I	-া	-া
{ম	ণি	ম	ন্‌	জী	র	সু	ম	ধু	র	বা	০	০০	০	জে	০}		০	০

০				১				+				৩		
ন্‌া	সা	গা	মা	পা	না	র্সা	র্সা	র্সা	র্গা	র্সা	র্মা	র্গা	র্সা	II
সু	ম	ধু	র	বা	জে	ভোম্‌	রা	গু	ঞ্জ	রে	না	লা	জে	

অন্তরা

০				১				+				৩			
মা	পা	না	না	র্সা	র্সা	র্সা	র্সা	না	না	হ্মা	পা	পা	না	র্সা	না
ক	টি	ত	টে	কি	ঙ্‌	কি	নী	এ	লা	য়ে	প	ড়ে	ছে	বে	ণী

০				১				+				৩		
মা	মা	গা	গা	মা	ধা	না	র্সা	র্সা	র্গা	র্সা	র্মা	র্গা	র্সা	II
যে	ন	ত	ড়িৎ	সৌ	দা	মি	নী	জ	ল	দে	বি	রা	জে	

২য় অন্তরা

০				১				+				৩			
মা	পা	না	না	র্সা	র্সা	র্সা	র্সা	না	না	ক্ষা	পা	পা	না	র্সা	না I
সে	ত	ত্ত	জ্ঞা	নি	য়ে	হ	র	হ	ই	লে	ক	দি	গম্	ব	র

০				১				+				৩			
মা	মা	গা	গা	মা	ধা	না	র্সা	র্সা	র্গা	র্সা	র্গা	র্সা	র্সা	না	না I
শ	ব	চ	লে	ও	চ	র	ণ	রা	খে	হৃ	দি	মা	ঝে	পা	ছে

০				১				+				৩	
গা	মা	গা	গা	মা	ধা	না	র্সা	র্সা	র্গা	র্সা	র্মা	র্গা	র্সা I
স	ম	র	স	মা	জে	পা	ছে	রা	ঙা	পা	য়ে	বা	জে

রেকর্ড সঙ্গীত সম্বন্ধে যৎকিঞ্চিৎ

হিন্দুস্থান রেকর্ড

অধুনা ভারতীয় শিল্পের ক্রমশঃই প্রসার বৃদ্ধি পাইতেছে এবং সর্ব্বত্রই ইহা আদৃতভাবে গৃহীত হইতেছে। এরূপভাবে দেশীয় শিল্পের ক্রমোন্নতি হওয়া ভারতের মঙ্গল-চিহ্ন। যাহা হউক, আলোচ্য বিষয়ে আমরা একটী বিশিষ্ট ভারতীয় শিল্প সম্বন্ধে যৎকিঞ্চিৎ আলোচনা করিব।

বিগত কয়েকমাস হইল, মাননীয় শ্রীযুক্ত চণ্ডীচরণ সাহা মহাশয় বিলাত হইতে রেকর্ড বিষয়ক যাবতীয় বিজ্ঞান শিক্ষা করিয়া আসিয়াছেন, এবং কতিপয় খ্যাতনামা ধনী ব্যক্তি কর্ত্তৃক হিন্দুস্থান মিউজিক্যাল প্রডাক্টস্ এণ্ড ভ্যারাইটিস্ সিণ্ডিকেট লিমিটেড কোম্পানী প্রতিষ্ঠিত হইয়াছে। আমরা এই ভারতীয় রেকর্ড কোম্পানীর সর্ব্বতোভাবে উন্নতি কামনা করি।

উক্ত কোম্পানী ডিসেম্বর মাসে মাত্র ৬ খানি রেকর্ড প্রকাশিত করিয়াছেন। এচ্ ১২ নং রেকর্ডে শ্রীমতী রেণুকা সেনগুপ্তা অতুলপ্রসাদের দুইখানি কীর্ত্তন গান গাহিয়াছেন। গান দুইখানি ভাব ও ভাষার মাধুর্য্যে এবং গায়িকার প্রাণস্পর্শী কণ্ঠে অত্যুৎকৃষ্ট হইয়াছে। এচ্ ১৩ নং রেকর্ডে শ্রীমতী ফুল্লনলিনীর (কালো) গান দুইটী অনুসরণকারী বাদ্যমিশ্রণে একটু অস্পষ্ট হইয়াছে। এচ্ ১৪ নং রেকর্ডে শ্রীযুক্ত হর্ষদেব রায় মহাশয়ের গান দুইটী বেশ শ্রুতিমধুকর হইয়াছে। এচ্ ১৬ নং রেকর্ডটী বাজারে প্রকাশিত হয় নাই। উক্ত রেকর্ডের গায়ক শ্রীযুক্ত সজনীকান্ত মতিলাল (এ্যামেচার)। আশা করি শীঘ্রই রেকর্ডখানি বাজারে প্রকাশিত হইবে। শ্রীমতী সন্তোষকুমারী (তেলেনা) ও শ্রীমতী মনোরমা কর্ত্তৃক এচ ১৭ নং রেকর্ডখানি নৃত্য-সম্বলিত হইয়া বেশ প্রাণ-প্রীতিকর হইয়াছে। অন্ধগায়ক শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র দে মহাশয়ের সুর-সংযোজনায় রেকর্ডখানি গীত হইয়াছে। এচ ১৮ নং রেকর্ডটী যন্ত্রসঙ্গীতের। ইহাতে শ্রীযুক্ত নগেন্দ্র দে ও শ্রীযুক্ত

খগেন্দ্র দে মহাশয়ের বাঁশী ও ম্যাণ্ডোলিন সংযোগে একটি মিশ্র বারোঁয়া এবং অপরটি ভাটিয়ারী সুরে বাদিত হইয়া রেকর্ডখানি অত্যুত্তম হইয়াছে। আমরা এজন্য শিল্পীদ্বয়কে অভিনন্দিত করিতেছি।

—

মেগাফোন রেকর্ড

মেগাফোন রেকর্ড কোম্পানী ভারতীয় শিল্পের অন্যতম প্রতিষ্ঠান। উক্ত রেকর্ড কোম্পানীও ডিসেম্বর মাসে আটখানি রেকর্ড প্রকাশিত করিয়াছেন। প্রথমে নজরুল ইস্‌লাম রচিত দুইটী স্বদেশী সঙ্গীত শ্রীযুক্ত ধীরেন দাস কর্ত্তৃক গীত হইয়াছে। গান দুইখানি দেশপ্রীতিভাবমূলক এবং শ্রুতিমধুকর হইয়াছে। ২য় খানি শ্রীযুক্ত জ্ঞান দত্ত কর্ত্তৃক গীত হইয়াছে। গান দুইটী গীত হিসাবে মন্দ হয় নাই, ভালই হইয়াছে। ৩য়টীর গান তত সুমধুর হয় নাই। ৪র্থ রেকর্ডে প্রোফেসর বিমল গুপ্ত মহাশয়ের কমিক গান দুইটী বেশ আনন্দদায়ক হইয়াছে। ৫ম রেকর্ডে মিসেস্ নীহার নন্দী (এ্যামেচার) সুকবি শ্রীযুক্ত সুবোধচন্দ্র পুরকায়স্থ মহাশয়ের রচিত দুইটী গান অতি সুমধুর ভাবে গাহিয়াছেন। তন্মধ্যে 'আজি উতলা মাধবী রাতে' গানখানিই অত্যুৎকৃষ্ট হইয়াছে। গান দুইটীতে সুর-সংযোজনা করিয়াছেন বিখ্যাত সুরশিল্পী শ্রীযুক্ত হিমাংশুকুমার দত্ত, বি, এ, সুরসাগর মহাশয়। ৬ষ্ঠ রেকর্ডে শ্রীমতী কানন (টকি) কর্ত্তৃক দুইখানি গান নৃত্যসম্বলিত হইয়া মন্দ হয় নাই। ৭ম রেকর্ডে শ্রীমতী রাজলক্ষ্মী দুইখানি গান গাহিয়াছেন। গায়িকার কণ্ঠ বেশ মার্জ্জিত। তবে স্থানে স্থানে একটু চাপা হইয়াছে। এই কোম্পানীর একটি রেকর্ড বিশেষ উল্লেখযোগ্য। সেটিতে শুধু সেতার বাদিত হইয়াছে এবং বাজাইয়াছেন ভারতের সর্ব্বশ্রেষ্ঠ সেতারী প্রোঃ এনায়েৎ হোসেন খাঁ। পরিশেষে আমরা উক্ত কোম্পানীদ্বয়ের নিকট আন্তরিক সহানুভূতি জ্ঞাপন করিতেছি।

'কোথা গেলে নীলমণি'

শ্রীনগেন্দ্রকুমার লোধ, এম-এ, বি-এল্,

(আর) কিছুই লাগে না ভাল,
শ্যাম বিহনে কি কাজ জীবনে
সুখেতে কি কাজ বল,
কিছুই লাগে না ভাল।

অখিল রস সুখসিন্ধু বৃন্দাবন গগন ইন্দু
উদিল কোন গগনে,
তরুশাখে পাখী করে না কূজন,
ফুলে ফুলে নাহি ভ্রমর গুঞ্জন,
রাখালেরা গোঠে করে না গমন,
বেণু করে, গোধনে,
শ্যামচন্দ্র উদিল কোন গগনে।

আর নাই সেই বাঁশরীর গান,
আর ত যমুনা বহেনা উজান,
নন্দ যশোমতী শোকে অগেয়ান্
হারাইয়ে নীলমণি,
কোথা গেলে তুমি ব্রজের জীবন,
ব্রজ গোপিকার সাধনার ধন,
ব্রজের নয়ন-মণি।

বিরহিণী রাই বিরহে অধীর,
নয়ন যুগলে সদা গলে নীর,
রহি, রহি, রহি, বহিছে সমীর,
চৌদিকে হুতাশ ধ্বনি
কোথা গেলে নীলমণি॥

স্বরলিপি

ইমন—একতালা (মধ্যগতি)

মন্দিরে আরতি শঙ্খ বাজিল।
সাঁঝের আঁধারে তারকার হারে
প্রকৃতি পুলকে সাজিল।

ধীর মৃদুবায় গোধূলি ছায়ায়,
ভরিল বিশ্ব কি মধু মায়ায়,
আমার মানসে সুন্দর এসে
উজলি হৃদয় রাজিল॥

সন্ধ্যার সুখ-কর পরশনে
জুড়াল জগত জ্বালা,
শান্তি বিলায় জনে জনে আজি
বন হ'তে বনবালা।

তটিনী মধুর কলকল তানে
বরিছে সাঁঝেরে বন্দনা গানে,
আমার পরাণে কেমনে কে জানে
বিশ্বের প্রীতি উপজিল॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীপ্রসাদ বসু

II { গা -া রা | গা ধা পা | গা রসন্া রা | সা -া -া I রগমপা ধনা ধা |
{ আ র তি | শ ঙ্ খ | বা ০০০ জি | ল ০ ০ ম০০০ ০ন্ দি |

পা পমগা -া | গা রসন্া রা | সা -া -া } I { পা মা গা | -া -া -া |
বে ০০০ ০ | মন্০০০ দি | রে ০ ০ } { সাঁ ঝে র | আঁ ধা রে |

রা গা রন্া | রা সা -া I ন্া রা গা | মা -া পা | গমা গমপধা পা |
তা র কা০ | র হা রে প্র কৃ তি | পু ল কে | সা০ ০০০০ জি |

-া পমগা -গা I পা -া রা | গা -া রা | সা রসন্া রা | সা -া -া II
ল ০০০ ০ আ র তি | শ ঙ্ খ | বা ০০০ জি | ল ০ ০

II {না -া ধা | পা -া হ্মগা | রা গা রগহ্মপধনা | -া -া -া I র্সা র্রা -া |
ধী র ম্ | দু বা ০য় | গো ধূ লি০০০০০ | ছা য়া য় ভ রি ল |

র্সর্রগা -া -া | র্রা -া র্সনধা | না ধা পা } I {গহ্মা পা -া | -া -া -া |
বি০০ ০ শ্ব | কি ম ধু০০ | মা য়া য় } {আ০ মা র | মা ন সে |

হ্মপধা -না ধা | পহ্মগা পহ্মা গা I হ্মা ধা না | র্রা র্সা র্সনধা | ধনা পধনা ধা |
সু০০ ন্ দ | র০০ এ০ সে উ জ লি | হৃ দ ০০য় | রা০ ০০০ জি |

পা হ্মগা -া I গা -া রা | গা ধা পা | গা রসনা রা | সা -া -া II
ল ০০ ০ আ র তি | শ ঙ্ খ | বা ০০০ জি | ল ০ ০

II {সা -রা গা | -া -া -া | ধা না রা | সা -া -া I সা রা গা |
{সে ন্ ধা | র সু খ | ক র প | র শ নে জু ড়া ল

হ্মা -া পা | গহ্মা গহ্মা পা | -া -া -া I পা -া ধা | -া -া না |
জ গ ত | জা০ ০০ ০ | লা ০ ০ শা ন্ তি | বি লা য় |

পা ধা হ্মা | পা হ্মা গা I রা গা রা | -া পা -া | গা রনা রা |
জ নে জ | নে আ জি ব ন হ' | তে ব ন | বা ০০ ০ |

সা -া -া I পা হ্মা গা | ধপা ধপা ধা | র্সা -া -া | -া -া -া I
লা ০ ০ ত টি নী | ম০ ধু০ র | ক ল ক | ল তা নে

র্সা র্রা -া | -া র্সর্রগা -া | র্রা -র্সা -া | নধা নধা পা I গা হ্মপা পা |
ব বি ছে | সা রে০০ বে | ব ন্ দ | না০ গা০ নে আ মা০ র |

-া	-া	-া	ক্ষা	ধা	না	র্রা	র্সা	-া I	পা	-া	-া	ক্ষগা	ধা	পা
প	রা	নে	কে	ম	নে	কে	জা	নে	বি	০	শে	র০	প্রী	তি

সা	-রা	-গা	পা	-া	-া	গা	-া	রা	গা	ধা	পা	গা	রসনা	রা
উ	প	জি	ল	০	০	আ	র	তি	শ	ঙ্	খ	বা	০০০	জি

সা	-া	-া II II
ল	০	০

সংবাদ

আনন্দ সংবাদ

সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকার পাঠক-পাঠিকাগণ সমীপে আজ একটী পরম আনন্দের সংবাদ নিবেদন করিতেছি। বহুদিন বঙ্গদেশে প্রকৃত আলাপবিদ্ তন্ত্রকারের আসন শূন্য ছিল। একদিন যে বঙ্গদেশে রবাবী বাসৎ খাঁ ও কাশিম্ আলি খাঁ ও বীণকার উজীর খাঁ সাহেব সঙ্গীত সভা অলঙ্কৃত ক'রে বহুদিন ছিলেন। সেই বাংলায় বীণা ও রবাব যন্ত্র কিরূপ, তাহা অনেকেই বোধ হয় জানেন না। অবশ্য ইম্দাদ্ খাঁ ও এনায়েৎ খাঁ সুরবাহার ও সেতারে এবং কৌকভ্ খাঁ স্বরদ যন্ত্রে যন্ত্রসঙ্গীতের উৎকর্ষ যথেষ্ট দেখাইয়াছেন এবং তাঁদের দান অমূল্য, কিন্তু ভারতবর্ষের আদি ও সর্ব্বশ্রেষ্ঠ বীণা যন্ত্রের বাদন পরিচয় খুব কম লোকেই আজ জানেন।

বিশেষ সুখের বিষয়, স্বর্গীয় উজীর খাঁ সাহেবের পৌত্র দবীর খাঁ বীণকার রামপুর হইতে সম্প্রতি কলিকাতায় আসিয়াছেন ও গুণীজনবৎসল সঙ্গীতবিদ্যার একনিষ্ঠ সাধক গুণী কুমার ক্ষেমেন্দ্রমোহন ঠাকুর মহাশয়ের বীণা শিক্ষক-পদে প্রতিষ্ঠিত হইয়াছেন। দবীর খাঁর নিকট সুপ্রাচীন সঙ্গীত বিদ্যার সকল গূঢ়তম বিভাগই করায়ত্ত। সঙ্গীত-শাস্ত্রে তাঁহার যেরূপ অসামান্য অধিকার তদ্রূপ ক্রিয়া-বিভাগেও তাঁহার পারদর্শিতার তুলনা নাই। বীণা বাদনে দ্বাদশ অঙ্গ তাঁহার করায়ত্ত। সমুদয় রাগ রাগিণীর মূলস্বরূপ ও অঙ্গপ্রত্যঙ্গের অনন্তপ্রকার বৈচিত্র্য তিনি যন্ত্রে দেখাইয়া থাকেন। বিস্তার ক্ষমতা তাঁহার এত যে এক এক রাগের আস্থায়ী তিন দিন পর্য্যন্ত তিনি বাজাইতে পারেন। বিলম্বিত, মধ্য, দ্রুত, ঝালা, ঠোক, লড়ি, লড়গুথাও লড়লপেট্, সুরপরন্, তারপরন্ সর্ব্ববিষয়ে তাঁহার সমান কৃতিত্ব! মৃদঙ্গের সহিত বীণার সঙ্গতের কথা আমরা পুস্তকেই পড়িয়াছি কিন্তু আজ সমগ্র ভারতে তিনিই শুধু মৃদঙ্গ সঙ্গতে বীণার সর্ব্বপ্রকার বাদন আয়ত্ত করিয়াছেন। দবীর খাঁ স্বগৃহে সঙ্গীত শিক্ষার্থীগণের শিক্ষার ব্যবস্থা করিয়াছেন। যাঁরা যন্ত্রসঙ্গীতের অনুরাগী তাঁদিকে সেতার,

স্বরোদ বা যে কোনও যন্ত্রে আলাপ বা গৎ তিনি আগ্রহ-সহকারে শিক্ষা দিতে প্রস্তুত আছেন। তিনি শিক্ষিত ও উচ্চ অন্তঃকরণ বিশিষ্ট বিদ্যা বিতরণে উৎসুক। কুমার ক্ষেমেন্দ্রমোহন ঠাকুর মহাশয়ের সহিত সাক্ষাৎ করিলে অন্যান্য বিষয় জ্ঞাত হইতে পারা যাইবে। কলিকাতার সঙ্গীত সাধক-সাধিকাগণ এই সুযোগ আশা করি উপেক্ষা করিবেন না।

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

—

সঙ্গীত সভা

আমরা শুনিয়া সুখী হইলাম, গত ২৭এ অক্টোবর ভাগলপুরস্থ মোক্ষদা বালিকা বিদ্যালয়ের প্রধানা শিক্ষয়িত্রী শ্রীযুক্তা নির্ম্মলা বসু ও শ্রীযুক্তা উর্ম্মিলা বন্দ্যোপাধ্যায় মহোদয়া দ্বয়ের আহ্বানে সঙ্গীতভারতী শ্রীবাণী দেবী "প্রাচ্য সঙ্গীতের বাণী" বিষয়ে একটি সুন্দর বক্তৃতা করিয়াছিলেন। ঐ বক্তৃতা উপস্থিত শ্রোতৃবৃন্দের এতই হৃদয়গ্রাহী হইয়াছিল যে, তাঁহার দ্বারা আরও কয়েকটী বক্তৃতা দেওয়াইবার প্রস্তাব চলিয়াছিল, কিন্তু বাণী দেবী কলিকাতায় ফিরিয়া আসাতে তাহা কার্য্যে পরিণত হয় নাই। আমরা বাণী দেবীকে উহার জন্য অভিনন্দিত করিতেছি।

—

সঙ্গীত জলসা

গত ৫ই নভেম্বর শনিবার সন্ধ্যায় মিঃ এডগার, এল, বেণ্টন্ মহাশয়কে ভবানীপুর 'রঞ্জন-ভিলাতে' ভারতীয় উচ্চসঙ্গীত শুনাইবার জন্য আমন্ত্রিত করা হইয়াছিল। মিঃ বেণ্টন্ আমেরিকার একজন প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ, তিনি আমাদের দেশের ইংরাজী বিদ্যালয় সমূহে ইউরোপীয় সঙ্গীতের পরীক্ষা লইতে আসিয়াছেন। উক্ত দিবস কলিকাতার লর্ড বিশপ মহোদয়েরও সভায় উপস্থিত হইবার কথা ছিল, কিন্তু তিনি অসুস্থতা বশতঃ যোগদান করিতে পারেন নাই। কলিকাতার বহু গণ্যমান্য ব্যক্তি এবং মহিলাবৃন্দ ঐ সভায় উপস্থিত ছিলেন। রায় শ্রীযুক্ত চণ্ডীচরণ চট্টোপাধ্যায় বাহাদুর সভাপতির আসন গ্রহণ করেন। মিঃ বেণ্টন বিলাতে একবার রবীন্দ্রনাথের গান শুনিয়াছিলেন, হিন্দুস্থানী সঙ্গীত পূর্ব্বে কখনও শুনেন নাই। রায় শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র বাহাদুর মহোদয় তাঁহাকে হিন্দুস্থানী সঙ্গীতের সহিত রবীন্দ্রনাথের সুরের পার্থক্য বুঝাইয়া দেন। অতঃপর শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এ মহোদয় সঙ্গীত সম্বন্ধে ইংরাজীতে একটী বক্তৃতা দেন। তাহাতে তিনি ভারতীয় সঙ্গীতের আদর্শ, রাগ-রাগিণীর অর্থ, কড়ি কোমল সুর এবং রাগ রাগিণীর উপর তাহাদের প্রভাব; নির্দ্দিষ্ট সময়ে নির্দ্দিষ্ট রাগরাগিণী গাহিবার রীতি, উচ্চসঙ্গীতের চারিপ্রকার শ্রেণীর গান ও তাল সম্বন্ধে সম্যক বুঝাইয়া দেন। ভারতীয় সঙ্গীতের সহিত ইউরোপীয় সঙ্গীতের বিশেষ কয়েকটী প্রভেদ সম্বন্ধেও কিছু বলেন, যথা ভারতীয় সঙ্গীতে Melody এবং ইউরোপীয় সঙ্গীতে Harmony প্রধান। ভারতীয় সঙ্গীত যাঁহারা সম্পূর্ণভাবে আয়ত্ত করিয়াছেন, তাঁহারা যে কোন সুরকে ইচ্ছানুযায়ী সাজাইতে পারেন। কিন্তু ইউরোপের গায়ক ও বাদকের সে স্বাধীনতা নাই, তাঁহারা স্বরলিপি দৃষ্টে লিখিত গান গাহিয়া থাকেন। আমাদের দেশে সপ্তক ৭টী সুরের সমষ্টি কিন্তু ইউরোপীয় সঙ্গীতের 'অক্টেভ' ৮টি সুরের সমষ্টি। এত প্রকার রাগ রাগিণী এবং তাল ইউরোপীয় সঙ্গীতে নাই। বক্তৃতার পর একটী খ্যাল গান গাহিয়া দেখান যে কিরূপভাবে তান প্রভৃতি ইচ্ছামত দেওয়া যায়। সঙ্গীতনায়ক শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় মহাশয় একটী শ্রীরাগ গাহিয়া-

ছিলেন। শ্রীযুক্ত প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়, বীণ ও সুরবাহারে বসন্ত ও দেশ আলাপ করেন, শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় দুইটি খ্যাল গান করেন, শ্রীভীষ্মদেব চট্টোপাধ্যায় এবং অন্যান্য গায়কগণও খ্যাল, ঠুংরী প্রভৃতি গাহিয়াছিলেন। কয়েকটি বালিকারও গান হইয়াছিল। রাত্রি ৯॥ টায় সভা ভঙ্গ হয়।

আসর

গত ৫ই নভেম্বর শনিবার, ২০ নং চৌরঙ্গীতে আসরের মাসিক অধিবেশন হইয়াছিল। বিখ্যাত সারেঙ্গী বাদক ছোটে খাঁ এবং জয়পুরের বালক নর্ত্তক শোভনলালের অপূর্ব্ব নৃত্য হইয়াছিল। 'আসরে'র পরিচয় সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকায় পূর্ব্বে দিয়াছি। এই ধরণের প্রতিষ্ঠান কলিকাতায় যতগুলি থাকে, ততই সঙ্গীতের পক্ষে মঙ্গলের বিষয়। ইহার উদ্দেশ্য প্রতিমাসে একবার করিয়া গায়ক এবং বাদকদের উপযুক্ত দক্ষিণা দিয়া বৈঠকের বন্দোবস্ত করা। এই সমস্ত ব্যয়ভার উক্ত সমিতির সভ্যগণই বহন করেন। দুই বৎসর পূর্ব্বে ডাঃ সুধীর মজুমদার, স্বর্গীয় মন্মথ গাঙ্গুলী, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মজুমদার বার-এট-ল, শ্রীযুক্ত ক্ষিতীশ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত মিহিরকিরণ ভট্টাচার্য্য প্রমুখ কয়েকজন সঙ্গীতোৎসাহীর চেষ্টায় এই সমিতির প্রতিষ্ঠা হয়। বহু ভদ্রমহিলাও উক্ত সমিতির পৃষ্ঠপোষক এবং নিয়মিতভাবে যোগদান করিয়া উচ্চসঙ্গীতে উৎসাহ দিয়া থাকেন।

সঙ্গীত সম্মিলনী

সঙ্গীত সম্মিলনীর প্রতিমাসিক জলসা গত ২৬এ নভেম্বর সুসম্পন্ন হইয়াছে। শ্রীযুক্তা সরলা দেবী চৌধুরাণী শ্রীযুক্তা ইন্দিরা দেবী চৌধুরাণী, শ্রীযুক্তা কে, সি, দে প্রমুখ বিশিষ্ট মহিলাবৃন্দ এবং বহু ভদ্রমহোদয়গণ উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত বিনয়মাধব মুখোপাধ্যায় মহাশয়ের স্বরদ বিশেষভাবেই সমাদৃত হইয়াছিল। মারহাট্টি মহিলা কন্‌সার্ট পার্টির (কেবল মহিলাদ্বারা পরিচালিত) কনসার্ট খুবই উপভোগ্য হইয়াছিল। শ্রীযুক্ত শচীন দাসের ঠুংরী গান, শ্রীযুক্ত অনিল বিশ্বাসের হিন্দী খেয়াল, শ্রীযুক্ত মণীন্দ্র চক্রবর্ত্তীর সুমধুর বাংলা গান এবং শ্রীযুক্ত মণীন্দ্র বর্দ্ধন মহাশয়ের বেণু বিশেষভাবে উল্লেখযোগ্য। কুমারী আভা গুহের বাংলা গান সুমধুর। কুমারী গীতা দাসের নৃত্য অতিশয় সুললিত হইয়াছিল। সর্ব্বশেষে বিক্রমসিং নাহার বেহালা এবং শ্রীযুক্ত হিমাংশুকুমার দত্ত, সুরসাগর মহাশয়ের বাংলা গানে আমরা মুগ্ধ হইয়াছি। সঙ্গীত সম্মিলনীর এই জল্‌সা প্রত্যেক ইংরাজী মাসের শেষ শনিবারে হয়, ইহা কেবল নিমন্ত্রিত এবং সভ্যদের জন্য।

ভারতীয় সঙ্গীত প্রতিষ্ঠান

বিগত ২৬এ নভেম্বর, শনিবার প্রতিষ্ঠানের শিক্ষা-মন্দিরে (৫৮এ, নারিকেলডাঙ্গা মেন রোড, কলিকাতা) উদ্বোধন-উৎসব উপলক্ষে সঙ্গীত জলসার অনুষ্ঠান হইয়াছিল। বিখ্যাত ধ্রুপদী সঙ্গীতাচার্য্য শ্রীযুত গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়াছিলেন। সন্ধ্যার কিছু পরে সভার কার্য্য আরম্ভ হইয়া রাত্রি একটার পরে সভাপতির আশীর্ব্বাদ গ্রহণানন্তর সভাভঙ্গ হয়। নিমন্ত্রিতবর্গের মধ্যে সঙ্গীতনায়ক শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় ও মাননীয় শ্রীযুক্ত কৃষ্ণকিশোর দাস মহাশয় বিশেষ কারণ বশতঃ যোগদান করিতে পারেন নাই।

জলসা

গত ২৭এ নভেম্বর ১৪ নং আমহার্ষ্ট ষ্ট্রীটে, শ্রীযুক্ত সন্তোষকুমার মুখোপাধ্যায়ের ভবনে একটী জলসা হইয়াছিল। ভারত বিখ্যাত, ৯৭ বৎসর বয়স্ক, ওস্তাদ বদল খাঁ এই জলসার সভাপতি ছিলেন, এবং এই পরিণত বয়সেও তিনি গান গাহিয়া সমবেত ভদ্রলোকদিগকে মুগ্ধ করিয়াছিলেন। পরে খাঁ সাহেবের সুযোগ্য ছাত্র ভীষ্মদেব চট্টোপাধ্যায়, শচীন দাস, বিভূতি দত্ত ও ভীষ্মদেব বাবুর সুযোগ্য ছাত্র নরেন্দ্রকৃষ্ণ মুখোপাধ্যায়, হীরেন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায় প্রভৃতি বিশিষ্ট গায়কগণ খেয়াল, ঠুংরী ও গজল গানে সকলকে পরিতৃপ্ত করেন। পরে বিনয়বাবু ও ভোলাবাবুর স্বরোদের সহিত বিশ্বনাথ কুণ্ড ও গোপাল প্রামাণিকের তবলা সঙ্গত বেশ শ্রুতিমধুর হইয়াছিল।

—

তিমিরবরণ ফ্যামিলি অরকেষ্ট্রা

সাধারণতঃ প্রতি ইংরাজী মাসের প্রথম সপ্তাহের রবিবারে ইহার অধিবেশন হয়। গত ৪ঠা ডিসেম্বরের অধিবেশনে এই অভিনব অরকেষ্ট্রার পরে শ্রীযুক্ত হরিদাস গোস্বামীর বাংলা ও হিন্দী গান এবং শচীন্দ্রনাথ দাসের ঠুংরী ও খেয়াল গানে সকলেই মুগ্ধ হন। পরিশেষে শ্রীযুক্ত হিমাংশুকুমার দত্ত, সুরসাগর মহাশয়ের এবং শ্রীযুক্ত গোবর্দ্ধন মুখোপাধ্যায়ের বাংলা গান অত্যন্ত উপভোগ্য হইয়াছিল। ওস্তাদ আবেদ হোসেনের ছাত্র শ্রীযুক্ত শিশির-শোভন ভট্টাচার্য্য মহাশয়ের তবলা সঙ্গত বিশেষভাবে উল্লেখযোগ্য। উপস্থিত বিশিষ্ট ভদ্রমহোদয়গণের মধ্যে ওস্তাদ্ মেহেদী হোসেন, শ্রীযুক্ত শক্তিপদ চক্রবর্ত্তী (ডেপুটী কমিশনার অফ পুলিস) স্বনামধন্য প্রয়োগশিল্পী সস্ত্রীক শ্রীযুক্ত সতু সেন, তন্নুলালজী, শ্রীযুক্ত হরেন্দ্রলাল ঘোষ মহাশয়গণের নাম বিশেষভাবেই উল্লেখযোগ্য।

—

সম্পাদকীয় নিবেদন

এই সংখ্যায় স্থানাভাব বশতঃ এলাহাবাদ মিউজিক কন্‌ফারেন্সের Report প্রকাশিত হইল না। আগামী সংখ্যায় প্রকাশিত করিবার বাসনা রহিল। বিশেষ কারণ বশতঃ উক্ত কন্‌ফারেন্সে শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত রমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়, ওস্তাদ আপ্তাবুদ্দিন খাঁ সাহেব প্রভৃতি যোগদান করিতে পারেন নাই।

—সম্পাদক

ভ্রম-সংশোধন

গত অগ্রহায়ণ (১৩৩৯) সংখ্যায় আমার প্রদত্ত গানের স্বরলিপিতে কিছু ভুল আছে নিম্নে সংশোধন করিলাম।

পৃষ্ঠা :—৪৯৫।

	০	১			০	১	
II	নধা নমা ধা	পা মপা মপা	হইবে না।	II	নধা নম্মা ধা	পা মপা মপা	এইরূপ হইবে।
	ভ০ জ০ রে	০ ম ন			ভ০ জ০ রে	০ ম ন	

১	+		১	+	
পা রা রা	গপা মধা পা	হইবে না।	পা রা রা	গপা ম্মধা পা	এইরূপ হইবে।
জা ০ য়	কা০ ০০ টে		জা ০ য়	কা০ ০০ টে	

শ্রীবিজয়কৃষ্ণ দাস (নচু)।

৯ম বর্ষ মাঘ, ১৩৩৯ সাল ১০ম সংখ্যা

আবাহনী

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

এস কুন্দ-ধবল-বরণা জননী
কমল-বন-বিহারিণী।
এস গীর্দ্দেবী, সুধা-দায়িনী,
সঙ্গীতে বীণাবাদিনী।

এস ভকত বাঞ্ছিত পঙ্কজ-আসনা
শারদা, বরদা, ফুল্ল-সুহাসনা,
শত-মণি-দীপ্ত কিরীট শোভনা
এস সুধীজন মনোচারিণী।

এস সস্মিতদায়িনী শান্ত সুলোচনা
লহ ভকতি বিরচিত প্রীতি-অর্চ্চনা,
মঙ্গল-কারিণী, অঞ্জলি লহমা
এস অজ্ঞান তমোহারিণী।

বাণী-বন্দনা

পূরবী—একতালা

অয়ি শ্বেত বসনা বাণী
তব প্রসাদে হয় মা জ্ঞানী,
মম তম বিনাশি' দাও মাগো
শুভ্র আলোক আনি।

তোমারি বীণা ঝঙ্কারে
মুগ্ধ রেখেছ চরাচরে,
ধন্য করেছ বিশ্বজনে
তোমার করুণা দানি'॥

(সময় দিবা ৪র্থ প্রহর, সম্পূর্ণ জাতি, ঠাট বিকৃত, দুই ম, কোমল ঋ, বাদী পঞ্চম।)

কথা—সঙ্গীতাচার্য্য শ্রীসত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায় — সুর—হিন্দী খ্যালের অনুকরণে

স্বরলিপি—শ্রীমতী ইভা গুহ (সঙ্গীত সম্মিলনীর উচ্চশ্রেণীর ছাত্রী)

আস্থায়ী

০ ১ ২ ৩ ০
পা পা II পা না ধা | পহ্মা পা হ্মা | গা মা গা | -া গা ঋা I গা গা হ্মা |
অ য়ি শ্বে ০ ত . ব ০ স না . বা ০ ণী ০ ত ব প্র সা দে

১ ২ ৩ ০ ১
গহ্মা পা হ্মা | গা ঋা গা | ঋা সা সা I ন্‌া ঋা গা | হ্মগা পা পা |
হ ০ য় মা জ্ঞা ০ ০ নী ম ম ত ম বি না০ ০ সি

২´ ৩ ০ ১ ২´ ৩
হ্মপা ধনা হ্মপা | হ্মগা মা গা I হ্মধা নর্ঋা না | (ধ)পপহ্মা গা মা | গা ঋা -া | সা II
দা০ ০০ ০০ ০ও মা গো শু০ ০০ ভ্র আ০০ লো ক আ ০ ০ নি

অন্তরা

II {গা গা গা | জ্ঞাধা নর্সা র্সা | র্সা না ঋা | র্সা -া -া I র্সা না ঋা |
তো মা বি | বী০ ০১ না | ঝ ০ ঙ্কা | বে ০ ০ | মু ০ হু |

র্গা ঋা র্সা | না ধা না | পপা -া -া I পা না ধপা | জ্ঞা পা পা |
বে গে ছ | চ ম চ | বে০ ০ ০ | ধ ০ ন্য০ | ক বে ছ |

জ্ঞা পা জ্ঞা | গা মা গা I গা গা জ্ঞা | ধা র্সা র্সা | জ্ঞপা ধনা র্সঋা |
বি ০ শ্ব | ০ জ নে | তো মা র | ক রু ণা | দা০ ০০ ০০ |

র্সনা ধপা জ্ঞজ্ঞা | পা না II II
নি০ ০০ ০০ | "শ্বে ০"

১ম তান—I গজ্ঞা পধা নধা | পজ্ঞা গঋা সসা I
আ০ ০০ ০০ | ০০ ০০ ০০

২য় তান—I র্সনা ধপা জ্ঞগা | নগা ঋসা ন্‌সা I
আ০ ০০ ০০ | ০০ ০০ ০০

৩য় তান—I র্গর্গা র্সর্সা নধা | ঋঋা র্সনা ধপা | নধা ধপা জ্ঞগা |
আ০ ০০ ০০ | ০০ ০০ ০০ | ০০ ০০ ০০ |

মগা গঋা সসা II
০০ ০০ ০০

স্বরলিপি

সেদিন দুজনে দুলেছিনু বনে
ফুলডোরে বাঁধা ঝুলনা,
সেই স্মৃতিটুকু কভু ক্ষণে ক্ষণে
যেন জাগে মনে ভুলোনা।

সেদিন বাতাসে ছিল তুমি জানো
আমারি মনেরি প্রলাপ জড়ানো,
আকাশে আকাশে আছিল ছড়ানো
তোমার হাসির তুলনা।

যেতে যেতে পথে পূর্ণিমা রাতে
চাঁদ উঠেছিল গগনে ;
দেখা হয়েছিল তোমাতে আমাতে
কী জানি কী মহা-লগনে।

এখন আমার বেলা নাহি আর
বহিব একাকী বিরহের ভার ;
বাঁধিনু যে রাখী পরাণে তোমার
সে রাখী খুলোনা খুলোনা ॥

কথা ও সুর—শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর

স্বরলিপি—শ্রীদিনেন্দ্রনাথ ঠাকুর

[সন্া]
II { ন্া সা -জ্ঞা রা | জ্ঞা -রা জ্ঞা -া I পা পা পদা ᵈপা | মপা মজ্ঞা -া -া
সে দি ন্ দু | জ ০ নে ০ দু লে ছি০ নু | ব০ নে০ ০ ০

পা পা দা পা | মা জ্ঞা রা সন্া I সা -জ্ঞা -া -া | -া -া -া (রা)}
ফু ল ডো রে | বাঁ ধা ঝু ল০ না ০ ০ ০ | ০ ০ ০ ০

-া I মা -পা -া পা | পা -া পা পমা I পণা ণা ণা ধা | ণা -ধা র্সণা -ধা
০ সে ই ০ স্মৃ | তি ০ টু কু০ ক০ ভু ক্ষ ণে | ক্ষ ০ ণে০ ০

পা ধা পা মা | মা -গা গা -া I গা মা মা -া | মা পমা পজ্ঞা -া
যে ন জা গে | ম ০ নে ০ ভু লো না ০ | ভু ০লো ০না ০

জ্ঞা -রা সা -ন্া | সা -জ্ঞা -া -া II
ভু ০ লো ০ | না ০ ০ ০

-া II পর্সা র্সা -া র্সা | র্সা -না র্সা -া I র্রা র্সা র্সা ণা | ণা -ধা ণা -া
০ সে০ দি ন্ বা | তা ০ সে ০ ছি ল তু মি | জা ০ নো ০

রা জ্ঞা মা মা | পা -া পা -া I পা দা ণা পা | ণদা -পমা পা -া
আ মা রি ম | নে ০ রি ০ প্র লা প জ | ড়া ০০ নো ০

পা ণা ণা ধা | ণা -ধা ণা -া I ধা র্সা ণা ণা | দা -া পা -া
আ কা শে আ | কা ০ শে ০ আ ছি ল ছ | ড়া ০ নো ০

পা ধা পা মা | গা গা গা গা I মা -া মা পা | মপা -জ্ঞা জ্ঞরা সন্া I
তো মা রি হা | সি র তু ল না ০ ভু লো | না০ ০ ভু০ লো০

সা -জ্ঞা -া -া | -া -া -া -রা II
না ০ ০ ০ ০ ০ ০ ০

-া II ন্া ন্া ন্া পন্া | ন্া -সা সা -া I সা -জ্ঞা জ্ঞা রা | মজ্ঞা -রা সা -া
০ যে তে যে তে০ | প ০ থে ০ পূ র্ ণি মা | রা০ ০ তে ০

সা -পা পা পা | ধা পা মগা রগা I মা -া -া -া | -া -া -া -া
চাঁ দ্ উ ঠে | ছি ল গ০ গ০ নে ০ ০ ০ | ০ ০ ০ ০

মা পা পা পা | পা -া পা -মা I পণা ণা ণা ধা | ণা -ধা ণা -া
দে খা হ য়ে | ছি ০ ল ০ তো০ মা তে আ | মা ০ তে ০

অন্তরা

\+   0   +   0   +   0
পঃ০ মঃ০ গঃ ¦ ররসা সররা ¦ ন্‌ন্‌সা সসসা ‖ -া সা | সঃ০ গঃ০ রঃ | সরা সঃ ন্‌ঃ |
মা০ টি০ গো ¦ সা০ই জী০০ ¦ কো০ন্‌ র০ঙে ‖ ০ অঙ্গে | হা০ ডে০ র | ছা০ উ নী |

\+   0   +   0   +   0
সঃ০ গঃ০ রঃ ¦ সরা সঃ ন্‌ঃ | সা গা ¦ মা পধা | মঃ পঃ০ -া ¦ -া -া |
চা মে ব ¦ বাঁ০ ধ নি | ব ন্দে ¦ ব ন্দে০ | জো ড়া০ ০ ০ ০ |

\+   0   +   0   +   0
মঃ০ নঃ০ পঃ | পা পা | পঃ০ নঃ০ ধঃ ¦ পঃ ধঃ পঃ মঃ | গাঃ গঃ | মা পা ¦
সে০ ই০ না | ঘ রে | প০ হ০ রা ¦ ম ন রা জ | কেম নে | চো রায়্‌ ¦

\+   0   +
পঃ০ মঃ০ গঃ | রসা সঃ রঃ | ন্‌ন্‌সা সসসা ‖ অন্যান্য কলি অন্তরারই মত হইবে।
চু০ রি০ ক | রে০ গো সাঁই | কো০ন্‌ র০ঙে ‖

বেহাগ

কল্যাণ ঠাটের ওড়ো সম্পূর্ণ রাগ ইহার আরোহীতে রেখাব এবং ধৈবত বর্জ্জিত। অবরোহী সম্পূর্ণ। ইহার রেখাব ও ধৈবতে একটু জোর দিলে বেলাবল হইয়া যাইবে। অবরোহীতে রেখাব এবং ধৈবত দুর্ব্বলভাবে ব্যবহার হইবে। গান্ধার বাদী এবং নিখাদ সম্বাদী। গান্ধার গ্রহস্বর। নিখাদ বেশী ব্যবহার করা উচিৎ। আরোহীতে স্বাভাবিক মধ্যম। অবরোহীতে কড়ি মধ্যম এবং শুধ মধ্যম। কেহ কেহ ইহাকে বেলাবল ঠাটে সকল স্বর স্বাভাবিক করিয়া ব্যবহার করেন। গাইবার সময় রাত্রি দ্বিতীয় প্রহর।

আরোহী :—সা গা মা পা না র্সা

অবরোহী :—র্সা না ধা পা হ্মা গা মা গা রা সা
র্সা না ধা পা মা গা রা সা

বেহাগ—চৌতাল

শিরি শিরি পবন চলত হ্যায় মাইরি ফয়েল রহে চাঁদনি ন থোরি ন থোরি,
নিশিদিন মগহুঁ ললা গত লালন বিন কপোলন অলখ বিথোরী।

প্রাপ্ত—(তানসেনের বংশধর) মহম্মদ আলী খাঁ সাহেব   স্বরলিপি—শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী

```
   +          ০          ১          ০          ১            ১           +          ০
II          |          |          |       ন্সা | ন্া  প্া  |  সা  সা  |  সা  ন্া  | রসা  ন্না |
                                           শিয়ে | বি   ০   | শিয়ে রি  |  প    ব   | ০০   নচ  |

 ১          ০          ১          ১          +           ০             ১           ০
ন্া   সা | -া   সা | সা   গা | -া   সা | পা  মগা | মপা গমা | গা  রসা | সা   সা |
ল     ০  | ০    ত  | হ্যা  য় | ০    ০  | মা   ০  | ই০  ০০  | রি  ০০  | ফয়   লে |

 ১          ১          +           ০           ১          ০           ১          ১
সা   মা | গা   -া | পা   ধা | মপা  -া | না   না | র্সা  না | পা   -া | নধা  পা |
র    হে | ০    ০  | চাঁ   দ  | ০০   ০  | নি   ০  | ০    নি | থো   ০  | রি০  নি |

 +          ০           ১           ০            ১          ১
পা   -া | গমা  পমা | গা  রসা | -া  ন্সা | ন্া  প্া | সা   সা II
থো   ০  | ০০   ০০  | বি   ০০  | ০   শিয়ে | বি   ০  | শিয়ে  রি

   +             ০            ১           ০                ১                 ১            +
II পপা নর্সা | র্সা র্সা | র্সা  না | র্রা  র্সনা  র্সনা র্সর্সা | ননধা  পপা | পা নর্সা |
   নিশি দি০  |  ন   মগ  | হুঁ   ০  | ০   ললা   ০গা  তলা  | লন০  বিন  | ক  পো০  |

 ০             ১               ০             ১             ১            +            ০
র্গর্মা র্গা | র্রর্সা নর্সা | নর্সা র্সা | নধা  পা | নধা  পা | ধপা  মপা | গমা  পমা |
ল০    ন   | ০০    আল   | খ০    বি  | থো০  ০  | রী০  বি | থো০  ০০  | ০০   ০০  |

 ১          ০          ১          ১
গা   -া | সা       |          |          II
রী   ০  | ০        |          |
```

স্বরলিপি

টঙ্ক—তেতালা

নমি পদ কোকনদে জননী
সুস্মিতা-সুনয়না ইন্দু নিভাননী ॥

সুশুভ্র বরণী সুললিত ভাষিণী সারদা বরদা সুখদা মোক্ষদা
সরোরুহ বাসিনী সত্য সনাতনী। কামদা কল্যাণী জ্ঞানের রাণী।
নিখিল নন্দিতা বিধাতৃ বন্দিতা সুধি-সু-স্নেহশীলা করুণা পীযূষ ঢালা
বাঙ্ময়ী বেদমাতা বাণী বীণাপাণি। অমলা সমুজ্জলা মরালবাহিনী ॥

কথা, সুর ও স্বরলিপি—সঙ্গীতাচার্য্য শ্রীভোলানাথ মুখোপাধ্যায়

আস্থায়ী

০ ১ ২ ৩
II র্সা র্সা ণা ধা | মা ধা ণা ধা | মা ধা ণা র্সা | মা জ্ঞা রা সা I
ন মি প দ | কো ক ন দে | জ ন নী ০ | ০ ০ ০ ০

০ ১ ২ ৩
সা ণ্া ধ্া ধ্া | ম্া ধ্া ণ্া সা | মা ধা ণা ধা | মা জ্ঞা রা সা II
সু ০ স্মি তা | সু ন য় না | ই ০ ন্দু নি | ভা ০ ন নী

১ম ও ২য় অন্তরা

০ ১ ২ ৩
II মা ধা ণা ধা | মা ধা ণা র্সা | র্সা র্মা র্জ্ঞা র্রা | র্সা ণা ধা -া I
১ সু শু ০ ভ্র | ব র ণী ০ | সু ল লি ত | ভা ষি ণী ০
২ সা র ০ দা | ব র দা ০ | সু ০ খ দা | মো ক্ষ দা ০

০ ১ ২ ৩
মা ধা ণা ধা | মা জ্ঞা রা সা | মা ধা ণা ধা | মা ধা ণা র্সা I
১ স রো রু হ | বা ০ সি নী | স ০ ত্য স | না ত নী ০
২ কা ০ ম দা | ক ০ ল্যা ণী | জ্ঞা ০ নে র | রা ০ ণী ০

০ র্সা র্রা র্রা র্রা | ১ র্সা র্রা জ্ঞা জ্ঞা | ২ র্সা র্মা জ্ঞা র্রা | ৩ র্সা র্সা ণা ধা I
১ নি খি ০ ল | ন ০ ন্দি তা | বি ধা ০ তৃ | ব ০ ন্দি তা
২ সু ধি ০ সু | স্নে হ শী লা | ক রু ০ ণা | পী যূ ষ ঢা লা

০ র্সা র্রা ণা র্সা | ১ ধা ণা মা ধা | ২ মা ধা ণা ধা | ৩ মা জ্ঞা রা সা II
১ বা গ্ব ০ য়ী | বে দ মা তা | বা ০ ণী বী | ণা ০ পা নি
২ অ ০ ম লা | স মু জ্জ ল | ম ০ বা ল | বা ০ হি নী

১ম তান—২ মধা মধা মধা ণর্সা | ৩ মধা ণধা মজ্ঞা রসা II
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

২য় তান—১ র্সর্রা ণর্সা ধণা মধা | ২ মধা ণধা মজ্ঞা রসা | ৩ সণ্ া ধ্ম্া ম্ধ্া ণ্সা II
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

৩য় তান—০ মধা মধা ণর্সা র্সর্মা | ১ জ্ঞর্রা র্সণা ধধা মধা | ২ মধা ণর্সা র্সণা ধমা |
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

৩ মজ্ঞা রগা সণ্া ধ্সা II
০০ ০০ ০০ ০০

রূপ—সম, মজ্ঞ, মরস, সণ্ধ্, ম্ধ্ণ্স, মজ্ঞ, মরস, মধ, ণধ, মধণর্স, র্সর্র, র্মর্জ্ঞ,

র্মর্রর্স, র্সণধ, মধণর্স, নধ, মধ, মজ্ঞ, মরস।

টঙ্ক অষ্টাদশ কানড়ার মধ্যে ১টি দেশগত কানড়া। এই রাগিণীটি খাড়ব জাতীয়। প বিবাদী, ম বাদী, ধ সম্বাদী। কোমল জ্ঞ, ণ। সময় ২য় প্রহর।

স্বরলিপি

মালগুঞ্জ—ত্রিতাল (মধ্যগতি) *

পিয়াসী পরাণ মিছে কেন গো কাঁদে
বাঁধিয়া বুকের বীণা কেন গো সাধে।

এ দু'টী সজল আঁখি
স্বপন রেখেছে মাখি',
আজিকে সকলি ফাঁকি
মায়ার ফাঁদে।

ছিঁড়েছে বুকের মালা
বাড়িল প্রাণের জ্বালা,
আলেয়া জ্বাল গো মিছে
আঁধার সাথে॥

কথা—শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

সুর ও স্বরলিপি—শ্রীশৈলেশকুমার দত্তগুপ্ত

০ [গা -জ্ঞা বা সা] ১ + ৩
গা II রা -সা সা রা | ন্‌া সা ধ্‌া ণ্‌া | সা গা মা পা | মা -গা -মা মা I
পি য়া ০ সী প | রা ণ মি ছে | কে ন গো কাঁ | দে ০ ০ বাঁ

০ ১ + ৩
ধা -মা ধা ধা | ণা -া র্সা -া | ণা ণা ধা -া | পমা গা মা মা II
ধি ০ য়া বু | কে র বী ণা | কে ন গো সা | ধে ০ ০ "পি"

০ ১ + ৩
II { মা মা ধমা ধা | ণা ণা র্সা র্সা | না না না র্সা | নর্সর্া র্সা ণা ধা } |
এ দু টী স | জ ল আঁ খি | স্ব প ন রে | খে০০ ছে মা খি

০ ১ + ৩
ধা ধা ধা ণা | ধা পা মা গা | সা গা মা পা | মা -গা -মা মা II
আ জি কে স | ক লি ফাঁ কি | মা য়া র ফাঁ | দে ০ ০ "পি"

* 'মুরলী কি ধুন শুনি সখীরি আজ" এই হিন্দি গানটীর ছায়াবলম্বনে অনেকটা সুর করা হইয়াছে।

II { গা গা গা মা | গা রা সা সা | না -া সা রা নর্সা সা ণা ধা }
{ ছি ড়ে ছি বু | কে র মা লা | বা ড়ি ল প্রা ণে০ র জ্বা লা }

ধা ধা ধা ণা | ধা পা মা গা | সা গা মা পা | মা -গা -মা মা II II
আ লে য়া জ্বা | ল গো মি ছে | আ ধা র সা | থে ০ ০ "পি"

মালগুঞ্জ রাগের আরোহী ও অবরোহীর রূপ—

সা, ন্ সা রা, ণ্ সা ধ্ ণ্ সা গা, গমপা গা মা; গা মা ধা ণা র্সা,

না র্সা ণা ধা পমা, গা মা পা গা মা গা জ্ঞা রা সা।

বাদী—মা। সম্বাদী—সা।

যন্ত্র-সঙ্গীত

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীমোহিনীমোহন মিশ্র

পঞ্চম পাঠ

আরোহণ:

গা রা সা ন্ | মা গা রা সা | পা মা গা রা | ধা পা মা গা |

না ধা পা মা | র্সা না ধা পা | র্রা র্সা না ধা | র্গা র্রা র্সা না |

অবরোহণ:

না র্সা র্রা র্গা | ধা না র্সা র্রা | পা ধা না র্সা | মা পা ধা না |

গা মা পা ধা | রা গা মা পা | সা রা গা মা | ন্ সা রা গা |

ইহাতে 'ডা' ও 'রা'এর আঘাত ২য় পাঠের মত হবে।

০ ১ + ৩ ০
র্গা র্মা র্সা, র্রা । র্গা না, র্সা র্রা । ধা, না র্সা পা । ধা না মা, পা । ধা গা, মা পা ।

১
রা, গা মা সা । অবরোহণ।

ইহাতে 'ডা' ও 'রা'এর আঘাত ও বাজাবার কায়দা ষষ্ঠ পাঠের মত হবে। সাধারণতঃ সেতারে তারা গ্রামে "র্মা" পর্দ্দা না থাকায় "র্গা" পর্দ্দার উপরে নায়কী তার একটু টেনে নিয়ে আঘাত করলে "র্মা" সুর বাজবে। এর জন্য একটু সুরের জ্ঞান থাকা চাই। তা না-হ'লে মুদারা গ্রামে 'গা' ও 'মা'এর পর্দ্দা বাজাবার পর "গা" থেকে টেনে "মা" সুর বাজান অভ্যাস করতে হবে ও পরে "মা" পর্দ্দা বাজিয়ে দেখে নিতে হবে যে "মা" সুর ঠিক হচ্চে কিনা। মুদারা গ্রামে ঠিক হ'লেই আপনিই তারা গ্রামে ঠিক হবে। তা হলেও সঙ্গীত শিক্ষকের কাছে বসে এ সব অভ্যাস করলে ভাল হয়।

সাধনার যুগ আজকাল চলে গেছে। এখন অনেকেই বলেন, এক বৎসরের মধ্যে তৈয়ারী বাজান যায় কি না। তাঁরা চান হাত সাধবার বিশেষ আবশ্যক নাই ও সেজন্য বেশী সময় ব্যয় করা উচিৎ নয়। প্রথম থেকেই গৎ বাজান অভ্যাসের সঙ্গে সঙ্গেই হাত তৈয়ার হবে। তাঁদের উচিৎ কোন প্রকৃত ওস্তাদের কাছে জিজ্ঞাসা করা, যে কতদিন তাঁরা শুধু হস্তপাঠ অভ্যাস করেছেন। আমার একান্ত বিশ্বাস যিনি গোড়ায় যত বেশী হাত সাধবেন পরে তিনি তত বড় ওস্তাদ হবেন। এজন্য ধৈর্য্য হারালে চলবে না। ভাল না লাগলেও বিশ্বাস করে ক্রমাগত দিনের পর দিন অভ্যাস করতে হবে। তার নাম অভ্যাস যোগ। ক্রমশঃ

বাণী-বন্দনা

গান

শ্রীঅজিতকৃষ্ণ বসু

নমোনমঃ জননী বাণী!
বিদ্যাদায়িনী বীণাপাণি!
অজ্ঞান-তমসা দূর কর মাগো
জ্ঞান-আলোক প্রদানি'।

রাঙা চরণ তব শোভে জল-কমলে,
দিতে অর্ঘ্য তব পদ-পদ্ম-দলে
আনি পূত চন্দন, বিল্বদল;
ফুল্ল কুসুমরাশি আনি।

বন্দি চরণ-অরবিন্দ তব
দেহ অন্তরে জ্ঞান মা নিত্য নব
দেহ মানস-নন্দনে জ্ঞান-কুসুম
অসীম জ্ঞানের রাণী!

স্বরলিপি

প্রফুল্ল-জয়ন্তী *

প্রফুল্ল-আনন, প্রফুল্ল-ভাষণ,
রায় প্রফুল্ল দেশতাজ
বিদ্বজ্জনগণ, চির-আদর্শন,
শঙ্কর যেন দেবমাঝ !

লক্ষ্মী না ছাড়ে তায়, লক্ষ্মীরে নাহি চায়,
সঁপে দেয় কাঙালের হাতে !
বেটে দেয় যশোমান, শিষ্যগত সে প্রাণ,
শিষ্য মাঝারে স্বেচ্ছাতে !
অযতন কেশ বেশ, গর্ব্বের নাহি লেশ,
খোলা তার দ্বার সবা তরে !
অতি সাধারণ সম, দেখায় সে অনুপম,
সভায় আসন সবোপরে !

ব্রহ্মচারি সুবীর, আত্ম-দমন ধীর
তপস্বি হে চিরকুমার !
বিদ্যাসাধনা তব, খুলি দিল নব নব,
প্রকৃতি রহস্য আগার !
স্বদেশের ধনকোষ, তাহে বাড়াইয়া তোষ,
ব্রত তব হ'ল উযাপন !
জয়তু প্রফুল্ল হো ! গায় সবে ফুল্ল গো,
অনুরাগী পর ও আপন !

কথা, সুর ও স্বরলিপি—শ্রীমতী সরলা দেবী

সা	গা	-া	রা	গা	-া	গা	গা	সা	গা	-া	গা	গা	-া	মা	মগা
প্র	ফু	০	ল্ল	আ	০	ন	ন	প্র	ফু	০	ল্ল	ভা	০	ষ	০ণ
রা	গা	রা	-া	সা	-া	-া	সা	ন্‌া	সা	রা	-া	-া	-া	-া	-া
রা	য়	প্র	০	ফু	০	০	ল্ল	দে	শ	তা	০	০	০	০	জ
পা	-া	না	-া	না	না	না	না	না	র্সা	না	ধা	পা	হ্মা	পা	পা
বি	০	দ্ব	০	জ্জ	ন	গ	ণ	চি	র	আ	০	দ	০	র্শ	ন
হ্মা	-া	হ্মা	হ্মা	হ্মা	হ্মা	পা	ধা	পা	-া	-া	-া	মা	গা	রগা	ন্‌া
শ	০	ঙ্ক	র	যে	ন	দে	ব	মা	০	০	০	০	০	০০	ঝ

* উক্ত গানটী প্রফুল্ল জয়ন্তী উৎসবে গীত হইয়াছিল।

সা	-া	সা	সা	সা	সা	ন্‌া	সা	রা	-া	রা	রা	রা	রা	রসা	ন্‌া
ল	০	ক্ষী	না	ছা	ড়ে	তো	য়	ল	০	ক্ষী	রে	না	হি	চা০	য়
হে	ব্র	০	হ্ম	চা	রি	বী	র	আ	০	ত্ম	দ	ম	ন	ধী০	র

সা	গা	সা	রা	গা	মা	পা	-া	গা	পা	মগা	রা	গা	-া	-া	-া
সঁ	পে	দে	য়	কা	ঙা	লে	র	হা	০	০০	০	তে	০	০	০
ত	প	০	০	স্বি	০	হে	০	চি	র	কু০	০	মা	০	০	র্

পা	পা	পা	-া	পা	পা	পা	হ্মা	পা	-া	পা	পা	পা	পা	পা	হ্মা
বেঁ	টে	দে	য়	য	শো	মা	ন	শি	০	ল্প	গ	ত	সে	প্রা	ণ
বি	০	দ্যা	সা	ধ	না	ত	ব	খু	লি	দি	ল	ন	ব	ন	ব

পা	-া	পা	পা	পা	হ্মা	পা	ধা	(প)হ্মা	-া	পা	-া	মা	গা	রা	গরা
শি	০	ল্প	মা	ঝা	রে	স্বে	০	চ্ছা	০	তে	০	০	০	০	০০
প্র	কৃ	তি	র	হ	স্য	আ	০	গা	০	০	০	০	০	০	র০

সা	রা	গা	হ্মা	হ্মা	হ্মা	হ্মা	হ্মা	হ্মা	পহ্মা	গা	হ্মা	পা	-া	-া	-া
০	০	০	০	অ	য	ত	ন	কে	০০	শ	০	বে	০	০	শ
০	০	০	০	স্ব	দে	শে	র	ধ	০০	ন	০	কো	০	০	ষ

মা	-া	মা	মা	মা	গা	রা	মা	গা	-া	-া	-া	-া	-া	-া	-া
গ	০	র্বে	র	না	০	হি	০	লে	০	০	০	০	০	০	শ
তা	০	হে	বা	ড়া	০	ই	য়া	তো	০	০	০	০	০	০	ষ

পা	মা	গা	রা	সা	ন্‌া	প্‌া	ধ্‌া	ন্‌া	-া	র্সা	-া	-া	-া	-া	-া
খো	লা	তা	র	দ্বা	র	স	বা	ভ	০	বে	০	০	০	০	০
ব্র	ত	ত	ব	হ	য়	উ	যা	প	০	ন	০	০	০	০	০

পা	না	না	না	না	র্সা	ধা	পা	হ্মা	হ্মা	হ্মা	হ্মা	হ্মা	পা	পা	পা
অ	তি	সা	ধা	র	ণ	স	ম	দে	খা	য়	সে	:অ	নু	প	ম
জ	য়	তু	প্র	ফু	০	ল্ল	হো	গা	হে	স	বে	ফু	০	ল্ল	গো

হ্মা	হ্মা	-া	হ্মা	হ্মা	হ্মা	পা	ধা	পহ্মা	-া	পা	-া	-া	-া	মগা	রগন্‌া
স	ভা	য়	আ	স	ন	স	বো	প	০	রে	০	:০	০	০০	০০০
অ	নু	রা	গী	প	র	ও	:আ	প	০	০	ন	০	০	০০	০০০

মৃদঙ্গ-বাদন

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীদেবেন্দ্রনাথ দে (সুবোধ বাবু)

সুর ফাঁকতাল

১৭৮। তেরেকেটে তাগ তেরে কেটেতাগ তেরেকেটে (+ ০)

ধেএত্তা গদিঘেনে কতা গে ধা তেটে ঘেনে (১ ২ ০ +)

ঘেন তেরেকেটে তাগ তেরেকেটে ধা তেরে (০ ১ ২)

কেটে তাগ তেরে কেটে তাগ তেরেকেটে (০)

ধেৎত্তা তেরেকেটে তাগ ধা তেরেকেটে (+ ০ ১)

তাগ ধা তেরেকেটে তাগ ধা (২ ০ +)

১৭৯। তাগদিগ তাগতেটে ঘড়ান তাগদিগ তাগ তেটে (+ ০ ১)

ঘড়ান তেটে ঘড়ান তেটে ঘড়ান দেন্‌তা ঘেঘে (২ +)

তেটে গদিঘেনে ধাগদ্দি ঘেনে নাগ নাগ (০ ১)

তেরেকেটে তাগ তেরেকেটে তাকা ধুম (২)

কেটেতাগ গদিঘেনে ধা (০ +)

১৮০। ধা তেরেঘেড়ে নাগ দিদি কেটেতাগ ঘড়ান্না (+ ০ ১)

২ ০
কেটেতাগ তেটেকতা গদিঘেনে ধা কৎ

\+ ০ ১ ২
দিকৎ তাক ধা ধা কেটেতাগ ধা কেটে

০ +
তাগ তেরেকেটে তাগ ধা গদিঘেনে ধা

\+ ০
১৮১। ধুমকেটে কেটেতাগ তাগেতেটে ধুমকেটে

১ ২
কেটেতাগ তাগ তেটে কতা কতা কেটে

০ +
তাগ তাগ তেটে ঘেনে তেরেকেটে তাগ

০ ১
তেরেকেটে তাগ ঘড়ান তাগ ঘড়ান তাগ

২ ০ +
ঘড়ান তাগ ঘড়ান তাগ ঘড়ান তাগ ধা

\+ ০ ১
১৮২। ধা ঘেড়ে নাগ ধা ঘেড়ে নাগ ঘেড়েনাগ ধা ধা

২ ০
ঘেড়েনাগ ঘেড়েনাগ ঘেরেনাগ ধাগেতেটে তাগে

\+ ০
তেটে ঘেঘে তেটে ঘেঘে দি কৎ তেটে

১ ২
কেটেতাগ তাগ তেটে কেটে তাগ ধুম

০
কেটে তাকা ধুম কেটে তাকা গদিঘেনে

\+ ০ ১ ২
ধেৎতা ধুমকেটে ঘড়ান ধা ধুমকেধে ঘড়ান

০ +
ধা ধুম কেটে ঘড়ান ধা

(ক্রমশঃ)

স্বরলিপি

মিশ্র গৌড়সারঙ্গ

কথা, সুর, স্বরলিপি ও স্বরসন্ধি—৺গুরুদাস চট্টোপাধ্যায় *

১ম কণ্ঠ—II গা গা -া | গা গা -া | রা -গা -মা | গা -া -া | -া -া -া I
তু মি ০ এ সো ০ এ ০ ০ সো ০ ০ ০ ০ ০

২য় কণ্ঠ—II গা গা -পা | গা গা -া | ন্‌া -সা -রা | সা -গা -পা | -া -া -া I

৩য় কণ্ঠ—II সা সা -া | গা গা -া | পা -ধা -না | গা -া -া | -া -া -া I

৪র্থ কণ্ঠ—II প্‌া প্‌া -া | প্‌া প্‌া -া | প্‌া -ধ্‌া -প্‌া | সা -গা -পা | -গা -া -া I

---

* স্বর্গীয় গুরুদাস চট্টোপাধ্যায় মহাশয় স্বর্গীয় মহারাজা সার সৌরীন্দ্রমোহন ঠাকুর মহাশয়ের দৌহিত্র। ইনি হিন্দুস্থানী ও ইয়োরোপীয় সঙ্গীতে বিশেষভাবেই পারদর্শী ছিলেন। ইহার বিষয়ে পরে আলোচনা করিবার বাসনা রহিল।

| ı মা মা | গা ক্ষপা -া | পক্ষা পা -া | না -া -া | পা পধা পা |
আ মার আ কু ল্ প রা ০ ০ ০ ণ্ ক র০ হে

| ı মা মা | সা ক্ষপা -া | পক্ষা পা -ধা | -না -া -া | পা পধা পা |

| ı সা সা | গা সা -গা | পক্ষা গা -সা | -না -গা -না | পগা পধা সা |

| ı ধা ধা | সা সা সা | পক্ষা পা -া | -না -া -া | প্‌া প্‌া গপা |

| মা গা -া | গা গা -া | গা -া গা | রা গা মা | গা -া -া I
আ কু ল ম ধু র গ ০ ন্ধে ক র অ ল ০ স্

| মা গা -া | সা সা -া | সা -া সা | ন্‌া সা রা | সা -া গা I

| সা সা -া | সা পা -া | র্গা -া র্গা | র্মা. র্সা র্রা | পা -া -া I

| ধ্‌া প্‌া -া | প্‌া প্‌া -া | প্‌া -সা সা | রা পা ধা | গা -া সা I

| ı গা রা | সন্‌া -া ন্‌া | সন্‌া -া ন্‌া | ধ্‌ন্‌ধ্‌ন্‌া -সা সা | -া সা সা |
০ এ সো জ্যোৎ ০ স্না সি ০ ক্ত ফু০০০ ল্ টি র্ ম ত

| ı পা না | সন্‌া -া ন্‌া | সগা -া গা | মা -পা পা | -া পা পা |

| ı গা গা | গা -া গা | গা -া গা | গা -া প্‌া | -া প্‌া প্‌া |

| ı গা প্‌া | প্‌া -া প্‌া | প্‌া -া প্‌া | রা -গা গা | -প্‌া গা গা |

| ন্সা -রা রা | রা রা -া | সরা গা গা | -া গা গা |
সা০ ০ ন্ধ্যা র বি র কি০ র ণে র্ ম ত

| গা না না | না না -া | সরা সা সা | -া সা সা |

| ন্সা পা পা | পা পা -া | পা পা পা | -া পা পা |

| া প্া প্া | -া প্া প্া | -া প্া প্া | -া প্া প্া |
আ আ ০ আ আ ০ আ আ ০ আ আ

| গা ন্ধপা -া | পন্ধা পন্ধা পা | পনা ধপা মগা | -া গা গা |
মু গ্ধ ০ ন০ য়০ নে চা০ ত০ কে০ র্ ম ত

| া গা গা | -া গা গা | -া মা মা | -া পা পা |
০ হা ম্ ০ আঃ আঃ ০ আঃ আঃ ০ আঃ আ

| া সা সা | -া সা সা | া ন্া ন্া | -া সা সা |
০ হা ম্ ০ আঃ আঃ ০ আঃ আ ০ আঃ আঃ

| প্া -া -া | প্া -া -া | প্া -া -া | প্া -া -া |
টাঃ ০ ০ টাঃ ০ ০ টাঃ ০ ০ টাঃ ০ ০

| গা গা -া | গা গা -া | রা -গা -মা | গা -া -া | -া -া -া I
এ সো ০ তু মি ০ এ ০ ০ সো ০ ০ ০ ০ ০

| গা -া পা | গা গা -া | ন্া -সা -রা | সা -গা -পা | -া -া -া I

| সা সা -া | গা গা -া | পা -ধা -না | গা -া -া | -া -া -া I

| া প্া প্া | -া প্া প্া | প্া -ধ্া -প্া | সা -গা -পা | -গা -া -া I

| I { পা পা | ধা -া ধা | না না না | র্সা -া র্সা | -া -া -া } I
০ আ জি দী ০ র্ঘ বি র হ অ ০ ন্তে ০ ০ ০

| I মা মা | গা -া গা | রা রা রা | গা -া গা | -া -া -া } I

| I { রা রা | সা -া সা | পা পা পা | সা -া সা | -া -া -া ; I

| I { ন্া ন্া | ধ্া -া ধ্া | ন্া ন্া ন্া | প্া -া প্া | -া -া -া } I

| I র্সা না | র্সা -র্গা র্গা | র্গা র্গর্মর্পা র্মা | র্গা -া র্র্সা |
০ এ সো ফু ০ ল্ল ন ব ০ ০ র স ০ ন্তে

| I গা মা | গা -া র্সা | র্সা র্সা না | র্সা -া র্র্সা |

| I সা রা | সা -া পা | পা পা মা | গা -া মসা |

| I পা না | পা -া গা | গা গমপা মা | পা -া রগা |

| I পা পা | হ্মপা হ্মপা হ্মপা | হ্মা পা পা | মা মপা গা |
০ এ সো আ ০ ধ ০ ঘু ০ ম ঘো রে স্ব প ০ নে

| I -া -া | -া -া -া | -া -া -া | -া -া সা |

| I -া -া | -া -া -া | -া -া -া | -া -া প্া |

| I প্া প্া | ঃপঃ ঃপঃ ঃপঃ | পা পা পা | I I গা |
০ এ সো আ ধ ঘু ম ঘো রে স্ব প নে

| গা ^রগা গা | সা সা সা | ন্া পা পা | পা ^ক্ষাপা পা |
র্ ম ত অ ল স চ র ণে চাঁ দি মা

| গা ^রগা গা | গা গা গা | ন্া পা পা | গা ^রগা গা |

| গা ^রগা গা | পা পা পা | ন্া গা গা | পা ^ক্ষাপা পা |

| গা ^রগা গা | সা সা সা | ন্া প্া প্া | প্া প্া প্া |

| -া পা পা | পা ণা ধনা | -র্সা না পা | মা মা পা | -া গা গা |
র ম ত মৃ দু ক ০ ০ ম্পি ত ম ল য়ে র ম ত

| -া পা পা | পা না ধনা | -র্সা না পা | মা মা পা | -া গা গা |

| -া গা গা | গা রা সরা | -র্সা না পা | মা মা পা | -া পা পা |

| -া প্া প্া | প্া ন্া ধ্ন্া | -সা ন্া প্া | ম্া ম্া প্া | -প্া সা সা |

| গা -া গা | গা গা -মা | রা -গা -মা | গা -া -া | -া -া -সা I
এ ০ সো তু মি ০ এ ০ ০ সো ০ ০ ০ ০ ০

| গা -া পা | গা গা -ন্া | ন্া -সা -রা | সা -গা -পা | -া -া সা I

| সা -া সা | গা গা -রা | পা -ধা -না | -গা -া -া | -া -া সা I

| প্া -া প্া | প্া প্া -া | প্া ধ্া প্া | সা -গা -পা | -সা -া সা I

স্বরলিপি

রামকেলি—একতালা

আমি তোমার পূজার অর্ঘ্য সাজাই বুকের বেদনায়।
আঁখিতে মোর অশ্রু যত ঝর্‌বে তোমার পায়॥
আমার প্রাণের ব্যথার বাঁশী
তোমার হিয়ায় বাজ্‌বে আসি'
কণ্ঠে তোমার সাজাবো মোর ব্যথার মালিকায়॥

দিবা ১ম প্রহরে গেয়। ঠাট- ঋা, দা না, ণা। জাতি—সম্পূর্ণ।

কথা—শ্রীঅজিতকৃষ্ণ বসু   সুর—শ্রীরবীন্দ্রনাথ ভট্টাচার্য্য

স্বরলিপি—শ্রীমতী পারুল দেবী

‖ সা ঋা সসা | মা মা মা | পদা মপা ণদা | পা মপমা ঋসা | গা মদা পা |
‖ তো ০ মার্ | পূ জা র্ | অর্ ঘ্য০ ০০ | সা জা০০ ই০ | বু কে০ র্ |

মা গঋা গপা | মপা ঋগা ঋা | সা সন্া সা ‖ মা মা -া | দা না না |
বে দ০ ০০ | না০ ০০ ০ | য়্ 'আ০ মি' ‖ আঁ খি ০ | তে মো র |

র্সা র্সা র্ঋা | র্সনা র্ঋর্সা র্সা | না না র্সা | নর্সা র্ঋা র্সা | না দপা দা |
অ ০ শ্রু | য০ ত০ ০ | ঝ র্ বে | তো০ ০ মার্ | পা ০০ ০ |

পা -া -া | গা মদা পা | মা গঋা গপা | মপা ঋগা ঋা | সা সন্া সা |
য়্ ০ ০ | বু কে০ র্ | বে দ০ ০০ | না০ ০০ ০ | য়্ 'আ০ মি' |

অন্তরা

|| দা দা দা | না না না | র্সা র্সা র্ঋা | র্সর্না র্সা -া | র্ঋা র্সর্ঋা র্গা |
|| আ মা র্ | প্রা ণে র্ | ব্য থা র্ | বাঁ০ শী ০ | তো মা০ র্ |

র্ঋর্গা র্মর্গা র্ঋর্সা | না র্সা না | দা দা পা | র্সর্গা র্ঋা -া | র্সর্না র্সা র্সা |
হি০ ০০ যায়্ | বা জ্ বে | আ ০ সি | ক০ ণ্ঠে ০ | তো০ মা র

না র্সা না | দা দা পা | গা মদা পা | মা গঋা গপা | মপা ঋপা ঋা |
সা জা বো | মো ০ র্ | ব্য থা০ র্ | মা লি০ ০০ | কা০ ০০ ০ |

সা সন্া সা || ||
য্ 'আ০ মি' || ||

হিন্দুস্থানী সঙ্গীতে তানসেনের স্থান

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায়চৌধুরী

জাফর খাঁ, প্যার খাঁ ও বাসৎ খাঁ বাল্যকালে নির্ম্মল শাহের সহিত একত্রে অনেকদিন বসবাস করেছিলেন ও বীণা শিক্ষালাভ করেছিলেন। দিল্লীর বাদশাহীর অবসানের পর তানসেন বংশীয় গুণীগণ বারাণসীতে ভদ্রাসন স্থাপন ক'রে সমীপবর্ত্তী রাজন্যবৃন্দের সভায় যাতায়াত করতেন। কোনও গুণী অযোধ্যার দরবারে, কেহ রেবাধিপতির সভায় কেহ বা বেত্তিয়ার নরেশের রাজসভায় আহুত হ'য়ে যেতেন। অনেকদিন পর্য্যন্ত তাঁরা বাঁধাবাঁধিভাবে কোনও দরবারে বা সভায় থাকেন নি। বৎসরের মধ্যে ইচ্ছামত নানা সময়ে নানা সভায় যেতেন—যেখানে যেতেন সেখানকারই নরেশ বা নবাব নিজেকে ধন্য মনে ক'রে তাঁদের যথোচিত সম্বর্দ্ধনা করতেন। তবে বৎসরে একবার ক'রে তানসেনবংশীয় সকল গুণীই বারাণসীতে সম্মিলিত হ'তেন, একটা পারিবারিক প্রীতি-সম্মিলন বৎসরে একবার ক'রে অনুষ্ঠিত হ'ত। তখন প্রত্যেক গুণী নিজ নিজ গুণ ও বিদ্যার পরিচয় দিতেন। বাসৎ খাঁ, প্যার খাঁ ও জাফর

খাঁকে নির্ম্মল শাহ্ একবার মাসাধিক কাল ধ'রে প্রত্যহ বীণা শোনাতেন ও বীণা বাদনের কৌশল বোঝাতেন, তিনি প্রত্যহ নূতন নূতন প্রণালীতে নায়কী তার থেকে মন্দ্রের তারে গিয়ে মন্দ্র ষড়্জ স্বর এভাবে খুল্‌তেন যে সেই ভ্রাতৃত্রয় বিভ্রান্ত হয়ে যেতেন। নির্ম্মল শাহ্ কি ক'রে মুদারা গ্রাম থেকে বিদ্যুৎঝলকের মত উদারা গ্রামের স্বর সকল প্রকাশিত করতেন—বীণার সারি বা পর্দ্দায় কত রকমের অঙ্গুলির খেলা সম্ভব তা' দেখে ভ্রাতৃত্রয় বিস্মিত হ'তেন কিন্তু মাসাধিক কাল শুনেও সেই কৌশল হৃদয়ঙ্গম করতে পারেন নি। অবশেষে নির্ম্মল শাহ্ তাঁদের তা' বুঝিয়ে দেন।

কিন্তু নির্ম্মল শাহ্ যখন গৌরবের শেষ শিখরে সমাসীন, সেই সময় তাঁর পুত্রতুল্য ও ছাত্রোপম জাফর খাঁ নিজ প্রতিভাবলে তাঁর সমকক্ষ স্থান অধিকার করতে পেরেছিলেন। একবার বার্ষিক প্রীতি-সম্মিলনে যখন সকল গুণী কাশীধামে সমাগত, তখন কাশী নরেশের সভায় নির্ম্মল শাহের বীণা ও জাফর খাঁর রবাব বাজনা অনুষ্ঠিত হয়। তখন বর্ষাকাল। রবাবের চামড়া বর্ষাকালে শিথিল হয়ে যায় ব'লে বর্ষায় রবাবের আওয়াজ চেপে যায় ও এক প্রকার শ্রুতিকর্কশ 'ঢপ্ ঢপ্' শব্দ বাহির হয়। তাই নির্ম্মল শাহএর অপূর্ব্ব বীণা ঝঙ্কারের পর রবাবের আওয়াজ অতি বিশ্রী লাগল। জাফর খাঁ তখন বাজনা ক্ষান্ত ক'রে কাশী নরেশ ও নির্ম্মল শাহকে বল্‌লেন যে একমাস পর তিনি বাজনা শোনাবেন। এই একমাসে জাফর খাঁ বারাণসীর যন্ত্রের কারিগর দ্বারা এক অভিনব যন্ত্র নির্ম্মাণ করালেন। এই যন্ত্র রবাবেরই ন্যায়—তবে এতে চামড়া নাই, নিম্নাংশে চামড়া ও কাঠের পরিবর্ত্তে ইহাতে আছে সুরবাহারের মত লাউ ও উপরিভাগে স্বরোদের মত কাঠের দস্তের উপরে ষ্টীল প্লেট বসানো। রবাবে তাঁত্ বাজে আর ইহাতে ষ্টীল ও পিতলের তার ব্যবহৃত হয়। জাফর খাঁ এই যন্ত্রের নাম দিলেন 'সুরশৃঙ্গার'। বীণা ও রবাব এই উভয় যন্ত্রের বিভিন্ন 'বাজ্' বা বাদনপ্রণালী মিশ্রিত ক'রে তিনি সুরশৃঙ্গার যন্ত্র প্রবর্ত্তিত করলেন। একমাস পর সুরশৃঙ্গার যন্ত্র নিয়ে তিনি কাশী নরেশের কাছে গেলেন ও এক প্রকাণ্ড সভা আহ্বান ক'রে নির্ম্মল শাহ্‌কে নিমন্ত্রিত করলেন। সুরশৃঙ্গারের স্বর এত সুমিষ্ট যে ইহার তারগুলিতে শুধু ঝঙ্কার দিলেই প্রাণ শীতল হয়ে যায়, সুরশৃঙ্গার যন্ত্রে যখন বীণা ও রবাবের সমুদয় আলাপ-অঙ্গ দেখিয়ে জাফর খাঁ বাজালেন তখন নির্ম্মল শাহ্ জাফর খাঁকে আলিঙ্গন ক'রে বল্‌লেন "বাঃ বেটা! তুমি আজ বীণাকে হারিয়ে দিয়েছ।" একেই ব'লে "সর্ব্বত্র জয়মন্বিচ্ছেৎ শিষ্যাৎ পুত্রাৎ পরাজয়ম্।" জাফর খাঁর নবগৌরবে নির্ম্মল শাহের বুক উল্লাসেই ভরে উঠ্‌ল।

অতঃপর রবাবী বংশীয় গুণীগণ বর্ষাকালে রবাবের পরিবর্ত্তে সুরশৃঙ্গার যন্ত্রই বাজাতেন। শীতকালে এবং মৃদঙ্গ সঙ্গতের সময় রবাব ব্যবহার করতেন, কেননা মৃদঙ্গ সঙ্গতে রবাব শ্রেষ্ঠ যন্ত্র। অদ্যাপি এই রীতি চ'লে আসছে।

ক্রমশঃ

স্বরলিপি

পুরিয়া—ত্রিতাল (বিলম্বিত লয়)

এবনা বনে আওরী, মহম্মদ শা বরপাওরী।
ধন ভাগ য়হ বনা বনিকো মহম্মদ শা বরপাওরী ॥

মহম্মদশা

স্বরলিপি—শ্রীবিভূতিভূষণ গঙ্গোপাধ্যায়

আস্থায়ী

০				১				২´				৩				
ঋা	গা	ঋা	সা	ন্‌া	ধ্‌া	ন্‌া	ঋা	গা	-া	-া	-া	ঋগহ্মধা	গহ্মা	গঋা	সা	I
এ	০	ব	না	০	০	ব	নে	আ	০	০	০	ও০০০	০০	রী০	০	

০				১				২´				৩				
গা	গা	গা	গা	হ্মা	ধা	না	র্সা	না	ধা	হ্মা	গা	ঋগহ্মধা	গহ্মা	গঋা	সা	II
ম	হ	ম্ম	দ	শা	০	ব	র	পা	০	০	০	ও০০০	০০	রী০	০	

অন্তরা

০				১				২´				৩				
গা	গা	হ্মা	ধা	না	র্সা	র্ঋা	র্সা	না	র্ঋা	না	ধা	হ্মা	না	হ্মা	গা	I
ধ	ন	ভা	০	গ	০	য়	হ	ব	০	না	ব	নি	০	কো	০	

০				১				২´				৩				
ন্‌া	ন্‌া	ঋা	গা	হ্মা	ধা	না	র্সা	না	ধা	হ্মা	গা	ঋগহ্মধা	গহ্মা	গঋা	সা	II
ম	হম্‌	ম	দ	শা	০	ব	র	পা	০	০	০	ও০০০	০০	রী০	০	

১ম তান—

২´ ৩
সঋা গক্ষা গঋা গক্ষা | ধক্ষা গক্ষা গঋা সা II
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০

২য় তান—

২´ ৩ ০ ১
সা ন্ ঋা গা | ঋগা ক্ষধা গক্ষা গা | ঋা সা ক্ষা গা | ক্ষধা নর্সা না ধা |
আ ০ ০ ০ ০০ ০০ ০০ ০ ০ ০ ০ ০ ০০ ০০ ০ ০

২´ ৩
না ক্ষা গা ঋগা | ক্ষধা গক্ষা গঋা সা II
০ ০ ০ ০০ ০০ ০০ ০০ ০

৩য় তান—

৩ ০ ১
সঋা গগা ঋগা ঋসা | ঋগা ক্ষক্ষা গক্ষা গঋা | গক্ষা ধধা ক্ষধা ক্ষগা |
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

২´ ০ ০
ক্ষধা ননা ধনা ধক্ষা | ধনা র্সর্সা নর্সা নধা | নর্সা ঋঁঋঁা র্সঋঁা র্সনা |
০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

১ ২´ ৩
র্সঋঁা গঁগঁা ঋঁগঁা ঋঁর্সা | নর্সা ঋঁঋঁা র্সঋঁা র্সনা | ধনা র্সর্সা নর্সা নধা |
০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

০ ১ ২´ ৩
ক্ষধা ননা ধনা ধক্ষা | গক্ষা ধধা ক্ষধা ক্ষগা | ঋগা ক্ষক্ষা গক্ষা গঋা | সঋা গগা ঋগা ঋসা II
০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

স্বরলিপি

পূরবী—পঞ্চম সওয়ারী

দীননাথ বেলা গেল তব পথ পানে চেয়ে,
শূন্য ঘাটে একা আমি পার করে দাও পারের নেয়ে।
শুনে এলাম ব্যাধের বাঁশি, মিটিয়ে এলাম কান্না হাসি,
শ্রান্ত কায়ে সন্ধ্যা বায়ে ঘুমে নয়ন আসে ছেয়ে।
ও পারেরি ঘরে ঘরে, সন্ধ্যা দ্বীপ জ্বলিল রে,
আরতির শঙ্খ বাজে সুদূর মন্দির পরে ;
এস এস শ্রান্তিহরা, সুখ শান্তি তৃপ্তি ভরা,
এস এস তুমি এস, এস তোমার তরী বেয়ে॥

(শুদ্ধ জাতি, পা বাদী, গা সম্বাদী, ব্যবহার ঋা, হ্মা, মা।)

রচনা—অজ্ঞাত

সুর ও স্বরলিপি—শ্রীনীলকান্ত রায়

আস্থায়ী

১ | ২ | + | ০ | ৪
II ন্‌া সা -া | গহ্মা পা -া | হ্মা -া পা -া | হ্মপা ধপা হ্মপা হ্মগা | গা -া হ্মা -া
দী ন ০ | না০ থ ০ | বে ০ লা ০ | গে০ ০০ ল০ ০০ | ত ০ ব ০

০ | ৫ | ০ | ১ | ২
ধা -া পহ্মা পগা | গা মা গঋা গা | ঋা -া সা -া I র্সা র্সা -া | র্ঋা র্সা -া |
প ০ থ০ ০০ | পা ০ নে০ ০ | চে ০ য়ে ০ | শূ ন্য ০ | ঘা টে ০ |

+ | ০ | ৪ | ০
না -া ধা -া | পা -া হ্মপা গা | গা -া -া হ্মা | ধা -া পহ্মা পগা |
এ ০ কা ০ | আ ০ মি০ ০ | পা ০ র ক | রে ০ দা০ ০ও |

৫ | ০
গা মা গঋা গা | ঋা -া সা -া II
পা ০ রে০ র | নে ০ য়ে ০

অন্তরা

১ ২ + ০ ৪
II গা গা -া | পা ধা -া | না র্সা ঋ্া -া | র্সা না র্সা -া | না না না -া |
শু নে ০ | এ লাম ০ | ব্যা ধে ০ র্ | বাঁ ০ শী ০ | মি টি য়ে ০ |

০ ৫ ০ ১ ২
ধা -া পা ধা | ধা না র্সা -া | নধা না ধপা হ্মাপগা I গহ্মা পা -া | হ্মা পা -া |
এ ০ লা ম | কা ন্ না ০ | হা০ ০ সি০ ০০০ শ্রান্ ত ০ | কা য়ে ০ |

+ ০ ৪ ০
না -া ধা -া | পা হ্মা গা -া | গা -া হ্মা -া | ধা -া পহ্মা পগা |
স ন্ ধ্যা ০ | বা ০ যে ০ | গ্ ০ মে ০ | ন ০ য়০ ০ন |

৫ ০
গা মা গঋা গা | ঋা -া সা -া II
আ ০ সে০ ০ | ছে ০ য়ে ০

সঞ্চারী

১ ২ + ০ ৪
II ন্া সা -া | ঋা গা -া | হ্মা -া পা -া | পা -া পা -া | হ্মা -া হ্মা -া |
ও পা ০ | রে রি ০ | ঘ ০ রে ০ | ঘ ০ রে ০ | স ন্ ধ্যা ০ |

০ ৫ ০ ১ ২
গা -া গা -া | ঋা -া মা গা | ঋা -া সা -া I পা পা -া | হ্মা পা -া |
দী ০ প ০ | জ্ব ০ লি ০ | ল ০ রে ০ আ র ০ | তি র ০ |

+ ০ ৪ ০
হ্মাপা ধা না -া | ধা পা হ্মাপা গা | গা -া হ্মা -া | ধা -া পহ্মা পা |
শ০ ০ ঙ খ | বা ০ জে০ ০ | স্ব ০ দূ ০ | র ০ ম০ ন্ |

৫ ০
গা মা গঋা গা | ঋা -া সা -া II
দি ০ র০ ০ | প ০ রে ০

আভোগ

	১			২			+				০				৪				
II	গা	গা	-া	পা	ধা	-া	র্সা	-া	র্সা	-া	র্সা	না	র্সা	-া	না	-া	না	-া	|
	এ	স	০	এ	স	০	শ্রা	ন্	তি	০	হ	০	রা	০	সু	০	খ	০	

০				৫				০					১			২			
ধা	পা	ধা	-া	ধনা	র্সা	র্সা	-া	নধা	না	পহ্মা	পগা	I	গা	পা	-া	হ্মা	পা	-া	|
শা	ন্	তি	০	তৃ০	প্	তি	০	ভ০	০	রা০	০০		এ	স	০	এ	স	০	

+				০				৪				০				
হ্মপা	ধনা	ধা	পা	হ্মা	পা	গা	-া	গা	-া	হ্মা	-া	ধা	-া	পহ্মা	পগা	|
তৃ০	০০	মি	০	এ	০	স	০	এ	০	স	০	তো	০	মা০	০র	

৫				০				
গা	মা	গঋা	গা	ঋা	-া	সা	-া	II II
ত	০	রী০	০	বে	০	য়ে	০	

ধূসর আকাশ

শ্রীপ্রিয়ম্বদা দেবী

ধূসর আকাশ, স্তম্ভিত বাতাস
মৌন হ'ল বনের মর্ম্মর,
বজ্রাহত আলো, ব্যথা ক্লিষ্ট কালো
কম্পমান ক্লিন্ন কলেবর।

নভঃ নখে চিরে' সৌদামিনী ফিরে,
দেখা দেয় বেদন রক্তিমা,
ম্লান বিভাবরী, কাঁদিছে গুমরি'
মূর্ত্তিমতী শোকের প্রতিমা।

এলায়িত কেশ, আলুথালু বেশ
বনশ্রেণী লুটায় কাতর,
দীর্ঘশ্বাসে কাঁপে অশ্রুধারা চাপে
পুত্র-হারা মায়ের অন্তর।

হিন্দোল রাগ-পরিচয়

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীব্রজেন্দ্রকিশোর রায় চৌধুরী

সঙ্গীত-তরঙ্গ পুস্তকের অন্যত্র লিখিত হিন্দোল রাগের অন্য প্রকার পত্নী, পুত্র ও পুত্রবধূগণের ধ্যান ও ধারা পাঠক মহোদয়গণের অবগতির জন্য আমরা নিম্নে লিপিবদ্ধ করিতেছি।

১। হিন্দোল-পত্নী ললত--

ললত—প্রথমা হিণ্ডোল-প্রিয়া।
আচরিলা বাস-সজ্জার ক্রিয়া॥
নানা আভরণ ভূষণ করে।
অতি মনোহর বসন পরে॥
বিনাইয়া কেশ বনায় বেণী।
বেণীগণ—যেন নাগিনী-শ্রেণী॥
পরম সুন্দরী ক্ষীণাঙ্গী বালা।
কণক বরণী—অক্ষি বিশালা॥
বিবিধ কুসুমে গাঁথিয়া হার।
দিল সহচরী গলায় তার॥
নাভি-সরোবর—মাজা সুক্ষীণ।
নিতম্বের দেশ পরম পীন॥
সম্পূরণ ভাবে সালঙ্ক জাতি।
অধিক লাগয়ে বসন্ত ভাতি॥
গিরি আর বাদী ধৈবত বাসে।
পঞ্চম অম্বাদী—বাদীর পাশে॥
মধ্যম সুরের শুদ্ধ বিচার।
পুনঃ মধ্যমের তীয়র-ভার॥
তীয়র রিখভ বিবাদী ভাবে।
রজনী প্রভাত সময়ে গাবে॥

২। হিন্দোল-পত্নী বেলায়ল—

রাগ হিণ্ডোলের দ্বিতীয়া কামিনী।
নাম—বিখ্যাত বেলায়ল রাগিণী॥
নীলবর্ণা বালা—মুখচন্দ্র-ছটা।
যেন কুণ্ডল নির্ভর অভ্র-ঘটা॥
নানা পুষ্প-অলঙ্কারে অঙ্গশোভা।
মকরন্দ আশে অলিবৃন্দ লোভা॥
পরিধান করে রাম-রক্তবাস।
হেম-চম্পকে কঙ্কণ সুপ্রকাশ॥
ফুল—কুন্দ সু-রঙ্গণে শঙ্খ-পাটি।
ভুজবন্ধ বিবন্ধনে—রক্তঝাটি॥
ফুলগন্ধ ফলীকৃত চম্প-কলি।
কলিমল্লি ভুজান্তরে মুক্তাবলি॥
সিত-কাঞ্চন কল্পিত—কর্ণফুলে।
শশিকান্ত মণি যেন কর্ণমূলে॥
নব মল্লিকা রঞ্জিত কণ্ঠমালা।
স্তন মণ্ডল মধ্যে করে উজালা॥
যূথি-পুষ্প-সিঁথি—কি সীমন্ত-কোলে
অতি ক্ষুদ্রকলি নাসিকাগ্রে দোলে॥
যুত বক্রযুগ—বকপুষ্প ছন্দে।
মধুর ধ্বনি-গুঞ্জন মঞ্জুপদে॥
পতি-বিচ্ছেদ-বহ্নি-তাপ-প্রভাব।
তাতে পুষ্প অলঙ্কার শুদ্ধ ভাব॥
জাতি সম্পূরণের সালঙ্ক মানে।
কানড়া রাগিণীর প্রভাকে টানে॥

ভূপালী যোগ—ভয়রোঁ রাগের সনে।
আর দেবগিরি রাগিণী মিলনে॥
স্বর গান্ধারেতে গিরি বাদী হবে।
তাতে ধৈবত সম্বাদী যোগ রবে॥
অবশিষ্ট স্বরাম্বাদী ভাব ধরে।
পরে মধ্যম সংযোগ শুদ্ধ ঘরে॥
চারি দণ্ড দিবা পরে গানাচারে।
কবি সেন—বিধান প্রদান করে॥

৩। হিন্দোল-পত্নী পটমঞ্জরী—

তৃতীয়া রাগিণী পটপঞ্জরী রূপসী।
পরম সুন্দরী বালা—হিন্তোল-প্রেয়সী॥
দেখিয়া রূপের ছটা—স্বর্ণ অভিমানে।
অনলে পুড়িয়া তনু মাজিল রসানে॥
তথাপি রূপের কাছে হৈল অধোগামী।
রতির ভরমে কাম হইলেন কামী॥
বিনাইয়া বিনোদিনী বান্ধিলেন কেশ।
বসন ভূষণ পরি করিলেন বেশ॥
নায়কের বিলম্বেতে মন উচ্চাটন।
গৃহ মধ্যে বসি করে পথ নিরীক্ষণ॥
গান্ধার ভৈরব আর বিরারীর সনে।
আসায়রী যোগে জন্ম জাতি সম্পূরণে॥
বাদী গিরি খরজ কোমল ছয় স্বর।
দিবামান ক্ষেত্রে হৈল গানের অঙ্কুর॥

৪। হিন্দোল-পত্নী পূরবী—

শোভিত উষ্ণীষ—পূরবী-শিরে।
পীতবর্ণ সম্নহন শরীরে॥
যেখানে সাজয়ে যে অভরণ।
সেইখানে করে সেই ভূষণ॥
বেশ ভূষা করি নায়ক সনে।
প্রবেশ করিলা নিবিড় বনে॥

বনের বিশেষ কহিব কিবা।
সুগন্ধে আমোদিত নিশি দিবা॥
নানা জাতি তরু—বিবিধ লতা।
ফুলে বিকসিত—ফলে নম্রতা॥
মৃদুগতি—অতি শীতল ঘন।
সৌরভ গৌরবে বহে পবন॥
বিহঙ্গমগণ করিছে গান।
ললিত মধুর—তার বিধান॥
এরূপ দেখিয়া কানন-শোভা।
হইল দোঁহার মানস লোভা॥
দোঁহাকার বাহু দোহার গলে।
বসিলা দুজনে তরুর তলে॥
গৌরী গুজরীতে করিয়া যোগ।
তাতে সঙ্কীরণ-বর্ণ-প্রয়োগ॥
সম্পূরণ জাতি লক্ষণে পাবে।
দিবসের শেষ প্রহরে গাবে॥
মধ্যম সম্বাদী, গান্ধার বাদী।
পঞ্চমাদি পঞ্চস্বর অম্বাদী॥
নিখাদ ধৈবত তীয়রে যাবে।
মধ্যম কোমল তীয়র ভাবে॥

৫। হিন্দোল-পত্নী পূরিয়া—

পূরিয়া রাগিণী—শ্যাম রূপের সাগরি।
কপিশ কাঁচুলি আর বিশদ ঘাগরি॥
নায়ক নাগর তায় আপনি নাগরী।
নবীন যুবতী সতী—রসের গাগরি॥
সঙ্কেত-কুসুমোদ্যান অতি মনোরম্য।
এমতি বিরল স্থান অন্যের অগম্য॥
মল্লিকা মালতী আদি পুষ্প বিকশিত।
মন্দমন্দ সমীরণে গন্ধে আমোদিত॥

যে অলি প্রফুল্ল ফুলে করে মধুপান।
সে তখন সুখ-ভোলে নাহি করে গান॥
যে ভ্রমর নব অনুরাগে কলিকায়।
সে করে ঝঙ্কার—গুণ গুণ গান গায়॥
কোকিলের কলধ্বনি করিলে শ্রবণ।
সুখবৃদ্ধি যোগীর,—বিয়োগীর মরণ॥
সেইখানে নায়কের সহিত মিলন।
মধুপানে মত্ততায় মাতিল দুজন॥
সম্পূরণ রসপাল ঢোল দুই আদি।
গিরি বাদী, রিখব গান্ধারেতে সম্বাদী॥
ধৈবতাদি সব সুরে অম্বাদী লক্ষণ।
মধ্যম তীয়র তায় করিবে মিলন॥
মধ্যম ব্যতীত সব সুর শুদ্ধ ভাবে।
দিবসের শেষের প্রহরে গীত গাবে॥

৬। হিন্দোল-পত্নী ত্রিয়ণ—

ত্রিয়ণ রাগিণী স্বাভাবিক সম্পূরণ।
মতান্তরে ওড়ো জাতি—কহে কোনো জন॥
জন্ম দেশকার-গৌরী-ললত-প্রভাবে।
রিখব কোমল গিরি বাদী তিন ভাবে॥
অবধান কর পরে করি নিবেদন।
পঞ্চম সম্বাদী হবে বাদীতে মিলন॥
অম্বাদী গান্ধার আর ধৈবত নিখাদ।
কিন্তু তিনে শুনাইবে তীয়র সংবাদ॥
বিবেচনা মতে এই গানের বিহিত।
দিবসের তৃতীয় প্রহরে গাবে গীত॥

৭। হিন্দোল-পত্নী দেওগিরি—

সপ্তমেতে দেওগিরি রূপের লক্ষণ।
কল্যাণে বেহাগে জন্ম—জাতি সম্পূরণ॥
অথবা শারঙ্গ আর পূরবী—ঘটন।
ধৈবত বাদী, গান্ধার সম্বাদী মিলন॥
অবশিষ্ট সব সুর অম্বাদীর ভাবে।
প্রথম প্রহর পরে চারি দণ্ড গাবে॥

১। হিন্দোল-পুত্র সাহানা—

সাহানা প্রথম পুত্র—জাতি সম্পূরণে।
মল্লার, কানড়া আর বাগেশ্রী—মিলনে॥
যামিনীর প্রথম প্রহর গত হয়।
তখনি জানিবে এই গানের সময়॥

২। হিন্দোল-পুত্র মনধ্যান—

মনধ্যান,—হিণ্ডোলের দ্বিতীয় তনয়।
মনধামন বলিয়া গায়কেরা কয়॥
গৌরী আর জয়েতশ্রী যোগেতে জনম।
রজনীর শেষ যামে গানের নিয়ম॥

৩। হিন্দোল-পুত্র মালোয়া—

মালোয়া তৃতীয় পুত্র খাড়ো কুলে পাবে।
পঞ্চম বর্জ্জিত, আদ্য যাম পরে গাবে॥
দেশকার-পূরবী মিলিয়া জন্ম দিল।
ধৈবত বাদী, গান্ধার সম্বাদী মিলিল॥
রিখভে অম্বাদী ভাবে টানিয়া লইবে।
পুনঃ এই তিন সুর তীয়র হইবে॥

৪। হিন্দোল-পুত্র কানর-গৌর—

চতুর্থ কানর-গৌর—হিণ্ডোল-নন্দন।
সঙ্কীরণ সম্পূরণ—এ দুই লক্ষণ॥
কানড়া-গৌরের যোগে আকার পাইবে।
নিশিতে যখন বাঞ্ছা, তখনি গাইবে॥

৫। হিন্দোল-পুত্র কল্যাণ—

কল্যাণ- পঞ্চম পুত্র সম্পূরণে গতি।
ধনাশ্রী-জয়েতশ্রীতে রূপের সঙ্গতি॥
বাদী গিরি গান্ধারেতে রিখভ সম্বাদী।
আর যত স্বর তারা তাবৎ অম্বাদী॥
খরজ পঞ্চম এই দ্বিস্বর ব্যতীত।
আর পাঁচ স্বর তীয়রেতে উপনীত॥
রজনীর প্রথম প্রহরে গাবে গীত।
এই অনুরাগের জানিবে এই রীত॥

৬। হিন্দোল-পুত্র শুদ্ধ—

শুদ্ধ নামে অনুরাগ, জাতি সম্পূরণ।
বঙ্গালে ভটের যোগে রূপের কারণ॥
গানের সময়ে এই বিধান পাইবে।
দিবসে যখনি ইচ্ছা তখনি গাইবে॥

৭। হিন্দোল-পুত্র বেহাগরা—

বেহাগরা—সপ্তম সন্তান হিণ্ডোলের।
কেহ বলে, বেহাগড়া নামে এই ফের॥
তীয়র মধ্যম স্বর হইবে যখন।
বেহাগ বলিয়া নাম পাইবে তখন॥
জাতি-কুল সব সম্পূরণ বিদ্যমানে।
পঞ্চম হইল বাদী লক্ষণ-প্রমাণে॥
গান্ধার সম্বাদী সে বাদীব অনুগত।
আর পাঁচ স্বর তারা অম্বাদী তাবত॥
গান্ধার রিখভ আর ধৈবত নিখাদ।
চারি স্বরে জানাইবে তীয়র-সংবাদ॥
তীয়র কোমল দুই মধ্যমে ঘটাবে।
যামিনীর দ্বিতীয় প্রহরে গীত গাবে॥

১। হিন্দোল-পুত্রবধূ বসন্তী—

সাহানার—এইতো বসন্তী প্রিয়তমা।
পরম রূপসী,—রূপে নাহিক উপমা॥
বসন্ত, হিন্দোল আর জয়েতীর যোগ।
গানের ছলেতে করে দিবারাত্রি ভোগ॥

২। হিন্দোল-পুত্রবধূ বাহার—

বাহার দ্বিতীয়া বধূ, সম্পূরণ অঙ্গ।
মালকৌশ-হিন্দোল-বসন্ত যোগে সঙ্গ॥
মধ্যম সে বাদী, শুদ্ধ পঞ্চম সম্বাদী।
আর পাঁচ স্বর মিলি হইল অম্বাদী॥
গান্ধার নিখাদ আর ধৈবত কোমল।
বসন্ত ঋতুতে সদা গানের কৌশল॥

৩। হিন্দোল-পুত্রবধূ জয়েতী—

জয়েতী অনুরাগিণী—মালোয়া-যুবতী
খাড়ো নামে গ্রাম—তাতে করেন বসতি॥
গৌরী আর জয়েতশ্রী যোগেতে শরীর।
দ্বিতীয় প্রহর পরে গাইবে সুধীর॥

৪। হিন্দোল পুত্রবধূ ললত পঞ্চম—

কানব-গৌরের ভার্য্যা ললত-পঞ্চম।
সম্পূরণ প্রকারেতে জাতির নিয়ম॥
ললত, পঞ্চম দুয়ে শরীর রচিত।
যামিনীর শেষভাগে গাইবেন গীত॥

৫। হিন্দোল-পুত্রবধূ ইমন—

পুত্রবধূ ইমন—সে কল্যাণের জায়া।
সম্পূরণ—রেওয়া-বেলাবলী-যোগে কায়া॥

মতান্তরে বেলাবলে কল্যাণের যোগ।
বাদী গিবি, দুয়েরে গান্ধার করে ভোগ॥
মধ্যম তীব্র, তার সম্বাদী অমাত্য।
পঞ্চমের নিখাদের অম্বাদী মাহাত্ম্য॥
রিখভ ধৈবত করে তীব্রে পয়াণ।
রজনীর প্রথম প্রহরে গাবে গান॥

৬। হিন্দোল-পুত্রবধূ পরমানন্দ -

শুদ্ধের জায়া—পরমানন্দ—সম্পূরণ।
সমস্ত দিবসে বিধি গান প্রকরণ॥

শারঙ্গেতে বেলাবল মিশ্রিত হইবে।
তবে তো রূপের ছটা প্রকাশ পাইবে।

৭। হিন্দোল-পুত্রবধূ রূপশ্রী -

রূপশ্রী নামেতে বেহাগরার যুবতী।
শ্রীবসন্তে জন্ম, সম্পূরণেতে বসতি॥
চারি দণ্ড অবশেষ রজনী থাকিবে।
এই অনুরাগিণীকে তখন গাইবে॥

(হিন্দোল-রাগ-পরিচয় সম্পূর্ণ)

স্বরলিপি

আশাবরী—তেতালা (মধ্যগতি)

গোবিন্দ কহো মন মেরে
ছিনমেঁ কটে পাপ তেরে ঘনেরে
নাম নারায়ণ লেত অজামিল
ভয়ো ভর সিন্ধুতেঁ তাছিন নেরে
আদিত রাম বিন নাঁহি ঝিতেরে॥

সময় প্রাতঃকাল। জাতি সম্পূর্ণ। ঠাট বিকৃত। কোমল—ঋ, জ্ঞ, দ, ণ। বাদী মধ্যম॥

রূপ—স ঋ ম প দ ঋ´, র্স, র্স ঋ´ ণ দ প দ ম, ম প দ ম প জ্ঞ, ম ঋ, স॥

কথা—আদিত রামজী
সুর—সঙ্গীতাচার্য্য শ্রীসত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায়
স্বরলিপি—শ্রীমতী করুণা চৌধুরী (সঙ্গীত সম্মিলনীর উচ্চ শ্রেণীর ছাত্রী)

	১				২				৩				০				
II	সঋা	মা	পা	দা	ঋ´া	র্সা	-া	ঋ´া	ণা	ণা	দা	পা	মা	পা	মপা	দা	I
	গো০	০	বি	ন্দ্	ক	হো	০	ম	০	ন	মে	রে	ছি	ন	মেঁ০	০	

	১				২´				৩				০				
	পা	জ্ঞা	-া	পা	জ্ঞা	জ্ঞা	ঋা	সা	সঋা	ঋমা	মপা	র্সণা	দদা	পপা	মজ্ঞা	ঋসা	II
	ক	টে	০	পা	০	প	তে	রে	ঘ০	নে০	রে০	০০	০০	০০	০০	০০	

অন্তরা

১				২´				৩				০			
II { া	মা	পা	পা	ণদা	-া	ণা	ণা	র্সা	-া	র্সা	র্সা	ণর্সা	র্ঋণা	র্সা	র্সা I
	না	ম	না	রা	০	য়	ণ	লে	০	ত	অ	জা০	০০	মি	ল

১				২´				৩				০			
া	ণণা	র্সা	র্সা	ণর্সা	র্জ্ঞা	র্ঋা	র্সা	ণা	-াঃ	র্ঋর্সঃ	র্ঋর্সা	ণদা	-া	পা	-া } I
০	ভয়ো	ভ	র	সি০	০	ন্ধু	তে	তা	০১	ছি০	ন০	নে	০	রে	০

১				২´				৩				০			
মা	পা	র্সা	ণা	-া	দা	পা	মা	পণা	ণর্সা	র্জ্ঞর্জ্ঞা	র্ঋর্সা	র্সণা	দপা	মজ্ঞা	ঋসা II II
অ	দি	ত	রা	০	ম	বি	ন	না০	হি০	ঝি০	তে০	রে০	০০	০০	০০

১ম তান :—

১ + ৩					০			
গোবিন্দ কহো—	মপা	দদা	মপা	র্সর্সা	মপা	দপা	মজ্ঞা	ঋসা I
	আ০	০০	০০	০০	০০	০০	০০	০০

২য় তান :—

১ + ৩					০			
গোবিন্দ কহো—	সঋা	মপা	দণা	র্সা	মপা	দপা	মজ্ঞা	ঋসা I
	আ০	০০	০০	০	০০	০০	০০	০০

৩য় তান :—

১ + ৩					০			
গোবিন্দ কহো—	র্জ্ঞর্জ্ঞা	র্ঋর্সা	ণদা	পমা	পণা	দপা	মজ্ঞা	ঋসা I
	আ০	০০	০০	০০	০০	০০	০০	০০

৪র্থ তান :—

১ + ৩ ০ ১
গোবিন্দ কহো :—মপা ণদা ণণা র্সা | ণর্সা র্স,না র্সর্সা, ণদা, | পণা ণ,পা ণণা, দপা, |
আ০ ০০ ০০ ০ | ০০ ০০ ০০ ০০ | ০০ ০০ ০০ ০০ |

২´ ০
মপা প,জ্ঞা মমা, সঋা, I সঋা মপা দণা র্সঋা | মপা জ্ঞমা জ্ঞঋা সমা II
০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

অন্তরার দম, ঝম মিশ্রিত তান :—

১ ৩ ৩ ৩ ১ ২´
। নাম নারায়ণ লেত অজামিল—মপা ণর্সা ঋণা র্সা | -া -া -া -া |
আ০ ০০ ০০ ০ | ০ ০ ০ ০ |

৩ ০ ১ ২´
পণা র্সঋা ণঃর্সা -া | -া দণদা ণদা পা I । নাম নারায়ণ ইত্যাদি।
আ০ ০০ ০০ ০ | ০ ০০০ ০০ ০

বাঁট তেহাইযুক্ত :—

১ ২ ৩ ০ ১ ২´
গোবিন্দ কহো মনমেরে—মা পর্সা পদা মপা I জ্ঞা মঃ জ্ঞা ঋঃ সা | সঋা ণা দা পা |
গো বিন্দ কহো মন মে রে ছি ন মেঁ | ক০ টে পা প |

৩ ০ ১ ২´
সঋা মঃপা দঃ মপা | মা পদা ঋর্সা মা I পদা ঋর্সা মা পদা | ঋা র্সা -া II II
তে০ রেঘ ন রে০ | গো বিন্দ কহো, গো বিন্দ কহো, গো বিন্দ | ক হো ০

স্বরলিপি

ইমন-কল্যাণ—একতালা

কথা, সুর ও স্বরলিপি—শ্রীশচীনন্দন বন্দ্যোপাধ্যায়

আস্থায়ী

০ ১ + ৩ ০
II না র্রা র্সা | না ধা ননা | হ্মা ধা পা | হ্মা গঃ গা I রা গা হ্মা |
সা ধ বে | সু ধী জন | শো ধ ন | ক রি য়া

১ + ৩ ০ ১
গা রা গা | ন্‌া রা সা | সা সা সা I সসা ররা গগা | হ্মহ্মা পপা ধধা |

+ ৩
ননা র্সর্সা র্গর্গা | র্রর্রা র্সর্সা নর্সা II

অন্তরা

০ ১ + ৩ ০
II পা ধা না | র্সা র্সা র্সা | না র্সা র্সা | র্সা র্সা র্সা I র্সা র্রা র্গা |
আ রো হ | ণ ০ ০ | অব রো হ | ণ ক রি | স ম্পূ র |

১ + ৩ ০ ১
র্রা র্সা র্সা | না ধা না | ধা পহ্মা গগা I না ধা পা | হ্মা ধা পা |
ন সু রে | গা ন্ধা র | জা নক রি০ | তা ০ ল | মা ০ ন |

+ ৩ ০ ১ +
ধা পা হ্মা | গা রা রা I রা রা গা | গা মা গা | গা রা ন্‌া |
ল য় আ | শ্র য়ে ০ | গাও ০ য | শ গা ন | তাঁ রি ০ |

৩
রা সা সা II II
০ ০ ০

———

স্বরলিপি

কোন দূরে ও-কে যায় চ'লে যায়,
সে ফিরে ফিরে চায় করুণ চোখে।
তার স্মৃতি মেশা হায় চেনা অচেনায়
তারে দেখেছি কোথায় যেন সে কোন লোকে ॥

শুনি স্বপ্নে তারি যেন বাঁশী মন উদাসী
তারি বার্ত্তা আসে নব মধুমাসে
পলাশ অশোকে ॥

কৃষ্ণচূড়ার তার মালা লুটায়—
চৈত্র শেষে বনের ধূলায়।

কান্না-বিধুর তার ভৈরবী সুর
প্রভাতী তারায় অশ্রু ঘনায়
চির-বিরহী চিনি ওকে ॥

কথা ও সুর—কাজী নজরুল ইস্‌লাম।　　　　স্বরলিপি—শ্রীজগৎ ঘটক।

সন্‌া সা II {সা দা -পক্ষা পা | -া ॥(-া পা পদা I ^দ^মা -পা ণদা মপা | জ্ঞরা -মজ্ঞা -রজ্ঞা পদা I
কো০ ন্‌ {দূ ০ রে০ ০ | ০ ০ও কে০ যা য়্‌ চ০ লে০ | যা০ য়্‌০ ০০ সে০

^দ^মা -পা ণদা মপা | জ্ঞরা -মজ্ঞা -রজ্ঞা জ্ঞা I জ্ঞা -পমপমা -জ্ঞা ^জ্ঞ^ঋা | সা -া সন্‌া সা)} I
ফি রে ফি০ রে০ | চা০ য়্‌০ ০০ ক রু ০০০০ ণ চো | খে ০ কো০ ন্‌ }

[জ্ঞা মা া মা]
-া সা ^স^ন্‌সা I {সা সজ্ঞা জ্ঞা জ্ঞরা | রা জ্ঞা -া জ্ঞা I জ্ঞা -মজ্ঞমজ্ঞা জ্ঞা ^জ্ঞ^ঋা |
০ ০ তার্‌ {স্মৃ তি০ মে শা০ | হা য় ০ চে না ০০০০ অ চে

সা -া (-া ন্‌সা)} I সন্‌া -সা I সা সদা দপা মপা | পমা -া জ্ঞরা জ্ঞা I
না য় ০ তার্‌) তা০ রে দে :খে০ ছি০ কো০ | থা য় যে০ ন

জ্ঞা জ্ঞরা -মজ্ঞা জ্ঞঋা | সা -া সন্‌া সা II
সে কো০ ন্‌০ লো | কে ০ কো০ ন্‌

-দা দা দা II দা -া না না | নর্সা -া দা ণা I র্সা -র্রা -র্জ্ঞা -া | -া -া -া -া I
০ শু নি স্ব প্‌ নে তা | রি০ ০ যে ন বাঁ ০ শী ০ | ০ ০ ০ ০

র্র্জ্ঞা -র্মা র্জ্ঞর্মর্জ্ঞা র্জ্ঞর্ঋা | -র্সা -া র্সর্ঋা র্ঋণা I র্সা -র্জ্ঞা র্জ্ঞর্ঋা র্সণা |
ম০ ন্‌ উ০০ দা | সী ০ তা০ রি বা র্‌ তা০ আ০

দা -পা পদা দমা I পদা পা ণা দপা | মজ্ঞা -া -া জ্ঞা I রজ্ঞা -মা জ্ঞা ঋা |
সে ০ ন০ ব ম০ ধু ০ মা০ | সে০ ০ ০ প লা০ শ্‌ অ শো

সা -া সন্‌া সা II
কে ০ কো০ ন্‌

-া -া সা II সা জ্ঞা জ্ঞা রা | জ্ঞা -া জ্ঞা -া I মপা -পা ণদা মপা |
০ ০ ০ কৃ ষ্‌ ণ চূ | ড়া র্‌ তা র্‌ মা ০ লা০ লু০

ম্জ্ঞা -রজ্ঞা -া -া I মপা -দণা দপা মজ্ঞা | জ্ঞমা -া -া -া I
টা য়্০ ০ ০ চৈ০ ০০ ত্র০ শে০ | ষে০ ০ ০ ০

জ্ঞা জ্ঞমা জ্ঞমজ্ঞা জ্ঞঋা | সা -া -া -া II
ব নে০ র০০ ধূ | লা য়্ ০ ০

II দা -না -না না | নর্সা -া র্সা -ঋা I নর্সা -নর্সদা ণা র্সর্রা | র্সজ্ঞা -া -া -া I
কা ন্ না বি | ধু০ র্ তা র্ ভৈ০ ০০০ র বী০ | সু০ ০ ০ র্

জ্ঞা র্জ্ঞর্মা জ্ঞর্মর্জ্ঞা জ্ঞঋা | -র্সা -া -া -ঋা I ঋণা -র্সা জ্ঞঋা ণর্সা |
প্র ভা০০ তী০০ তা | রা য়্ ০ ০ অ ০ শ্রু০ ঘ০ |

ণদা -পা -া -া I পা ণদা পা মজ্ঞা | মপা -দণা -া -া I জ্ঞা -মা -জ্ঞমজ্ঞা জ্ঞঋা |
না০ য়্ ০ ০ চি র০ বি র০ | হী০ ০০ ০ ০ চি নি ০০০ ও |

-সা -া সন্া -সা II II
কে ০ কো০ ন

গীত-সোপান

(পূর্ব্বপ্রকাশিতের পর)

সঙ্গীত শিক্ষক—শ্রীপাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়

বাদ্যাদিভেদ—বাদী, সম্বাদী, অনুবাদী ও বিবাদী স্বর কি এবং তাহাদের বিশেষত্ব কি—উপস্থিত ইহাই আমাদের আলোচ্য বিষয়। এখন দেখা যাউক আমাদের সঙ্গীতে বাদী স্বরের বৈশিষ্ট্য কি? কোন রাগ বা রাগিণীতে যে যে স্বর ব্যবহৃত হয় তাহাদের মধ্যে যে স্বরটীর ব্যবহার সর্ব্বাপেক্ষা অধিক হওয়ায় সেই রাগ বা রাগিণীর মূর্ত্তি উজ্জ্বল করে বা যে স্বরটির যথাযথ ব্যবহার না করিলে রাগ বা রাগিণীর স্বরূপ প্রকাশ হয় না তাহাকে বাদী স্বর বলে। ইহার অপর নাম অংশ। সঙ্গীত দর্পণ বলিতেছেন :—

বাদ্যাদিভেদভিন্নাশ্চতুর্বিধাস্তে স্বরাঃ কথিতাঃ
রাগোৎপাদনশক্তের্বদনং তদ্‌যোগতো বাদী ॥৬৮॥

টীকা—রাগোৎপাদনশক্তেঃ রাগস্বরূপাধায়কধর্ম্মস্য বদনং প্রতিপাদনং তদ্‌যোগাৎ বদন সম্বন্ধাৎ বাদী। বদতি রাগস্বরূপং প্রতিপাদয়তীতি বাদীত্যর্থঃ। পুনস্তমেব বিশিনষ্টি, বহুলেতি। অসৌ বাদী প্রয়োগে জাতি-রাগাদিব্যবহারে বহুলস্বরঃ বাহুল্যেন উচ্চারিতঃ, তথা সর্ব্বেষাং সংবাদি বিবাদ্যনুবাদিনাং রাজা রাজেব মুখ্যত্বয়া উপজীব্য ইত্যর্থঃ, ভবতি। যঃ অম্ব বহুধা প্রযুক্তো রাগোৎপত্তিনির্ণয়ং করোতি স বাদী স্বরঃ ইত্যর্থঃ ॥৬৮॥

হিন্দুস্থানীগণ বাদী স্বরকে "জান" বলেন। বাস্তবিকই বাদী স্বর সঙ্গীতের প্রাণস্বরূপ। প্রাণহীন জীবের যেমন সত্তা বা অস্তিত্ব থাকে না, সেইরূপ বাদীস্বরের যথাযথ ব্যবহার না হইলে রাগ বা রাগিণীর স্বরূপ প্রকাশ পায় না। সঙ্গীত তরঙ্গ সেইজন্য বলিতেছেন :—

যেমন জীবেতে প্রাণ একই কারণ।
সেইমত বাদী স্বর রাগের জীবন ॥

সঙ্গীতদর্পণ আবার বলিতেছেন :—

"বহুলস্বরঃ প্রয়োগে ভবতি রাজা চ সর্ব্বেষাম্।"

বহুল প্রয়োগের কারণ বাদী স্বরকে রাজা বলা হয়। এখন **সম্বাদী** কি? যে স্বর রাগ বা রাগিণীতে বাদী স্বর অপেক্ষা কম ব্যবহার হয় তাহাকে সম্বাদী বলা হয়। (সম্বাদী অর্থাৎ বাদী সম বা তুল্য তাহা হইলে কিছু কম)।

সঙ্গীত তরঙ্গ বলিতেছেন :—

"বাদী সঙ্গে যে সকল স্বরের মিলন।
সম্বাদী তাহারে কহিলেন বুধগণ ॥

অর্থাৎ যদি ষড়জকে বাদী করা হয়, ষড়জের সহিত মধ্যম বা পঞ্চমের মিলন হয়; অতএব ষড়জ মধ্যম বা ষড়জ পঞ্চম অনুসারে বাদী সম্বাদী নির্ণীত হয়।

সঙ্গীত দর্পণ বলিতেছেন :—

"শ্রুতয়োঽষ্টৌ দ্বাদশ বা ভবন্তি মধ্যে যয়োঃ স্বরয়োঃ ॥
সংবাদিনৌতু কথিতৌ পরস্পরং তৌ নিষাদগান্ধারৌ॥"

অর্থাৎ যে যে স্বর মধ্যে অষ্ট বা দ্বাদশ শ্রুতির অন্তর বা ব্যবধান থাকিবে তাহারা পরস্পর বাদী সম্বাদী হইবে। ধরুন ষড়জ ছন্দোবতী শ্রুতিতে ও মধ্যম মার্জ্জনী শ্রুতিতে অবস্থান করিতেছে। এই ছন্দোবতী ও মার্জ্জনী মধ্যে

দয়াবতী, রঞ্জনী, রতিকা, রৌদ্রী, ক্রোধা, বজ্রিকা, প্রসারিণী, প্রীতি এই আটটী শ্রুতি ব্যবধান আছে অতএব ষড়জের সংবাদী মধ্যম, আবার ষড়জ ও পঞ্চমের মধ্যে দ্বাদশ শ্রুতি ব্যবধান থাকায় পঞ্চমও ষড়জের সংবাদী। এইরূপ ঋষভের সংবাদী ধৈবত ইত্যাদি ইত্যাদি। তাহা হইলে বেশ বুঝা যাইতেছে যে, যে কোন রাগ বা রাগিণীর যেটী বাদী স্বর তাহার ৯ বা ১৩ শ্রুতি পরে যে স্বরটী থাকিবে তাহা উহার সম্বাদী স্বর হইবে; তবে ঐ ৯ শ্রুতির মধ্যে যদি কোন সুর বিবাদী বা বর্জ্জিত হয় তাহা হইলে ত্রয়োদশ শ্রুতির পর যে শ্রুতি হইবে তাহা সম্বাদী হইবে।

মনে করুন কোন রাগ বা রাগিণী ঋষভ বর্জ্জিত বা বিবাদী এবং ষড়জ বাদী। অতএব—

সা = ৪ শ্রুতি
গা = ২ ,,
মা = ৪ ,,
পা = ৪ ,,
―――
১৪ শ্রুতি

পূর্ব্বে বলা হইয়াছে, ত্রয়োদশ শ্রুতি বাদে সম্বাদী হইবে; কিন্তু পঞ্চমের চারিটী শ্রুতি থাকায় চতুর্দ্দশ শ্রুতির স্থানেও "পা" পাওয়া যাইতেছে; অতএব "পা" এখানে সম্বাদী।

এখন বিবাদী স্বর কাহাকে বলে?

সঙ্গীত তরঙ্গ বলিতেছেন :—

"রাগের সৌন্দর্য্য হয় যে সুর শোরতে।
সোইতো বিবাদী নাদ পুরাণের মতে॥"

সাধারণতঃ বিবাদী সুরকে অব্যবহার্য্য সুর বলা হয়। অর্থাৎ ইহাকে শত্রু মধ্যে গণ্য করা হয়; কারণ বিবাদী সুরের ব্যবহারে রাগ বা রাগিণীর স্বরূপত্ব নষ্ট হয়। কিন্তু আবার বুঝিয়া দেখিলে বিবাদী সুর রাগ বা রাগিণীর রূপ প্রকাশের সহায়। যেমন ভূপালীতে ঋ+প ও প+ঋ এই দুই সুরান্তরের দ্বারা রাগের রূপ সম্পূর্ণরূপে প্রকাশ পাইতেছে না; কিন্তু "মা" ও "নি" বিবাদী হওয়ায় ভূপালীর রূপ বিশেষরূপে প্রকাশিত হইতেছে (সঙ্গীতাচার্য্য দক্ষিণারঞ্জন সেনের "রাগের গঠন শিক্ষা, ৩০।৩১ পৃষ্ঠা দ্রষ্টব্য)। অতএব বিবাদী স্বরকে একক্ষেত্রে রাগ প্রকাশের সহায়ক বলিতে পারা যায়। তাহা হইলে বিবাদী সুরের **ব্যবহারে** রাগ বা রাগিণীর স্বরূপত্ব নষ্ট করে অর্থাৎ শত্রুবৎ এবং **অব্যবহারে** রাগ বা রাগিণীর রূপ প্রকাশ করে অর্থাৎ সহায়ক, মূলে উভয়ের ভাব একই। বিবাদী স্বরের আর একটী বিশেষত্ব এই যে ইহা রাগ বা রাগিণীকে ঔড়ব, খাড়ব ও সম্পূর্ণ এই তিন ভাগে বিভক্ত করে। এ সম্বন্ধে পরে আলোচনা করা যাইবে।

এখন অনুবাদী কি? বাদী বা সম্বাদী অপেক্ষা যে স্বর স্বল্প ব্যবহৃত হয় তাহাকে অনুবাদী বলে।

সঙ্গীত তরঙ্গ বলিতেছেন :—

"সকলের শেষে যেই সুরের মিলন।
অনুবাদী তাহারে বলেন মুনিগণ॥
অনুবাদী পূর্ব্বের তিনের অন্তে বটে।
কিন্তু ভৃত্যবৎ বাদী সুরের নিকটে॥"

সঙ্গীত দর্পণ সাধারণের বোধগম্যের জন্য বাদী সম্বাদী ইত্যাদি সম্বন্ধে সহজ উপমা দ্বারা যাহা বুঝাইয়াছেন তাহা নিম্নে উদ্ধৃত করিলাম :—

"বাদী রাজা স্বরস্তস্য সংবাদী স্যাদমাত্যবৎ।
শত্রুর্বিবাদী তস্য স্যাদনুবাদী তু ভৃত্যবৎ ॥৭৪॥

(ক্রমশঃ)

স্বরলিপি

সিন্ধু-তেতালা

বন মাঝে কেন বাঁশী বাজে হায়
যমুনা পুলিনে যাই তারে না দেখিতে পাই
বাঁশী তানে ভুল করেছি সকল কাজে।

কুল-মান ছিল যাহা
হরে নিয়েছে গো তাহা
তবে কেন মনচোরা
বাজায় বাঁশী সাঁঝে ॥

কথা—শ্রীসুধীরকুমার মুখোপাধ্যায় বি,এ

সুর ও স্বরলিপি—শ্রীমতী বাসন্তী দেবী

০				১				২´				৩			
ণা	পা	মা	পা	মা	জ্ঞা	রা	সা	জ্ঞা	-া	রা	-া	রজ্ঞা	পমা	জ্ঞরা	সা
ব	ন	মা	ঝে	কে	ন	বাঁ	শী	বা	০	জে	০	হা০	০০	০০	য়

০				১				২´				৩			
সা	রা	মা	পা	ধা	ণা	ধা	-া	মা	ধা	ণা	র্সা	ণা	ধা	পা	-া
য	মু	না	পু	লি	নে	যা	ই	তা	রে	না	দে	খি	তে	পা	ই

০				১				২´				৩			
মা	পা	র্সা	ণা	ধা	পা	ধা	পা	মা	মা	^মধা	পা	^মজ্ঞা	-া	রা	-া
বাঁ	শী	তা	নে	ভু	ল্	ক	রে	ছি	স	ক	ল	কা	০	জে	০

অন্তরা

০				১				২´				৩			
মা	পা	না	না	র্সা	র্সা	র্সা	র্সা	ণা	ণা	ধা	ধা	ণা	ণা	ধা	পা
কু	ল	মা	ন	ছি	ল	যা	হা	হ	রে	নি	য়ে	ছে	গো	তা	হা

০				১				২´				৩			
মা	ধা	ণা	র্সা	ধা	ণা	পা	ধা	র্সা	ণা	মধা	পা	মজ্ঞা	-া	রা	-া
ত	বে	কে	ন	ম	ন	চো	রা	বা	জায়	বাঁ	শী	সাঁ	০	ঝে	০

১ম তান—

২´				৩			
সরা	মপা	ধণা	র্সণা	ধপা	মজ্ঞা	রসা	রা
আ০	০০	০০	০০	০০	০০	০০	০

২য় তান—

২´				৩			
ধণা	র্সর্রা	র্জ্ঞর্রা	র্সণা	ধপা	মজ্ঞা	রসা	রা
আ০	০০	০০	০০	০০	০০	০০	০

৩য় তান—

০				১				২´			
ণ্সা	রজ্ঞা	মপা	মজ্ঞা	রমা	জ্ঞমা	জ্ঞরা	সরা	মপা	ধণা	র্সর্রা	র্সণা
আ০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০

৩			
ধপা	মজ্ঞা	রসা	রা
০০	০০	০০	০

স্বরলিপি

দরবারী-কানড়া—কাওয়ালী

শেষ কোথা বল শেষ কোথা
আনিবে কে আজি পথেরি বার্ত্তা ?
যুগ যুগ হ'তে ভাসিয়া ভাসিয়া
কণ্ঠে মালা হ'ব কবে গো আসিয়া
শুধাব বন্ধু শেষ কোথা ?

সে মালা যদি কভু যায়গো ছিঁড়ে
চরণ ধূলি মাঝে লুটাব ধীরে
কুহেলিকা ঢাকা পথের শেষে
পান্থ চলিয়াছে আঁধার দেশে
দাও ঢেকে তার ব্যাকুলতা।

কথা ও স্বরলিপি—শ্রীসুবোধচন্দ্র চক্রবর্ত্তী বি, এ
সুর—বেলা দেবী

০				১				+				৩				
ণ্সা	ণ্সা	রা	ণ্া	সা	-া	ম্া	প্া	ণ্দ্া	-া	-া	ণ্া	সা	-া	-া	-া	I
শে০	০০	ষ	কো	থা	০	ব	ল	শে০	০	ষ	কো	থা	০	০	০	

০				১				+				৩				
-া	রা	রা	রা	রা	-া	রা	রা	-া	-া	জ্ঞা	মা	জ্ঞমা	জ্ঞা	রা	সা	II
০	আ	নি	বে	কে	০	আ	জি	০	প	থে	রি	বা০	০	র্ত্তা	০	

০				১				+				৩				
-া	মা	-া	পা	ণদা	-া	-া	ণা	-া	ণা	র্সা	র্সা	র্সা	-া	র্সা	র্সা	I
০	যু	গ	যু	গ০	০	হ	তে	০	ভা	সি	য়া	ভা	০	সি	য়া	
০	কু	হে	লি	কা০	০	ঢা	কা	০	প	থে	রি	শে	০	ষে	০	

০				১				+				৩				
-া	পা	-া	র্রা	র্সর্রা	র্জ্ঞা	র্রা	র্সা	ণর্সা	ণর্সা	র্রা	র্সা	দা	ণা	পা	-া	I
০	ক	ণ্	ঠে	মা০	লা	হ	ব	ক০	বে০	০	গো	আ	০	সি	য়া	
০	পা	ন্	থ	চ০	লি	য়া	ছে	আঁ০	ধা০	০	র	দে	০	শে	০	

০				১				+				৩				
-া	সা	সা	রা	রপা	-মপা	জ্ঞা	-া	-া	জ্ঞা	-া	মা	রজ্ঞা	-সা	-া	-া	II
০	শু	ধা	ব	বন্	ধু০	০	০	০	শে	০	ষ	কো০	থা	০	০	
০	দা	ও	ঢে	কে০	তা০	র	০	০	ব্যা	কু	ল	তা০	০	০	০	

০	১	+	৩	
-া ণ্‌া ণ্‌া সা	ণ্‌া সা রা সা	ণ্‌সা ণ্‌সা রা সা	দ্‌া ণ্‌া প্‌া -া	I
০ সে মা লা	য দি ক ভু	যা০ য়০ ০ গো	ছি ০ ড়ে ০	

০	১	+	০	
-া ম্‌া -া প্‌া	ণ্‌দ্‌া -া -া -ণ্‌া	ণ্‌া সা সা -সা	রা ণা সা -া	II
০ চ র ণ	ধূ০ লি মা ঝে	০ লু টা ব	ধী ০ রে ০	

স্বরলিপি

ভৈরবী—তেতালা

মুকুর তুমি গো মোর মুকুট মাথার
আঁখি-তারা তুমি মম হৃদয়ের হার।

এ দেহের প্রাণ তুমি দেবতা মনের
মরণে কামনা তুমি আশা জীবনের।
কভু তোমা নাহি দেখি কভু নাহি জানি
জীবনে মরণে তুমি অপরে না মানি।

কথা—শ্রীদুলালচন্দ্র মিত্র বি-এ। সুর ও স্বরলিপি—শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি-এ

আস্থায়ী

০	১	২´	৩	
মা মা মা পা	ণদা পা মজ্ঞা জ্ঞা	সা ঋা সা জ্ঞা	সজ্ঞা ঋসা ণা সা	I
মু কু র তু	মি০ গো মো০ র	মু কু ট মা	থা০ ০০ ০ র্	

০	১	২´	৩	
ণ্‌া সা জ্ঞা মা	পা পা ণদা পা	জ্ঞা পা ণদা পা	মজ্ঞা জ্ঞা ঋা সা	II
আঁ খি তা রা	তু মি ম০ ম	হৃ দ য়ে র	হা০ ০ ০ র্	

০				১				২´				৩				
জ্ঞা	মা	দা	ণা	র্সা	র্সা	র্জ্ঞর্ঋা	র্সা	দা	ণা	র্সা	ণা	র্সা	-া	-া	-া	I
এ	দে	হে	র	প্রা	ণ	তু০	মি	দে	ব	তা	ম	নে	০	০	র্	

০				১				২´				৩				
দণা	ণর্সা	র্সর্জ্ঞা	র্জ্ঞা	র্জ্ঞা	র্জ্ঞা	র্জ্ঞর্রা	র্মর্জ্ঞা	-া	র্সর্ঋা	র্সণা	র্সা	ণদা	পদা	পা	-া	I
ম০	র০	ণে০	কা	ম	না	তু০	মি০	০	আশা	জী০	ব	নে০	০০	০	র	

০				১				২´				৩				
-া	জ্ঞপা	পা	পা	পদা	পধণা	-া	দপা	-া	পধা	ণা	র্সা	ণর্সা	ণণা	পদা	পা	I
০	কভু	তো	মা	না০	হি০০	০	দেখি	০	কভু	না	হি	জা০	০০	০০	নি	

০				১				২´				৩				
-া	জ্ঞপা	পা	পা	দা	ঋমা	জ্ঞরা	জ্ঞা	সা	ঋা	জ্ঞরা	জ্ঞা	সজ্ঞা	ঋসা	ণ্া	সা	II
০	জীব	নে	ম	র	ণে০	তু০	মি	অ	প	রে০	না	মা০	০০	০	নি	

গান

শ্রীজগদীশচন্দ্র সেন মজুমদার

আজি খুঁজি মোর সাথীরে,
আঁধারে ঢেকেছে ধরা
ঘনিয়ে এল রাতি রে।

একা যখন ছিলাম বসি'
শুনেছিলাম তার সে বাঁশী,
আজো সেই সুর পরাণে মোর
রেখেছি যতনে গাঁথি' রে।

দিনের বেলায় হেলায় হেলায়
নানান কাজে
ওগো নামটি যে তার গেছি ভুলে
আজকে সাঁঝে।
মোর কাঁদন শুনে সে যদি
তাই পথে পথে শুধু কাঁদি
(তার) বাঁশীর সে সুর শুন্‌বো বলে
থাকি আকাশে কান পাতি' রে।

স্বরলিপি

মিশ্র ইমন-কল্যাণ—একতালা (বিলম্বিত লয়)

হে দেব আমার, হে মহাদেব
তোমারি চরণে করি হে নতি
হে মোর দেবতা, হে মোর প্রভু
তোমারে আজি করি আরতি।

ধূপেরি ধোঁয়ায় ফুলেরি গন্ধে
জাগহে দেবতা গানেরি ছন্দে
আকুল ভকত চরণে বন্দে
জাগ হে জাগ বিশ্বপতি।

দাও গো আমায় চরণের ধূলি
অঞ্চলে মোর দাও হে তুলি
তোমারি পায়ে কুসুমগুলি
প্রকাশ তব নয়ন জ্যোতিঃ।
অজানা পথের পথিক আমি
দাও গো মোরে দাও গো শকতি॥ *

কথা—শ্রীহিমাংশুভূষণ মুখোপাধ্যায় | সুর ও স্বরলিপি—শ্রীঅনিলভূষণ বাগ্‌চী

II {পা পা -ক্মধা | পক্মা গা গা | রা গা রা | সা -া নধা I ধ্‌া ণ্‌া রগা |
{হে দে ব্‌০ | আ০ মা র | হে ম হা | দে ০ ০ব তো মা রি০ |

পা মা গরা | রগা রগা সা | ন্‌া -রা সা I সা -পা পা | পা পা পা |
চ র ণে০ | ক০ রি০ হে | ন ০ তি হে মো র | দে ব তা |

* এই গানখানি গত শিবরাত্রি উপলক্ষে লিখিত হইয়াছিল এবং "ভারতী সঙ্গীত সঙ্ঘের" "নারীর পূজা" অভিনয়ে গীত হইয়াছিল। শ্রীহিমাংশুভূষণ মুখোপাধ্যায়

র্মা -ধা পর্মা | গা -মা -গা I সা রা গা | -পা ধা পা | সা রা গা |
হে মো ০র . প্র ভু ০ তো মা রে | ০ আ জি | ক রি আ |

ন্‌া -রা সা } II
র ০ তি }

II না না র্সা | ধা -না না | ধা না ধা | পা -া পা I র্মা ধা পা |
ধূ পে রি | ধোঁ য়া য় | ফু লে রি | গ ন্‌ ধে জা গ হে |

র্মা গা র্মা | পা ধা না | র্মা -ধা পা I পা পা পা | পা -া পা |
দে ব তা | গা নে রি | ছ ন্‌ দে আ কু ল | ভ ক ত |

র্মা র্মা র্মা | গা -া গা I ন্‌া রা গা | ধ্‌া -ন্‌া সা | প্‌া -ধ্‌া ণা |
চ র ণে | ব ন্‌ দে জা গ হে | জা ০ গ | বি ০ শ্ব

রা -া সা I মগা গা গা | রা গা গা | গা -া গা | -া -া -া I
প ০ তি দা০ ও গো | আ মা য় | চ র ণে | র ধূ লি

ন্‌া -রা -গা | -র্মা -া পা | গা পা -া | -া -া -া I র্মা ধা র্মাধা |
অ ন্‌ চ লে মো র | দা ও হে | ০ তু লি তো মা রি০

না -া না | গা র্মা ধা | ধা পা পা I রা গা পা | -মা মগা রা |
০ পা য়ে কু সু ম | ০ গু লি প্র কা শ | ০ ত০ ব |

রা গা রা | না -রা গা I না না ধা | পা -া পা | হ্মা ধা পা |
ন য় ন | জ্যো ০ তিঃ অ জা না | প থে র | প থি ক |

-গা মা গা I গা -া -ননা | ধা -না না | ধনা -র্সা -া | র্সা -া -া I
০ আ মি দা ও ০০ দা ০ ও দা০ ০ ও | ০ ০ ০

সা রা সরা | -গা -া গা | রা গা রা | ন্‌া রা সা II II
দ ও গো০ | ০ মো রে | দা ও গো | শ ক তি

শ্রীশ্রীগীতগোবিন্দম্

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীনবদ্বীপচন্দ্র ব্রজবাসী

দ্বিতীয়ঃ সর্গঃ

বিহরতি বনে রাধা সাধারণ প্রণয়ে হরৌ
বিগলিতনিজোৎকর্ষাদীর্ষাবশেন গতান্যতঃ
ক্বচিদপি লতাকুঞ্জে গুঞ্জন্মধুব্রতমণ্ডলী
মুখরশিখরে লীনা দীনা প্যুবাচ রহঃ সখীং ॥ ১ ॥

দ্বিতীয় সর্গ

শ্রীকৃষ্ণ যাবতীয় গোপাঙ্গনাগণের সহিত নির্ব্বিশেষে বিহার করিতেছেন, শ্রীরাধা ইহা স্বচক্ষে দেখিয়া "আমি শ্রীকৃষ্ণের সর্ব্বাধিকা প্রিয়তমা" মনে মনে এই চিরজাত অভিমানকে একবারে পরিহার করিয়া ঈর্ষ্যাবেশে শ্রীকৃষ্ণের বিলাস লীলা দর্শনে অসমর্থ হইয়া তথা হইতে দূরে চলিয়া গেলেন। এবং কোন এক লতাকুঞ্জে যাহার শিখর দেশে ভ্রমর নিকর গুন্ গুন্ স্বরে গান করিতেছে, তাহার অন্তরালে দীন হীন ভাবে বসিয়া প্রিয়সখীকে আপন মনের অতি নিগূঢ় কথা সকল বলিতে লাগিলেন ॥ ১ ॥

গুর্জ্জরীরাগ—যতি তালাভ্যাং গীয়তেঃ

সঞ্চরদধর সুধামধুরধ্বনিমুখরিতমোহনবংশী।
বলিতদৃগঞ্চল চঞ্চলমৌলিকপোলবিলোলবতংসং ॥
রাসে হরিমিহ বিহিত বিলাসং।
স্মরতি মনো মম কৃত পরিহাসং ॥ ১ ॥ ধ্রুবম্।

সখি! কি আশ্চর্য্য! এই শারদীয় রাসোৎসবে শ্রীকৃষ্ণ আমাকে প্রত্যাখান করিয়া অন্যান্য কামিনীগণের সহিত কৌতুকামোদে বিলাস করিতেছেন, তথাপি আমার মন কেন তাঁহাকে স্মরণ করিতেছে? যিনি সঞ্চরমান মুখামৃত সহকৃত ফুৎকার সহকারে স্বীয় করস্থিত মোহন মুরলীকে

সুমধুর স্বরে বাদন করিতেছেন। যিনি অপাঙ্গভঙ্গী দ্বারা স্বীয় মণিময় শিরোভূষণ চালনা করাতে, যাঁহার কর্ণাভরণ কপোলদেশে দোদুল্যমান হইতেছে ॥ ১ ॥

চন্দ্রকচারুময়ূরশিখণ্ডকমণ্ডলবলয়িতকেশং।
প্রচুরপুরন্দরধনুরনুরঞ্জিত মেদুরমুদিরসুবেশং ॥

যিনি অর্দ্ধচন্দ্রাকারে সুন্দর ময়ূরপুচ্ছ সমূহ স্বীয় কেশ-পাশে বিনিবেশিত করিয়া বিশাল ইন্দ্রধনুতে অনুরঞ্জিত নবজলধর পটলের শোভা ধারণ করিতেছে ॥২॥

গোপকদম্বনিতম্ববতীমুখচুম্বনলম্ভিতলোভং।
বন্ধুজীবমধুরাধর পল্লব মুল্লসিতস্মিতশোভং ॥৩॥

যিনি গোপললনাদিগের মুখচুম্বন করিতে করিতে অনঙ্গ সম্ভোগে অভিলাষী হইয়াছেন, যাঁহার সুকুমার অধর পল্লব বন্ধুক কুসুমের ন্যায় মনোহর অরুণ বর্ণ ও যিনি স্ফূর্ত্তিযুক্ত সস্মিত আননে কেমন শোভা পাইতেছেন ॥৩॥

বিপুলপুলকভুজপল্লববলয়িতবল্লবযুবতিসহস্রং।
করচরণোরসিমণিগণ ভূষণ কিরণ বিভিন্ন তমিস্রং ॥৪॥

যিনি বিপুল পুলকে পরিপ্লুত হইয়া নিজ সুকোমল ভুজপাশ দ্বারা সহস্র সহস্র গোপ যুবতীকে সমালিঙ্গন করিতেছেন, যিনি স্বীয় কর, চরণ ও হৃদয়দেশে সুশোভিত মণিময় ভূষণগণের কিরণ দ্বারা দিঙ্‌মণ্ডলকে সমালোকিত করিতেছেন ॥৪॥

জলদপটলবলদিন্দু বিনিন্দকচন্দনতিলকললাটং।
পীন পয়োধরপরিসরমর্দ্দননির্দ্দয়হৃদকবাটং। ৫॥

যিনি আপন ললাটদেশে মনোহর চন্দনতিলক ধারণ করিয়া নবীন জলদমণ্ডলে বিরাজমান চন্দ্রমার মহতী শোভার উচ্চ গৌরব খর্ব্ব করতঃ অনির্ব্বচনীয় সুষমা ধারণ করিয়াছেন, যাঁহার সুবিস্তীর্ণ দৃঢ়তর হৃদয়, বর যুবতী-গণের ... . মণ্ডলের অমূল্য .. ... পর্য্যন্ত সমুদয় ভাগ গাঢ়তররূপে নিপীড়ন করিতে সতত অনুরক্ত রহিয়াছে। তখনকার সেই মধুর ভাব মনে পড়িতেছে ॥৫॥

মণিময় মকর মনোহরকুণ্ডলমণ্ডিত গণ্ডমুদারং।
পীতবসন মনুগতমুনি মনুজ সুরাসুর বরপরিবারং ॥৬॥

যাঁহার কপোলযুগল মণিময় মনোহর মকরৎকার কুণ্ডলে পরিশোভিত, যিনি কামিনী জনগণের মনোভিলাষ পরিপূরণে মহৎ উদার ভাব ধারণ করিয়াছেন, যিনি অনুপম মোহন রূপমাধুরী বিস্তার করিয়া কি দেবকন্যা, কি অসুরনারী, কি মুনি পত্নী, কি অন্যান্য পুরকামিনী সকল সুন্দরী রমণীদিগকে স্বকীয় প্রেমরসে রসিত করিয়াছেন ॥৬।

বিশদকদম্বতলেমিলিতংকলিকলুষভয়ং শময়ন্তং।
মামপি কিমপি তরঙ্গদনঙ্গ দৃশা মনসা রময়ন্তং ॥৭॥

যিনি বিকশিত কদম্বতরুতলে সমাগত হইয়া আমার প্রতীক্ষায় অপেক্ষা করিতেছেন, যিনি বিবিধ আশ্বাসন চাটুবচন দ্বারা তাঁহার সহিত বিচ্ছেদ ভয় সম্যক্‌রূপে অপনয়ন করিতেছেন, যিনি প্রবলতর অনঙ্গরসভরে চঞ্চল নয়নে ও নিতান্ত স্পৃহাযুক্ত মানসে আমার সহিত মনে মনে .. ... করিতেছেন, সেই কথা মনে পড়িয়া আমার হৃদয় ব্যাকুল হইয়াছে ॥৭॥

শ্রীজয়দেবভণিতমতিসুন্দরমোহনমধুরিপুরূপং।
হরিচরণ স্মরণং প্রতি সংপ্রতিপুণ্যবতামনুরূপং ॥৮॥

শ্রীজয়দেব প্রণীত এই প্রবন্ধ যাহা শ্রীকৃষ্ণের অতি সুন্দর মোহন মূর্ত্তির বর্ণনে পরিপূর্ণ, তাহা এখন ভগবদ্ভক্তি পরায়ণ জনগণের শ্রীকৃষ্ণচরণযুগলের স্মরণ জন্য কেমন উপযোগী হইয়াছে। ৮॥

গণয়তি গুণগ্রামং ভামং ভ্রমাদপি নেহেতে
বহতি চ পরীতোষং দোষং বিমুঞ্চিত দূরতঃ।
যুবতিযুবলতৃষ্ণেকৃষ্ণে বিহারিণিমাং বিনা
পুনরপি মনোবামং কামং করোতি করোমি কিং ॥১॥

"শ্রীকৃষ্ণ তোমাকে প্রত্যাখান করিতেছেন তথাপি তুমি কেন তাঁহার প্রেমে আকুল হইতেছ।" প্রিয়সখী এইরূপ ভর্ৎসনা করাতে শ্রীরাধা বলিলেন, সখি! শ্রীকৃষ্ণ আমাকে পরিত্যাগ করিয়া অন্যান্য রমণীগণের সহিত সাতিশয় অনুরাগ সহকারে বিহার করিতেছেন, ইহা দেখিয়া তাঁহার প্রতি আমার অনুরাগ করা বিফল তাহা আমি জানি, কিন্তু আমি কি করি তাঁহার প্রতি আমার প্রবলাসক্তি আমি কোনমতেই নিবারণ করিতে পারি না। আমি তাঁহারি গুণাগুণ অনবরতই অনুধ্যান কবিতেছি, ভ্রমেও তাঁহার প্রতি কখন ক্রোধ করি নাই, তাঁহার প্রতি আমি নিয়তই সন্তুষ্ট আছি ও তাঁহার দোষের লেশকেও মনে কখনও স্থান দিই না ॥১॥ ক্রমশঃ

স্বরলিপি

ভৈরবী—তেতালা

(আজি) তোমারি নামগুণ গেয়ে
যাব বেয়ে, তরী বেয়ে।
অকুল ভব-পাথারে ধেয়ে
(শুধু) তোমারি করুণা পানে চেয়ে
যাব বেয়ে, তরী বেয়ে॥

চরণ কমল তব রাজে
সব কাজে,
নব সাজে,
(তারে) পূজিব হৃদয়খানি দিয়ে॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীরমেন্দ্রনাথ চৌধুরী বি,এ

		০				১				+				৩				
II সঋা	ন্া	সা	দা	পা	মা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	মা	ঋা	-া	সা	-া	-া	-া	সঋা	ন্া	I
আ০	জি	তো	মা	রি	না	০	ম	গু	ণ	গে	০	য়ে	০	০	০	যা০	ব	

০				১				+				৩			
সা	ঋা	মা	-া	-া	-া	পা	মা	জ্ঞা	ঋা	সা	-া	-া	-া	(-া	-া) II
বে	০	য়ে	০	০	০	ত	রী	বে	০	য়ে	০	০	০	০	০

০ | ১ | + | ৩

II সা দা পা দা | মা পা জ্ঞা মা | পা দা র্সা -া : -া -া র্সা র্সা I

অ কু ল ভ | ব পা থা রে | ধে ০ য়ে ০ , ০ ০ শু ধু

০ | ১ | + | ৩

পা ণা দা পা | মা জ্ঞা জ্ঞা মা | ঋা -া সা -া | -া -া সঋা ণ্া I

তো মা রি ক | রু ণা পা নে | চে ০ য়ে ০ | ০ ০ যা০ ব

০ | ১ | + | ৩

সা ঋা মা -া | -া -া -পা মা | জ্ঞা ঋা মা -া | -া -া -া -া II

বে ০ য়ে ০ | ০ ০ ত রী | বে ০ য়ে ০ | ০ ০ ০ ০

০ | ১ | + | ৩

II দা দা মা জ্ঞা | মা দা ণা র্সা | ণর্সা ঋ্ঁা র্সা -া | -া -া র্সঋা ণা I

চ র ণ ক | ম ল ত ব | রা০ ০ জে ০ | ০ ০ স০ ব

০ | ১ | + | ৩

র্সা ঋ্ঁা র্জ্ঞা -া | -া -া র্মা ঋ্ঁা | ঋ্ঁা র্জ্ঞা র্সা -া | -া -া -র্সঋা ণর্সা I

কা ০ জে ০ | ০ ০ ন ব | সা ০ জে ০ | ০ ০ তা০ রে০

০ | ১ | + | ৩

পা না দা পা | মা জ্ঞা জ্ঞা মা | ঋা -া -সা -া | -া -া -া -া IIII

পূ জি ব হৃ | দ য় খা নি | দি ০ য়ে ০ | ০ ০ ০ ০

সংবাদ

এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সঙ্গীতাধিবেশন

বিগত ২৭এ নভেম্বর এলাহাবাদ বিশ্ববিদ্যালয়ে একটি সঙ্গীতের অধিবেশন সাফল্যের সহিত সম্পন্ন হইয়াছে। শ্রীযুত নারায়ণ রাও ব্যাস (বোম্বে), ইনায়েৎ খাঁন (গৌরীপুর), কৃষ্ণ রাও পণ্ডিত (গোয়ালিয়র), শ্রীরক্ষ রতনজনকার (লক্ষ্ণৌ) প্রমুখ ভারতের বিখ্যাত শিল্পীগণ উক্ত অধিবেশনে যোগদান করিয়াছিলেন। এই অধিবেশনের একটি প্রধান অঙ্গ ছিল প্রতিযোগিতা। প্রতিযোগিতাকারিগণের কার্য্যানুষ্ঠান উচ্চাঙ্গের হইয়াছিল।

সঙ্গীতাধিবেশনের সভ্যগণ ও প্রতিযোগিতাকারীগণ

যাঁহারা শ্রোতৃবর্গের প্রশংসার্হ হইয়াছেন, তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য।

কুমারী বীণাপাণি (কণ্ঠসঙ্গীত), কুমারী নরভেন্ (বেহালা), কুমারী শান্তা ভট্টাচার্য্য (নৃত্য), কুমারী ইলা বন্দ্যোপাধ্যায় (কণ্ঠসঙ্গীত), মাষ্টার রাখেশমোহন (কণ্ঠসঙ্গীত), মাষ্টার যোশী (তবলা), মিঃ এস্, আর, ভট্টাচার্য্য (তবলা), মিঃ সি, এস্, পান্ত্ (কণ্ঠসঙ্গীত) এবং মিস্ আশাকুমারী ওঝা (নৃত্য)।

অভ্যর্থনা কমিটির সভাপতি শ্রদ্ধেয় ডাঃ ডি, আর, ভট্টাচার্য্য মহাশয় সঙ্গীতবিদ্গণ ও আগন্তুক ভদ্রমহোদয়-দিগকে সম্বর্দ্ধনা করিয়াছিলেন এবং এলাহাবাদ বিশ্ব-বিদ্যালয়ের উপাধ্যক্ষ মিঃ ইকবল নারায়ণ গুর্‌তু সভাপতির সম্ভাষণ-পত্র পাঠ করিয়াছিলেন। অধিবেশনটি সর্ব্বাঙ্গ-সুন্দর হইয়াছিল।

নিম্নে পুরস্কৃতগণের নামের তালিকা প্রদত্ত হইল :—

১ম শ্রেণী—৯ বৎসরের নিম্নবয়স্কা বালিকাগণ

নৃত্য

১। কুমারী শান্তা ভট্টাচার্য্য
২। ,, রেবা দত্ত

কণ্ঠসঙ্গীত

১। কুমারী রাজদুলারী মাথুর (কানপুর)
২। ,, অর্চ্চনা দেবী (সুলতানপুর)
৩। ,, মাধুরী সাপ্রু
৪। ,, শান্তা ভট্টাচার্য্য (দক্ষতার সহিত পুরস্কৃত)

তবলা

১। কুমারী শান্তা ভট্টাচার্য্য

হারমোনিয়াম

১। কুমারী অর্চ্চনা দেবী

২য় শ্রেণী—৯ বৎসরের নিম্ন বয়স্ক বালকগণ

কণ্ঠসঙ্গীত

১। মাষ্টার শান্তারাম বিষ্ণু কুশলকর

হারমোনিয়ম

১। মাষ্টার হেমচন্দ্র যোশী

তবলা

১। মাষ্টার হেমচন্দ্র যোশী
২। ,, বিশ্বরঞ্জন ভট্টাচার্য্য
৩। ,, নিরঞ্জন ভট্টাচার্য্য (দক্ষতার সহিত পুরস্কৃত)

৩য় শ্রেণী—১৪ বৎসরের নিম্নবয়স্কা বালিকাগণ

তবলা

১। কুমারী মায়া ভট্টাচার্য্য
২। ,, সুষমা রাণী মাথুর

নৃত্য

১। কুমারী আশা কুমারী ওঝা
২। ,, মায়া ভট্টাচার্য্য }
২। ,, শোভা ভট্টাচার্য্য }

হারমোনিয়াম

১। কুমারী বীণাপাণি মুখার্জ্জী
২। ,, আশা কুমারী ওঝা
৩। ,, অন্নপূর্ণা দেবী
৪। ,, সুশীলা মাথুর (দক্ষতার সহিত পুরস্কৃত)
৫। ,, সুকুমারী ভাতনাগর ঐ

কণ্ঠসঙ্গীত

১। কুমারী বীণাপাণি মুখার্জ্জী (কলিকাতা)
২। ,, মায়া ভট্টাচার্য্য
৩। ,, আশা কুমারী ওঝা }
৩। ,, সুশীলা রাণী মাথুর (কানপুর) }
৪। ,, মীরা মুখার্জ্জী }
৪। ,, শকুন্তলা দেবী বর্ম্মা }
৫। ,, সুশীলা মাথুর
৬। ,, শোভা ভট্টাচার্য্য
৭। ,, অমরাবতী (বেনারস) }
৭। ,, রতনকুমারী কুশলকর }
৮। কুমারী মালতী সাপ্রু (দক্ষতার সহিত পুরস্কৃত)
৯। ,, হেনা মুখার্জ্জী ঐ
১০। ,, ব্রিজরাণী মাথুর ঐ

সেতার

১। কুমারী রেণুকা সাহা (দেরাদুন)

৪র্থ শ্রেণী—১৪ বৎসরের নিম্নবয়স্ক বালকগণ

কণ্ঠসঙ্গীত

১। মাষ্টার রক্ষেশমোহন গিলদিয়াল
২। ,, চিত্তরঞ্জন ভট্টাচার্য্য
৩। ,, অর্জ্জুন মানসিং
৪। ,, রবীন্দ্রনাথ বর্ম্মা
৫। ,, রাজেশচন্দ্র মাথুর (খুর্‌জা) দক্ষতার সহিত পুরস্কৃত।

তবলা

১। মাষ্টার চিত্তরঞ্জন ভট্টাচার্য্য
২। ,, ভবানীশঙ্কর শ্রীবাস্তব
৩। ,, রাজেশচন্দ্র মাথুর (খুর্‌জা) দক্ষতার সহিত পুরস্কৃত।

সেতার

১। মাষ্টার ভানুগোপাল গোস্বামী (মইনপুরী)
২। ,, বংশীলাল, দক্ষতার সহিত পুরস্কৃত।

৫ম শ্রেণী—১৪ হইতে উর্দ্ধবয়স্কা বালিকাগণ

কণ্ঠসঙ্গীত

১। কুমারী ইলা ব্যানার্জ্জী
২। ,, সুমিত্রা পাণ্ডে
৩। ,, চম্পক লক্ষ্মী (বেনারস)
৪। ,, মালতী নর্‌ভেন
৫। ,, সরলা নাগ, দক্ষতার সহিত পুরস্কৃত।
৫। ,, শকুন্তলা রাণী মাথুর (কানপুর) দক্ষতার সহিত পুরস্কৃত।
৭। ,, জ্ঞানবতী মাথুর, দক্ষতার সহিত পুরস্কৃত
৮। ,, বেদবতী ঐ
৯। ,, ডলি ব্যানার্জ্জী ঐ

হারমোনিয়ম

১। কুমারী জ্ঞানবতী মাথুর

বেহালা

১। কুমারী মালতী নর্‌ভেন

সেতার

১। কুমারী লীলাবতী দেবী (মইনপুরী)

তবলা

১। কুমারী চন্দ্রকুমারী মাথুর
২। ,, সুমিত্রা পাণ্ডে, দক্ষতার সহিত পুরস্কৃত।

৬ষ্ঠ শ্রেণী—১৪ হইতে উর্দ্ধবয়স্ক বালকগণ

কণ্ঠসঙ্গীত

১। মিঃ নলিনীরঞ্জন ভট্টাচার্য্য
২। ,, মহেশনারায়ণ সাক্‌সেনা
৩। ,, ভোলানাথ শ্রীবাস্তব, দক্ষতার সহিত পুরস্কৃত
৪। ,, প্রমোদরঞ্জন ভট্টাচার্য্য ঐ

তবলা

১। মিঃ শচীরঞ্জন ভট্টাচার্য্য

বাঁশী

১। মিঃ সুরেশচন্দ্র ব্যাস

হারমোনিয়ম

১। মিঃ নলিনীরঞ্জন ভট্টাচার্য্য
২। মিঃ মহেশ নারায়ণ স্যাক্‌সেনা
৩। মিঃ প্রমোদরঞ্জন ভট্টাচার্য্য, দক্ষতার সহিত পুরস্কৃত
৪। মিঃ গণেশপ্রসাদ শ্রীবাস্তব ঐ

বেহালা

১। মিঃ প্রমোদরঞ্জন ভট্টাচার্য্য

সেতার

১। মিঃ নলিনীরঞ্জন ভট্টাচার্য্য
২। মিঃ আনন্দ কুমার তন্দন, দক্ষতার সহিত পুরস্কৃত

এস্রাজ

১। মিঃ সুরেশচন্দ্র ভিয়াস

৭ম শ্রেণী—বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ

কণ্ঠসঙ্গীত

১। মিঃ চন্দ্রশেখর পান্ত্
২। মিঃ আদিত্যনাথ ঝা
৩। মিঃ ডি, পি, যোশী, দক্ষতার সহিত পুরস্কৃত

বাঁশী

১। মিঃ ভগবানদাস অরোরা

সেতার

১। মিঃ জনার্দ্দনপ্রসাদ শুক্লা

তবলা

১। মিঃ ব্রজেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
২। মিঃ নীলরতন ব্যানার্জ্জী

হারমোনিয়ম

১। মিঃ মুনেশ্বর ব্যাল
২। মিঃ ভগবানদাস অরোরা
৩। মিঃ চন্দ্রকুমার সাক্‌সেনা
৪। মিঃ গয়াপ্রসাদ সলার, দক্ষতার সহিত পুরস্কৃত

বেহালা

১। মিঃ শান্তিময় ঘোষ
২। মিঃ জগদীশনারায়ণ সাক্‌সেনা

৮ম শ্রেণী—এমেচার ও সঙ্গীতবিদ্যালয়ের ছাত্রগণ

কণ্ঠসঙ্গীত

১। মিঃ যশোবন্ত গণেশ কেলকার
২। মিঃ জহুর-উল-হক্
৩। মিঃ উমাশঙ্কর শ্রীবাস্তব, দক্ষতার সহিত পুরস্কৃত

বাঁশী

১। এস্, ডি, কেলকার

তবলা

১। মিঃ গোবর্দ্ধন নাথ মালব্য

হারমোনিয়ম

১। মিঃ শিবদয়াল চৌধুরী
২। মিঃ রামনাথ যাদব
৩। বেচন রাম সিং, দক্ষতার সহিত পুরস্কৃত

বেহালা

১। মিঃ আর, আর, মুখার্জ্জী
২। মিঃ বি, ভট্টাচার্য্য

সেতার

১। মিঃ যতীন্দ্র চন্দ্র রায় (দিল্লী)
২। মিঃ গণেশপ্রসাদ দ্বিবেদী

এস্রাজ

১। মিঃ ত্রিলোচন বসু
২। মিঃ মণীন্দ্রনাথ গাঙ্গুলী

জনসাধারণ কর্ত্তৃক স্বর্ণপদক পুরস্কৃত গায়ক ও বাদকগণ

পুরস্কৃতগণের নাম	পুরস্কারদাতাদিগের নাম
১। প্রোঃ সখারাম	১। ডাঃ গঙ্গানাথ ঝা
২। ,, শঙ্কর রাও তিওয়ারী	২। মিঃ এস্, সি, দেব
৩। ,, আচ্ছান সাহে (রামপুর)	৩। প্রোঃ এ, এন্, ঝা
৪। ,, এনায়েৎ খাঁ	৪। রাণা তেজরাজ জঙ্গ
৫। ,, এনায়েৎ খাঁ	৫। ডাঃ ডি, আর, ভট্টাচার্য্য
৬। ,, নারায়ণ রাও ব্যাস	৬। রাও সাহেব অফ্ চুরহাট

পুরস্কৃতগণের নাম	পুরস্কারদাতাগণের নাম
৭। প্রোঃ কৃষ্ণ রাও পণ্ডিত	৭। রাণা তেজ রাজ জঙ্গ
৮। ,, বিন্দু খাঁ	৮। মিঃ আর, সি, রায়
৯। ,, জি, সি, চ্যাটার্জ্জি	৯। ননীগোপাল মতিলাল
১০। ,, সাকোয়াৎ হুসেন	১০। অরুচা দরবার
১১। ,, রাম নাথ	১১। প্রোঃ এ, সি, মুখার্জ্জী
১২। ,, বলবন্ত রাও (আওগড়)	১২। অরুচা দরবার

জনসাধারণ কর্ত্তৃক রৌপ্যপদক পুরস্কৃত গায়কগণ

১। প্রোঃ নারায়ণ রাও ব্যাস	১। রাণা তেজ রাজ জঙ্গ
২। ,, নারায়ণ রাও ব্যাস	২। মিঃ পি, এন, সাপ্রু

জনসাধারণ কর্ত্তৃক সুবর্ণপদক পুরস্কৃত প্রতিযোগিতাকারীগণ

১। কুমারী বীণাপাণি মুখার্জ্জী	১। রাণা তেজ রাজ জঙ্গ
ঐ	২। মিসেস টি, এন, সাপ্রু
ঐ	৩। প্রোঃ রতনজঙ্কার
৪। কুমারী চম্পকলক্ষ্মী	৪। প্রোঃ ভি, এ, কুশলকার

জনসাধারণ কর্ত্তৃক রৌপ্যপদক পুরস্কৃত প্রতিযোগিতাকারীগণ

১। মিঃ ত্রিলোচন বসু	১। মিঃ বি, এন্, চতুর্ব্বেদী
২। কুমারী শান্তা ভট্টাচার্য্য	২। মিঃ হামিদ খাঁ
৩। ,, রেবা সেন	৩। জনৈক নামবিহীন দাতা
৪। ,, শোভা ভট্টাচার্য্য	৪। মিঃ হামিদ খাঁ
৫। ,, মালতী নরুভেন	৫। ডাঃ ডি, আর, ভট্টাচার্য্য
৬। ,, চম্পক লক্ষ্মী	৬ ডাঃ ডি, আর, ভট্টাচার্য্য
৭। ,, বীণাপাণি মুখার্জ্জী	৭। ডাঃ ডি, আর, ভট্টাচার্য্য
৮। ,, আশাকুমারী ওঝা	৮। হৃদয়নাথ কুঞ্জরু
৯। ,, বীণাপাণি মুখার্জ্জি	৯। মিঃ বেণীপ্রসাদ
১০। ,, মায়া ভট্টাচার্য্য (নৃত্য)	১০। মিঃ বেণীপ্রসাদ
১১। ,, আশা কুমারী ওঝা ,,	১১। মিঃ বেণীপ্রসাদ
১২। ,, আশা কুমারী ওঝা ,,	১২। মিঃ জমীন আলী
১৩। মিঃ ভগবান দাস (বাঁশী)	১৩। মিঃ এস, কে, সিংহ

জনসাধারণ কর্ত্তৃক রূপার কাপ পুরস্কৃত প্রতিযোগিতাকারীগণ

১। কুমারী বীণাপাণি মুখার্জ্জি	১। এমেচার ড্রামাটিক একাডেমী, এলাহাবাদ
২। ,, ইলা মুখার্জ্জি	২। মহাবীর প্রসাদ

—

ইউরোপে বাঙ্গালী বালিকার কৃতিত্ব

ভারতীয় নৃত্যকলায় কুমারী অমলা নন্দী

কলিকাতা ইকনমিক জুয়েলারী ওয়ার্কসের স্বত্বাধিকারী শ্রীযুক্ত অক্ষয়কুমার নন্দী মহাশয় গত ১৯৩১ সালের প্যারিস ইণ্টারন্যাশনাল কলোনিয়াল এক্জিবিশন উপলক্ষে যখন ফ্রান্সের রাজধানী প্যারিসে অবস্থান করিতেছিলেন তখন তাঁহার কন্যা কুমারী অমলা (অপরাজিতা দেবী) তাঁহার সঙ্গে ছিলেন। ঐ সময়ে এক্জিবিশনের উৎসব বিভাগীয় বিরাট মণ্ডপে বিভিন্ন দেশের যে সব নৃত্যকলা প্রদর্শিত হইয়াছিল, তাহাতে কুমারী অমলা প্রাচীন ভারতীয় নৃত্যকলা দেখাইয়া ইউরোপীয় দর্শকগণকে মুগ্ধ করিয়াছিলেন।

উক্ত প্রদর্শনীতে এবং প্যারিসের প্রধান প্রধান উৎসব-ক্ষেত্রে কুমারী অমলাকে ছয় মাসের ভিতর বহুবার ভারতীয় নৃত্যকলা প্রদর্শনের নিমন্ত্রণ গ্রহণ করিতে হইয়াছিল। ঐ সব উৎসবক্ষেত্রে ফরাসী প্রেসিডেণ্ট প্রমুখ প্রধান নাগরিকগণ উপস্থিত থাকিতেন।

ঐ সময় অক্ষয়বাবুর বন্ধু প্রাচ্য নৃত্যবিৎ উদয়শঙ্কর তাঁহার মাতা ভগ্নি প্রভৃতির সহিত প্যারিসে বাস করিতেছিলেন। কুমারী অমলা তাঁহাদের সহিত জার্ম্মাণী, বেলজিয়ম, ডেনমার্ক, হল্যাণ্ড, নরওয়ে-সুইডেন, ফিনল্যাণ্ড, লিথুয়ানিয়া, পোলাণ্ড, জেকোশ্লোভাকিয়া, অষ্ট্রীয়া, ইটালি, সুইজারল্যাণ্ড প্রভৃতি দেশের প্রধান প্রধান রঙ্গমঞ্চে ভারতীয় নৃত্যকলার অভিনয় দেখান। এই সময় তাঁহার ইউরোপের বিভিন্ন দেশের নৃত্যকলার সহিত পরিচয়লাভের সৌভাগ্য ঘটে। প্রায় দেড় বৎসর ইউরোপ ভ্রমণের পর কুমারী অমলা উদয়শঙ্করের মাতার সহিত ভারতে প্রত্যাবর্ত্তন করিয়াছেন। অমলার বয়স চতুর্দ্দশ বর্ষ মাত্র। এই সময়ের ভিতরে তিনি সুন্দররূপে ইংরেজী ও ফরাসী ভাষায় কথাবার্ত্তা বলিতে শিখিয়াছেন। কুমারী অমলা তাঁহার পিতার সহিত কলিকাতা ২০০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীটে অবস্থান করিতেছেন।

—

সঙ্গীত সভা

গত ৩রা জানুয়ারী মঙ্গলবার দিবস শ্রীযুক্ত মিহির-কিরণ ভট্টাচার্য্য মহাশয়ের উদ্যোগে কুমার শ্রীযুক্ত ক্ষেমেন্দ্র মোহন ঠাকুর মহাশয়ের ভবনে ভারতের সর্ব্বশ্রেষ্ঠ বীণকার দবীর খাঁ (বনু মিঞা) সাহেবের বীণা-বাদনের আয়োজন হইয়াছিল। প্রথমে কুমার বীরেন্দ্রকিশোর রায়চৌধুরী মহাশয় সুরশৃঙ্গার যন্ত্রে একটি ইমন-কল্যাণের আলাপ করেন, তাঁহার আলাপ উপস্থিত শ্রোতৃমণ্ডলীকে বিশেষভাবে মুগ্ধ করিয়াছিল। তৎপরে ওস্তাদ দবীর খাঁ সাহেব একটি শুদ্ধ কল্যাণ এবং একটি তিলক-কামোদ তাঁহার বীণার মোহন ঝঙ্কারে বাজাইয়া সকলকে আকৃষ্ট করিয়া এক অভূতপূর্ব্ব আনন্দের সৃষ্টি করিয়াছিলেন। ওস্তাদ সাহেবের বাদন-কৃতিত্বে আমরা প্রকৃতই মুগ্ধ হইয়াছি। উক্ত আসরে বিশিষ্ট ভদ্রমহোদয়গণ যোগদান করিয়াছিলেন, তন্মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য—সুষঙ্গের কুমার সুহৃৎ সিংহ, মহারাজকুমার প্রবীরেন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত প্রবোধেন্দু ঠাকুর, শ্রীযুক্ত সমরেন্দ্রনাথ আচার্য্য চৌধুরী (মুক্তাগাছা), শ্রীযুক্ত গোপাল রায়চৌধুরী (রংপুর), ডাক্তার এস্, আর, চ্যাটার্জ্জী, ডাক্তার শ্রীযুক্ত রবীন্দ্রনাথ মৈত্র এবং বিশিষ্ট গায়ক ও বাদকগণের মধ্যে উপস্থিত ছিলেন—শ্রীযুক্ত গিরিজাশঙ্কর চক্রবর্ত্তী, শ্রীযুক্ত ভীষ্মদেব চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত অম্বিকা মজুমদার, শ্রীযুক্ত শচীন্দ্রনাথ দাস, শ্রীযুক্ত বিভূতিভূষণ দত্ত, শ্রীযুক্ত শৈলেশকুমার দত্তগুপ্ত শ্রীযুক্ত হরিদাস গোস্বামী, শ্রীযুক্ত নৃপেন বসু, শ্রীযুক্ত সতীশ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত শিশিরশোভন ভট্টাচার্য্য, মীর্জ্জা সাহেব ও সগীর খাঁ প্রভৃতির যোগদানে সভাটী সর্ব্বাঙ্গসুন্দর হইয়াছিল। রাত্রি ৯॥০ ঘটিকার সময় সভাভঙ্গ হয়।

—

কালীপ্রসন্ন স্মৃতি উৎসব

আগামী ১২ই ফেব্রুয়ারী ৩০এ মাঘ, রবিবার অপরাহ্ণ ৫ ঘটিকার সময় এলবার্ট ইন্‌ষ্টিটিউট হলে সুবিখ্যাত সঙ্গীতাচার্য্য স্বর্গীয় কালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় মহাশয়ের স্মৃতিসভার বার্ষিক অধিবেশন হইবে। ভারতের সুপ্রসিদ্ধ কলাবিদ্‌গণের দ্বারা সঙ্গীতাদি হইবে। সন্তোষাধিপতি মাননীয় রাজা স্যার মন্মথনাথ রায়চৌধুরী বাহাদুর সভাপতির আসন অলঙ্কৃত করিবেন। প্রবেশ পত্রের জন্য—আর, বি, দাস, ৮।সি, লালবাজার ষ্ট্রীট, কলিকাতা; এই ঠিকানায় আবেদন করুন।

—

শোক-সংবাদ

সুধাকণ্ঠ গায়ক স্বর্গত নির্ম্মলচন্দ্র চট্টোপাধ্যায়ের (পদ্মবাবুর) অকাল মৃত্যু স্মরণে—

গীত-সাধনা

স্বর্গত নির্ম্মলচন্দ্র চট্টোপাধ্যায় রাণাঘাটে জন্মগ্রহণ করেন। অতি বাল্যকালেই তাঁহার গীত-অনুরাগ জন্মে। বালক কণ্ঠের অপরূপ গীত-মাধুর্য্যে সমস্ত রাণাঘাটবাসীই মুগ্ধ হয়। যাত্রা থিয়েটারে তাঁহার গান না হইলেই সে পালা দর্শক-দিগকে আকর্ষণ করিতে পারিত না। ১৮।১৯ বৎসর বয়সের সময় নিয়মিত গীতাদি চর্চ্চা করিবার জন্য বঙ্গের বিখ্যাত গায়কচূড়ামণি ও সর্ব্বশ্রেষ্ঠ কথক পণ্ডিত নগেন্দ্র-নাথ ভট্টাচার্য্য মহাশয়ের শিষ্যত্ব গ্রহণ করেন। গীত সাধনায় এই ক্ষুদ্র বালকের অসীম অনুরাগ ও ঐকান্তিকতা দেখিয়া কথকশিরোমণি মহাশয় অতীব প্রীত হন ও অতি যত্নের সহিত তাঁহাকে শিক্ষাদান আরম্ভ করেন। অল্পকালের ভিতরেই এই বালক অসাধারণ সাধনার দ্বারা ও ঈশ্বরদত্ত সুললিত কণ্ঠমাধুর্য্যে তদানীন্তন গুণীসমাজকে মুগ্ধ করেন। শ্রীধাম বারাণসীতে বাঙ্গালীর মধ্যে শ্রেষ্ঠ সঙ্গীতবিশারদ স্বর্গত অঘোর চক্রবর্ত্তী মহাশয় নির্ম্মলচন্দ্রের টপ্পা গান শুনিয়া এতই মুগ্ধ হন যে গানের প্রথম হইতে শেষ পর্য্যন্ত তাঁহার দুটী চোখ ছাপিয়া অশ্রু প্লাবিত হইতে থাকে ও এই বালকের অশেষ সুখ্যাতি করেন। সঙ্গে সঙ্গে আর একটি ব্যাপার হয় যখন গান হইতেছিল, কাশীর জনৈক বিখ্যাত শানাইদার তাঁহার দু'চারজন শিষ্য সহ সেই পথ দিয়া গমন করিতেছিলেন—গীতে আকৃষ্ট হইয়া উপরে মজলিসে যাইবার জন্য আগ্রহে পথ খুঁজিতে লাগিলেন, সে ব্যস্ততা দেখিয়া জনৈক পথিক তাঁহাকে পথ বলিয়া দেন। আসরে উপস্থিত হইয়া সে বৃদ্ধ শানাইদার সেই বালকটীকে নানাবিধ সুরের ফরমাস্ করেন; গান অন্তে বালকটীর শিরোচুম্বন করিয়া বিস্তর তারিফ করেন। ১৯০৯ সালে সমগ্র হিন্দুস্থানের শ্রেষ্ঠ টপ্পা গায়ক রমজান আলি মিঞা তাঁহার গুরুভাই ভট্টাচার্য্য মহাশয়ের সহিত দেখা সাক্ষাৎ করিবার জন্য রাণাঘাটে আসেন। নির্ম্মলচন্দ্রকে ভট্টাচার্য্য মহাশয় গান গাহিবার অনুমতি প্রদান করেন। সেই গান শুনিয়া রমজান আলি সাহেব এতই প্রীত হ'ন যে নির্ম্মলচন্দ্রকে কাছে ডাকিয়া বলেন, "ভট্চাজ্ আপ কেয়া বানায়া"!

গুণী সমাজের ভিতর নির্ম্মলচন্দ্রকে জানেন না বা তাঁহার গানের সুখ্যাতি করেন না—এমন দেখা যায় না। মজলিসে নির্ম্মলচন্দ্রের খেয়াল ও টপ্পা গানের কঠিন বিলম্বিত সুর বিক্ষেপে কাহারও ধৈর্য্যচ্যুতি হইত না, পরিপূর্ণ তৃপ্তিতে তাঁহার গান শুনিয়া বসিয়া থাকিতেন। নির্ম্মলচন্দ্র যে শুধু খেয়াল ও টপ্পা গানে বিশেষজ্ঞ ছিলেন তাহা নয়, তাঁহার মুখে ঠুংরি গান যে কি মধুর ও মর্ম্মস্পর্শী ছিল তাহা বলা যায় না। তাঁহার কণ্ঠ নিঃসৃত বাংলা গান—"নিমিষেরই দেখা যদি পাই হে তোমারই" শতকান পরিতৃপ্ত করিয়াছে। বাংলা গান সম্বন্ধে কথা উঠিলেই নির্ম্মলচন্দ্রের "নিমিষেরই দেখা যদি" ফরমাস্ হইত। বহু সঙ্গীতবিশারদ ওস্তাদকেও এই অতি পুরাতন বাংলা গানটী ফরমাস্ করিতে শোনা যাইত। সে সুর-রসিক যে কি অপূর্ব্বভাবে সুরকে প্রাণবন্ত করিত তা তাঁহারাই জানে যাঁহাদের সে গান শুনিবার সৌভাগ্য হইয়াছে। গান শুনিয়া বার বার মনে পড়িয়াছে "তুমি কেমন কোরে গান কর হে গুণী"

বৈশিষ্ট্য

শুধু গান নয় মানুষ হিসাবে তিনি যথেষ্ট উদার-পরায়ণ ছিলেন, কেহ কখনও কোন কারণে তাঁহার ম্লান মুখ দেখেন নাই—শিশুর সরলতা মাখান হাসিটী সর্ব্বদাই তাঁহার মুখে লাগিয়া থাকিত। এত বড় নিরহঙ্কারী মানুষ বোধ হয় খুব কমই দেখা যায়। শিশুর পরিপূর্ণ আনন্দে তিনি সর্ব্বদা বিভোর থাকিতেন। যাঁহারা তাঁহার সংস্পর্শে একবার আসিয়াছেন, তাঁহাকে তাঁহারা কিছুতেই কখনও ভুলিতে পারেন নাই।

*

নির্ম্মলচন্দ্রের সঙ্গীতে প্রকৃষ্ট জ্ঞান থাকা সত্বেও নিজেকে চির-কালই শিক্ষার্থী বলিয়া মনে করিতেন এবং রোগশয্যার পূর্ব্ব পর্য্যন্তও নিয়মিত তাঁহার গুরুদেব ভট্টাচার্য্য মহাশয়ের নিকট হইতে বাল্যকালের মতই অধীর আগ্রহে পাঠ লইতেন। কিন্তু তাঁহার এই তীব্র গীত-সাধনা সম্পূর্ণ হইতে না হইতে মাত্র ৪৭ বৎসর বয়সে নিদারুণ পক্ষাঘাত রোগে তিনি আক্রান্ত হন ও ৬ মাস রোগ ভোগ করিয়া ৪৭ বৎসরে দেহত্যাগ করেন। আমরা তাঁহার শোক-সন্তপ্ত পরিবারবর্গকে সান্ত্বনা জানাইয়া তাঁহার অমরাত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করিতেছি।

স্মৃতি-তর্পন

বসন্ত ত বরষে বরষে আসে—ধরণীর বুকে অজস্র শোভা আর আনন্দ বিলিয়ে দেয়; কিন্তু যে কোকিল এই বসন্তকে মূর্ত্ত কোরে তোলে—সে কোথায়?

কোন্ সুর সভায়
তার ডাক এসেছে। অপমান হত-উর্ব্বশী নন্দনের বনে কেঁদে ফিরছে। জয়মাল্য পারিজাতের মালা কার কণ্ঠ-লগ্ন? মুখর সুর সভা স্তব্ধ আকুল—তৃপ্ত!

………মর্ত্তের সুর রসিকের কাণে যে মধু ঝঙ্কার সে ঢেলে দিয়েছিল, আজ তারও রেশ সহস্র শব্দ বিক্ষোভেও কাণে আসে—"নিমিষেরই দেখা যদি—"

বন্ধু, আজ গান গাইতে গিয়ে
তোমাকেই মনে পড়ে—কণ্ঠে সুর বেসুরো হয়ে ওঠে।
তোমার সুরে আমার সুর দিক-হারা হয়ে কেঁদে মরে।

—নগেন দত্ত

ভ্রম সংশোধন

গত পৌষ সংখ্যায় আমার প্রদত্ত গানের স্বরলিপিতে কিছু ভুল আছে, নিম্নে সংশোধন করিলাম—

৩					৩				
ণা‿পা	না‿মা	I	হইবে না		ণা‿পা	ণা‿মা	I	এইরূপ হইবে।	
প দ	যু গে				প দ	যু গে			

২				৩						২				৩					
পা‿না	-ণা	-ণা |		র্সা	-া	-া	-া	I	হইবে না।	পা‿না	না	না |		র্সা	-া	-া	-া	I এইরূপ হইবে।
দ্যু তী	ম	তি		বা	০	মা	০			দ্যু তি	ম	তী		বা	০	মা	০		
ব ০	র	দ		হ	০	স্তে	০			ব ০	র	দ		হ	০	স্তে	০		

শ্রীভোলানাথ মুখোপাধ্যায়

সঙ্গীত-সাধক স্বর্গীয় গুরুদাস চট্টোপাধ্যায়

৯ম বর্ষ ফাল্গুন, ১৩৩৯ সাল ১১শ সংখ্যা

সঙ্গীতসাধক স্বর্গীয় গুরুদাস চট্টোপাধ্যায়

শ্রীকৃষ্ণকিশোর দাস

সঙ্গীত জগতে গুরুদাস চট্টোপাধ্যায় বিশেষ লব্ধপ্রতিষ্ঠ না হইলেও অনেকে তাঁহার নাম শুনিয়াছেন এবং তাঁহার কৃতিত্বের সহিত বিশেষরূপে পরিচিত। ১৩৩৩ সনে মাত্র ৩৪ বৎসর বয়সেই তিনি আমাদের আশা ভরসা নির্ম্মূল করিয়া হঠাৎ সন্ন্যাস রোগে পরলোক যাত্রা করিয়াছেন। এই অল্পবয়সেই তাঁহার সর্ব্বতোমুখী প্রতিভার জ্যোতি: চতুর্দ্দিক উদ্ভাসিত করিয়াছিল। ভারতীয় এবং ইউরোপীয় সঙ্গীত ও সাহিত্যে তিনি এই অল্প বয়সে যাহা দান করিয়াছেন, তাহাই তাঁহাকে চিরস্মরণীয় করিয়া রাখিবে।

স্বর্গীয় গুরুদাস বাবু প্রসিদ্ধ সঙ্গীতবিৎ গুণী-পালক স্বর্গীয় মহারাজা স্যার সৌরীন্দ্রমোহন ঠাকুর মহাশয়ের দৌহিত্র। তাঁহার পিতা স্বর্গীয় আশুতোষ চট্টোপাধ্যায় মহাশয় একজন বিখ্যাত ধ্রুপদী ছিলেন। তিনি স্বর্গীয় গুরুপ্রসাদ মিশ্রের অন্যতম প্রধান ছাত্র ছিলেন, এতদ্ব্যতীত ভারতের নানা স্থান হইতে তিনি সঙ্গীত শিক্ষা করিয়াছিলেন। এই সঙ্গীত মুখরিত আবেষ্টনের মধ্যে গুরুগুদাসবাবুর জন্মলাভ হয়। তিনি বাল্যকাল হইতেই ইউরোপীয় এবং ভারতীয় সঙ্গীত শিখিতে আরম্ভ করেন। গুরুদাস বাবু প্রসিদ্ধ ইউরোপীয় সঙ্গীতবিৎ প্রো: সন্দ্রের তাৎকালিক প্রধান ছাত্র ছিলেন। তাঁহার পিয়ানো এবং বেহালাতে অনন্যসাধারণ দক্ষতা লাভ করিয়াছিলেন। ভারতীয় সঙ্গীতেও তাঁহার কৃতিত্ব অসীম ছিল। তাঁহার সুমধুর কণ্ঠসঙ্গীত শ্রোতৃবর্গকে সর্ব্বদাই মুগ্ধ করিত। সেতার, এস্রাজ প্রভৃতি ভারতীয় যন্ত্রেও তিনি বিশেষ দক্ষতা অর্জ্জন করিয়াছিলেন। সৃষ্টিক্ষেত্রেও তাঁহার প্রতিভা অসাধারণ, তাঁহার রচিত ইউরোপীয় এবং ভারতীয় সঙ্গীত

সে সময়ে বিশেষ ভাবেই সমাদৃত হইয়াছিল। ভারতীয় সঙ্গীত তিনি অনেকের নিকট শিখিয়াছিলেন—সঙ্গীতগুরু স্বর্গীয় রাধিকাপ্রসাদ গোস্বামীর নিকটও তিনি কণ্ঠ-সঙ্গীত শিক্ষা করিতেন।

গত মাঘ সংখ্যার সঙ্গীত বিজ্ঞান প্রবেশিকায় প্রকাশিত তৎকৃত সঙ্গীত ও স্বরসন্ধি তাহার প্রকৃষ্টতম উদাহরণ। নাট্যাচার্য্য শ্রীযুক্ত শিশিরকুমার ভাদুড়ী কর্ত্তৃক পরিচালিত তদানীন্তন নাট্য-মন্দিরে 'সীতা'র সমস্ত গানেই গুরুদাস বাবু সুর যোজনা করিয়াছিলেন। তিনি সুকবি ছিলেন, তাঁহার কবিতা তখনকার মাসিক পত্রিকায় প্রায়ই প্রকাশিত হইত। তাঁহার রচিত উপন্যাস সুধীসমাজে বিশেষ ভাবেই সমাদৃত হইয়াছে।

বাংলার সুসন্তান গুণী গুরুদাস চট্টোপাধ্যায় তাঁহার সঙ্গীত সাধনা সমাপ্ত না হইতেই বিধাতার বিধানে পরলোক গমন করিয়াছেন, আমরা তাঁহার অমরাত্মার শান্তি কামনা করি।

দুর্গা

ইহা বেলাবল ঠাটের ওড়ো রাগ। ইহাতে গান্ধার এবং নিখাদ বর্জ্জিত, মধ্যম বাদী এবং সা সম্বাদী। গাইবার সময় দিবা দ্বিতীয় প্রহর। গান্ধার না থাকাতে কিছু সুরটের মতন বুঝায়—কিন্তু সুরটের আরোহীতে ধৈবত নাই এবং সুরটে নিখাদ ব্যবহার হয়। রেখাব এবং পঞ্চম সঙ্গত জন্য মল্লারের অঙ্গ দূর হইয়া যায়। ইহাতে মধ্যম বেশী ব্যবহার করা উচিৎ। ইহাতে নিখাদ বর্জ্জিত থাকাতে সারঙ্গ হইতে তফাৎ হইয়া যায়।

আরোহী—সা ঋা মা পা ধা র্সা।   অবরোহী—র্সা ধা পা মা পা ধা মা ঋা সা।

দুর্গা—ত্রিতাল

অবকি জানে দে ময় নীর ভরণকো রাহাবাট জিন ছেড়ো মোহে।
মিনতি করতু হুঁ পইয়াঁ পরতু হুঁ করম করো জিন ছেড়ো মোহে॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীগিরিজাশঙ্কর চক্রবর্ত্তী

০				১				+				৩				
র্সা	র্সা	র্ঋা	ধা	মা	পা	পা	ধা	ধা	মা	(ম)ঋা	ঋা	ধ্‌া	ধ্‌া	সা	সা	I
অ	ব	কি	জা	০	নে	দে	ময়	নী	০	র	ভ	র	ণ	কো	০	
মা	মা	ঋা	মা	পা	পা	ধা	ধা	র্সা	র্ঋা	ধা	ধা	মপধা	ধমা	ঋা	সা	I
রা	০	হা	বা	ট	জি	ন	০	ছে	০	ড়ো	০	মো০০	০০	০	হে	

অন্তরা

মা	মা	পা	ধা	র্সা	র্সা	র্সা	র্সা	র্ঋা	র্মা	র্ঋা	র্সা	ধা	মা	ঋা	সা	I
মি	ন	তি	ক	র	তু	০	হুঁ	প	ই	য়াঁ	প	র	তু	হুঁ	০	
ধা	ধা	র্সা	ধা	ধা	মা	পা	ধা	ধা	ধা	মপধা	মা	মা	ঋা	ধ্‌া	সা	II
ক	রে	ম	ক	রো	০	জি	ন	ছে	০	০০০	ড়ো	মো	০	০	হে	

স্বরলিপি

বাউল—দাদ্‌রা

ওরে বন, তোর বিজনে সঙ্গোপনে কোন্ উদাসী থাকে ?
আমার মনের বনের উদাসীরে ডাকে সে আজ ডাকে।

নিজে সে নীরব হ'য়ে রয়,
শোনে সে ফুল যে কথা কয়,
তরুর হিয়া আলিঙ্গিয়া লতার অনুনয়,
(শোনে সে লতার অনুনয়)।
পাখীদের প্রগল্‌ভতা দেয় কি ব্যথা তাকে ?

কেউ তারে পায়নাক ডাকি'
থাকে সে সদাই একাকী ;
কোন্ একাকী কর্‌ল তারে এমন একাকী ?
তারে বৃথা খোঁজে চন্দ্র তপন পাতার ফাঁকে ফাঁকে।

আজি মন বিবাগী চঞ্চল,
বিরহে চক্ষু ছলছল্,
সদাই ভনে—ঐ বিজনে আমায় নিয়ে চল্
ওরে মোর পাগ্‌লা পবাণ, পাবি কি তুই তাকে ?

কথা ও সুর—শ্রীঅতুলপ্রসাদ সেন, বার্-এট্-ল।

স্বরলিপি—শ্রীহিমাংশুকুমার দত্ত, সুরসাগর।

\+ ২

II া া সা | সা সা -রা I গা -পা পা | ধা ধ্না -ধপা I পা -না র্সনা |

০ ০ ও | রে ব ন্ তো র্ বি | জ নে ০০ স ঙ্ গো০ |

ধা পা -ধপা I মা -পমা গা | গা রসা -রগা I রগা রসা -া | -া পা পা I

প নে ০০ কো ০ন্ উ | দা সী ০০ থা কে ০ | ০ আ মার্

পা ধা -র্সা | র্সা র্সা -না I না না -র্সা | না ধা -না I -ধা -পা -া |

ম নে র্ | ব নে র্ উ দা ০ | সী রে ০ ০ ০ ০ |

-া -া -া I পসা সা -দা | দা দা -া I দা পা -দা | পা মা -পা I
০ ০ ০ ডা কে ০ | সে আ জ্ ডা কে ০ | ও রে ০

মা -গা গা | রা রসা -রগা I রগা রসা -া | -া -া -া II
কো ন্ উ | দা সী ০০ থা কে ০ | ০ ০ ০

II া া সা | সা সা -রা I গা গা -া | গা গা -া I গা -মা গা |
০ ০ নি | জে সে ০ নী র ব্ | হ য়ে ০ র ০ ০ |

-রা -া -া I -া -া গা | গা রসা -রা I গা -া মা | গরা -গা রা I
য়্ ০ ০ ০ ০ শো | নে সে ০ ফ ল্ যে | ক০ ০ থা

সা -া -া | -া -া -া I পা ধা -া | র্সা না -র্সনা I ধা পা -ধপা |
ক য়্ ০ | ০ ০ ০ ত রু র্ | হি য়া ০০ আ লিঙ্ ০০ |

মা গা -মগা I রসা গা -া | গরা -গা রা I সা -া সা | সা সা -রা I
গি য়া ০০ ল তা র্ | অ০ ০ মু ন য়্ শো | নে সে ০

গা গা -া | গরা -গা রা I সা -া -া | -া -া -া I -া -া পা |
ল তা র্ | অ০ ০ মু ন য়্ ০ | ০ ০ ০ ০ ০ পা |

ধা [ধ]র্সা -া I না না -র্সা | না ধা -না I -ধা -পা -া | -া -া -া I

ধী দে র্ প্র গ ল্ | ভ তা ০ ০ ০ ০ | ০ ০ ০

[প]সা -দা দা | দা দা -া I দা পা -দা | পা মা পা I মা -গা গা |

দে য় কি | ব্য থা ০ তা কে ০ | ও রে ০ কো ন্ উ |

রা [র]সা -রগা I [র]গা [র]সা -া | -া -া -া II

দা সী ০০ থা কে ০ | ০ ০ ০

\+ ২

II া া সা | সা সা -রা I গা -া গা | গা গা -া I গা -মা -গা |

০ ০ কেউ | তা রে ০ পা য় না | কো ডা ০ কি ০ ০ |

-রা -া -া I -া -া গা | গা [র]সা -রা I গা গা মা | গরা -গ' রা I

০ ০ ০ ০ ০ থা | কে সে ০ স দা ই | এ০ ০ কা

সা -া -া | -া -া -া I পা -া ধা | [ধ]র্সা না -র্সনা I ধা -া পা |

কী ০ ০ | ০ ০ ০ কো ন্ এ | কা কী ০০ ক র্ ল |

মা গা -মগা I [র]সা গা -া | গরা -গা রা I সা -া -া | -া পা পা I

তা কে ০০ এ ম ন্ | এ০ ০ কা কী ০ ০ | ০ তা রে

পা ধা -র্সা | র্সা র্সা -া I না -র্সা না | না ধা -ণা I -ধা -পা -া |

বৃ থা ০ | খোঁ জে ০ চ ন্ দ্র | ত প ০ ০ ০ ন্ |

-া -া -া I পসা সা -দা | দা দা -া I দা পা -দা | পা মা -পা I
০ ০ ০ পা তা র্‌ | ফাঁ কে ০ ফাঁ কে ০ | ও রে ০

মা -গা গা | রা রসা -রগা I রগা রসা -া | -া -া -া II
কো ন্‌ উ | দা সী ০০ থা কে ০ | ০ ০ ০

II া া সা | সা সা -রা I গা গা -া | গা গা -া I গা -মা -গা |
০ ০ আ | জি ম ন্‌ বি বা ০ | গী চঞ্‌ ০ চ ০ ০ |

-রা -া -া I -া -া গা | গা রসা -রা I গা -া মা | গরা -গা রা I
০ ল্‌ ০ ০ ০ বি | র হে ০ চ ০ ক্ষু | ছ০ ০ ল

সা -া -া | -া -া -া I পা ধা -া | র্সা না -র্সনা I ধা -া পা |
ছ ল্‌ ০ | ০ ০ ০ স দা ই | ভ নে ০০ ঐ ০ বি |

মা গা -মগা I রসা গা -া | গরা -গা রা I সা -া -া | -া -া -া I
জ নে ০০ আ মা য় | নি০ ০ য়ে চ ল্‌ ০ | ০ ০ ০

-া -া পা | ধর্সা র্সা -া I না র্সা না | না ধা -ণা I -ধা -পা -া |
০ ০ ও | রে০ মো র্‌ পা গ্‌ লা | প রা ০ ০ ণ্‌ ০ |

-া -া -া I পসা সা -দা | দা দা -া I দা পা -দা | পা মা -পা I
০ ০ ০ পা বি ০ | কি তু ই তা কে ০ | ও রে ০

মা -গা গা | রা রসা -রগা I রগা রসা -া | -া -া -া II II
কো ন্‌ উ | দা সী ০০ থা কে ০ | ০ ০ ০

স্বরলিপি

পরজ—ত্রিতাল (মধ্যলয়)

নটবর করত ঢিটাই সখিরি
কছু বাতিয়া ভি মোরি নাহি মানত
ঐসে করত রার বরজোরি সখিরি।

ঐসে কুঙর কহি দেখত নাহি
পর্‌নারীসে রার মচাই
বল বল অব সখি কৈসে মনাউঁ
খুরসিদ্ করত ঝিক কোরি সখিরি ॥

কথা, সুর ও স্বরলিপি—মহম্মদ হোসেন (খুরসিদ্) বি, এ

স্থায়ী

০ ৩ + ২

II পা -র্সা না দা | পা দা ক্ষা দা | দনা -া -া না | র্সনা দনা -র্সঋা র্সা I
ন ট ব র | ক র ত ঢি | টা ০ ০ ই | স ০ খি০ ০০ রি

না না র্সা ঋা | ঋর্সা না দা পা | ক্ষা -গা ক্ষাপদপা -গঋা | গা -া ঋা সা I
ক ছু বা তি | য়া ভি মো রি | না ০ হি০০০ ০০ | মা ০ ন ত

ন্‌া -সা গা গা | গা গা ক্ষা দা | না -া -া না | র্সনা দনা -র্সঋা র্সা II
ঐ ০ সে ক | র ত ব র | জো ০ ০ রি | স০ খি০ ০০ রি

অন্তরা

০ | ৩ | + | ২

II গা -া গা গা | ক্মা দা না র্সা | র্সা -ঋা র্সা ঋা | না -া র্সা -া I
ঐ ০ সে কু | ঙ র ক হিঁ | দে ০ খ ত | না ০ হি ০

র্সর্সা র্গা ঋা ঋা | র্সা -া দক্মা দা | না -া -া -া | দনা -র্সঋা -না -র্সা I
পর্ না রী সে | রা ০ র ম | চা ০ ০ ০ | ই০ ০০ ০ ০

না না র্সা ঋা ঋর্সা না দা পা | ক্মা -গা গা ক্মা | গা ঋা -া সা I
ব ল ব ল অ ব স খি | কৈ ০ সে ম | না ০ ০ উঁ

সসা -া গগা গা | গা গা ক্মা দা | না -া -া না | র্সনা দনা -র্সঋা র্সা II II
খুর্ ০ সিদ্ ক | র ত ঝি ক | কো ০ ০ রি | স০ খি০ ০০০ রি

তান

১। (+) র্সনা -দনা -নদা -দপা | (২) -পক্মা -গক্মা -ক্মগা -ঋসা |

২। (+) র্সা -র্সঋা -র্সনা -দপা | (২) -র্সা -পক্মা -গঋা -সা |

৩। (+) ন্ -গক্মা -দনা -র্সঋা | (২) -র্সনা -দপা -ক্মগা -ঋসা |

৪। (+) র্সনা -দনা -র্সা -া | (৩) -র্সনা -দপা -ক্মগা -ঋসা |

৫। (০) র্সনা -দনা -র্সঋা -র্সঋা | (৩) -র্সনা -দপা -নর্সা -র্গর্গা | (+) -ঋর্গা -ঋর্গা -ঋর্সা -নর্সা |

(২) র্সনা -দপা -ক্মগা -ঋসা |

হোলীর গান

কাফী-সিন্ধু—দাদ্‌রা

খেলিব গো আজি সবে শ্যাম সঙ্গে হোরী,
শ্যামল বরণে মাখায়ে দেব আবীর মুঠি ভরি।

ইন্দু কোটী নিন্দি বদনে
সাজায়ে দেব চুয়া চন্দনে
বন ফুলমালা গলাতে দেব
চরণ ধুয়াব লয়ে পিচকারী।

গৌর বরণ রাধারে লয়ে
শ্যাম বামে মোরা রাখিব থুয়ে
যুগল হেরিয়া নাচিব গাইব
বাজাবে গোপাল মোহন বাঁশরী

কথা ও সুর—সঙ্গীতাচার্য্য শ্রীসত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায়

স্বরলিপি—শ্রীমতী অঞ্জলী দাস (সঙ্গীত সম্মিলনীর উচ্চ-শ্রেণীর ছাত্রী)

স্থায়ী

২´ ০ ২´ ০ ২´
II রা রা রমা | জ্ঞরা সন্‌া সা I গা মা গমা | পা রা মা I রমা রমপধা ণধা |
খে লি ব০ | ০০ গো০ ০ আ ০ জি০ | ০ স বৈ শ্যা০ ০০০০ ০ম

০ ২´ ০ ২´ ০
পা ধা পা I মগা মা জ্ঞরা | জ্ঞা রা সা I রা রা রমা | জ্ঞরা সন্‌া সা I
স ০ ঙ্গে হো০ ০ রী০ | ০ মো রা খে লি ব০ | ০০ গো০ ০

২´ ০ ২´ ০ ২´
গা মা গমা পা -া -া I মা জ্ঞা রসা | ণ্‌া ধ্‌া প্‌া I ধ্‌া সা রা
আ ০ জি০ জি ০ ০ শ্যা ম ল০ | ব র ণে মা খা য়ে

০
জ্ঞা মা পা I রা মা রমপধা | ণর্সা ণা পা I মগা মা জ্ঞরা | ধ্‌সা রপা গমা II
০ দে ব আ বী র০০০ | ০০ মু ঠি ভ০ ০ রি০ | ০০ ০০ ০০

অন্তরা

II { ণা -া ধর্সণা | ধণপমা পা ধা I না র্সা না | র্সা র্সা র্সা I পধা ধর্সা র্সর্রা |
(১) ই ০ ন্দু০০ | ০০০কো টী | নি ০ ন্দি | ব দ নে | সা০ জা০ য়ে০ |
   আ মা র্    | প রা ণ্      বঁ ধু য়া০    | সে যে · গো    তু ল না  |

মা -জ্ঞা ঋা I সা -া -া | -া -া -া I পা -া পা | পা পদা -ণা I
না ই ধ      রা ০ ০    | ০ য়্ ০     চো খ্ দু  | টি তা০ র্

ণা -দা দা | দা পা -া I জ্ঞা পা পা | পা দা পা I মা -া -া |
ফু ল্ ল   | ক ম ল্     অ ম ল      | স র সী     গা ০ ০   |

-া -া -া I সা সা ঋা | মা -জ্ঞা ঋা I সা -া -া | -া -া -া II
০ য়্ ০     তু ল না  | না ই ধ      রা ০ ০    | ০ য়্ ০
```

II জ্ঞা -া মা | দা দা -া I জ্ঞা মা ণদা | দা দা -া I দা দা দা |
অ ০ ঙ্গে | তা হা র্ খে লি য়া | বে ড়া য় বা তা সে |

-ণা দা ণা I ণর্সা -া -া | -া -া -পা I পা পা পা | -পা ণা দা I
র্ মৃ দু তা ০ ০ ০ ন্ ০ পা পি য়া | র্ ক ল

পা -া -া | -া -া -া I দা -া পা | মা মা -া I জ্ঞা জ্ঞা জ্ঞা |
গা ০ ০ | ০ ন্ ০ হা ০ স্যো | ম ধু র্ জ্যো ছ না |

রা মজ্ঞা -া I ণ্া ণ্া সা সা -মজ্ঞা ঋা I সা -া -া | -া -া -া II
ফু টে ০ শা র দ শ ০০ শী ভা ০ ০ | ০ য়্ ০

II সা -া সা | সা সা -ঋা I জ্ঞা মা মা | -া মা মণা I ণদা দা দা |
বা ০ ক্যে | তা হা র্ বী ণা ঝ | ঙ্ কা রে০ প রা ণ |

পা -দা মা I পা -া -া | -া -া -া I মা -া মা | মা মা -া I
খু ০ শী হ ০ ০ | ০ য়্ ০ নি ০ শা | সে তা র্

জ্ঞা জ্ঞা জ্ঞরা | ণ্া ণ্া -া I সা সা ঋা | মা -জ্ঞা ঋা I সা -া -া |
মা ধ বী০ | রা তে র্ ম দি র | গ ০ ন্ধ ব ০ ০ |

-া -া -া II
০ য়্ ০

II জ্ঞা মা ণদা | -া দা -ণা I ণা র্সা র্সা | র্সা. র্সা র্সজ্ঞা I ঋা ঋা ঋর্সা |
স্ব র গে | রৃ ফু ল্ ধ র ণী | তে এ ল জী ব ন০ |

র্সদা ণা ণর্সা I ণর্সা -া -া | -া -া -া I পা পা পা | ণা ণা দা I
ক রি তে ভো ০ ০ | ০ রৃ ০ প রা ণ | স ধু ম

পা -া -া | -া -া -া I পা দা দা | পা মা মা I জ্ঞা জ্ঞা জ্ঞা |
মো ০ ০ | ০ র্ ০ তু ল না | কি দি ব তু ল না |

রা জ্ঞা -া I ণ্া ণ্া সা | সা মজ্ঞা ঋা I সা -া -া | -া -া -া II II
তো না ই প রা ণ | সঁ পে০ ছি তা ০ ০ | ০ য় ০

শোক-সংবাদ

স্বর্গীয় পণ্ডিতপ্রবর নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয়ের বিয়োগে

গত ২৮এ জানুয়ারী, ১৯৩৩ সালে প্রাচীনতম গায়ক শ্রেষ্ঠ ও কথকচূড়ামণি পণ্ডিত নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয় রাণাঘাটে ৭৯ বৎসরে স্বর্গারোহণ করেন। তৎসাময়িক শ্রেষ্ঠ গায়কবৃন্দের মধ্যে তাঁহার বিশেষ স্থান ছিল। সঙ্গীতবিদ্ রাজন্যবর্গের সঙ্গীতজ্ঞ পণ্ডিতপ্রবরের যথেষ্ট সমাদর করিতেন। তিনি অত্যন্ত বিনয়ী ও অত্যন্ত মজলিসি লোক ছিলেন—শত সহস্র ব্যক্তি তাঁহার কথকতায় মুগ্ধ হইয়া তাঁহার চরণ বন্দনা করিত। তিনি হয়ত আরও কিছুকাল বাঁচিয়া থাকিতেন, কিন্তু তাঁহার পুত্রাধিক প্রিয়শিষ্য স্বর্গীয় নির্ম্মলচন্দ্র চট্টোপাধ্যায়(পদ্মবাবুর) মৃত্যুশোক তাঁহাকে শেলাঘাত করিল। বৃদ্ধাবস্থাতে সে আঘাত তিনি সহ্য করিতে পারিলেন না। পদ্মবাবুর মৃত্যু সংবাদ শোনার পর মাত্র সাত দিনের মধ্যেই এই নশ্বর ধরাধাম ত্যাগ করিলেন।

অশ্রুত-অর্ঘ্য

আমার অশ্রুধারা আজ জমাট, কঠিন হয়ে গিয়েছে—হু-হু কোরে কান্নাস্রোত এসে কণ্ঠরোধ করে, সারা দেহ যেন কাঁপতে থাকে, ভাবতে পারি না—বল্‌তে পারি না—কাঁদ্‌তে পারি না।

কত কথাই না মনে পড়ে—বাল্যকাল থেকে এই দেবতার পায়ের নীচে বসে আমরা কতজনই না পাঠ নিয়েছি,—তাঁর পদ-নখকণার যোগ্যতাও অর্জ্জন করিতে পার্লাম না। কি অসীম ধৈর্য্য আর যত্নে তিনি আমাদের শিক্ষা দিতেন—কি ঐকান্তিক বিশ্বস্ততায় শিষ্যদের দু'হাতে তাঁর ভাণ্ডার মন্থন করে দান কর্তেন—মনে হত কি অসীম সুর-সাগরেই না স্নান করতে এসেছি!

এত বড় সুর-রসিক প্রাণ আমি দেখি না—সুরে তিনি পাগল হয়ে যেতেন। যে কোন সুরে তিনি যেন নূতন প্রাণসঞ্চার কর্তেন—সে সুর ঝঙ্কার যেন আকাশে বাতাসে মানুষের দেহে মনে কোন্ দিব্যলোকের স্পর্শরূপ রসগন্ধ ঢেলে দিত। আমাদের সঙ্গে যখন গলা দিতেন, আমাদের সুর তাঁর সুরে হারিয়ে যেতো,—আমাদের কণ্ঠ রোধ হয়ে যেত, তিনি ভূলোকের ঊর্দ্ধস্থ তিনি গেয়েই চলেছেন; মাটির বুকের সর্ব্ব আলো, সব শব্দ যেন তাঁর কাছে স্তব্ধ হয়ে গেছে—চমক ভেঙ্গে তিনি বল্তেন, "গাও বেটা গাও"। এর পরেও কি গান গাওয়া যায়?

আজ বারে বারে মনে পড়ে, শত কোহিনূর হারালেও বোধ হয় তত কষ্ট হ'ত না, আজ যা হারিয়েছি পৃথিবী মন্থন কর্লেও বোধ হয় তা' আর পাওয়া যাবে না।

মানসচক্ষে ভেসে ওঠে সুর-সভায় এই সুর-নৃপতির আসন ঘিরে আনন্দ আর উৎসবের কোলাহল;—

অশীতিবর্ষ বৃদ্ধ জ্ঞানীতম সুরসুজন দীনতম শিষ্যের প্রণতি গ্রহণ কর দেব!

শ্রীনগেন্দ্রনাথ দত্ত।

রেকর্ড সঙ্গীত সম্বন্ধে যৎকিঞ্চিৎ

হিন্দুস্থান রেকর্ড

হিন্দুস্থান মিউজিক্যাল প্রডাক্টস্ এণ্ড ভ্যারাইটিস্ সিণ্ডিকেট লিমিটেড তাঁহাদের চতুর্থ অভিযানে ছয়খানি বাংলা ও ৫ খানি হিন্দী ও উর্দ্দু গানের রেকর্ড প্রকাশিত করাতে আমরা বিশেষ প্রীত হইয়াছি, আশা করি তাঁহাদের নবপ্রচেষ্টা সাফল্যমণ্ডিত হউক।

চতুর্থ অভিযানে এইচ্ ১৯ নং রেকর্ডটির উদীয়মান গায়ক শ্রীযুক্ত অনিলভূষণ বাগ্চী মহাশয় রেকর্ড জগতে নূতন হইলেও কবিগুরু রবীন্দ্রনাথের বহুপ্রচলিত দুইখানি গান গাহিয়া রেকর্ডখানি অক্ষুন্ন করিয়াছেন। এইচ্ ২০ নং রেকর্ডখানি রাজশ্রী নাটকের দুইটি গান শ্রীমতী আঙ্গুরবালা (কালো) কর্ত্তৃক গীত হইয়াছে। অন্ধগায়ক শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র দে মহাশয়ের সুরসংযোজনায় গান দুইটি মন্দ হয় নাই। এইচ্ ২১ নং রেকর্ডখানি কুমার শ্রীযুক্ত শচীন্দ্র দেববর্ম্মা বি, এ কর্ত্তৃক গীত। মিলন ও বিরহভাবমূলক গান দুইখানি উদীয়মান গায়কের কণ্ঠে বিরহের করুণ ও মিলনের মধুর মূর্চ্ছনা সুন্দররূপে ফুটিয়া উঠিয়াছে। এইচ ২২ নং রেকর্ডটি শ্রীযুক্ত হরিপদ রায় মহাশয় কর্ত্তৃক গীত। রেকর্ড জগতে হরিপদবাবু নূতন হইলেও রেকর্ডখানিতে তাঁহার দক্ষতার পরিচয় পাওয়া যায়। গান দুইখানির রচয়িতা শ্রীযুক্ত সুবোধচন্দ্র পুরকায়স্থ এবং সুরদাতা শ্রীযুক্ত হিমাংশুকুমার দত্ত, সুরসাগর। রেকর্ডখানি শ্রবণে আমরা তৃপ্ত হইয়াছি। এইচ্ ২৩ নং রেকর্ডটী হিন্দুস্থান কোম্পানীর নবীনা গায়িকা শ্রীমতী

পারুল কর্ত্তৃক গীত। রাজ্যশ্রী নাটকের দুইটি গান অন্ধ-গায়ক শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র দে মহাশয়ের শিক্ষায় এবং নৃত্য-সম্বলিত হওয়ায় হৃদয়গ্রাহী হইয়াছে। গান দুইটির রচয়িতা শ্রীযুক্ত হেমেন্দ্রকুমার রায়। এইচ্ ২৪ নং রেকর্ডটী শ্রীযুক্ত উমাপদ ভট্টাচার্য্য মহাশয় কর্ত্তৃক গীত। উমাপদবাবুর কণ্ঠে সুরসাগর শ্রীযুক্ত হিমাংশুকুমার দত্ত, মহাশয় কর্ত্তৃক সুরসংযোজনায় গান দুইটি প্রাণপ্রীতিকর হইয়াছে। গান দুইটির সঙ্গে বাঁশী বাজাইয়াছেন, উদীয়মান বংশীবাদক শ্রীযুক্ত নগেন্দ্র দে। গানের রচয়িতা শ্রীযুক্ত সুবোধচন্দ্র পুরকায়স্থ। ভাব ও ভাষার দিক দিয়া গান দুইটি উচ্চস্থান অধিকার করে।

মেগাফোন রেকর্ড

মেগাগোন কোম্পানী ফেব্রুয়ারী মাসে ছয়খানি বাংলা রেকর্ড প্রকাশিত করিয়াছেন। উক্ত কোম্পানী সমস্ত দিক দিয়া ক্রমোন্নতিলাভ করিতেছে; ইহা তাঁহাদের পক্ষে গৌরবের বিষয়।

১ম রেকর্ডে শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী মহাশয় (বাগেশ্রী ও জৌনপুরী) সুরে দুইখানি গান গাহিয়াছেন। দুইখানি গানই শ্রুতিমধুর হইয়াছে। ২য় রেকর্ডে শ্রীযুক্ত সুধামাধব সেনগুপ্ত কর্ত্তৃক সুবোধ পুরকায়স্থ মহাশয়ের রচিত দুইটি গান সুমধুরভাবে গীত হইয়াছে; গান দুইটির সুরদাতা শ্রীহিমাংশুকুমার দত্ত। তাঁহার সুর রচনা বিশেষ-ভাবে প্রশংসনীয়। ৩য় রেকর্ডে শ্রীযুক্ত হৃদয়রঞ্জন রায় স্বরচিত দুইখানি স্বদেশী গান গাহিয়া তাঁহার সুমিষ্ট কণ্ঠের পরিচয় দিয়াছেন। গান দুইটীর ভাব ও ভাষা প্রশংসনীয়। ৪র্থ রেকর্ডে শ্রীযুক্ত গোপালচন্দ্র লাহিড়ী মহাশয় (বাগেশ্রী ও ভাটীয়ালি) সুরে ক্লারিওনেট বাজাইয়া রেকর্ডখানিকে প্রীতিপ্রদ করিয়াছেন। ৫ম রেকর্ডে শ্রীযুক্ত ধীরেন দাস ও শ্রীমতী রাজলক্ষ্মীর দ্বারা দ্বৈতসঙ্গীত হইয়াছে। গান দুইটী আমাদিগকে বিশেষ আনন্দিত করিয়াছে। ৬ষ্ঠ রেকর্ডে শ্রীমতী বীণাপাণির গান দুইটী মন্দ হয় নাই।

গান

শ্রীহাসিরাশি দেবী

কি চাহি পরাণ আজি এমন করে।
কাননে কুসুম ফোটে থরে থরে ॥
দখিন উতল গানে, দুয়ারে ছু'কর হানে,
কত মান অভিমান—সোহাগ ভরে।

নয়নে নয়নে ঘোরে স্বপন আশা,
কত সাধে ফেরে কাঁদি' অফুট ভাষা
হৃদয়ে বেদনা জাগে, আজি নব অনুরাগে
কে যেন কাহারে ডাকে কিসের তরে ॥

সংবাদ

সঙ্গীত জলসা

সিমলা ব্যায়াম সমিতির সরস্বতী পূজা উপলক্ষে অন্ধ-গায়ক শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র দের উদ্যোগে সঙ্গীত জলসা হইয়া গিয়াছে। উক্ত জলসাতে বিশিষ্ট গুণীগণ উপস্থিত ছিলেন। শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, শ্রীগোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযোগীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীভূতনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীকৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য ও শ্রীসত্যেন্দ্রনাথ ভট্টাচার্য্য মহাশয়েরা ধ্রুপদ গান করিয়াছিলেন এবং শ্রীদুর্লভচন্দ্র ভট্টাচার্য্য ও শ্রীদেবেন্দ্রনাথ দে (সুবোধবাবু) মৃদঙ্গ সঙ্গত করিয়াছিলেন। তাঁহাদের গীতবাদ্যে সকলেই আনন্দিত হইয়াছিলেন। পরে আসাফ্ আলী সাহেব (পাতিয়ালা), হংসরাজ জী জমিরুদ্দিন, বদ্রিপ্রসাদ ও কৃষ্ণবাবুর খেয়াল গান অতি সুন্দর হইয়াছিল; সমিতির সভ্যেরা অতি যত্নের সহিত অভ্যাগত ব্যক্তিদিগকে সমাদর করিয়াছিলেন এবং অতি মনোরম্য আসর করিয়া জলসার শোভা বর্দ্ধন করিয়াছিলেন।

সঙ্গীত-সম্মিলনীর পুরস্কার বিতরণী উৎসব

গত ৪ঠা ফেব্রুয়ারী শনিবার অপরাহ্ণ ৫॥ ঘটিকায় মাননীয় মিঃ উডহেড সাহেবের সভাপতিত্বে Y.W.C.A. হলে সঙ্গীত সম্মিলনীর বাৎসরিক পুরস্কার বিতরণী উৎসব সুসম্পন্ন হইয়াছে। মিসেস্ ষ্টেপল্‌টন মহোদয়া পুরস্কার বিতরণ করিয়া ছাত্রীদিগকে উৎসাহিত করিয়াছিলেন। কলিকাতার বহু গণ্যমান্য ব্যক্তি ও মহিলাবৃন্দ সভায় যোগদান করিয়াছিলেন। এই উৎসবে ছাত্রীগণের গান, বাজনা ও নৃত্যের আয়োজন হইয়াছিল। প্রথমে উদ্বোধন সঙ্গীতের পর বাগেশ্রী সুরের একটী ঐক্যতান বাদন হয়। উক্ত রাগিণীর গৎটি ছাত্রীগণ অতি দক্ষতার সহিত বাজাইয়াছিল। শ্রীমতী নিলীনা সেনের ঠুংরী, ইভা গুহের বাঙ্গলা গান ও রত্না গুপ্তার ভীমপলশ্রী রাগিণীর তেলেনা শুনিয়া সকলেই প্রশংসা করেন। কুমারী শেফালিকা পালিত ব্যাঞ্জো ও বেহালা কৃতিত্বের সহিত বাজাইয়াছেন। নৃত্যের মধ্যে কুমারী অমলা নন্দীর নৃত্য সুন্দর হইয়াছিল। ঐক্যতানিক পাহাড়ী গৎটি সকলের মনোমুগ্ধ করিয়াছে। সর্ব্বশেষে "উঠ গো ভারত-লক্ষ্মী" এই জাতীয় সঙ্গীতটী গীত হইয়া সভা ভঙ্গ হয়। সঙ্গীত প্রচারের জন্য সঙ্গীত সম্মিলনীর কর্ত্তৃপক্ষগণের চেষ্টা প্রশংসনীয়।

কালীপ্রসন্ন স্মৃতি-সভা

কলিকাতাবাসীর শ্রদ্ধাঞ্জলী

পরোলোকগত ভারত বিখ্যাত সঙ্গীতাচার্য্য কালী-প্রসন্ন বন্দ্যোপাধ্যায়ের পবিত্র স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের জন্য ১২ই ফেব্রুয়ারী অপরাহ্ণে কলিকাতায় এলবার্ট হলে এক বহুজনপূর্ণ সভার অধিবেশন হইয়াছিল। সন্তোষাধিপতি স্যার মন্মথনাথ রায় চৌধুরী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। ভারতের বহু বিশিষ্ট সঙ্গীতজ্ঞ সভায় যোগদান করেন। সভাপতির অভিভাষণের পর বিশেষ হৃদয়গ্রাহী নানারূপ সঙ্গীতালাপ হয়। স্যার হরিশঙ্কর পাল সন্তোষের রাজা বাহাদুরকে সভাপতির আসন গ্রহণের অনুরোধ করেন। অধ্যাপক মন্মথমোহন বসু প্রস্তাব সমর্থন করেন। তিনি সমবেত জনসাধারণের আনন্দ ধ্বনির মধ্যে সভাপতিকে পুষ্পমাল্যে ভূষিত করেন। অতঃপর সভাপতি তাঁহার বক্তৃতা প্রসঙ্গে দেশ প্রসিদ্ধ সঙ্গীতাচার্য্যের স্মৃতির প্রতি বিশেষ সম্মান প্রদর্শন করেন তিনি তাঁহার জীবন কথাও সংক্ষেপে আলোচনা করেন। এই প্রসঙ্গে তিনি সঙ্গীতাচার্য্যের "ন্যাসতরঙ্গ" বাদনের বিশেষ উল্লেখ করেন।

বহু খ্যাতনামা গায়ক-গায়িকা ও যন্ত্রী এই অনুষ্ঠানে গীত-বাদ্য করেন। সঙ্গীতনায়ক শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায় ও সঙ্গীতাধ্যাপক শ্রীযুক্ত গিরিজাশঙ্কর চক্রবর্ত্তী সুমধুর খেয়াল গান করেন। গিরিজা বাবুর গান অতিশয় মনোমুগ্ধকর হইয়াছিল। গিরিজা বাবুর দু'টী ছাত্রী কুমারী শান্তিলতা দেবী (বয়ঃক্রম ৭ বৎসর) এবং কুমারী নিরুপমার গীত উল্লেখযোগ্য হইয়াছিল। কুমারী ভারতী মজুমদার কীর্ত্তন গান করিয়াছিলেন। বিখ্যাত সেতারী এনায়েৎ খাঁ। তাঁহার উৎকৃষ্ট বাজনায় শ্রোতৃবর্গকে মন্ত্রাবিষ্ট করেন। ছোটে খাঁ সাহেব সারেঙ্গী বাজাইয়া সকলকে মুগ্ধ করেন। পণ্ডিত গোবিন্দরাও (গয়া) এবং আমির খাঁ সাহেব স্বরদ আলাপ করেন। বিশেষ উল্লেখযোগ্য হইয়াছিল মাষ্টার ভোম্বলের সেতার বাজনা। মাত্র ১২ বৎসর বয়সে এই বালক এই দুরূহ বাজনার উপর যে দক্ষতার পরিচয় দিয়াছে তাহাতে আমরা আনন্দিত হইয়াছি। ভোম্বল ওস্তাদ এনায়েৎ খাঁর ছাত্র। আবেদ হোসেনের ছাত্র শ্রীযুক্ত শিশির শোভন ভট্টাচার্য্যের সঙ্গত অতি চমৎকার হইয়াছিল। শ্রীযুক্ত অনাথ নাথ বসু ও শ্রীযুক্ত বিজয়লাল মুখোপাধ্যায়ের গানও শ্রোতৃগণের উপভোগ যোগ্য হইয়াছিল। ওস্তাদ করিম খাঁ সাহেব (গোয়ালিয়র) শ্রীযুক্ত পরেশচন্দ্র ভট্টাচার্য্য ও শ্রীযুক্ত গোপালচন্দ্র প্রামাণিকের সঙ্গত উল্লেখযোগ্য। শ্রীযুক্ত ভীষ্মদেব চট্টোপাধ্যায় খেয়াল গান করেন এবং পরিশেষে মাল্দার ডাক্তার অমূল্য চন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের তিন বৎসর বয়ক্রমের পুত্র মাষ্টার মদনমোহন বায়া তবলা বাজাইয়া দর্শকগণকে আশ্চর্য্য করিয়া দেন।

সভাস্থলে স্যার দেবপ্রসাদ সর্ব্বাধিকারী, স্যার হরিশঙ্কর পাল, স্বর্গীয় রাজা স্যার শৌরিন্দ্রমোহন ঠাকুরের পৌত্র কুমার শ্রীযুক্ত ক্ষেমেন্দ্রমোহন ঠাকুর, কুমার বীরেন্দ্রকিশোর রায় চৌধুরী, অধ্যাপক মন্মথমোহন বসু, স্বর্গীয় লালচাঁদ বড়ালের পুত্র শ্রীযুক্ত কিষণচাঁদ বড়াল, প্রসিদ্ধ বীণকার স্বর্গীয় উজির খাঁর পৌত্র দবীর খাঁ সাহেব শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ গাঙ্গুলী, শ্রীযুক্ত কৃষ্ণকিশোর দাস, শ্রীযুক্ত শরৎচন্দ্র ঘোষ, কিরণ চন্দ্র ঘোষ, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ রায় এম এ বি এল প্রভৃতি বহু গণ্যমান্য সঙ্গীত কলাবিদগণের সমাবেশ হইয়াছিল। রাত্রি সাড়ে নয় ঘটিকার সময় সভা ভঙ্গ হয়।

সুসংবাদ

আমরা আনন্দের সহিত জানাইতেছি যে, ত্রিপুরার বিখ্যাত ওস্তাদ. মহম্মদ হোসেন (খুরসেদ্) বি, এ সাহেব কলিকাতা আসিয়াছেন এবং 'আর্য্য সঙ্গীত সমাজে'র সঙ্গীতাধ্যাপক পদে নিযুক্ত হইয়াছেন।

ভ্রম-সংশোধন

গত অগ্রহায়ণ মাসের পত্রিকায় প্রকাশিত সেতারের গতে গৌড়সারং রাগের স্বরলিপিতে যে সকল ছাপান ভুল হইয়াছে তাহা প্রদর্শন পূর্ব্বক তাহার শুদ্ধপাঠ নিম্নে দিলাম।

৪৭৫ পৃষ্ঠায়, ২য় উপেজের ৩য় তালে, গমা পঃমা এই স্থলে গমা পঃনা হইবে।

৪৭৭ পৃষ্ঠায়, তেহাইয়ের ৩য় তালে, নর্ধা র্পমা এইটীর স্থলে নধা পমা হইবে।

ঐ ঐ তেহাইয়ের তিনটি প্রস্বনের -া এইটীর স্থলে । এই হইবে, অর্থাৎ বিরাম এক মাত্রা।

ঐ ঐ তেহাইয়ের শেষে যুক্ত স্থায়ীর ৩য় তালে পঃ এইটীর স্থলে গঃ হইবে।

ঐ ঐ স্বরলিপিতে স্বরের নীচে ——— চিহ্ন অর্থে মিড় এবং স্বরের নীচে ——— চিহ্ন অর্থে আশ এবং স্বরের পার্শ্বে ——— চিহ্ন অর্থে ঘর্ষণ।

এই স্বরলিপির, পূর্ব্ব প্রেরিত "তেহাই" খণ্ডের পরিবর্ত্তে, নিম্নলিখিত "তেহাই" হইবে।

```
            ২´                            | ৩                                | ০
তেহাই—নঃনঃনঃ  নঃনঃনঃ   র্সর্সা  | র্সঃর্গর্গঃ  র্রর্সা  নধা  পমা | পঃধধঃ  নর্সা  নধা  পপা |
      ডা রা ডা  ডা রা ডা   ডারা   | ডা ডি রি   ডারা   ডারা  ডারা | ডা ডিরি  ডারা  ডারা  ডারা |

১                        | ২´                                 | ৩
পঃধধঃ  পমা  গগা  পমা   | গা  গরা  সনসা   র্গর্গর্গর্গা | র্রর্রর্রর্রা  র্সর্সর্সর্সা  না  । |
ডা ডিরি ডারা  ডারা  ডারা | ডা  ডারা  ডাআআ  ডিরিডিরি   | ডিরিডিরি   ডিরিডিরি   ডা     |

০                                    | ১                              | ২´
র্রর্রর্রর্রা  র্সর্সর্সর্সা  ননননা  ধা | ।  ধধধধা  পপপপা  মমমমা | গা  ।  ।  পপা |
ডিরিডিরি   ডিরিডিরি   ডিরিডিরি  ডা |    ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি | ডা          ডারা |

৩                               | ০
জ্ঞপ স্মপধা  পক্ষপা  গঃমা  গঃ | রগা  রগমা  গা ‖   ইহার পর অন্তরা।
ডা আ আআ   ডাকৃকৃ  ডা আ  রা | ডাআ  ডাআআ  রা ‖
```

শ্রীহিমাংশুশেখর বন্দ্যোপাধ্যায়।

———

৯ম বর্ষ চৈত্র, ১৩৩৯ সাল ১২শ সংখ্যা

সঙ্গীতাচার্য্য স্বর্গীয় শিবসেবক মিশ্রের সংক্ষিপ্ত জীবনী

শ্রীনীরদবরণ বন্দ্যোপাধ্যায়

উপরোক্ত সঙ্গীত-সাধকের জীবনী আমরা লিপিবদ্ধ করিতেছি, তিনি ভারতীয় সঙ্গীত-সুধীগণ ও বঙ্গদেশস্থ গায়ক ও সঙ্গীতানুরাগীবৃন্দের নিকট সুপরিচিত। ৺কাশীর বিখ্যাত মিশ্রবংশে ইঁহার জন্ম। জন্মস্থান নেপাল। তারিখ ১৯৪১ সংবৎ কার্ত্তিক মাস কৃষ্ণা সপ্তমী শুক্রবার। নেপাল রাজদরবারের প্রসিদ্ধ সভাগায়ক ৺রামসেবক মিশ্রের দ্বিতীয় পুত্র। এই মিশ্রবংশে সঙ্গীতালোচনা অতি পূর্ব্বকাল হইতে চলিয়া আসিতেছে এবং ভারতীয় সঙ্গীত কলাবিদ্‌গণের মধ্যে অনেকেই এই মিশ্রবংশীয় সঙ্গীতজ্ঞ দ্বারা শিক্ষা প্রাপ্ত। ৺শিবসেবকের পূর্ব্বপুরুষ ৺পরমদ্দু মিশ্র তৎকালীন সর্ব্বশ্রেষ্ঠ গায়ক বলিয়া পরিচিত ছিলেন। পাতিয়ালা তদানীন্তন মহারাজ যশোবন্তসিংহের রাজদরবারে একবার এক মহতী সঙ্গীত সভা অনুষ্ঠিত হয় এবং ভারতের বিভিন্ন প্রদেশ হইতে প্রায় ১৫০০ শত প্রসিদ্ধ গায়ক সভায় যোগদান করেন। ৺পরমর্দ্দ মিশ্র সকলকে পরাজিত করিয়া তাঁহার শ্রেষ্ঠত্ব প্রতিপন্ন করেন। তাঁহার সঙ্গীত প্রতিভায় মুগ্ধ হইয়া নেপাল মহারাজ তাঁহাকে সভাগায়কের পদ গ্রহণ করিবার জন্য সাদর আমন্ত্রণ করেন ও তৎকর্ত্তৃক অনুরুদ্ধ হইয়া ৺পরমর্দ্দ নেপালে গমন করেন। তদবধি তাঁহারা নেপাল রাজদরবারে পুরুষপরম্পরায় সভাগায়কের পদ অলঙ্কৃত করিয়া আসিতেছেন। ৺শিবসেবকের পিতা ৺রামসেবক ৺পরমদ্দুর পুত্র। ৺পরমদ্দু তাঁহার পুত্র ৺রামসেবককে সমস্ত অধীত বিদ্যা দান করেন। বস্তুতঃ তৎকালে

৺রামসেবকের ন্যায় সঙ্গীতবিশারদ ভারতে অতি অল্প ছিল বলিলে অত্যুক্তি হইবে না। এই প্রকার গুণবান্ পিতার পুত্রও যে সঙ্গীতবিদ্ হইবেন, তাহা কিছুই আশ্চর্য্যের বিষয় নহে। অতি বাল্যেই তাঁহার সঙ্গীতের প্রতি অনুরক্তি ও মেধার সম্যক পরিচয় দৃষ্ট হইয়াছিল। ৺শিবসেবকের সঙ্গীতের প্রতি এতাদৃশ অনুরক্তি দর্শন করিয়া ৺রামসেবক পুত্রকে অতি শৈশব বয়স হইতে সঙ্গীত শিক্ষা দানে তৎপর হইলেন। যে বয়সে আমাদের বালকেরা বর্ণ-পরিচয় শিক্ষা করে ৺শিবসেবক সেই শৈশব বয়স হইতেই নাদ, তন্ত্র ও বাদ্য শিক্ষায় অভিনিবিষ্ট হয়েন। পিতা প্রসিদ্ধ গুণী। পুত্রের শিক্ষা যাহাতে সর্ব্বতোভাবে সম্পূর্ণ হয় তদ্‌বিষয়ে মনোনিবেশ করিলেন ও তাঁহার অলৌকিক মেধা দর্শনে সমুদয় জ্ঞান ভাণ্ডার দানে সমুৎসুক হইলেন। ৺শিবসেবকের স্বভাবে সেই শৈশবকাল হইতে চিন্তাশীলতা ও অভিনিবিষ্টতা দৃষ্ট হইয়াছিল। মেধার সহিত অভিনিবিষ্টতার সংযোগে তাঁহার সঙ্গীত শিক্ষা অতি দ্রুতগতিতে হইতে থাকে। পিতা পুত্রকে যাহা শিক্ষা দান করেন, পুত্র অপূর্ব্ব মেধাবলে অল্প সময়েই তাহা আয়ত্ত করেন। সপ্তম বর্ষ বয়সেই ৺শিবসেবকের খেয়াল গানে ও সেতার বাজনায় দক্ষতা আসে। বালকের সঙ্গীতের প্রতি এই প্রকার আশ্চর্য্য মেধা দর্শনে নেপাল মহারাজের প্রধান মন্ত্রী অধুনা স্বর্গগত বীর সমসের জঙ্গ এতই প্রীত হয়েন যে তিনি বারংবার বলিতেন "এই বালক দিগ্বীজয়ী সঙ্গীত নায়ক হইবে"। সঙ্গীতে এই প্রকার নৈপুণ্য লাভের জন্য সেই কিশোর বয়সে ৺শিবসেবককে যে কঠোর পরিশ্রম করিতে হইয়াছিল তাহা সবিশেষ উল্লেখযোগ্য। যন্ত্র ও কণ্ঠের দ্বারা যাহাতে সঙ্গীতের পূর্ণ বিকাশ হয় তজ্জন্য ৺শিবসেবককে তৎসময়ে অহোরাত্রের মধ্যে চতুর্দ্দশ ঘণ্টা সাধনা করিতে হইত। তাঁহার এই আশ্চর্য্য সাধনার কথা তৎকালীন নেপাল মহারাজের কর্ণগোচর হইলে মহারাজ বালকের স্বাস্থ্যভঙ্গের জন্য শঙ্কা প্রকাশ করেন ও যাহাতে শরীর সুস্থ থাকে এজন্য আটটী দুগ্ধবতী গাভী দান করেন। রাজ্য সম্বন্ধীয় কূট বিষয়ে মহারাজ যখন অত্যন্ত অবসাদগ্রস্থ হইতেন সেই সময়ে অবসর পাইলেই বালক শিবসেবকের সঙ্গীত শ্রবণ করিতেন। বালকের প্রতি মহারাজের স্নেহ যে কিরূপ গভীর ছিল ইহাই তাহার পরিচয়। এই প্রকার দুরূহ সাধনা ৺শিবসেবক পঞ্চম বৎসর বয়স হইতে ক্রমান্বয়ে ষড়্‌বিংশতি বৎসর পর্য্যন্ত পিতার পদতলে শিক্ষালাভ করেন। ৺রামসেবক তাঁহার সমস্ত অধীত বিদ্যা পুত্রকে মৃত্যুর সপ্তাহ পূর্ব্ব পর্য্যন্ত শিক্ষা দিয়াছেন। প্রচলিত সমস্ত রাগরাগিণী ব্যতীত অধুনা লুপ্ত যে দুই শতাধিক অপ্রচলিত রাগ যাহার প্রচলনই মিশ্র বংশের বিশেষত্ব সেই সমুদয় রাগ-রাগিণী ৺রামসেবকই তাঁহার পুত্রকে দান করেন। কণ্ঠ সঙ্গীত ব্যতিরেকেও যন্ত্র ও তবলা বাদনে তাঁহার যথেষ্ট দক্ষতা আইসে। তবে যন্ত্রসঙ্গীতে তাঁহার অপেক্ষা তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা ৺পশুপতিসেবক সমধিক প্রসিদ্ধ ছিলেন।

পিতার মৃত্যুর পর ৺শিবসেবক প্রসিদ্ধ খেয়ালী এনায়েদ্ হোসেন খাঁর নিকট বৎসরাধিককাল খেয়াল শিক্ষা করেন এবং নেপাল দরবার পরিত্যাগ করিয়া দেশ ভ্রমণে বহির্গত হয়েন। সেই সময়ে তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা ৺পশুপতি সেবক নেপাল রাজ দরবারে সভা গায়ক পদে বরণীয় হয়েন। ৺শিবসেবক সমগ্র ভারতবর্ষ পরিভ্রমণ করেন ও সর্ব্বত্রই তাঁহার সঙ্গীত নৈপুণ্য ও সঙ্গীত মাধুর্য্য রাষ্ট্র হইয়া পড়ে। বহু রাজদরবার হইতে সভাগায়কের আসন অলঙ্কৃত করিবার সাদর আমন্ত্রণ হয় কিন্তু তিনি স্বাধীনচেতা পুরুষ ছিলেন বলিয়া ও চাটুবাক্য ঘৃণার চক্ষে দেখিতেন বলিয়া অধীনতা শৃঙ্খলে আবদ্ধ

হন নাই। বারাণসী কেন্দ্র করিয়া সমগ্র ভারতবর্ষ পরিভ্রমণ করিবার পর পণ্ডিতজী কলিকাতায় আগমন করেন। পূর্ব্বে কলিকাতায় মিশ্রবংশের ঘরোয়ানা সঙ্গীত সুপ্রচলিত ছিল। ৺লছমীপ্রসাদ মিশ্রের পিতামহ ৺মনোহর প্রসাদ মিশ্র কলিকাতায় তাঁহাদের ঘরোয়ানা সঙ্গীত একসময়ে যথেষ্ট প্রচার করেন। পণ্ডিতজী যখন কলিকাতায় আগমন করেন, সেই সময়ে তাঁহাদের ঘরোয়ানা সঙ্গীত লুপ্ত প্রায়। ইহাতে মর্ম্মাহত হইয়া পণ্ডিতজী তাঁহাদের বিলুপ্ত ঘরোয়ানা কলিকাতায় প্রচার করিবার উদ্দেশ্যেই কলিকাতায় অবস্থান করিতে মনস্থ করেন। ইহা অবশ্যই বাঙলার ও বাঙালীর সৌভাগ্যের বিষয়। সেই সময়ে পণ্ডিতজী বহুসংখ্যক ছাত্রকে সম্পূর্ণ অবৈতনিক ভাবে ও যত্নের সহিত শিক্ষা দেন। তাঁহার কুশলী শিক্ষায় অতি অল্প দিনেই বহুসংখ্যক ছাত্র খেয়াল গানে দক্ষ হইয়া উঠেন। কলিকাতায় মিশ্রবংশীয় সঙ্গীতের এই যে প্রচলন তাহা পণ্ডিত শিবপ্রসাদ ও তাঁহার জ্ঞাতি ভ্রাতা লছমী প্রসাদের প্রচেষ্টা ও নিঃস্বার্থ অবদানের ফল। যাঁহারা সঙ্গীত সংশ্লিষ্ট ইহা তাঁহাদের নিকট সম্পূর্ণরূপে জ্ঞাত।

কলিকাতায় অবস্থান সময়ে ওখানকার সমগ্র সুধী-মণ্ডলী তাঁহাকে শ্রেষ্ঠ সঙ্গীতজ্ঞ বলিয়া স্বীকার করেন। বাঙলা ও বাঙালীকে তিনি এত ভালবাসিতেন যে এ দেশ পরিত্যাগ করিয়া তিনি অপর কোনও স্থলে গমন করেন নাই। সঙ্গীত বৈঠকে যোগদানের জন্য ভারতের সর্ব্বত্র হইতেই তাঁহার নিকট আমন্ত্রণ আসিত এবং বহু রাজন্য তাঁহাকে সভাগায়কের পদ গ্রহণে অনুরোধ করিয়াছিলেন কিন্তু বাঙলা প্রদেশ পরিত্যাগ করিতে তিনি পারেন নাই। বাঙলার অন্তরের সহিত সুপরিচিত হইবার জন্য তিনি সুদূর বঙ্গ পল্লীতেও গমন করিতেন। কলিকাতা ভিন্ন তিনি পূর্ব্ব পশ্চিম ও উত্তরবঙ্গের প্রায় সর্ব্বত্র পরিভ্রমণ করিয়াছিলেন এবং সর্ব্বস্থলেই সুপরিচিত হয়েন। বাঙালীও তাঁহার প্রেমের প্রতিদানে কুণ্ঠিত হয় নাই। বাঙলার অন্তরের শ্রদ্ধা তিনি লাভ করিয়াছিলেন।

পণ্ডিতজী তাঁহার চরিত্র মাধুর্য্য, ধর্ম্মনিষ্ঠা, বিনয়নম্র ব্যবহার, অনাড়ম্বর জীবনযাত্রা প্রণালী ইত্যাদি দ্বারা সকলের শ্রদ্ধা আকর্ষণ করিতেন। ধনী ও দরিদ্রের মধ্যে তিনি কোনও পার্থক্য করিতেন না। প্রেমের দ্বারা আহুত হইয়া বহু দরিদ্র গৃহে তাঁহার সঙ্গীত রস বিতরণের জন্য তাঁহাকে আমরা গমন করিতে দেখিয়াছি। এতদ্‌ভিন্ন কোনও ব্রাহ্মণ তাঁহার নিকট শিক্ষালাভার্থ আগমন করিলে যদি তিনি তাহার অর্থ কৃত দুঃখ দেখিতেন তাহা হইলে তাহার সমুদয় ব্যয়ভার নির্ব্বাহ করিয়া তাহাকে শিক্ষা দানেও কুণ্ঠিত হইতেন না। পণ্ডিতজীর শেষোত্তরী প্রতিভা কেবল মাত্র সঙ্গীতকলা বিকাশেই পরিস্ফুট হয় নাই, পরন্তু সংস্কৃত শাস্ত্রে ও সংস্কৃত সাহিত্যে এবং ইংরাজী ভাষাতেও তাঁহার প্রগাঢ় ব্যুৎপত্তি ছিল। বাংলা কথা, সাহিত্য ও বৈষ্ণব পদাবলী তিনি অত্যন্ত যত্নের সহিত পাঠ করিতেন। এতদ্ভিন্ন ক্রীড়া কৌতুক ও ব্যায়াম ইত্যাদিতেও তাঁহার বিশেষ অধিকার ছিল। বিলিয়াড ও কুস্তি তিনি অত্যন্ত ভালবাসিতেন।

অনুমান দেড় বৎসর পূর্ব্বে তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা নেপাল রাজ দরবারের সভা গায়ক ৺পশুপতি সেবক মিশ্র গতায়ু হন। এই শোকে তাঁহার শরীর একেবারে ভাঙ্গিয়া পড়ে ও ক্রমশঃ তিনি শয্যাশায়ী হইয়া পড়েন। বৎসরাধিক রোগ যন্ত্রনা ভোগের পর গত ১লা ফেব্রুয়ারী ইংরাজী সন ১৯৩৩ সালে তিনি মোক্ষধামে গমন করিয়াছেন। তাঁহার মৃত্যুতে সঙ্গীত জগতে যে ক্ষতি হইয়াছে তাহা সহজে পূরণ হইবে না। মৃত্যুকালে তিনি তিন পুত্র, তিন কন্যা, বিধবা স্ত্রী ও এক পৌত্র রাখিয়া গিয়াছেন।

তাঁহার পুত্রগণ রামকৃষ্ণ, ভবানীসেবক ও বিষ্ণুসেবক পিতার শিক্ষায় উত্তমরূপে জ্ঞানলাভ করিয়াছেন। তন্মধ্যে জ্যেষ্ঠ পুত্র রামকৃষ্ণ বাংলার শ্রেষ্ঠ খেয়ালীগণের মধ্যে অন্যতম। খেয়াল ভিন্ন ইনি পিতার নিকট হইতে ধ্রুপদ, ধামার, ঠুমরী ও টপ্পারও তালিম পাইয়াছেন মধ্যম ভবানীসেবকও একজন নিপুণ খেয়ালী।

মিশ্র বংশের ঘরোয়ানা চালের বৈশিষ্ট্যের পরিচয় প্রদান করিয়া আমরা উপসংহার করিব। ইঁহাদের প্রধান বৈশিষ্ট্য লয়। এরূপ লয়ের কাজ অতি অল্পই দেখা যায়। খেয়ালের যে চারি শ্রেণী অর্থাৎ গৌবড়, খাণ্ডাহার, ডাগুহার ও নওহার যাহাদের সম্যক্ বিস্তার অপরাপর ঘরোয়ানায় অতি বিরল এবং নাই বলিলেও অত্যুক্তি হয় না, তাহার সম্যক্ পরিচয় আমরা মিশ্র ঘরোয়ানায় পাই। সপ্তসুরের যে ৫০৪০ তান তাহার শিক্ষাদান পদ্ধতি মিশ্র ঘরোয়ানায় দেখা যায়। এতদ্‌ভিন্ন যন্ত্রসঙ্গীতের পূর্ণতা ও তাঁহাদের ঘরোয়ানার একটা বৈশিষ্ট্য। যাঁহারা ৺পশুপতিসেবক ও ৺শিবসেবকের সুরবাহার ও সেতার বাজনা শুনিয়াছেন তাঁহারাই জানেন যে যন্ত্রসঙ্গীতে ইঁহারা কিরূপ সুদক্ষ ছিলেন।

উপসংহারে ৺শিবসেবকের ছাত্রবৃন্দের প্রতি আমাদের এই সানুনয় নিবেদন যে তাহাদের স্বর্গগত দেবপ্রতিম গুরুদেবের স্মৃতি-রক্ষাকল্পে যদি তাহারা সচেষ্ট হন, তাহা হইলে স্বর্গগত মহাপুরুষের প্রতি সম্যক শ্রদ্ধার ও কৃতজ্ঞতার নিদর্শন প্রকাশ করা হয় এবং আমরা তাঁহার অগণিত ভক্ত এবং কৃতজ্ঞ ও শ্রদ্ধানুরক্ত ছাত্রবৃন্দের নিকট হইতে ইহা অবশ্যই আশা করিতে পারি।

নিম্নে মিশ্রবংশের তালিকা প্রদত্ত হইল :—

(ইং সন ১৪০০ হইতে)

বর্ষ মিলন

মিশ্র—ভেওরা

ঐ বিশ্ব-লোকে আনন্দ রাগিণী বাজিছে
নূতনে পুরাতনে শুভ-মিলন আজি যে—
হের—মহাকাল নব কালিকা-কন্যা
প্রেমরূপে কিবা সাজিছে।

মহা উৎসব সমারোহ ভুবনে!
কিরণে কিরণে বরণ-ঝরণা ঝলকে গগনে গগনে!
রাশিচক্রে ধ্বনিত ভেরী, গ্রহ প্রদক্ষিণকারী,
শুক্র পড়িছে পুণ্যমন্ত্র, উষা আল্পনা আঁকিছে।

ধরণী দেবী চরণে ঢালিছে শান্তি,
পবনে পবনে মধুর বীজন ফুলে ফুলে নব কান্তি!
দিগ্‌বালাগণে গান বাদনে, বাঁধিছে দোঁহারে এক বাঁধনে,
অনুরাগের ঘন স্পন্দনে, কালে কাল হের মিশিছে!

আহুতি ঢাল মানব-সবে আজি এ মিলন আহবে,
বল মঙ্গল, জয় মঙ্গল, মঙ্গলে দিক ভাসিছে!

কথা ও সুর—স্বর্গীয়া স্বর্ণকুমারী দেবী

স্বরলিপি—শ্রীব্রজেন্দ্রলাল গাঙ্গুলী

১ ২ ৩ ১ ২ ৩
সা -া II রা -মা মা | র্মা -া | পা -া I র্সা -া র্রা | ণা -ধণা | পা -া I
ঐ ০ বি ০ শ্ব | লো ০ | কে ০ আ ০ ০ | ন ০০ | ন্দ ০

১ ২ ৩ ১ ২ ৩
পা -ধা মা | পা -া | -া -া I রা -মজ্ঞা রা | সা -া | -া -া I
রা ০ গি | ণী ০ | ০ ০ বা ০০ জি | ছে ০ | ০ ০

১ ২ ৩ ১ ২ ৩
র্রা -া র্রা | র্রা -া | র্রা -া I র্রা -র্জ্ঞা র্রা | র্সা -া | -া -া I
নূ ০ ত | নে ০ | পু ০ রা ০ ০ ত | নে ০ | ০ ০

১ ২ ৩ ১ ২ ৩
র্সা র্রা র্সা | ণা ধপধা | নর্সা -র্রর্সা I না র্সা -া | -া -া | মা পা I
শু ভ মি | ল ন০০ | আ০ ০০ জি যে ০ | ০ ০ | হে র

১ ২ ৩ ১ ২ ৩
পা না -া | না -র্সা | র্সা র্সর্রা I ধা র্সা ণা | ধা -ণধা | পা -া I
ম হা ০ | কা ০ | ল নব কা লি কা | ক ০০ | ন্যা ০

১ ২ ৩ ১ ২ ৩
র্সা -া ণা | ধা -া পা মপা I রা -মজ্ঞা রা | সা -া সা -া II
প্রে ০ ম | রূ ০ পে কিবা সা ০০ জি | ছে ০ "ঐ ০"

১ ২ ৩ ১ ২ ৩
II মা জ্ঞা -া | রা -া রা রা I রা মজ্ঞা -া | রা -া | সা -া I
ম হা ০ | উৎ ০ স ব স হা০ ০ | রো ০ | হ ০

১ ২ ৩ ১ ২ ৩
রা পা মা | পা -া -া -া I ধা ধা -ধা | ধা ধা | ধা -া I
ভু ০ ব | নে ০ ০ ০ বি র নৈ | কি র | ণে ০

১ ২ ৩ ১ ২ ৩
ধা র্সা ণা | ধা ধা | পা -া I মা মা জ্ঞা | রা রা | সা -া I
ব র ণ | ঝ র | ণা ০ ঝ ল কে | গ গ | নে ০

১ ২ ৩ ১ ২ ৩
রা -সজ্ঞা রা | সা -া | -া -া I মা -া ·পা | না -া | না -র্সা I
গ ০ ০ গ | নে ০ | ০ ০ রা ০ শি | চ ০ | ক্রে ০

১ ২ ৩ ১ ২ ৩
র্সা র্সা র্রা | র্সনা -া | র্সা -া I র্সা র্সা র্সা | র্সা -া | না না I
ধ্ব নি ত | ভে ০ ০ | রী ০ গ্র হ প্র | দ ০ | ক্ষি ণ

১ ২ ৩ ১ ২ ৩
র্সা -র্রা -র্সা | র্রা -া | -া -া I র্রা -র্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞা র্জ্ঞা | র্জ্ঞা -র্মা I
কা ০ ০ | রী ০ | ০ ০ শু ০ ক্র | প ড়ি | ছে ০

১ ২ ৩ ১ ২ ৩
র্রা -র্মর্জ্ঞা র্জ্ঞা | র্রা -া | র্সা -া I র্সা ণা -া | ধপা -া | মা পা I
পু ০ ০ ণ্য | ম ০ | ন্ত্র ০ উ ষা ০ আল্ ০ | প না

১ ২ ৩
রা -মজ্ঞা রা | র্সা -া | সা -া II
আঁ ০ ০ কি | শে ০ | “ঐ ০”

১ ২ ৩ ১ ২ ৩
II র্সা র্রা র্সণা | ণা -া | ণা -া I ধা র্সা ণা | ধা -ণধা | পা ধা I
ধ র ণী ০ | দে ০ | বী ০ চ র ণে | ঢা ০ ০ | লি ঝে

১ ২ ৩ ১ ২ ৩
না -া -া | র্সা -া | -া -া I ণা ণা ণা | ধা ধা | ধা -া I
শা ০ ০ | স্তি ০ | ০ ০ প ব নে | প ব | নে ০

১ ২ ৩ ১ ২ ৩
ধা র্সা ণা | ধা -া | পা পা I মা মা মা | জ্ঞা -া | মা পা I
ম ধু র | বী ০ | জ ন ফু লে ফু | লে ০ | ন ব

১ ২ ৩ ১ ২ ৩
রা -মজ্ঞা -রা | সা -া -া -া I মা পা পা | ন' -া | না না I
কা ০০ ০ | স্থি ০ ০ ০ দি ০ গ্বা | লা ০ | গ ণে

১ ২ ৩ ১ ২ ৩
র্সা -া র্সা | র্সা -া | র্সা র্সা I র্সা র্রা র্সা | ণধা পা | ধা -া I
গা ০ নে | বা ০ | দ নে বাঁ ধি ছে | দোঁ০ হা | রে ০

১ ২ ৩ ১ ২ ৩
না -া না | র্সা র্রা | র্সা র্রা I র্সা র্সা র্সা | -না -া | র্সা র্সা I
এ ০ ক | বাঁ ০ | ধ নে অ নু রা | ০ ০ | গে র

১ ২ ৩ ১ ২ ৩
র্রর্সা ণা -ধা | -প -া | -ধা -া I না -া না | র্সা -া | -া -া I
ঘ ০ ন ০ | ০ ০ | ০ ০ স্প ০ ন্দ | নে ০ | ০ ০

১ ২ ৩ ১ ২ ৩
র্সণা -া ধা | পা -ধা | মা পা I রা -মজ্ঞা রা | সা -া | সা -া II
কা০ ০ লে | কাল্ ০ | হে র মি ০০ শি | ছে ০ | "ঐ ০"

১ ২ ৩ ১ ২ ৩
II পা -র্রা র্রা | র্রা -া | র্রা র্রা I র্রা -র্মজ্ঞা র্জ্ঞা | র্রা -া | র্সা র্সা I
আ ০ হু | তি ০ | ঢা ল মা ০০ ন | ব ০ | স বে

১			২		৩			১			২		৩		
র্সা	র্রা	র্সা	ণা	-ধা	পা	ধা	I	না	-া	.না	র্সা	-া	-র্া	-া	I
আ	জি	এ	মি	০	ল	ন		আ	০	হ	বে	০	০	০	

১			২		৩			১				২		৩		
র্সা	র্রা	র্সা	ণা	ণা	ণা	-া	I	ধা	-র্সা	ণা	I	-ধা	-া	পা	-া	I
ব	ল	ম	০	ঙ্গ	ল	০		জ	য়	ম		০	০	ঙ্গ	ল	

১			২		৩			১			২		৩		
র্সা	-ণা	ধা	পা	-ধা	মা	পা	I	রা	-মজ্ঞা	রা	সা	-া	সা	-া	II II
ম	০	ঙ্গ	লে	০	দি	ক		ভা	০০	সি	ছে	০	"ঐ	০"	

এই গানটী শ্রীযুক্তা সরলা দেবী মহোদয়ার অনুমতিক্রমে "গীতি-গুচ্ছ" পুস্তক হইতে প্রকাশিত হইল।

সম্পাদক—সঃ বিঃ প্রঃ।

গান

শ্রীবিনয়ভূষণ দাশগুপ্ত

এ জীবনে যারে দেখি নাই কভু
সে কেন মরমে জাগে,
আমার বেদনা হৃদয়ে তাহাব
গোপনে আসন মাগে।

ফাগুন নিশীথে ফুলমালা হাতে,
কে আসি' দাঁড়াল মোর আঙিনাতে
মিনতি জড়িত আঁখি দু'টি তার
বাঁধিয়াছে অনুরাগে।

জ্যোছনা মধুর নীল নভঃ গায়
নীরব কথাটি ভাসিয়া বেড়ায়
অতীতের পথে বিধুরা বঁধুর
মধুর স্বপন জাগে।

স্বরলিপি

আজ ফাগুনের ফুলবনে
ঘুরে বেড়াই আনমনে।
সুনীল আকাশ ঘুমিয়ে আছে
সবুজ পাতার গুঞ্জনে॥

ধূসর পথের বাঁকে,
নদীর হাসিখানি
বারে বারে আসছে ভেসে
স্তব্ধ-বিজন প্রাঙ্গনে॥

ভাবি অপার অবসাদে—
সে দূর বনানীর কাকলিতে
আজকে কি ঐ কাঁদে।

এমনি দু'জন মিলে
কত কথা কওয়ার ছলে,
আলোছায়ার সুরে
দু'টী নয়ন ভরে—
যত করুণ কাহিনী হায়
বিধুর ব্যথার অঞ্জনে॥

কথা—শ্রীদেবীপ্রসাদ কর বি, এ
সুর ও স্বরলিপি—শ্রীঅশোকপ্রকাশ মিত্র বি, এস্, সি

II { পা -া রা | মা জ্ঞা -রা I জ্ঞা ^রসা রা | পা -া -া I পা ধা -মা |
আ জ্ ফা | গু নে র্ ফু ল্ ব | নে ০ ০ ঘু রে ০ |

পা ^ধণা ^ধপা I পা -ধা ^পমা | গা -া -মা } I { পা -া রা | মা জ্ঞা রা I
বে ড়া ই আ ন্ ম | নে ০ ০ } { আ জ্ ফা | গু নে র

জ্ঞা ^রসা রা | পা -া -া I র্সা -া ^রর্সা | ধা ণা ^ণধা I পা ণা -া |
ফু ল্ ব | নে ০ ০ সু নী ল | আ কা শ ঘু মি য়ে |

দা পা -দা I পা মা -া | জ্ঞা রা সা I রা ^রগা -া | মা -া -া } II
আ ছে ০ স বু জ | পা তা র গু ণ্ জ | নে ০ ০ }

II { র্সা র্সা ^সর্রা | র্রা র্সর্রা -র্জ্ঞা I র্রা র্সা -া . -া র্সা -া I র্রা র্সা ণা |
ধূ স র | প থে০ র্ বাঁ কে ০ ০ দূ র্ ন দী র

ধা পধা -ণা I ণধা -পা -া | -া -া -া } I র্সা র্সা ^র্রসা | ধা ণা ^ণধা I
হা সি০ ০ খা০ নি ০ | ০ ০ ০ } বা রে ০ | বা রে ০

পা -ণা -দা | পা -হ্মা -া I পা -া -া | -া -া -দা I পা -া মা |
আ স্ ছে | ভে ০ ০ সে ০ ০ | ০ ০ ০ স্ত ব্ ধ

জ্ঞা রা সা I রা গা -া | মা -া -া II
বি জ ন্ প্রা ঙ্ গ | নে ০ ০

আজ ফাগুনের ফুলবনে, ইত্যাদি।

জ্ঞা -া

II { জ্ঞা রজ্ঞা -মজ্ঞা | জ্ঞা ঋা -সা I ন্া -া -া | সা -া -জ্ঞা I ঋা -া ^সন্া |
অ পা০ ০র | অ ব ০ সা ০ ০ | দে ০ ০ ভা ০ ০

সা -া -া I পা -া পা | দা পা -া I হ্মা পা ^পমা | জ্ঞা রা ^জ্ঞরা I
বি ০ ০ দূ র্ ব | না নী র্ কা ক ০ | লি তে ০

ন্া ন্া সা | মা জ্ঞা রা I সা -গ্া -দ্া | -সা -জ্ঞা -া } II
আ জ কে | কি ও ই কাঁ ০ ০ | দে ০ ০ }

II { র্সা -জ্ঞা জ্ঞা | র্রা র্সা র্সা I র্সর্রা -র্সণা -ধা | ণা -া -া I ণা ণা -া I
এ ম্ নি | দু জ' ন মি০ ০০ ০ | লে ০ ০ ক থা ০

ধা র্সণা -দা I পা -হ্মা -া | পা -া -া } I র্সা র্রা র্সা | ধা ণা -া I
ক ওয়া র ছ ০ ০ | লে ০ ০ আ লো ০ | ছা য়া র্

ণা -া -ধা | র্সণা -া -া I র্রা র্সা -া | ণা দা -া I পা -হ্মা -া |
স্ব ০ ০ | রে ০ ০ দু টি ০ | ন য় ন ভ ০ ০ |

পা -া -ণা I দা -া পহ্মা | পা -া -া I -সা -া -রা | -জ্ঞা -া -রা I
রে ০ ০ য ০ ০ | ভ ০ ০ ক ০ ০ রু ০ ণ

জ্ঞা -পা হ্মা পা -া -দা I পা -া -সা | পা -া -দা I পা মা -া |
কা ০ হি নী ০ ০ হা ০ ০ য় ০ ০ বি ধু র্ |

জ্ঞা রা সা I রা গা -া মা -া -া II II
ব্য থা র্ অ ন্ জ নে ০ ০

ভ্রম সংশোধন—গত ফাল্গুন সংখ্যার পত্রিকায় ৬৪২ পৃষ্ঠাতে যে দুর্গা রাগের স্বরলিপি প্রকাশিত হইয়াছে, তাহাতে ছাপার ভুলবশতঃ শুদ্ধ 'রে' স্থলে কোমল 'ঋ' ছাপা হইয়াছে। এতদ্ব্যতীত গানের বাণীতে একটি সাধারণের দুর্বোধ্য বাণী ব্যবহৃত হইয়াছে, যথা—**করম** অর্থাৎ কৃপা। আশা করি সহৃদয় পাঠকপাঠিকাগণ উপরোক্ত ভুলটি সংশোধন করিয়া লইবেন।

—সম্পাদক

স্বরলিপি

পিলু—দাদ্‌রা

নিপট নিঠুর ভুলাতে এসেছ ছলে ;
প্রবীনা ধরণী নবীনা সাজে,
বন-ফুলহার পরেছে গলে।

বনের সবুজ দখিন হাওয়ায়,
মেলেছে ডানা চোখ ইসারায়,
শ্যামল ধরার কোমল কোলে ॥

আজি এ ফাগুনে ভরা আগুনে
হৃদয় ভরেছে 'কুহু' তানে ;
অধরের হাসি নয়নে মিলাবে,
ব্যথাভরা আঁখিজলে ॥

কথা—ডাঃ শ্রীসুধারঞ্জন চট্টোপাধ্যায়*

সুর ও স্বরলিপি—ডাঃ শ্রীসুধামাধব সেনগুপ্ত

II সা পা পা | মা ধা পা I মা পা ^ম^জ্ঞা | রা র্সা রা I জ্ঞা জ্ঞা ন্া |
নি প ট | নি ঠু র ভু লা তে | এ সে ছ ছ ০ ০ |

সা -া -া I সা গা গা | গা ^প^মা গা I রা গা সরা | গমা গা মা I
লে ০ ০ প্র বী না | ধ র ণী ন বী না০ | ০০ সা জে

মা মা জ্ঞা | রা সা -া I রা মা মা | পা মপা ণদা II
ব ন ফু | ল হা র প রে ছে | গ লে০ ০০

* এই গানটী রেকর্ডে গাহিবার ইচ্ছা করিলে লেখকের অনুমতি লইতে হইবে।

II সা সা -া | সা গা -া I মা পা -া | দা পা -া I পা ধা ণধা |
ব নে র | স বু 'জ দ খি ন | হাও য়া য় মে লে ছে ০ |

পা মা গা I সা সা গা | মা মপা মঃ মঃ I রমা জ্ঞরা সন্‌া | সা -া -া I
০ ডা না চো খ্ ই | সা রা০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০ | ০ ০ ০

সা গা গা মা গা -া I সা গা -া | মা রমা পণদা II
শ্যা ম ল ধ রা র কো ম ল | কো লে০ ০ ০ ০

II সা মা পধণা | না র্সা না I র্সা র্সা র্সা | র্রা র্সা -া I না না না |
আ জি এ ০০ | ফা গু নে ভ রা আ | গু নে ০ হৃ দ য় |

না র্সা না I না ধনা র্সর্সা | নধা পা ধা I পা -া -া | -া -া -া I
ভ রে ছে কু হু০ ০ ০ | ০ ০ ০ তা নে ০ ০ | ০ ০ ০

পা ধা গা | পা মা গা I পা ধা ণধপা | গা পমা গা I মা মা জ্ঞা
অ ধ রে র হা সি ন য় নে ০০ | মি লা০ বে ব্য থা ভ

রা সা রা | মা মপা ণদা II II
রা আঁ খি | জ ০লে ০ ০

স্বরলিপি

গৌরী—তালফেরতা

ওরে প্রেমিক, তোর প্রেম যেচে কি কাজ
ভিক্ষা তোরে দেবে না কেউ
মিছেই পাবি লাজ।

ভালবাসা চাস্‌নে কারো,
পেলেই দুঃখ বাড়বে আরো
কপাল দোষে ফুলের হারও
হানবে বুকে বাজ।

ঘুচিয়ে দিয়ে পাবার আশা
বিলায়ে যা' ভালবাসা
দীন দুনিয়ায় দিতে আসা
তুই দেবার মহারাজ।

কথা, সুর ও স্বরলিপি—শ্রীমনুজচন্দ্র সর্ব্বাধিকারী

II গা -া গঙ্মা পধা | পা ঙ্মপা ধা গঙ্মা | [ঋ]গা [গ]ঋা সা ন্‌া | সা ঋা ঋা -া |
ও ০ রে০ ০০ | ০ প্রে মি ক | তো ০ ০ র | ০ প্রে ম ০ |

সা -া সা সন্‌া | স্রা-র্পা পা পা | পা -া ঙ্মা -পঙ্মা | গা মা গা -া |
০ ০ যে চে | কি কা ০ জ | ভি ০ ক্ষা ০০ | তো ০ রে ০ |

গমা পধা পা ঙ্মপা | ঙ্মা গমা গা গঋা | [গ]পা গা পা ধা | [ধ]র্সা ণঃ র্সর্রর্সণা র্সাঃ |
দে ০০ বে না০ | কে ০০ উ মি | ছে ০ ই পা | বি লা জ০০০ ০ |

না ধনা ধাঃ হ্মাঃ | পধপহ্মা পহ্মা গা হ্মা | না ধা -া পা | হ্মা পা হ্মপা গা |

ভা ল বা ০ | সা ০ ০ ০ চা স্ নে | কা রো ০ পে | লে ই দুঃ খ |

গা মা গা -া | গা ধা পা হ্মপা | হ্মা গমা গা ঋগা | [গ]পা পা পা ধা |

বা ড় বে ০ | আ রো ০ ক ০ | ০ পা০ ল দো | যে ০ ফু লে |

পধা র্সা র্সাঃ ণঃ | র্সা নর্সর্রা র্সা -া | র্সা -া র্সা র্সা | [ন]র্সা র্সা [ন]র্সা ধা |

র হা ০ র | ও হা০ ০ ন ০ | বে ০ বু কে | বা ০ জ ০ |

ধাঃ ণঃ না পা | -ধনা ধনর্সা র্সাঃ নঃ | ধর্সনাঃ ধঃ পহ্মপা গা | গপা পা পা পা |

০ ০ ঘু০ চি | য়ে০ ০ ০ ০ দি ০ | য়ে০ ০ ০ পা ০ ০ বা | র ০ ০ ০ ০ |

পা -া পা হ্মা | পা হ্মপনা ধা -া | হ্মপধা পা হ্মপা গা | ঋা পা হ্মপা গা |

আ ০ শা বি | লা য়ে ০ ০ যা ০ | ভা ০ ০ ল বা ০ সা | দী ন দু ০ নি |

[ঋ]গা ঋা সা সন্া | সা পা পা -া | হ্মা পা হ্মা গা | ঋা পা হ্মা গঋা II |

য়া য় দি তে ০ | আ সা তু ই | দে বা ০ ম | হা রা ০ জ০ |

সেতারের স্বরলিপি

ইমন—তিমে-তেতালা

সঙ্গীতাচার্য্য শ্রীসত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ছাত্রী বধুরাণী শ্রীরেণুকা রায় চৌধুরী (অব সন্তোষ)

সময় রাত্রি ১ম প্রহর। জাতি সম্পূর্ণ। কড়ি মধ্যম, বাদী পঞ্চম।

আস্থায়ী

	১				+				৩				০			
গগা	রা	সসা	ন্‌া	সা	রা	রা	গা	ররা	হ্মা	হ্মহ্মা	পা	হ্মা	গা	রা	সা	II
ডিরি	ডা	ডিরি	ডা	রা	ডা	ডা	রা	ডিরি	ডা	ডিরি	ডা	রা	ডা	ডা	রা	

অন্তরা

	১				+				৩				০			
গগা	হ্মা	পপা	ধা	না	র্সা	না	ধা	পপা	হ্মা	ধনা	পা	হ্মা	গা	রা	সা	II
ডিরি	ডা	ডিরি	ডা	রা	ডা	ডা	রা	ডিরি	ডা	ডিরি	ডা	রা	ডা	ডা	রা	

১ম তান—

+								৩								
ন্‌ঃ	ররঃ	গঃ	হ্মাঃ	পঃ	ধঃ	নঃ	র্সঃ	নঃ	ধনঃ	পপঃ	হ্মহ্মাঃ	গঃ	হ্মহ্মাঃ	ধঃ	পঃ	|
ডা	ডিরি	ডা	রা	ডা	রা	ডা	রা	ডা	ডিরি	ডিরি	ডিরি	ডা	ডিরি	ডা	রা	|

০						
নঃ	ধধঃ	পঃ	হ্মাঃ	গঃ	রঃ	I
ডা	ডিরি	ডা	রা	ডা	রা	

+ ৩
২য় তান—ধ্ঃ ন্ন্ঃ সঃ হ্মাঃ ধ্ধ্ঃ ন্ঃ রঃ গঃ | ন্ঃ ররঃ গঃ হ্মাঃ পঃ ধঃ নঃ র্সঃ |
ডা ডিরি ডা ডা ডিরি ডা ডা রা | ডা ডিরি ডা রা ডা রা ডা রা |

০
ননঃ ধধঃ পপঃ হ্মহ্মাঃ গগঃ ররঃ I
ডিরি ডিরি ডিরি ডিবি ডিরি ডিরি

+ ৩
তোড়—ন্ন্ন্না ন্ন্ন্না ধ্ধ্ধ্ধা সসসসা | ন্ন্ররা গগগগা গগহ্মহ্মা পপপপা |
ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি | ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি |

০ ১
ননধধা র্সর্সননা র্রর্রর্সর্সা র্সর্সর্সর্সা | র্গর্গর্রর্রা র্সর্সর্সর্সা পপহ্মহ্মা গগগগা I
রিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি | ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি

+ ৩
ননধধা পপহ্মহ্মা গগররা সসন্ন্না | ন্ন্ররা গগহ্মহ্মা পপধধা ননর্সর্সা |
ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি | ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি |

০ ১ +
র্গর্গর্রর্রা র্সর্সননা র্সা ননধধা | পপহ্মহ্মা পা, গগররা সসন্ন্া | রা I
ডিরিডিরি ডিরিডিরি ডা ডিরিডিরি | ডিরডিরি ডা ডিরিডিরি ডিরিডিরি | "ডা"

+ ৩ ০ ১
১ম ঝঙ্কার*—ন্০ র০ গ০ হ্মা০ | প০০০ প০০০ | র০ গ০ হ্মা০ ধ০ | ন০০০ ন০০০ I

\+ ৩ ০ ১
হ্মা০ ধ০ ন০ র্´০ | স´০০০ স´০০০ | ন০ ধ০ প০ হ্মা০ | গ০০০ গ০০০ I

\+ ৩ ০
প০ হ্মা০ গ০ র০ | স০০০ স০০০ | *ননধধা পপহ্মাহ্মা গগররা II
ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি

২য় ঝঙ্কার—ন্০০ ন্০০ ন্০০ ন্০০ | ধ্০০ ন্০০ স০০ স০০ | ন্০০ র০০ গ০০ গ০০ |

ন্০০ র০০ হ্মা০০ হ্মা০০ | ন্০০ র০০ প০০ প০০ | হ্মা০০ গ০০ র০০ স০০ |

হ্মা০০ ধ০০ ন০০ ন০০ | হ্মা০০ ধ০০ প০০ প০০ | ন০০০ র্´০০০ স´০০০ স´০০ |

হ্মা০০ র০০ স০০ স০০ | গ´০০ র্´০০ স´০০ ন০০ | র্´০০ স´০০ ন০০ ধ০০ |

স´০০ ন০০ ধ০০ প০০ | হ্মা০০ গ০০ র০০ স০০ I *

০ ১
ন্ন্ঃ ররঃ সসঃ গগঃ ররঃ হ্মাহ্মাঃ গগঃ পপঃ | হ্মাহ্মাঃ ধধঃ পপঃ ননঃ ধধঃ স´স´ঃ ননঃ স´স´ঃ |
ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি |

\+ ৩
গ´গ´র্´র্´া স´স´ননা ধধপপা হ্মাহ্মাগগা স´স´ঃ ননঃ ধধঃ পপঃ হ্মাহ্মাঃ গগঃ ররঃ সসঃ |
ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরিডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি ডিরি |

০ ১
ন্ন্ঃ ররঃ গগঃ হ্মাহ্মাঃ পাঃ ন্ন্ঃ ররঃ গগঃ হ্মাহ্মাঃ পা গগঃ ররঃ সসঃ ন্ন্ঃ | ((রর))
ডিরি ডিরি ডিরি ডিরি ডা ডিরি ডিরি ডিরি ডিরি ডা ডিরি ডিরি ডিরি ডিরি | ডাডা

---

* প্রথম ও দ্বিতীয় ঝঙ্কারের তারা চিহ্নিত স্থান পর্য্যন্ত সুরগুলির পার্শ্বের শূন্যগুলি প্রত্যেকটী ঝঙ্কারের তারে বাজিবে।

গীত-সোপান

(পূর্ব্বপ্রকাশিতের পর)

সঙ্গীত শিক্ষক—শ্রীপাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়

স্বরকম্পন :—কম্পন হইতেই ধ্বনির উৎপত্তি হইয়া থাকে। যখন আমরা তাম্বুরা বাজাইতে থাকি, আমাদের অঙ্গুলি স্পর্শে বা আঘাতে তাম্বুরার তারে এক প্রকার কম্পন হইতে থাকে। সেই কম্পন হইতে শব্দ বা ধ্বনি উৎপন্ন হইতে থাকে। এই ধ্বনি হইতে স্বরের উৎপত্তি হয়। তাহা হইলেই যে কোন দ্রব্যে আঘাত করা হউক না কেন তাহার অনু (molecull) ও পরমাণুতে (Atoms) একরূপ কম্পন হয় ও সেই কম্পন হইতেই শব্দের সৃষ্টি হয়।

বিজ্ঞানাচার্য্যগণ গবেষণা দ্বারা স্বরগুলির কম্পন সেকেণ্ডে কতবার হইতে পারে, তাহা নিম্নলিখিতভাবে উদ্ভাবন করিয়াছেন। যথা :—

স্বর		সেকেণ্ডে কম্পন
ষড়জ	..	১ বার
ঋষভ	...	$\frac{৯}{৮}$ বার
গান্ধার	...	$\frac{৫}{৪}$ বার
মধ্যম	...	$\frac{৪}{৩}$ বার
পঞ্চম	...	$\frac{৩}{২}$ বার
ধৈবত	...	$\frac{৫}{৩}$ বার
নিষাদ	...	$\frac{১৫}{৮}$,,
ষড়জ (তারা)	...	২ বার

অতএব বেশ বুঝা যাইতেছে যে মুদারার "সা" যদি সেকেণ্ডে ১ বার কম্পিত হয়। তারার "সা" সেকেণ্ডে ২ বার কম্পিত হইবে। ইত্যাদি ইত্যাদি।

উপস্থিত আমরা সপ্তস্বরের (সা, রা, গা, মা, পা, ধা, না) কম্পনের (Ratio) নিম্নলিখিত ভাবে পাইলাম। যথা :—

$$১ : \frac{৯}{৮} : \frac{৫}{৪} : \frac{৪}{৩} : \frac{৩}{২} : \frac{৫}{৩} : \frac{১৫}{৮} : ২$$

উপরোক্ত ভগ্ন সংখ্যাগুলিকে লঘিষ্ট সাধারণ গুণিতক নিয়মে পূর্ণ সংখ্যায় যদি পরিণত করা হয়, তাহা হইলে কম্পন সম্বন্ধে বুঝিবার সাধারণের পক্ষে খুবই সুবিধা হইবে।

$$১ : \frac{৯}{৮} : \frac{৫}{৪} : \frac{৪}{৩} : \frac{৩}{২} : \frac{৫}{৩} : \frac{১৫}{৮} : ২$$

ইহাদের ল : সা : গু = ২৪।

অতএব উপরোক্ত সংখ্যাগুলিকে ২৪ দ্বারা গুণ করিলে আমরা নিম্নলিখিত সমানুপাতিক কম্পন পূর্ণ সংখ্যা পাইব :—

২৪ : ২৭ : ৩০ : ৩২ : ৩৬ : ৪০ : ৪৫ : ৪৮

অতএব সপ্তস্বরের কম্পন সংখ্যা :—

সা = ২৪ , রা = ২৭ ; গা = ৩০ ; মা = ৩২ ; পা = ৩৬ ; ধা = ৪০ ; না = ৪৫ ; সা = ২।

অর্থাৎ 'সা" সেকেণ্ডে ২৪ বার কম্পিত হইলে "রা" সেকেণ্ডে ২৭ বার ; গা সেকেণ্ডে ৩০ বার কম্পিত হইবে, ইত্যাদি ইত্যাদি। কেহ না মনে করেন যে "সা'এর প্রকৃত কম্পন সংখ্যা ২৪। কেবল কম্পনের অনুপাত দেখাইবার জন্য ও সাধারণের বুঝিবার সুবিধার কারণ ভগ্নাংশকে পূর্ণ সংখ্যায় পরিণত করিবার জন্য ২৪ ধরা হইল।

বাদী সম্বাদী হিসাবে কম্পনের অনুপাত সুর পঞ্চম ও সুর মধ্যম অর্থাৎ চতুর্থ ভাবের মিলনে হইয়া থাকে।

যথা :—সা : পা ও সা : মা অর্থাৎ ২ : ৩ ও ৩ : ৪। "সা" যদি সেকেণ্ডে দুইবার কম্পিত হয় "পা" সেকেণ্ডে ৩ বার এবং "সা" যদি সেকেণ্ডে ৩ বার কম্পিত হয় "মা" ৪ বার কম্পিত হইবে। নিম্নলিখিত তালিকায় বাদী সম্বাদীর অনুপাতগুলি পঞ্চমভাবে ও চতুর্থভাবে বুঝাইবার চেষ্টা করিয়াছি :—

পঞ্চম ভাবের বাদী সম্বাদী হিসাবে :—

বাদী	কম্পন	সম্বাদী	কম্পন	
সা	২৪	পা	৩৬	$\therefore \frac{পা}{সা} = \frac{৩৬}{২৪} = \frac{৩}{২} = ২ : ৩$।
রা	২৭	ধা	৪০	$\therefore \frac{ধা}{রা} = \frac{৪০}{২৭} =$ প্রায় ২ : ৩।

ইত্যাদি, ইত্যাদি।

চতুর্থভাবের বাদী সম্বাদী হিসাবে :—

বাদী	কম্পন	সম্বাদী	কম্পন	
ধা	৪০	র্রা	৫৪	$= \frac{র্রা}{ধা} = \frac{৫৪}{৪০} =$ প্রায় ৩ : ৪।
গা	৩০	ধা	৪০	$= \frac{ধা}{গা} = \frac{৪০}{৩০} = \frac{৪}{৩} = ৩ : ৪$।

ইত্যাদি ইত্যাদি।

কম্পনের কম বেশী হিসাবে শব্দের বা ধ্বনির পার্থক্য অনুভূত হয়। কম্পন সংখ্যাকে যতই বাড়ান হইবে স্বর তত উচ্চ হইবে এবং কম্পন সংখ্যা যতই কমান হইবে স্বরও সেই হিসাবে নীচু বা খাদ হইবে। স্বর সমূহ পরস্পরের মধ্যে কত উচ্চ বা নীচু তাহা উহাদের কম্পনের অনুপাত হইতে বুঝা যাইবে। "সা" হইতে 'রা" কত উচ্চ জানিতে হইলে "সা"র কম্পন সংখ্যা দিয়া "রা"র কম্পন সংখ্যাকে ভাগ করিলেই জানা যাইবে। নিম্নে ইহার একটী তালিকা দেওয়া হইল।

স্বর	কম্পন সংখ্যা	অন্তর
সা—রা	$\frac{২৭}{২৪}$	$\frac{৯}{৮}$
রা—গা	$\frac{৩০}{২৭}$	$\frac{১০}{৯}$
গা—মা	$\frac{৩২}{৩০}$	$\frac{১৬}{১৫}$
মা—পা	$\frac{৩৬}{৩২}$	$\frac{৯}{৮}$
পা—ধা	$\frac{৪০}{৩৬}$	$\frac{১০}{৯}$
ধা—না	$\frac{৪৫}{৪০}$	$\frac{৯}{৮}$
না—র্সা	$\frac{৪৮}{৪৫}$	$\frac{১৬}{১৫}$

উপরোক্ত তালিকা হইতে আমরা তিনটি অন্তর পাইতেছি; যথা :— $\frac{৯}{৮}$, $\frac{১০}{৯}$, $\frac{১৬}{১৫}$। অতএব বেশ বুঝা যাইতেছে যে **সা হইতে রা, মা হইতে পা** এবং **ধা হইতে না**। ইহাদের উচ্চতা সমান; কারণ উহাদের সকলেরই অন্তর $\frac{৯}{৮}$। এইরূপে **রা হইতে গা** ও **পা হইতে ধা** ইহাদের উচ্চতা সমান; কারণ

উহাদের প্রত্যেকের অন্তর ১০/৯ এবং **গা হইতে মা** ও **না হইতে র্সা** ইহাদের উচ্চতা সমান ; কারণ উহাদের প্রত্যেকের অন্তর ১৬/১৫। এক্ষণে ৯/৮ ও ১০/৯ এই দুই অন্তরকে আমরা পূর্ণান্তর এবং ১৬/১৫ এই অন্তরকে অর্দ্ধান্তর বলিয়া থাকি ; কিন্তু উহাদের অনুপাতের তুলনায় **সা হইতে ঋা** যতটা উচ্চ **গা হইতে মা** তাহার অর্দ্ধেক হইতে পারে না।

সাধারণের বোধগম্যের জন্য নিম্নে শুদ্ধ, কড়ি ও কোমল স্বরগুলির আনুপাতিক কম্পন সংখ্যা সমূহের একটী তালিকা দেওয়া হইল :—

স্বর			আনুপাতিক কম্পন সংখ্যা
সা	...	...	২৪
ঋা	...	...	২৪½
রা	...	...	২৭
জ্ঞা	...	...	২৮
গা	...	...	৩০
মা	...	...	৩২
হ্মা	...	...	৩৩½
পা	...	...	৩৬
দা	...	...	৩৭
ধা	...	...	৪০
ণা	...	...	৪২
না	...	...	৪৫
র্সা	...	...	৪৮

উপরোক্ত কম্পন সংখ্যাগুলি মুদারা গ্রামের কম্পন সংখ্যা। উদারা গ্রামের কম্পন সংখ্যাগুলি মুদারা গ্রামের অর্দ্ধেক ও তারা গ্রামের কম্পন সংখ্যাগুলি মুদারা গ্রামের দ্বিগুণ হইবে।

স্বর কম্পনের অনুপাত হইতে দেখান যায় যে **সপ্তস্বরের অধিক আর শুদ্ধ স্বর পাওয়া যায় না।** মনে করুন মুদারা গ্রামে যে সপ্তস্বর আছে তাহার উপরে বা নীচে যে কোন স্বর লওয়া যায় তাহা মুদারা সপ্তকের একটী না একটীর সঙ্গে মিল থাকিবেই থাকিবে। সঙ্গীতজ্ঞগণ গানের উপযোগী করিয়া স্বরকে তিনটী সপ্তকে বিভক্ত করিয়াছেন যথা :—উদারা সপ্তক, মোদারা সপ্তক ও তারা সপ্তক ; কিন্তু গায়কগণ সঙ্গত সঙ্গীতে আড়াই সপ্তকের বেশী ব্যবহার করেন না। সঙ্গীতবেত্তারা বলেন যে ৪ : ৫ : ৬ অনুপাতযুক্ত স্বরসমূহ এক সঙ্গে বাজিতে থাকিলে তাহাদের পরস্পরের মধ্যে একটী বেশ মিল দেখা যায় ; যথা—

১। সা ; গা ; পা, ইহাদের কম্পন সংখ্যা ২৪ ; ৩০ ; ৩৬; উহাদের প্রত্যেকটীকে **৬ দিয়া** ভাগ করিলে আমরা ৪ ; ৫ ; ৬ অনুপাত পাইয়া থাকি।

২। ম্া : ধ্া : সা = ১৬ : ২০ : ২৪ : উহাদের প্রত্যেকটীকে **৪ দিয়া** ভাগ করিলে ৪ : ৫ : ৬, অনুপাত পাইয়া থাকি।

৩। পা : না : র্রা = ৩৬ : ৪৫ : ৫৪ : উহাদের প্রত্যেকটীকে **৯ দিয়া** ভাগ করিলে ৪ : ৫ : ৫ অনুপাত পাওয়া যায়।

৪। মা : ধা : র্সা = ৩২ : ৪০ : ৪৮ : উহাদের প্রত্যেকটীকে **৮ দিয়া** ভাগ করিলে ৪ ; ৫ ; ৬ অনুপাত পাওয়া যায়।

উপরোক্ত দৃষ্টান্ত হইতে বুঝিতে পারা যাইতেছে যে সাতটীর বেশী শুদ্ধ স্বর পাওয়া যায় না ; কারণ অষ্টম স্বরটী প্রথম স্বরটীর দ্বিগুণ দেখিতে পাওয়া যাইতেছে। যেমন ম্ = ১৬ ; অষ্টমে মা = ৩২ ; ইত্যাদি, ইত্যাদি।

ষড়জ অর্থাৎ ছয়টী স্বর যাহা হইতে উৎপন্ন হইয়াছে তাহাকে ষড়জ বলে ; অতএব ষড়জের কম্পন সংখ্যার অনুপাত হইতে বাকী ছয়টী স্বরের অনুপাত পাওয়া যাইতে পারে : –

১। সা=২৪; এবং র্সা=৪৮; এই দুই স্বরের কম্পন সংখ্যাকে যোগ ক'রিয়া ২ দিয়া ভাগ করিলে, আমরা "পা" স্বর পাইতে পারি; যথা:—

২৪+৪৮=৭২÷২=৩৬।

এখানে ৩৬ "পা" স্বরের কম্পন সংখ্যা।

২। সা+পা=২৪+৩৬=৬০÷২ = ৩০ = "গা" স্বরের কম্পন সংখ্যা।

৩। সা+গা=২৪+৩০=৫৪÷২ = ২৭ = "রা" স্বরের কম্পন সংখ্যা।

৪। সা+পা+গা=২৪+৩৬+৩০=৯০÷২= ৪৫ ="না" স্বরের কম্পন সংখ্যা।

৫। সা+গা+রা=২৪+৩০+২৭=৮১÷২=৪০½ (ধা স্বরের কম্পন সংখ্যা ৪০)।

৬। সা+ধা=২৪+৪০=৬৪÷২ = ৩২ = "মা" স্বরের কম্পন সংখ্যা।

এক্ষণে উপরোক্ত তালিকা হইতে বেশ বুঝা যাইতেছে যে ষড়জের কম্পন সংখ্যা হইতে অপর ছয়টী (রা, গা, মা, পা, ধা, না,) স্বরের কম্পন সংখ্যা পাওয়া গেল। এইরূপে কোমল ও কড়ির কম্পন সংখ্যা পাওয়া যাইতে পারে।

ক্রমশঃ

হিন্দুস্থানী সঙ্গীতে তানসেনের স্থান

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীবীরেন্দ্রকিশোর রায় চৌধুরী

ইংরাজ রাজত্বের প্রাগ্‌ভাগে অর্থাৎ অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ও উনবিংশ শতাব্দীর প্রারম্ভে তানসেনবংশীয় কয়েকটী, উজ্জ্বল প্রতিভাশালী তন্ত্রকারকে যুগপৎ দেখ্‌তে পাই। ভারতীয় সঙ্গীতের তন্ত্রবিভাগের ইহা একটি অতি গৌরবময় যুগ। কণ্ঠ-সঙ্গীতের উচ্চ শীর্ষস্থান ধামে যন্ত্র-সঙ্গীত অধিকার ক'রে বসার কারণ আছে। প্রথমতঃ ভারতীয় শ্রেষ্ঠ কণ্ঠ-সঙ্গীতে যে প্রচুর প্রাণশক্তির সংহত ও বিশাল আত্মপ্রকাশ পূর্ব্বে পাওয়া যেত, তদুপযুক্ত আধার পরবর্ত্তী যুগে কমে এসেছিল। প্রাণের বিশালতা ধীরতা ও এক তানতার জন্য যে সাধনার প্রয়োজন সেই সাধনার উপযোগী আধার হ্রাস পেয়ে এসেছিল। প্রাণায়ামকে ব্যাপকতর অর্থে আমরা যদি বুঝ্‌তে চেষ্টা করি, তবে সঙ্গীতকে এক শ্রেষ্ঠ প্রাণায়াম বলে বুঝ্‌তে পারি। প্রাণায়ামকে ফল প্রাণের উপর সম্পূর্ণ অধিকার প্রাণের ব্যাপ্তি ও প্রাচুর্য্য। পরবর্ত্তী গুণীদের দেহযন্ত্রে যখন প্রাণের ধারণ সামর্থ্য কমে এল তখন তাঁরা বাহিরের বীণাযন্ত্রেই প্রাণের বিকাশের দিকে, সমুদয় সাধনা নিয়োগ কর্‌বেন তাতে আর আশ্চর্য্য কি?

যন্ত্র-সঙ্গীতের উৎকর্ষের দ্বিতীয় কারণ যন্ত্র-সঙ্গীতে বৈচিত্র্যের বিকাশ যতটা সম্ভব হয়, কণ্ঠ-সঙ্গীতে তা সম্ভব নয়। কণ্ঠের শ্রেষ্ঠতা যে উহা সহজাত ও কণ্ঠের স্বরকে যথেচ্ছভাবে খেলানো যতটা সহজ, একটা বাহিরের জড়যন্ত্র থেকে স্বর বাহির ক'রে তাকে ইচ্ছামত খেলানো তত সহজ নয়। কিন্তু যন্ত্র জড় বলেই তার সুবিধাও আছে— যান্ত্রিক সুবিধা এই যে মানুষের কতকগুলি স্বাভাবিক সীমা আছে, যন্ত্র জড়বস্তু—জড়ের সে সীমা নাই, জড়ের

পরিশ্রম হয় না, জড় হ'তে এমন অনেক সুবিধা পাওয়া যায়, জীবিত প্রাণীর পক্ষে যা সম্ভব নয়,—মোটর গাড়ীর সুবিধা—অশ্বযানে যেমন পাওয়া সম্ভব নয়।

যন্ত্র-সঙ্গীতে "দ্রুত" অংশের উৎকর্ষ অনেক বেশী—কণ্ঠ হতে "বেসুর" দূর করা কঠিন কিন্তু যন্ত্রকে মনে বাঁধ্‌লে সুমিষ্ট স্বর উহা হ'তে স্বতঃই উৎপন্ন হয়।

বলা বাহুল্য, কণ্ঠ-সঙ্গীতে যেমন প্রাণায়াম বা শ্বাসের উপর অধিকার প্রয়োজন, যন্ত্র-সঙ্গীতের উৎকর্ষের জন্যও একটা প্রাণের স্থৈর্য্য প্রয়োজন—চঞ্চল প্রাণ নিয়ে গভীর ও শ্রেষ্ঠ সঙ্গীতের বিকাশ কখনও সম্ভব নয়।

গত শতাব্দীর সেনীগুণীগণের মধ্যে উৎকর্ষ যন্ত্র-সঙ্গীতের বিকাশ খুবই হয়ে গেছে। জাফর খাঁ, প্যার খাঁ ও বাসৎ খাঁ রবাব ও সুরশৃঙ্গার যন্ত্রে এবং ওমরাও খাঁ বীণাযন্ত্রে সঙ্গীতের এত গভীর ও উন্নত স্তর খুলে দিয়ে গিয়েছিলেন, যে কণ্ঠ-সঙ্গীতের তদনুরূপ উন্নতির অভাবে কোনও প্রকৃত অভাব কেহ করতে পারেনি। তবে প্যার খাঁ ও বাসৎ খাঁ শুধু যন্ত্র-সঙ্গীতে নয়—কণ্ঠ-সঙ্গীতেও অসাধারণ প্রতিভা ও সৃষ্টিশক্তি দেখিয়ে গেছেন। প্যার খাঁ অতি সুমধুর কণ্ঠ-গায়ক ছিলেন, আর বাসৎ খাঁ তো শেষ বয়সে শুধু গানই গাইতেন। বাসৎ খাঁ অনেক উৎকৃষ্ট ধ্রুপদ রচনা ক'রে গেছেন।

জাফর খাঁ ছিলেন যন্ত্র-সঙ্গীতে সিদ্ধ—অতি কঠোর তপস্যায় তিনি "রবাবী" সঙ্গীত পদ্ধতিকে যন্ত্র-সঙ্গীতের শীর্ষস্থানে তুলতে পেরেছিলেন সুরশৃঙ্গার যন্ত্রের অপরূপ লালিত্য ও আবেশময় মাদকতা তাঁরই দান। প্যার খাঁও সুরশৃঙ্গার যন্ত্রই অধিকাংশ সময় বাজাতেন। জাফর খাঁ ও প্যার খাঁ উভয় ভ্রাতা অনেক সময় স্বনামধন্য প্রতিভার অবতার স্বরূপ রাজারাম বংশীয় রেবাধিপতি মহারাজ বিশ্বনাথ সিংহের সভায় থাকতেন। মহারাজ বিশ্বনাথ সিংহের কাব্যপ্রতিভা সম্বন্ধে বাংলা কোনও মাসিক পত্রিকায় সম্প্রতি সূর্য্যপ্রসন্ন বাজপেয়ী মহাশয় অনেক আলোচনা করেছেন। মহারাজ বিশ্বনাথ সিংহ সঙ্গীত বিদ্যায়ও অতি পারদর্শী ও যথার্থ সঙ্গীত-সাধক ছিলেন। তিনি জাফর খাঁ সাহেবের শিষ্য ছিলেন ও অনেক উৎকৃষ্ট ধ্রুপদ রচনা ক'রে গেছেন। রাজারাম ও রাজা মানের পর সঙ্গীতের একনিষ্ঠ সাধনায় হিন্দু নৃপতিগণের মধ্যে মহারাজ বিশ্বনাথের নাম অগ্রগণ্য চিরদিন থাকবে।

প্যার খাঁও মহারাজ বিশ্বনাথের সভায়ই থাকতেন তবে মাঝে মাঝে বেতিয়ার মহারাজ নন্দকিশোরের দরবারেও যেতেন। নন্দকিশোর একজন উৎকৃষ্ট ধ্রুপদী ছিলেন ও অনেক ধ্রুপদ নিজে রচনা ক'রে কথক ব্রাহ্মণ গায়কদের শিক্ষা দিতেন। বেতিয়ার 'কথক' ঘরানা ওস্তাদরা তাঁর শিষ্যবংশ থেকেই এসেছেন। বেতিয়ার কথক ঘরানা ব্রাহ্মণ গায়কদের মধ্যে বখ্‌তাওরজী, শিবনারায়ণ জী, গুরুপ্রসাদ জী প্রভৃতি গুণীগণের নাম উল্লেখযোগ্য। বোধ হয় একথা অনেকে জানেন কলিকাতার বিখ্যাত ধামার গায়ক বিশ্বনাথ রাও এই শিবনারায়ণ মিশ্রের শিষ্য ছিলেন এবং ৺রাধিকা গোস্বামী অনেক দিন গুরুপ্রসাদ জীর কাছে শিখেছেন। বিখ্যাত গায়ক কাশীনাথ ও বেতিয়ার ঘরানা ছিলেন। বেতিয়ার মহারাজ নন্দকিশোর প্যার খাঁর শিষ্য ছিলেন। এই ভাবে আমরা দেখতে পাই, ভারতের সমস্ত ঘরানা গুণীরাই তানসেন বংশের কাছে ঋণী।

ক্রমশঃ

বসন্ত-বিদায়

গজল—কাহারবা

রংমহলের সাজ টুটেছে সুর উঠেছে প্রাণ কাঁদাতে
নীহার কণার কাঁদন ঝরে দূর বনানীর শ্যামল পাতে।
ছিন্নছায়া ঘনিয়ে আসে মায়ায় ছাওয়া আঁখির পাশে
বাতায়নে বধূর সীঁথি শিথিল হ'ল সন্ধ্যারাতে।
মিলন আমার সাধের মিলন হায়রে মিলন ভাঙ্গল বাসা
দিক্‌বালা চায় মৌন ব্যথায় মূক হ'য়ে যায় মুখর ভাষা।
যে গান প্রাণের অন্তরেতে আস্‌ল ছুটে হাজার স্রোতে
সে গান আজি শেষ করে দাও পার্‌বেনা সে ফুল ফোটাতে।

কথা, সুর ও স্বরলিপি—শ্রীসুবোধচন্দ্র চক্রবর্ত্তী বি, এ

{ া র্সা -া র্সা | র্সা -া র্সা -া I -া না র্রা না | ধা -া পা -া I
{ ০ রং ০ ম | হ ০ লে র্‌ ০ সা জ টু | টে ০ ছে ০

-া গা -া সা | সা রা সরা গপা I -া গা গা গা | রা -া সা -া } I
০ সু র উ | ঠে ০ ছে০ ০০ ০ প্রা ণ কাঁ | দা ০ তে ০ }

-া সা ধ্‌া সা | সা রা সরা গপা I -া গা গা গা | রা -া সা -া I
০ নী হা র | ক ০ ণা০ ০র ০ কাঁ দ ন | ঝ ০ রে ০

-া সা ধ্‌া সা | সা-রা সরা গনা I -া ধা -া পা | গা রা সা -া I
০ নী হা র | ক ০ ণা০ ০র ০ কাঁ দ ন | ঝ ০ রে ০

-া গা -া সা | সা রা সরা গপা I -া গা গা গা | রা -া সা -া II
০ দূ র ব | না ০ নী০ ০র ০ শ্যা ম ল | পা ০ তে ০

-া পা -া ধা | পা -া র্সা -া I -া র্সা -া র্সা | র্সা -া র্সা -া I
০ ছি ০ ন্ন | ছা ০ য়া ০ ০ ঘ নি য়ে | আ ০ সে ০
০ যে গা ন | প্রা ০ ণে র ০ অ ০ স্ত | রে ০ তে ০

-া র্সা -া র্রা | র্সা র্রা র্গা -া I -া র্রা -া র্সা | ধা -া পা -া I
০ মা য়া য় | ছা ০ ও য়া ০ আঁ খি র | পা ০ শে ০
০ আ স্ ল | ছু ০ ০ টে ০ হা জা র | স্রো ০ তে ০

-া মা মা মা | মা মা মা মা I -া পা -া -পা | পা -া পা -া I
০ বা তা ০ | য় ০ নে ০ ০ ব ধূ র | সীঁ ০ থি ০
০ সে গা ন | আ ০ জি ০ ০ শে ষ ক | রে ০ দা ও

-া মা রা রা | মা পা ধা র্সা I -া ধা ধা ধা | পা -া পা -া I
০ বা তা ০ | য় ০ নে ০ ০ ব ধূ র | সীঁ ০ থি ০
০ সে গা ন | আ ০ জি ০ ০ শে ষ ক | রে ০ দা ও

-া গা -া সা | সা রা সরা গপা I -া গা গা গা | রা -া সা -া II
০ শি থি ল | হ ০ ল০ ০০ ০ স ন্ ধ্যা | রা ০ তে ০
০ পা র্ বে | না ০ সে০ ০০ ০ ফু ল ফো | টা ০ তে ০

{-া সা -া ধ্া | সা রা সরা গা I -া গা গা গা | গা -া গা -া I
০ মি ল ন | আ ০ মা০ র ০ সা ধে র | মি ০ ল ন

-া ক্ষা ক্ষা ক্ষা | ক্ষা ক্ষা ক্ষা পগা I -া গা ক্ষা গক্ষধা | পা -া পা -া I
০ হা য় রে | মি ০ ল ০ন ০ ভা ঙ্গ ০০ল | বা ০ সা ০

-া ধা -া ধা | ধা -া ধা -া I -া পা ধা পা | গা -া গা -া I
০ দি ক্ বা | লা ০ চা য় ০ ম উ ন | ব্য ০ থা য়

-া পধা না না | না -া না র্সা I -া ধনা ধনা র্সা | র্সা -া সা সা } II
০ মু০ ক হ | য়ে ০ যা য় ০ মু০ প০ র | ভা ০ যা ০

স্বরলিপি

বেহাগ—তেতালা

শ্যামসুন্দর মদন মোহন
মধুর মুরলী বাজায়
বৃন্দাবন প্রাণ।

যমুনারি কাল জল
সে সুরে উজান দিল,
মুরছিল গোপীকুল
সঁপিয়া জীবন॥

কথা, সুর ও স্বরলিপি—স্বামী প্রজ্ঞানানন্দ *

স্থায়ী

০ ১ + ৩
II { সা গা মা পা | না র্সা না পা | হ্মা ধপা -া হ্মা | গা মা গা গা } I
{ শ্যা ০ ম সু | ন্দ র ম দ | ন ০০ ০ ০ | ০ মো হ ন }

০ ১ + ৩
গা মা পা মা | গা রা সা ন্া | প্া ন্া সা রা | রা রা সরগা সা II
ম ধু র মু | র লী বা জায় | বৃ ০ ন্দা ব | ০ ন প্রা০০ ণ

* ব্রহ্মচারী—প্রজ্ঞাচৈতন্য।

অন্তরা

	০				১				+				৩				
II	গা	মা	পা	না	র্সা	না	র্সা	র্সা	র্সা	র্গা	র্রা	র্সা	না	পা	না	না	I
	য	মু	না	রি	কা	ল	জ	ল	সে	সু	রে	উ	জা	ন	দি	ল	
	০				১				+				৩				
	গা	মা	পা	না	র্সা	র্সা	না	পা	গা	মা	পা	মা	গা	রা	সা	ন্‌া	II
	মু	র	ছি	ল	গো	পী	কু	ল	স	পি	য়া	জী	ব	০	০	ন	

১ম তান—

+				৩				
সগা	মপা	নর্সা	নপা	হ্মপা	হ্মগা	মগা	সসা	I
আঃ	০০	০০	০০	০০	০০	০০	০০	

২য় তান—

+				৩				
গমা	পনা	র্সর্গা	র্রর্সা	নধা	পহ্মা	গমা	গা	I
আ০	০০	০০	০০	০০	০০	০০	০	

৩য় তান—

০				১				+			
ন্‌সা	গমা	পমা	গমা	পনা	ধপা	হ্মপা	ননা	র্সর্গা	র্রর্সা	নপা	পহ্মা
আ০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০

৩				
গমা	পমা	গরা	সন্‌া	I
০০	০০	০০	০০	

৪র্থ তান—

০				১				+			
সন্‌া	পন্‌া	সগা	রসা	ন্‌সা	গমা	পমা	গর্সা	ন্‌সা	গমা	পনা	র্সনা
আ০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০	০০

৩				
পপা	হ্মপা	গমা	গসা	I
০০	০০	০০	০০	

৫ম তান—

০ সসা গগা মপা মগা | ১ সসা পা -া -া | + গমা পর্সা -া -া |
আ০ ০০ ০০ ০০ | ০০ ০ ০ ০ | ০০ ০০ ০ ০ |

৩ নপা ক্ষগা মগা সা I
০০ ০০ ০০ ০

৬ষ্ঠ বাঁট—

০ সগা মপা নর্সা নপা | ১ ক্ষধপা পক্ষা গমা গগা | + গমা পনা পক্ষা গমগা |
শ্যা০ ম সু ন্দ র ম দ | ন ০০ ০০ ০মো হ ন | ম ধু র মু র লী বা জায়্ |

৩ গগা গমা পমা গসা I
বৃ ন্ দা ০ ব ন প্রাণ

৭ম বাঁট—

০ সসা ন্‌প্‌া ন্‌সা সসা | ১ ন্‌সা গগা মগা সসা | + সগা মপা নর্সা নপা |
শ্যা ০ ম সু ন্দ র ম দ | ন ০ ০০ ০মো হ ন | ম ধু র মু র লী বা জায়্ |

৩ পক্ষা গগা মপা মগা I
বৃ০ ন্দা ব ০ন প্রাণ

৮ম বাঁট—

০ র্সর্গা র্র্সা নপা ননা | ১ র্সনা পক্ষা গমা গগা | + গমা পমা গরা সন্‌া |
শ্যা ০ ম সু ন্দ র ম দ | ন ০ ০০ ০মো হন | ম ধু র মু র লী বা জায়্ |

৩ প্‌প্‌া ন্‌সা ররা গসা II
বৃ ০ ন্দা ০ বন প্রাণ

স্বরলিপি

কাফা তোড়ী—দাদ্‌রা

রাঙ্গা পদে কে দিল মা এত জবা ফুল,
রাঙ্গাজবা হার মেনেছে, তোমার চরণ দুটী
সকল রঙ্গের মূল।
তোমার অরূপ রাশি প্রকাশিছে অমর জ্যোতিঃ,
ত্রিভুবন জন তব গুণ গানে হয়েছে আকুল॥

*কথা ও সুর—সঙ্গীতনায়ক শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়
স্বরলিপি—শ্রীমতী লীনা দেবী (মুকুল)

রা II মা পা দা | পদা র্ণসা ণা I দা পা দা | মপা মজ্ঞা রা I জ্ঞা মা মা |
রা ঙ্গা প দে | কে০ ০০ দি ল মা ০ | এ ত ০ ০ জ বা |

পা -া রা I মা পা দা | পদা র্ণসা ণা I দা পা দা | মপা মজ্ঞা রা I
ফু ল্ রা ঙ্গা প দে | কে০ ০০ দি ল মা ০ | এ ত ০

জ্ঞা মা মা | পা -া ণা I ণা ধা মা :পা দা সণা I দা পা -া |-া -া -া I
০ জ বা | ফু ল্ রা ঙ্গা জ বা | হা র্ মে নে ছে ০ | ০ ০ ০

-া পা দা | মপা মা -া I জ্ঞা রা জ্ঞা | সা রা -া I জ্ঞা মা মা |
০ তো মার্ | চ র ণ দু টি ০ | স ক ০ ল্ র ঙ্গের্ |

পা -া II
মূ ল্

* এই গান রচয়িতার বিনা অনুমতিতে কেহ রেকর্ডে দিতে পারিবেন না।

০ ১´ ০ ১´ ০
II { মা | পা ণদা ণা | র্সা র্সা -া I র্সা র্সা -া | -া -া পা I দা ণা র্সা |
তো | মা র অ | রূ প ০ রা শি ০ | ০ ০ প্র কা শি ছে |

১´ ০ ১´ ১´ ০
ণা র্সা ণা I দা পা -া : (-া -া) } I পা র্জ্ঞা র্রা | র্জ্ঞা র্সা র্রা I
অ ম র জ্যো তি ০ : ০ ০) ত্রি ভু ব | ন জ ন

১´ ০ ১´ ০ ১´
ণা র্সা ণা | দা পা পা I -া দা মা | পা পা পা I পদা ণর্সা র্সণা |
ত ব গু | ণ গা নে ০ ০ হ | য়ে ছে আ কু০ ০০ ০০ |

০ ১´
দপা মজ্ঞা রসা I ণসা -া II
০০ ০০ ০০ ০০ ল্

†তান—

১´ ০ ১´
১। ণ্সা রমা পদা | ণর্সা ণদা পমা | জ্ঞরা সসা |
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

১´ ০ ১´
২। মপা ণর্সা র্জ্ঞর্জ্ঞা | র্সণা . দপা মজ্ঞা | রসা ণ্সা |
আ০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০ ০০

† তান ধরিবার সময় "রাঙ্গা পদে কে দিল মা" পর্য্যন্ত গাহিয়া ধরিতে হইবে এবং | পদা ণর্সা ণা |
কে০ ০০ দি
দা পা -া | এইরূপ হইবে।
ল মা ০

৩। ণ্‌সা রমা পণা | দা পা -া | -া -া -া | -া মপদা মপা | মজ্ঞা -া -া |
আ০ ০০ ০০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০০০ ০ ০ ০ ০

সরা সা -া | ণ্‌সা রমা পণা | মা -া -া | পা ধা ণা | র্সা র্সণা দপা |
০০ ০ ০ ০০ ০০ ০০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০০ ০০

মজ্ঞা রসা |
০০ ০০

বসন্তে বরষা এল নেমে

শ্রীপ্রিয়ম্বদা দেবী

বসন্তে বরষা এল নেমে,
আলোকের দীপ্ত হেমে,
জাগে ধূসরিমা।
মালা গাঁথা হ'ল নাযে শেষ,
এরি মাঝে শ্রান্তির আবেশ,
প্রেমের গরিমা।

ভেসে যায় নয়ন সলিলে,
মধুগন্ধ মলয় অনিলে,
মাটীর সুরভি,
গোলাপের রং যায় ধুয়ে
অশ্রুভারে জুঁই পড়ে' নুয়ে,
লুটায় করবী॥

সঙ্গীতচ্ছটা

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীদুর্গাপ্রসন্ন স্মৃতিভারতী

সঙ্গীতে ছন্দকে অলঙ্কার রূপে খ্যাতি দিয়াছেন। বাস্তবিকও ছন্দ সর্ব্বশ্রেষ্ঠ অলঙ্কার। এই অলঙ্কার ব্যতীত সঙ্গীত হইতেই পারে না। অন্যান্য অলঙ্কার, রসপুষ্টির পূর্ণতা বিধায়ক। যন্ত্রক্ষেত্র দীপিকায় লিখিয়াছেন—বিবিধ মাত্রানুযায়িক কতকগুলি স্বরানুগত বর্ণ বা শুদ্ধ স্বরকে যথা নিয়মে রাগ এবং তালের অনুসারী করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র পরিচ্ছেদে আবদ্ধ করাকে বিজ্ঞানেশ্বর, বিদ্যাধর শিবকিঙ্কর প্রভৃতি সঙ্গীতগ্রন্থকারগণ ছন্দোলঙ্কার বলেন। এইরূপ অলঙ্কার পদ্ধতি স্বর নিবন্ধনী শ্রেষ্ঠালঙ্কার ইত্যাদির সহিত সুচারুরূপে সর্ব্বদা ব্যবহৃত হয়। গীতাদির স্বৈরৈক-রূপতা বিনাশ নিবন্ধন নানা গতি প্রদর্শন জন্যই ছন্দোলঙ্কারের প্রয়োজন। ছন্দঃ যে সঙ্গীতের পক্ষে কতদূর প্রয়োজনীয় তাহার সম্বন্ধে "নাথন্" সাহেব প্রভৃতি ইংরাজ সঙ্গীত-অধ্যাপকেরাও সুবিস্তাররূপে স্বীকার করিয়াছেন, ছন্দো ব্যতীত সঙ্গীতই হয় না।

সঙ্গীত রত্নাবলীতে বলিয়াছেন—বিশিষ্টমাত্রা সন্দর্ভং ছন্দোঽলঙ্কার লক্ষণং। তেষাং প্রবন্ধো গীতাদৌ প্রয়োগে সুমনোহরঃ।

মধুসূদন বাচস্পতি প্রণীত ছন্দোমালা গ্রন্থে আছে—

স্বরজাত রাগ সম যাহার আকার।
যতি মাত্রা সহকারে উচ্চারণ যার॥
শ্রবণ মধুর যাহা হৃদয় রঞ্জন।
তাহাকে কহেন ছন্দঃ আদি কবিগণ॥

বোপদেব বলেন—ছদ্ ধাতুর অর্থ সম্বরণ, সুতরাং রস-ভাবাদিকে এক এক পরিচ্ছেদে সংবৃত করার নামই ছন্দঃ।

ছন্দোমঞ্জরী রচয়িতা সামান্যতঃ দুইপ্রকার ছন্দের নাম দিয়াছেন, যথা—জাতি এবং বৃত্ত। কেবল অক্ষর গণনায় যে ছন্দঃ নিবদ্ধ হয় তাহার নাম বৃত্ত, যেমন বসন্ততিলক প্রভৃতি। লঘুগুরু মাত্রানুযায়িক বর্ণ নিবদ্ধ ছন্দের নাম জাতি, যেমন আর্য্যাগীতি, উপগীতি প্রভৃতি। লঘু, গুরু, মাত্রা ব্যতীত অর্দ্ধ অথবা দ্রুত এবং প্লুত ইত্যাদির নামও ছন্দশাস্ত্রে উল্লেখ করেন নাই। সঙ্গীতশাস্ত্রমতে অনুদ্রুত, দ্রুত, লঘু এবং গুরু ও প্লুত এই পাঁচপ্রকার মাত্রার উল্লেখ আছে। যাহা হউক বর্ণ বৃত্ত ছন্দ সঙ্গীতে খুব কম ব্যবহার হয়। ব্যাকরণের নিয়মে হ্রস্বে, লঘু দীর্ঘে গুরু স্বর প্রায়ই হয় না। কারণ সঙ্গীত ছন্দের অনুরোধে হ্রস্ব স্বরও গুরু-রূপে এবং দীর্ঘস্বরও লঘুরূপে উচ্চারিত হইতে পারে। ব্যাকরণে ব্যঞ্জন বর্ণকে অর্দ্ধমাত্রিক বলে কিন্তু কাব্যের বা সঙ্গীতের কোন ছন্দেই ব্যঞ্জন অর্থাৎ হসন্ত-বর্ণ-মাত্রা ও বর্ণ সংখ্যার মধ্যে পরিগণিত হয় না। ছন্দে হসন্ত বর্ণের কোনও মাত্রা নাই। উচ্চারণে জিহ্বা ওষ্ঠের সংলগ্ন হওয়া মাত্র। সঙ্গীতের মাত্রাবৃত্ত ছন্দ অর্থাৎ তাল সকল প্রধানতঃ তিন জাতি, যথা—চতুর্মাত্রিক তাল, যেমন কাওয়ালী, আড়া, ঠুংরী ইত্যাদি। ত্রিমাত্রিক তাল যেমন, যৎ, ঝাঁপতাল ইত্যাদি। দ্বি ও অষ্টমাত্রিক তাল চতুর্মাত্রিকেরই অন্তর্গত এ ষণ্মাত্রিক তাল ত্রিমাত্রির অন্তর্গত। এতৎসম্বন্ধে পরে আলোচনা করিব।

এক্ষণে আমরা লৌকিক ছন্দের কিঞ্চিৎ আলোচনা উন্মুখ রাখিয়া **বৈদিক ছন্দের আলোচনান্তে** পুনরায় লৌকিক ছন্দের আলোচনা করিয়া, কেবল

সঙ্গীতের দিক দিয়াই লৌকিক ও বৈদিকের সমতা প্রদর্শন করিবার ইচ্ছা করিতেছি।

ছন্দ ও বৈদিক ছন্দ

একটী ছন্দের যতগুলি অক্ষরে একটী পাদ হয়, সেই সংখ্যা হইতে ক্রমে এক পর্য্যন্ত সংখ্যা বিন্যস্ত করিবে। উক্ত বিন্যস্ত সংখ্যার পূর্ব্ব সংখ্যাটী (অর্থাৎ যতগুলি অক্ষরে এক পাদ হইয়াছে) এক সংখ্যা দ্বারা ভাগ করিতে হয়। ভাগের যাহা ফল হয় তৎসংখ্যকই উক্ত ছন্দে এক গুরু অক্ষরযুক্ত পাদভেদ। আবার ঐ ভাগ ফলকে পরস্থিত সংখ্যা (অর্থাৎ যে সংখ্যাকে ভাগ করা হইল উহার পরস্থিত) দ্বারা গুণ করিবে। ঐ গুণিত সংখ্যাকে দুই দ্বারা ভাগ করিবে। ঐ ভাগফল পরিমিতই উক্ত ছন্দের দুই গুরু অক্ষরযুক্ত পাদ জানিবে। উক্ত ভাগ-ফলকে আবার পরস্থিত সংখ্যা দ্বারা গুণ করিয়া তিন প্রভৃতি সংখ্যা (যতগুলি অক্ষরে এক পাদ হইয়াছে সেই সংখ্যা পর্য্যন্ত) দ্বারা ভাগ করিলে যে, যে ভাগ ফল হয় তত্তৎ সংখ্যাই উক্ত ছন্দের তিন প্রভৃতি গুরু অক্ষরযুক্ত পাদ হইবে। উদাহরণ গায়িত্রীর পাদ ছয় অক্ষরে—

৬ ৫ ৪ ৩ ২ ১
১ ২ ৩ ৪ ৫ ৬
৬ ১৫ ২০ ১৫ ৬ ১

একাক্ষর ৬। দুই অক্ষর গুরু ১৫। তিন অক্ষর গুরু ২০। চারি অক্ষর গুরু ১৫। পাঁচ অক্ষর ৬। ছয় অক্ষর গুরু ১। সর্ব্বলঘু ১। সমষ্টি ৬৪। লীলাবতী।

ছন্দঃ শব্দটীকে উপনিষৎ প্রভৃতি গ্রন্থে আরণ্যককাণ্ডের মতে ও তৈত্তিরীয়ের মতে এবং ছান্দোগ্যের মতে নানা অর্থ পাওয়া যায়। এই কয়টী মতেই নিজন্ত ছদ্ ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অসুন্‌প্রত্যয়ে নিপাতনে ছন্দস্ শব্দটী সিদ্ধ হইয়াছে। অপর, কিন্তু পানিনী চদি ধাতুর অসুন্ প্রত্যয়ে ছন্দস শব্দ সিদ্ধ হইয়াছে। চন্দে রাদেশ্চ ছঃ। উন্ ৪।২১৮॥ ব্যাকরণের ব্যুৎপত্তিমতে যাহাতে আহ্লাদ জন্মায় তাহারই নাম ছন্দঃ এই যৌগিকার্থ হইতে পারে। সাহিত্য-দর্পণে ছন্দোবদ্ধ বাক্যকেই পদ্য বলিয়াছেন। ছন্দোবদ্ধ পদং পদ্যং। বাস্তবিক লঘু গুরু স্বর বা মাত্রার নিয়ম বিশিষ্ট বর্ণযোজনার নামই ছন্দঃ।

ভাষা সৃষ্টির পর ও গ্রন্থাদি রচনাপ্রণালীর আরম্ভ হইবার কিছুদিন পূর্ব্বে ছন্দো নিয়মের আবিষ্কার হইয়াছে। পূর্ব্বেও উল্লেখ করিয়াছি, ছন্দোবদ্ধ বাক্য পদ্য। তদ্দারায় ফলে হইল ছন্দহীন বাক্য গদ্য। গীত—পদ্যেরই রূপান্তর। যাই হউক বৈদিক যুগেই দেখা যায়, বৈদিক ভাষাও তিন প্রকারে বিভক্ত। তন্মধ্যে পদ্য ভাগের নাম ঋক্ বা মন্ত্র। গীতের নাম সাম। গদ্য ভাগের কতকাংশ যজুঃ এবং কতকাংশকে ব্রাহ্মণ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। উপ-নিষদাদি গ্রন্থের মতে ঋক্ অংশই প্রথম প্রকাশিত হইয়াছে। বৈদিক কালে যে কয়টী ছন্দের আবিষ্কারও বেদে যে কয়টীর ব্যবহার দেখা যায় তাহাদিগকে বৈদিক এবং সেই কয়টীকে মূল করিয়া লৌকিক ভাষায় যে অসংখ্য ছন্দো নিয়মের উদ্ভব হইয়াছে সেইগুলিকে লৌকিক ছন্দঃ বলে। বেদের ব্রাহ্মণ ও আরণ্যককাণ্ডে ছন্দের সম্বন্ধে বহু বিষয় আছে, কিন্তু তেমন ভাবে নাই যাহাতে আশু জ্ঞানার্জ্জন করা যায়।

কাত্যায়ণের মতে সাতটী বৈদিক ছন্দের উল্লেখ আছে। ১ গায়ত্রী, ২ উষ্ণিক, ৩ অনুষ্টুভ, ৪ বৃহতী, ৫ পংক্তি, ৬ ত্রিষ্টুপ, ৭ জগতী।

প্রথম ছন্দ গায়ত্রী। ইহাতে সর্ব্বসমেত ২৪টী অক্ষর বা স্বরবর্ণ থাকে। বৈদিক গায়ত্রী ছন্দ তিনটী চরণে নিবদ্ধ। ২৮ অক্ষরে উষ্ণিক ছন্দ। ৩২ অক্ষরে অনুষ্টুভ। ৩৬ বৃহতী। ৪০ পংক্তি। ৪৪ ত্রিষ্টুপ। ৪৮ জগতী ছন্দ। ইহাপেক্ষা অধিক অক্ষরে ছন্দঃ তৎকালে নাই। বেদের

বিস্তৃত মন্ত্রভাগ মাত্র এই সপ্তছন্দে প্রকাশিত। তন্মধ্যে প্রথমটীই অধিক পরিমাণে ব্যবহৃত দেখা যায়। কাত্যায়ণ এই সপ্তছন্দের কতকগুলি ভেদ স্থির করিয়াছেন। তৎপ্রণীত সর্ব্বানুক্রমিকায় দ্রষ্টব্য। এই সপ্ত ছন্দেরই অনন্ত লৌকিক ছন্দ অভিব্যক্তি। মহাকবি ভবভূতি উত্তর রামচরিতে লিখিয়াছেন, আদি কবি বাল্মীকির মুখ হইতে মানিষাদ প্রতিষ্ঠাং ত্ব মগমঃ শশ্বতী সমাঃ। এই শ্লোক আত্রেয়ী, বনদেবতার নিকট প্রথম প্রকাশ করিলে, তিনি উত্তরে বলিলেন, চিত্রং আম্নায়াদন্যোঽয়ং নূতনশ্ছন্দ সামবতারঃ। (উত্তর চং ২ অঃ) বেদ হইতে নূতন ছন্দের অবতারণা হইয়াছে। আশ্চর্য্য ইহাতে ভবভূতির মতে বাল্মিকীই লৌকিক ছন্দের আবিষ্কারক মনে হয়, এবং সর্ব্বাগ্রে অনুষ্টুভ ছন্দই লৌকিক ভাষায় ব্যবহৃত হয়। রামায়ণের মতে, নারদের উপদেশ গ্রহণান্তর বাল্মিকী তমসায় স্নানার্থে যাওয়ার পথে বক্ মিথুনের একটী ব্যাধ কর্ত্তৃক নিহত দেখিয়া উক্ত শ্লোক হঠাৎ তাঁহার মুখ হইতে বাহির হওয়ায়, নিজেই * চিন্তা করিতে লাগিলেন, উহা কি গদ্য, না, পদ্য! ইহাতে বাল্মিকীই প্রথম ছন্দের আবিষ্কারক, তৎ টীকা তীর্থ প্রভৃতিও এই তাৎপর্য্যে ব্যাখ্যা করিয়াছেন। কিন্তু রামানুজ ইহা অস্বীকার করেন, তাঁহার মতে তৎপূর্ব্বেও লৌকিক ছন্দ ছিল। যাই হউক এতৎ সম্বন্ধে বিচার করিলে অনেক করা যায়।

মহর্ষি পিঙ্গলাচার্য্য কৃত ছন্দগ্রন্থই আদি। তাঁর মতে, ১,৬৭,৭৭,২১৬ প্রকার বর্ণবৃত্তের উল্লেখ করিয়াছেন।

আধুনিক ছন্দ :—একাক্ষরা বৃত্তির নাম উক্থা ১শ্রী। এইরূপ দ্ব্যক্ষরা, ত্র্যক্ষরা বৃত্তির বর্ণনা আছে।

লৌকিক ছন্দগুলি প্রথমতঃ দুই ভাগে বিভক্ত, বৃত্ত ও মাত্রাবৃত্ত। যে সকল ছন্দে স্বরসংখ্যা ও লঘুগুরুর নিয়ম আছে তাহার নাম বৃত্ত। যাহাতে নিয়ম নাই কেবল মাত্রার নিয়ম করা যায়, তাহাকে মাত্রাবৃত্ত বলে। বৃত্ত আবার তিন ভাগে বিভক্ত, সমবৃত্ত, অর্দ্ধসমবৃত্ত ও বিষমবৃত্ত। যাহার চারিটী চরণ সমান তাহাকে সমবৃত্ত। যে সকল ছন্দের প্রথম ও তৃতীয় চরণ এক লক্ষণাক্রান্ত অপর দুই চরণ তদ্ভিন্ন লক্ষণযুক্ত তাহাকে অর্দ্ধ সমবৃত্ত বলে, এবং যে সকল ছন্দের চারিটী চরণই ভিন্ন লক্ষণে লক্ষিত তাহার নাম বিষম বৃত্ত।

অর্দ্ধ সমবৃত্ত—৪৯ প্রকার।

ক্রমশঃ

গান

শ্রীকমলাকান্ত বসু

আমার মানস বনে ঝড় তোল
ঝড় তোল আজি রাতে
ঝরাফুল কুড়িয়ে নাও
কুড়িয়ে নাও সাজি হাতে।

এবার সেথা গহন হ'ক্
কাঁটা পথের প্রবর্ত্তক,
সকল আলো চুরি কর
চুরি কর ওই সাথে।

আমার সুরের বীণে চিরতরে
সুর ভুলাও গো,
নয়নেতে মোহন তব
স্বপন বুলাও গো;

সকল স্মরণ হরণ কর,
এবার আঁধার বরণ ধর,
বিজন আজি বসে আছি
বসে আছি প্রতীক্ষাতে।

* রামায়ণ ১।২।১৬—তস্যেত্থং ব্রুবতশ্চিন্তা বভুব হৃদি বীক্ষতঃ। শোকার্ত্তেনাস্য শকুনেঃ কিমিদং ব্যাহৃতংময়া॥

স্বরলিপি

আড়ানা—একতালা

পরাণে আমার ব'স হে আসন পাতি'
শুন্‌বো তোমার বীণার ভাষা জাগি' সারারাতি।
তব চরণ নূপুর ধ্বনি,
মোর স্বপন আবেশে শুনি,
আকুল পরাণ অসীমে হারাল গন্ধে গানে মাতি'।

ঝড়ের রাতে গোপন পথে তোমার অভিসার,
দোলালে নব কিশলয়ে চুমিলে মুখটি কার!
শিউলি ঝরা মাতাল বনে,
খুঁজি' তোমায় আজ গোপনে,
সাঁঝের তারায় কি সুর বাজাও জ্বালি আশা বাতি।

কথা—শ্রীজগদীশচন্দ্র সেন মজুমদার   সুর—সঙ্গীত-শিক্ষক শ্রীপ্রাণকৃষ্ণ চক্রবর্ত্তী

স্বরলিপি—কুমারী রুবি মল্লিক

ব্যবহার—জ্ঞ, দ ও দুই নিখাদ। প—বাদী

স্থায়ী

০ | ১ | ২ | ৩

{ পা ণা পা | মা জ্ঞা মা | পা র্সা না | র্সা র্সা র্সা } | নর্সা র্রাঃ র্জ্ঞঃ |
{ প রা ণে | আ মা র | ব স হে | ০ ০ ০ } | আ০ ০ ০ |

র্রা র্রা র্সা | নর্সা র্রা র্রা | পা পা পা | সা রা জ্ঞা | জ্ঞা জ্ঞা জ্ঞা |
স ০ ন | পা০ ০ ০ | তি ০ ০ | :শু ন্ বো | তো মা র |

মা মা মা | রা সা সা | সা রা মা | পা পা পা | মা পা ণণা |
বী ণা র | ভা ষা ০ | জা গি ০ | সা রা ০ | রা ০ ০০: |

জ্ঞা জ্ঞা জ্ঞা ||
তি ০ ০ ||

অন্তরা

	০			১			+			৩					
(মা মা)	মা	পা	পা	পা	ণদা	না	না	না	র্সা	র্সা	র্সা	র্সা	না	র্সা	র্রা
ত ব	চ	র	ণ	নূ	পু	র	ধ্ব	০	নি	০	মো	র	স্ব	প	ন

র্রা	র্জ্ঞা	র্সা	র্সা	র্রা	র্সা	র্সা	র্সা	র্সা	র্রা	র্রা	র্রা	র্রা	র্মা	র্জ্ঞা
আ	বে	শে	শু	০	নি	০	ম	ম	আ	কু	ল	প	রা	ণ

র্মা	র্মা	র্রা	র্সা	র্সা	র্সা	না	র্সা	র্সা	র্সা	র্সা	র্সা	নর্সা	র্রর্রা	র্রর্রা
অ	সী	মে	হা	রা	ল	গ	০	ন্ধে	০	গা	নে	মা০	০০	০০

পা	পা	পা ‖
তি	০	০ ‖

সঞ্চারী

০			১			+			৩					
সা	রা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	জ্ঞা	মা	মা	মা	রা	সা	সা	সা	সা	মজ্ঞা
ঝ	ড়ে	র	রা	তে	০	গো	প	ন	প	থে	০	তো	মা	র

জ্ঞা	মা	মা	পা	পা	পা	পা	পা	পা	মা	পা	ণদা	দা	দা	দা
অ	ভি	০	সা	০	০	০	০	র	দো	লা	লে	০	ন	ব

না	না	র্সা	র্সা	র্সর্ণ	র্সা	র্সা	র্সা	র্সা	নর্সা	র্রর্রা	র্সা	পা	পা	পা
কি	০	শ	০	ল	য়ে	চু	মি	লে	মু০	০খ	টি	কা	০	০

পা	পা	পা ‖
০	০	র্ ‖

আভোগ

```
০              ১              +              ৩              
মা  পা  পা  |  পা  ণদা  ণা  |  না  না  র্সা  |  র্সা  র্সা  র্সা  |  র্সা  র্সা  র্সা  |
শি  উ  লী  |  ঝ  রা  ০  |  মা  তা  ল  |  ব  নে  ০  |  খুঁ  জি  ০  |

র্রা  র্রা  র্রা  |  র্রা  র্রা  র্জ্ঞা  |  র্সা  র্সা  র্সা  |  র্সা  র্রা  র্রা  |  র্মা  র্জ্ঞা  র্জ্ঞা  |
তো  মা  য়  |  আ  জ  গো  |  প  ০  নে  |  সাঁ  ঝে  র্  |  তা  রা  য়  |

র্মা  র্রা  র্রা  |  র্জ্ঞা  র্সা  র্সা  |  না  না  র্সা  |  না  র্সা  র্সা  |  নর্সা  র্রর্রা  র্রর্রা  |
কি  সু  র  |  বা  জা  ও  |  জা  ০  লি  |  ০  আ  শা  |  বা০  ০০  ০০  |

পা  পা  পা  ||
তি  ০  ০  ||
```

১ম তান—ণণা পমা জ্ঞজ্ঞা | রমা জ্ঞজ্ঞা রসা | ণ্সা মজ্ঞা পমা | ণপা র্সর্সা র্সর্সা |

২য় তান—সরা জ্ঞরা জ্ঞমা | জ্ঞমা পমা পদা | পদা ণদা ণর্সা | ণর্সা র্রর্সা র্রর্জ্ঞা |
ণর্সা র্রর্জ্ঞা র্মর্জ্ঞা | র্রর্সা ণদা পমা |

৩য় তান—পর্সা ণর্রা র্সর্জ্ঞা | র্রর্মা র্জ্ঞর্মা র্রর্জ্ঞা | র্সর্রা নর্সা পণা |
মপদা ণর্সর্রা র্জ্ঞর্মর্জ্ঞা | র্রর্সণা দপমা জ্ঞরসা |

স্থায়ী গাহিবার সময় ১ম ও ২য় তান ধরিতে হইবে এবং অন্তরা গাহিবার সময় ৩য় তান ধরিতে হইবে।

—লেখিকা

স্বরলিপি

কাফী—কাওয়ালী

আজ মোরী রাখো লাজ গিরিধারী,
হা, হা, করতহুঁ, পৈঁয়া পড়তহুঁ
বিনতি করত মৈ হারী।

বের ভই মগ রোক্ ন মোহন,
ননদী বৈরণ মোহে দেত গারী॥

কথা—শ্রীযোগেন্দ্রনাথ চক্রবর্ত্তী

সুর ও স্বরলিপি—শ্রীবিজয়কৃষ্ণ দাস (নচু)

ঠাট—গ, জ্ঞ, ন, ণ। জাতি—সম্পূর্ণ। রাত্রি দ্বিতীয় প্রহরে গেয়।

আস্থায়ী

	৩				০				১				+				
I I {	মা	জ্ঞা	রা	সণ্‌	সা	-া	রা	রা	মজ্ঞা	জ্ঞা	মা	মা	ণপা	-া	পা	-া }	I
	আ	জ	মো	রী	রা	০	খো	লা	০	জ	গি	রি	ধা	০	রী	০	

৩				০				১				+				
-া	-া	-া	-া	মা	ণা	ধা	ণা	পা	ধা	মা	পা	গা	মা	ধা	পা	I
০	০	০	০	হা	০	হা	ক	র	ত	হুঁ	০	পৈঁ	০	য়া	প	

৩				০				১				+				
মা	জ্ঞা	রা	-া	মা	ণা	ধা	ণা	পা	ধা	ণা	র্সা	গমা	পধা	ণধা	পমা	I
ড়	ত	হুঁ	০	বি	ন	তি	ক	র	ত	মৈ	০	হা০	০০	০০	০০	

৩				০
গমা	পমা	জ্ঞরা	সণ্‌	II 'রাখো লাজ—'
০০	০০	০০	রি০	

অন্তরা

	০				১				+				৩			
II	মা	পা	পা	পা	না	র্সা	না	র্সা	নর্সা	র্জ্ঞা	র্রা	র্সা	ণা	ধা	পা	পা I
	বে	০	র	ভ	ই	০	ম	গ	রো০	০০	ক	ন	মো	০	হ	ন

০				১				+				৩				০
মা	ণা	ধা	ণা	পা	ধা	ণা	র্সা	গমা	পধা	ণধা	পমা	গমা	পমা	জ্ঞরা	সণ্‌া	I 'রাখো
ন	ন	দ	রৈ	র	ণ	মো	হে	দে০	০০	০০	ত০	গা০	০০	০০	রী০	লাজ—'

	+				৩				০
১ম তান—	সরা	জ্ঞমা	পধা	ণর্সা	ণধা	পমা	জ্ঞরা	সণ্‌া	রাখো লাজ—'
	আ০	০০	০০	০০	০০	০০	০০	০০	

	+				৩				০
২য় তান—	গমা	পধা	ণর্সা	র্রর্সা	ণধা	পমা	জ্ঞরা	সণ্‌া	রাখো লাজ—'
	আ০	০০	০০	০০	০০	০০	০০	০০	

	+				৩				০
৩য় তান—	ণধা	পধা	ণর্সা	র্রর্সা	ণধা	পমা	জ্ঞরা	সণ্‌া	রাখো লাজ—'
	আ	০০	০০	০০	০০	০০	০০	০০	

গানটীর 'আস্থায়ী' গাহিয়া আবার যখন প্রথম ধরিতে হইবে, তখন "আজ মোরী—" হইতে না গাহিয়া একেবারে ফাঁক হইতে অর্থাৎ "রাখো লাজ—" হইতে ধরিতে হইবে। আবার 'অন্তরা' শেষ করিয়াও উক্ত নিয়মে ধরিতে হইবে।

তান্‌গুলি 'আস্থায়ী'র সম হইতে ধরিতে হইবে, অর্থাৎ 'আজ মোরী রাখো লাজ গিরি—' এই পর্য্যন্ত গাহিয়া ধরিতে হইবে।

স্বরলিপি

মিশ্র—কাফী

শেফালি বনে কোন্ সে ধ্বনি
বাজ্‌ল মধুর রিণিঝিণি
কোন্ অতীতের ভাষাখানি
দিল আমার কাণে আনি।

গাইল সে আজ কোন্ সে গান,
সুর শুনে মোর উতল পরাণ;
ব্যথা ভরা স্মৃতির কোণে,
সুখরাতের কোন্ রাগিণী;

বিরহ আগুন জ্বলেছে চিতে,
সেই জ্বালা কি নিভিয়ে দিতে
এল সে কি জীবন সাঁঝে
ভাসিয়ে দিয়ে সুর তরণী।

কথা—শ্রীভূপেশচন্দ্র দত্ত

সুর ও স্বরলিপি—শ্রীসুধাংশুকুমার দত্ত (টুনু)

\+ ২
II া ধা ধা ধা | পধা -পা ^পমা -রা I -া রা মা মা | রমা -পা পা -া I
০ শে ফা লি | ব০ ০ নে ০ ০ কো ন্ সে | ধ্ব০ ০ নি ০
০ কো ন্ অ | তী০ ০ তে র্ ০ ভা ০ ষা | খা০ ০ নি ০

-া রা -মা মা | রমা -পধা পমা -রা I -া রা -া সা | না -রা সা -া II
০ বা জ্ ল | ম০ ০০ ধু০ র্ ০ রি ০ ণি | ঝি ০ ণি ০
০ দি ০ ল | আ০ ০০ মা০ র্ ০ কা ০ ণে | আ ০ নি ০

\+ ২
II { -া র্সা -া ন্র্সা | র্সা -া র্সা র্সা I -া র্সনা -ধপা ধা | র্সা -া -া -া I
০ গা ই ল | সে ০ আ জ্ ০ কো০ ০ন্ সে | গা ০ ০ ন্
০ বি র হ | আ ০ গু ন্ ০ জ্ব০ ০লে ছে | চি ০ ০ তে

-া র্সর্া র্গা র্গর্া | র্র্সা -া র্সধা -া I -া পা ধা র্সা | র্সধা -পা মা -া I
০ সু০ র শু | নে ০ মো র্ ০ উ ত ল | প ০ রা ণ
০ সে০ ই জ্বা | লা ০ কি ০ ০ নি ভি য়ে | দি ০ তে ০

(-া -মা -পা -ধা | -পা -ধা -র্া -র্সা) } I -া মধা -ধা ধা | পধা -পা পমা -রা I
০ ০ ০ ০ | ০ ০ ০ ০ ০ ব্য ০ থা | ভ০ ০ রা ০
০ ০ ০ ০ | ০ ০ ০ ০ ০ এ ০ ল | সে০ ০ কি ০

-া রা মা -রা | রমা -পা পা -া I -া রা -মা মা | রমা -পধা পমা -রা I
০ স্মৃ তি র্ | কো০ ০ ণে ০ ০ সু ০ খ | রা০ ০০ তে০ র্
০ জী ব ন্ | সাঁ০ ০ ঝে ০ ০ ভা ০ সি | য়ে০ ০০ দি০ য়ে

-া -রা -া সা | না -রা সা -া II II
০ কো ন্ রা | গি ০ ণী ০
০ সু র্ ত | র ০ ণী ০

স্বরলিপি

টোড়ী ভৈরবী মিশ্র—কাহারবা*

চৈতী হাওয়ার পরশ পেয়ে
শিউলি বেলীর চমক লাগে।
মানস বনে স্বপন বকুল
ছন্দ মাখা গানটি মাগে ॥

বাঁধন হারা উদাস পাখী,
পলাশ শাখে গায় একাকী
তরুণ জবার আঁচলখানি
রঙ্গীন্ হ'লো দোলের ফাগে ॥

নবীন প্রাতে গোপন পথে
কাজল রাতের বিদায় বাঁশী,
হৃদ্-যমুনায় আকুল হয়ে
বয় যে প্রেমের অশ্রুরাশি ;

মলয় তোমার উতল সুরে
ভ্রমর নাচে বিজন পুরে
কোন্ রূপসীর বেদন গীতি
আজ প্রভাতে মর্ম্মে জাগে ॥

কথা—শ্রীপ্রমোদরঞ্জন ঘোষ
সুর—শ্রীহৃদয়রঞ্জন রায়
স্বরলিপি—কুমারী অরুণিমা ঘোষ

II । পা দা মা ¦ পা দা র্সা র্সা I র্সা ণর্সা র্রা র্সা ণা দা পা পা I
০ চৈ ০ তী ¦ হা ও য়া র প র০ ০ শ পে ০ য়ে ০

দা পা মা -া ¦ মা রা মা মা I রমা রমা পদা পমা | মা জ্ঞরা জ্ঞা মা I
০ ০ ০ ০ ¦ ০ শি উ লি বে০ লী০ ০০ ০'র | ০ চ০ ম ক

জ্ঞা ঋা সা সা | সা পা পা দা I সা রা সরা জ্ঞা | জ্ঞা রজ্ঞা রসা ণা I
লা ০ গে ০ | ০ মা ন স ব ০ ০নে ০ | ০ স্ব০ প০ ন

সা রা সরা জ্ঞা | জ্ঞা সা জ্ঞা জ্ঞা I জ্ঞা মা জ্ঞমা পদা ¦ পা মা জ্ঞরা জ্ঞা I
ব ০ কু০ ল | ০ ছ ন্ দ মা ০ খা০ ০০ | ০ ০ ০০ ০

জ্ঞা রা মা মা | জ্ঞা ঋা সা সা II
গা ন্ টি ০ ¦ মা ০ গে ০

---

* এই গানখানি লেখকের অনুমতি ভিন্ন কেহ রেকড করিতে পারিবেন না।

II { । র্জ্ঞা র্জ্ঞা র্ঋা | র্সা ণা র্সা র্সা I র্সা দণা দজ্ঞা ঋা | র্সা ণা র্সা র্সা I
০ বাঁ ধ ন | হা ০ রা ০ উ দা০ ০০ স | পা ০ খী ০
০ ম ল য় | তো ০ মা র উ ত০ ০০ ল | সু ০ রে ০

র্সা ণা ণা ণা | ণা ধা ণধা মা I মা পা দা ণা | দা ণদা পা পা } I
০ প লা শ | শা ০ খে০ ০ ০ গা য় এ | ০ কা০ কী ০
০ ভ্র ম র | না ০ চে০ ০ ০ বি জ ন | ০ পু০ রে ০

পা সা ঋা ণ্া | সা ঋা মা মা I মা পা দা মা | পা দা র্সণা র্সা I
০ ত রু ণ | জ ০ বা র ০ আঁ চ ল | খা ০ নি০ ০
০ কো ন ক্ল | প ০ সী র ০ বে দ ন | গী ০ তি০ ০

র্সা পা দা পা | মা হ্মা মা মা I মা জ্ঞরা জ্ঞা মা | জ্ঞা ঋা সা সা II
০ র ঙী ন | হ ০ ল ০ ০ দো০ লে র | ফা ০ গে ০
০ আ জ প্র | ভা ০ তে ০ ০ ম০ র্ মে | জা ০ গে ০

II । দ্া দ্া দ্া | সা রা সরা জ্ঞা I জ্ঞা জ্ঞা রজ্ঞা সা | ণ্া সা ণ্সা রজ্ঞা I
০ ন বী ন | প্রা ০ তে০ ০ ০ গো প০ ন | প ০ ০থে ০০

জ্ঞা সা জ্ঞা জ্ঞা | সা জ্ঞা সজ্ঞা জ্ঞহ্মা I । জ্ঞা জ্ঞা জ্ঞা | ঋা ঋা সন্া সা I
কা জ ল্ | রা ০ তে০ র০ ০ বি দা য় | বাঁ ০ শী০ ০

সা সা দা দা | পা হ্মা পা পা I পা পা হ্মা পা | হ্মা জ্ঞা জ্ঞা মা I
০ হৃ দ্ য় | মূ ০ না য় ০ আ কু ল | হ য়ে ০ ০

। সা জ্ঞা জ্ঞা | সা জ্ঞা মহ্মা জ্ঞহ্মজ্ঞা I জ্ঞা সা জ্ঞা জ্ঞা | ঋা ঋা সন্া সা II
০ ব য় যে | প্রে ০ মে০ ০র০ ০ অ ০ শ্রু | রা ০ শি০ ০

স্বরলিপি

ভৈরবী—কার্ফা

দখিণের রক্ত ফুলের গুপ্ত পুরে
ডাকছে মোরে কে ?
ফাগুনের সুপ্ত বুকের তপ্ত সুরে
টানছে দূরে কে ?
ব্যথা মোর জ্যোছ্না-রাতের উদাস হাওয়ায়
ঘুরছে হুতাশে,
সহসা স্তব্ধ-বীণার রুদ্ধ দ্বারে
অশ্রু ভরে কে ?

কথা, সুর ও স্বরলিপি—শ্রীপ্রফুল্লচন্দ্র ঘোষ দস্তিদার

II সা -া -া ঋা | ণ্া -সা দ্া -ণ্া I -সা -া -মা -া | মা -া -া -া I
কে ০ ০ দ | খি ০ ণে র্ ০ র ০ ক্ত | ফু ০ লে র্

-জ্ঞা -া -পা মা | জ্ঞা -মা জ্ঞঋা -সণ্া I -সা -া -া ঋা | মা -জ্ঞা সা -ঋা I
০ গু ০ প্ত | পু ০ রে০ ০০ ০ ডা ক্ ছে | মো ০ রে ০

সা -া -া ঋা | ণ্া -সা -া -পা I পা -া -া দা | মা -পা -া -া I
কে ০ ০ ফা | গু ০ নে র্ ০ সু ০ প্ত | বু ০ কে র্

-পা -া গা দপা | মা -পা মা -গা I গা -া -া মা | পা -দা মা -পা II
০ ত ০ প্ত | সু ০ রে ০ ০ টা ন্ ছে | দূ ০ রে ০

\+ ২ + ২
II সা -া -া মা | জ্ঞা মা দণা -র্সা I র্সা -া -া ঋ্র্া | ণা র্সা -া -া I
কে ০ ০ ব্য | থা ০ মো র্ ০ জ্যো ছ্ না | রা ০ তে র্

\+ ২ + ২
র্সা -ঋ্র্া র্সা ণা | দা -া পা -া I -পা -া -া দা | র্সণা -া দা -পা I
উ ০ দা স্ | হা ও য়া য়্ ০ ঘু র্ ছে | হু ০ তা ০

\+ ২ + ২
মা -া -া সা | ণ্া -সা দ্া ণ্া I -সা -া -মা -া | মা -া -া -া I
শে ০ ০ স | হ ০ সা ০ ০ শু ০ ৰ | বী ০ ণা র্

\+ ২ + ২
জ্ঞা -া -পা মা | জ্ঞা -মা জ্ঞঋা সণ্া I -সা -া -া ঋা | মা -জ্ঞা সা -ঋা II
০ রু ০ দ্ধ | দ্বা ০ রে০ ০০ ০ অ ০ শ্রু | ভ ০ রে ০

গান

শ্রীবঙ্কিমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

আজি যাবার বেলায় যাওগো ভুলিয়া
ব্যথাভরা অভিমান,
মিলনের স্মৃতি অতীতের বুকে
মিশে হ'ক্ অবসান।

কত যে বেদনা দিছি বার বার
অপরাধ তুমি নিওনাক' তার,
তোমার দয়ার কণিকা পরশ
কর মোরে কর দান।

নগর কীর্ত্তন

(রূপানুরাগ)

তাল—ছোট দশ কুশী।

সখি গো আজ আমি কি দেখে এলাম মেঘের বরণ।
ও তার কিবা রূপ তরঙ্গ, করে সে রঙ্গ ভঙ্গ, বাঁকা ত্রিভঙ্গ ;
আছে দাঁড়ায়ে দিয়ে চরণে চরণ ॥
সখি না হেরে নীলকায়, দহিছে মম কায়, এ দুঃখ বল্‌ব কায় ;
হ'ল রাখা দায় বুঝি আমার যায় জীবন ॥

রচনা—৺বেণীমাধব অধিকারী

স্বরলিপি—সঙ্গীতাধ্যাপক শ্রীদুর্গাচরণ বিশ্বাস

আস্থায়ী

১ ২ ৩ ৪ ১ ২ ৩ ৪
II{মমা I পা রা গরা সা -া -া রমা I পা ধা ·ধা র্সা র্সা না ধা I
সখি গো আ ০০ জ্ ০ ০ আমি কি দে· খে্ এ লা ম মে

১ ২ ৩ ৪
ধপা মপা ধনা ধপা -া ধপা -া} II
ঘের্ ব০ ০০ র০ ০ ০ণ্

১ম ও ২য় অন্তরা

১ ২ ৩ ৪ ১ ২ ৩ ৪
{মমা I মা পা পধা পা ধণা ধপা -া I পধা ধা ধর্সা র্সা র্সা ননা
ও তার্ কি বা রূপ ত ০০ রঙ্গ ০ ক০ রে সে০ র ঙ্গ ভঙ্গ
সখি না হে রে০ নী ০০ লকায় ০ দ০ হি ছে০ ম ম কায়

১ ২ ৩ ৪ ১ ২ ৩

ধপা I মা পধা ণধা পা -া -া} {পধা র্সা র্সা র্সা র্রা র্সা না না I

বাঁকা ত্রি ভ০ ০০ ঙ্গ ০ ০ আছে দাঁ ড়া য়ে দি য়ে চ র

এ দুঃখ বল্ ব০ ০০ কায় ০ ০ হ'ল রা খা দায় বু ঝি আ মার

১ ২ ৩ ৪

না ধনা র্সনা ধা ণধা পা} II

ণে চ০ ০০ র ০০ ণ

যায় জী০ ০০ ব ০০ ন্

মাতান্

১ ২ ৩ ৪ ১ ২ ৩

{পধা I র্সা র্সা র্সা র্মর্গা র্রর্সর্রা র্রা -া I র্রর্গা র্সর্মা র্গঃর্মর্গঃ র্রঃর্গর্রঃ

আছে দাঁ ড়া য়ে ও০ সখি০ গো ০ সখি গো০ ০০০ ০০০

হ'ল রা খা দায় ও০ সখি০ গো ০ সখি গো০ ০০০ ০০০

৪ ১ ২ ৩ ৪ ১ ২

র্সঃর্রর্সঃ নঃনর্সঃ} {পধা I র্সা র্সা র্সা র্রা র্সা না না I না ধনা র্সনা

০০০ ০০০ আছে দাঁ ড়া য়ে দি য়ে চ র ণে চ০ ০০

০০০ ০০০ হ'ল রা খা দায় বু ঝি আ মার্ যায় জী০ ০০

৩ ৪

ধা ণধা পা} II II

র ০০ ণ্

ব ০০ ন্

স্বরলিপি

আশাবরী*—ত্রিতাল

দুখরা কা সে কহুঁ মোরি সজনী
চৈন পরত নাহি মোহে দিন রজনী ॥

ঘন ঘোর ছাই কারী বদয়িয়া
অব্ তো গয়ে মোরি পিয়া বিদেশরা
ক্যায়সে কাটুঁ সখি উহু বিন রজনী ॥

কথা, সুর ও স্বরলিপি—শ্রীদেবব্রত মজুমদার

আস্থায়ী

মরা মা পদা মপর্সা | র্সদা -া পদা মপা | জ্ঞা -া সরা সা | রা মা পা -া I
দু খ রা০ ০০ | কা ০ সে০ ক০ | হুঁ ০ মো রি | স জ নী ০

দপা দপা মা পণা | দা পা পদা মপা | জ্ঞা জ্ঞা সরা র্সা | রা রা রসা -া I
চৈ০ ০০ ন প০ | র ত না০ হি০ | মো হে দি ন | র জ নী ০

---

* আশাবরীতে রিষভ অর্থাৎ 'রে' সম্বন্ধে মতভেদ দৃষ্ট হয়। ভারতের উত্তরাঞ্চলের সঙ্গীতজ্ঞেরা আশাবরীতে কোমল 'ঋ' ব্যবহার করিয়া থাকেন। আর এক শাস্ত্রীয় প্রথানুসারে এই রাগিণীতে শুদ্ধ 'রে' প্রযোজ্য। শাস্ত্রীয় মতে—

মৃদু গমৌ ধনী চৈব তীব্রস্তু রিষভো ধগৌ
বাদিসম্বাদিনৌ যস্যাং সাসাবর্য্যাপি সংগবে ॥— চন্দ্রিকায়াম্

গায়কেরা রাগিণীর শ্রীবৃদ্ধির জন্য কোমল 'ঋ' ব্যবহার করিতেন। মিঞা তানসেনের সময় হইতেই ইহার প্রচলন হইয়াছে বলিয়া শুনা যায় এবং তাঁহার গানের মধ্যে তিনি সচরাচর কোমল 'ঋ' ব্যবহার করিতেন, কিন্তু কোনও কোনও গানে তিনি শুদ্ধ 'রে'র ব্যবহারও দেখাইয়া গিয়াছেন।

অন্তরা

মা মা পা পা | ণদা -া ণদা -া | দর্সা -া র্সা র্সা | র্সা র্রা দর্সা -া I
ঘ ন ঘো র | ছা ০ ই ০ | কা ০ রী ব | দ রি য়া ০

র্সা র্সা র্রা র্রা | মর্জ্ঞা -া সর্রা র্সা | র্সা -া র্রা র্সা | র্রা ণা দা পা I
অ ব্ তো গ | য়ে ০ মো রি | পি ০ য়া বি | দে শ রা ০

পদা ণা ণা দা | পা -া পদা মপা | জ্ঞা জ্ঞা রা সা | রা রা সা -া II
ক্যায়্ ০ সে কা | টুঁ ০ স০ খিঁ০ | উ হু বি ন | র জ নী ০

জৌনপুরী ও গান্ধারীর সহিত আশাবরীর অনেকাংশে মিল আছে। গান্ধারীর বিশেষত্ব এই যে উহাতে উভয় গান্ধার অর্থাৎ 'গ'এর ব্যবহার আছে। অতএব গান্ধারীকে আশাবরী বলিয়া ভ্রম করিবার কারণ নাই। জৌনপুরীর পর্দ্দা এবং আশাবরীর পর্দ্দার মধ্যে কোনই পার্থক্য নাই বলিয়া সাধারণতঃ ভ্রমে পতিত হইবার সম্ভাবনা আছে। জৌনপুরীর শাস্ত্রীয় প্রথা :—কোমলা গমধনয়ো যস্যাং সৈব ধবাদিনী।

গসম্বাদিন্যভিমতা জৌনপুরী চ সংগবে ॥—রাগচন্দ্রিকায়াম্।

এই দুইটি রাগিণীর বিশেষত্ব নিম্নে প্রদত্ত হইল।

আশাবরী—রিমৌ পনী ধপৌ ধসৌ নিধৌ পমৌ পগৌ রিসৌ

ধাংশাহরোহেগনিত্বক্তাহশাবরী সংগবে মতা ॥—অভিনবরাগমঞ্জর্য্যাম্

অর্থাৎ যে ক্ষেত্রে আরোহণে জ্ঞা এবং ণা বর্জ্জিত তাহাকে আশাবরী কহা যায়। আশাবরীর আরোহণ এবং অবরোহণ—সা, রা মা, পা, র্সা দা, পা, দা র্সা, ণা দা, পা, মা জ্ঞা, রা সা।

পকড়্ বা রাগবাচক মুখ্য স্বরসমূহ—রা মা পা ণা দা পা।

জৌনপুরী—মপৌ ধনী সনী ধশ্চ পমৌ পগৌ রিসৌ তথা

জৌনপুরী ভবেদ্ধাংশা প্রারোহে গবিবর্জ্জিতা ॥

অর্থাৎ যে ক্ষেত্রে আরোহণে 'গ' বর্জ্জিত এবং 'নি'এর ব্যবহার আছে তাহাকে জৌনপুরী আখ্যা দেওয়া হইয়াছে। জৌনপুরীর আরোহণ এবং অবরোহণ, যথা :—সা, রা মা, পা, দা, ণা, র্সা, ণা, দা, পা, মা জ্ঞা, রা, সা।

পকড়্—ম প, ণা ধা, পা, দা, মা পা জ্ঞা, রা মা পা।

জাতি—খাড়ব সম্পূর্ণ।

তান

১। ণণা দপা মজ্ঞা রসা I

২। মপা স́স́া | ণদা পমা জ্ঞরা সা I

৩। মপা দস́া র́জ্ঞ́া র́স́া | ণদা পমা জ্ঞরা সা I

৪। মপা দদা | স́র́া ম́প́া ম́জ্ঞ́া র́স́া | ণধা পমা জ্ঞরা সা I

৫। সরা মপা দা মপা | স́া -া ম́জ্ঞ́া র́স́া | ণদা পমা জ্ঞরা সা I

৬। জ্ঞ́জ্ঞ́া র́স́া | জ্ঞ́জ্ঞ́া রসা ণর́া র́ণা | র́র́া স́ণা দপা মপা | ণণা দপা মজ্ঞা রসা I

৭। ম́জ্ঞ́া র́স́া জ্ঞ́র́া স́ণা | র́স́া ণদা স́ণা দপা | মপা দদা স́র́া জ্ঞ́র́া |
স́ণা দপা মজ্ঞা রসা I

৮। ণদা পমা জ্ঞরা মপা | স́ণা দপা মরা মপা | জ্ঞ́জ্ঞ́া র́স́া ণণা দপা |
ম́জ্ঞ́া র́স́া ণদা পমা | জ্ঞরা মপা র́জ্ঞ́া র́স́া | ণদা পমা জ্ঞরা সা I

গান

শ্রীমুরারিমোহন সান্যাল *

জীবন দেবতার শূন্য দেউলে বোধনের রাগিণী বাজিছে।
আপন ভোলা সে সুরের রেশে আকাশ বাতাস ভরিছে ॥

উদাসভাবে চেয়ে আছি আমি,
প্রেমিক ওগো, আসিবে কি তুমি,
শূন্য আমার হৃদয় দেউল তোমারই বিরহে কাঁদিছে।

যদি গো আমার করুণ গানে,
ব্যথা লাগে প্রিয় তোমার প্রাণে,
এস তবে প্রিয় দিবা অবসানে হৃদয় তোমারে চাহিছে ॥

---

* উক্ত গানটি লেখক কর্তৃক বেতারে গীত।

স্বরলিপি

পূরবী—একতালা

অধম সন্তানে দীন জননী বিতর মা তুমি করুণা-কণা।
ধরণী মাঝারে কেবা আছে আর তোমা বিনা মম ওগো ত্রিনয়না॥
মরম বেদনা কাহারে জানাই,
শ্রীচরণে তাই নিবেদি শ্যামা,
শৈলসুতা বলে তুমিও পাষাণী এ দীনের প্রতি যেন গো হয়োনা।
লেগেছে মরমে ত্রিতাপ যাতনা, নাশ দুখভার দুখনাশিনি,
নমি রাঙ্গাপদে অকৃতী অধমে করগো করুণা ভবেশললনা॥

কথা, সুর ও স্বরলিপি—সঙ্গীতনায়ক শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়
মহাশয়ের ছাত্র—সঙ্গীত-শিক্ষক শ্রীশৈলেন্দ্রনাথ দত্ত

আস্থায়ী

০ ১ + ৩ ০
II ন্‌া সা গা | হ্মা পা পা | পহ্মা পা পা | হ্মা গা গা I গা গা হ্মা |
অ ধ ম | স ন্তা নে | দী০ ০ ন | জ ন নী বি ত র |

১ + ৩ ০ ১
পা হ্মাপধা পহ্মা | গা মা গা | ঋা -া সা I পা পা পা | পা হ্মা পা |
মা তু০০ মি০ | ক রু ণা | ক ০ ণা ধ র ণী | মা ঝা রে |

+ ৩ ০ ১ +
পা পধনা ধা | পহ্মা গা -া I গা গা হ্মা | পা হ্মাপধা পহ্মা | গা মা গা |
কে বা০০ আ | ছে০ আ র তো মা বি | না ম০০ ম০ | ও গো ত্রি |

৩
ঋা সা সা II
ন য় না

অন্তরা

০ ১ + ৩ ০
II গা গা পধনা | র্সা র্সা র্সা | র্সা র্সা র্সনা | র্সা র্সা -া I না না না |
ম র ম০০ | বে দ না | কা হা রে০ | জা না ই শ্রী চ র |

১ + ৩ ০ ১
ধা পা ধা | না র্সঋা না | ধা পা পা I গা পা পা | পা পজ্ঞা পা |
ণে তা ই | নি বে০ দি | ০ শ্যা মা শৈ ল সু | তা বো০ লে |

+ ৩ ০ ১ +
পা পনা ধা | পা জ্ঞা গা I গা গা জ্ঞা | পা জ্ঞপধা পজ্ঞা | গা মা গা |
তু মি০ ও | পা ষা ণী এ দী নে | র প্র০০ তি০ | যে ন গো |

৩
ঋা সা সা II
হো য় না

২য় অন্তরা

০ ১ + ৩ ০
II গা গা পধনর্সা | র্সা র্সা র্সনা | র্সা র্সা র্সা | র্সা র্সা র্সা I না না না |
লে গে ছে০০০ | ম র মে০ | ত্রি তা প | যা ত. না না শ দু |

১ + ৩ ০ ১
ধা পা ধা না র্সঋা না | ধা পা পা I গা পা পা | পা পজ্ঞা পা |
থ ভা র , দু খ০ না | ০ শি নী ন মি রা | জা প০ দে |

+ ৩ ০ ১ +
পা পনা ধা | পা জ্ঞা গা I গা গা জ্ঞা | পা পধা পজ্ঞা | গা মা গা |
অ রু০ তী | অ ধ মে ক র গো | ক রু০ ণা০ | ভ বে শ |

৩
ঋা সা সা II II
ল ল না

স্বরলিপি

বাগীশ্বরী—দাদ্‌রা

আঁক্‌লো ছবি রঙ্গীন রবি পূবাকাশের গায়।
কোন্ সে বঁধুর বুকের ব্যথা জানিয়ে দিয়ে যায়॥

স্থর ছড়িয়ে ব্যথার গানে,
গাইছে পাখী আকুল তানে,
ফুল-বঁধুয়ার সুখের স্বপন ভাঙ্গল নিরালায়।

বিদায় ব্যথায় ব্যাকুল হিয়া,
কাঁদ্‌ছে বঁধু হায় সে প্রিয়া,
মিলন মুকুল বিকশিয়া ঝরে বুঝি বেদনায়॥

কথা—শ্রীপুলিনবিহারী গুণ

সুর ও স্বরলিপি—শ্রীহৃষীকেশচন্দ্র চন্দ্র (কেশী)

ব্যবহার—জ্ঞ, ণ।

+ ০ + ০ +
II {মা র্সা র্ঋা | ণা পা -ধা I মা ধা -া | পধা -ণা ধা I ঋা -া জ্ঞা |
{আঁ ক্ লো | ছ বি ০ র ঙ্গী ন্ | র০ ০ বি পু ব্ আ |

০ + ০ + ০
ঋা সঋা -জ্ঞা I সা -া -া | সা -া -া} I মা -মা ধা | ণা ণা -া I
কা শে০ র্ গা ০ য়্ | ০ ০ ০} কো ন্ সে | বঁ ধু র্

+ ০ + ০ +
র্সা র্সা -া | র্সা র্সা -া I ণা -া ধা | পা পধা -ণা I ধা -া -া |
বু কে র্ | ব্য থা ০ জা নি য়ে | দি য়ে০ ০ যা ০ য়্ |

০
-ধপা -মজ্ঞা -রসা II
০০ ০০ ০০

+ ০ + ০ +
II { মা -মা ধা | ণা -র্সা -র্সা I র্সা র্সা -া | র্সা র্সা -া I র্সা র্রা র্সা |
{ সু র্ ছ | ড়ি য়ে ০ ব্য থা র্ | গা নে ০ গা হি ছে |

০ + ০ + ০
র্রা র্সর্মা -র্জ্ঞর্রা I র্সা র্রা র্সা | ণা ধা -া } I র্সা -া র্সা | ণা ধা -া I
পা খী০ ০০ আ কু ল | তা নে ০ } ফু ল্ বঁ | ধু য়া র্

+ ০ + ০ +
মা ধা -া | পধা -ণা ধা I মা -া জ্ঞা | রা সরা -জ্ঞা I সা -া -া |
সু খে র্ | স্ব০ ০ পন্ ভা ঙ্ গ ল | নি রা০ ০ লা য়্ ০ |

০
-সা -া -া II
০ ০ ০

+ ০ + ০ +
II সা -মা -া | জ্ঞা রা -জ্ঞা I সরা সরা -জ্ঞা | সা সা -া I রা -মা জ্ঞা |
বি দা য়্ | ব্য থা য়্ ব্যা০ কু০ ল্ | হি য়া ০ কাঁ দ্ ছে |

০ + ০ + ০
রা মা -া I ধা -া ণা | র্সা -া -া I র্সা র্সা -া | ণা ধা -া I
বঁ ধু ০ হা য়্ সে | প্রি য়া ০ মি ল ন্ | মু কু ল্

+ ০ + ০ +
মা ধা -া | ণা ধা -া I মা -া জ্ঞা | রা সরা -জ্ঞা I সা -া -া |
বি ক ০ | শি খা ০ ঝ রে বু | ঝি বেদ ০ না য়্ ০ |

০
-া -া -া II II
০ ০ ০

স্বরলিপি

ভীমপলশ্রী-যৎ

পিয়া মিলন হাম যাইব হো রামা।
বার হা বরিষ পর পিয়া মেরি আই লেঁ,
হাসি হাসি গরবা লাগাইব হো রামা॥

স্বরলিপি—শ্রীতিনকড়ি চট্টোপাধ্যায়

II পা ণা পা পা | মা পা -া | মজ্ঞা মা জ্ঞা মা | পা -া -া I জ্ঞমা পণা পা -া |
পি ০ য়া মি | ল ন ০ | হা০ ০ ০ ম | যা ০ ০ ই০ ০০ ব ০ |

মজ্ঞা রসা রা | ণ্া সা জ্ঞা -া | সা -া -া II
হো০ ০০ ০ | রা ০ মা ০ | ০ ০ ০

II মা পা -া | জ্ঞা মা জ্ঞা মা | পা ণপা ণা | র্সা -া র্সা -া I র্সা ণা -া |
বা র্ ০ | হা ০ ০ ব | রি ষ০ ০ | প ০ র্ ০ পি য়া ০ |

র্সা জ্ঞা র্সা -া | পা ণর্সণা পা | পা -া -া -া I পা পা ণা | পা -া পা -া |
মে ০ ০ ০ | আ ই০০ ০ | লেঁ ০ ০ ০ হা সি ০ | হা ০ সি ০ |

মা পা -া | মজ্ঞা মা জ্ঞা মা I পা -া -া | জ্ঞা মা পণা পা | মজ্ঞা রসা রা |
গ র ০ | বা০ ০ ০ লা গা ০ ০ | ই ০ ০০ ব | হো০ ০০ ০ |

ণা সা জ্ঞা -া I সা -া -া II II
রা ০ মা ০ ০ ০ ০

স্বরলিপি

তিলক কামোদ—তেতালা

হিয়া মাঝে বিরাজিছ প্রিয়তম আমার,
নয়নে না নিরখি' বিকায়েছি পায়ে তোমার।
ভাসায়ে তব জ্ঞানালোকে
তিরোহিত কর মোহ-আঁধার।

হরষিত কর তৃষিত চিত-চকোর
বরষি' তোমার প্রেম-সুধা-ধার,
দীনাধম সতীশচন্দ্রে
উদ্ধার অপার কৃপাধার।

কথা ও সুর—শ্রীসতীশচন্দ্র সান্ন্যাল

স্বরলিপি—শ্রীমতী জ্যোতির্ম্ময়ী বাগ্‌চী (রুদ্রাণী)

আস্থায়ী

২ ৩ ০ ১
II { পা পা মগা মা | গা রগঃ রগঃ সা ন্‌া | প্‌া ন্‌া সা রা | গা রা সা রা I
হি য়া মা ঝে | বি রা০ ০০ জি ছ | প্রি য় ত ম | আ মা ০ র

২´ ৩ ০ ১
সঃ ন্‌ঃ সা গা মা | পা পা পা ধা | পধা ণা ধা পা | র্মা গা রা সা } II
ন য় নে না নি | র খি বি কা | য়ে ০ ছি পা | য়ে তো মা র

অন্তরা

০ ১ ২´ ৩
II মা -া পা পা | ন্া না সা -া | র্সা র্সা -া র্সা | র্সা র্সা র্রা ণা I
ভা ০ সা য়ে | ত ব জ্ঞা ০ | না লো ০ কে | তি রো হি ত

০ ১
ধা পা ধা পা | মা গা রা সা II
ক র মো হ | আঁ ধা ০ র

সঞ্চারী

	০				১				২´				৩				
II	প্‌া	-া	ন্‌া	ন্‌া	ন্‌া	ন্‌া	সা	ন্‌া	সা	ন্‌া	সা	রা	সা	সা	ন্‌া	ন্‌া	I
	হ	০	র	ষি	ত	ক	র	তৃ	ষি	ত	চি	ত	চ	কো	০	র	

০				১				২´				৩				
সা	-া	রা	রা	মা	পা	ধা	পা	মা	গা	রা	পা	মা	গা	রা	সা	II
ব	০	র	ষি	তো	মা	০	র	প্রে	০	ম	সু	ধা	০	ধা	র	

আভোগ

	০				১				২´				৩				
II	মা	-া	পা	পা	না	না	র্সা	-া	র্সা	র্সা	-া	র্সা	র্সা	র্সা	র্রা	র্গা	I
	দী	০	না	থ	ম	স	তী	০	শ	চ	০	ন্দ্রে	উ	দ্ধা	র	অ	

০				১				
ধা	পা	ধা	পা	মা	গা	রা	সা	II
পা	র	কু	০	পা	ধা	০	র	

গান

শ্রীহাসিরাশি দেবী

মোর কাননে দোলন চাঁপা আজও দোলে,
নেভানো দীপ ক্ষণেক জ্বলে মেঘের কোলে।

কখন আমার সকল চাওয়া
মিটিয়ে দেবে পূবের হাওয়া
আপন ভোলা এ মন আমার তাও যে ভোলে।

বাদল মেঘের নিবিড় ধারার মাঝে,
নয়ন খোঁজে হারা ফাগুন সাঁঝে;

আমার নদীর তীরে তীরে,
কে কেঁদে যায় ফিরে ফিরে
কখন আসে আবার কখন যায় সে চ'লে॥

মৃদঙ্গ বাদন

(পূর্ব্বপ্রকাশিতের পর)

শ্রীদেবেন্দ্রনাথ দে (সুবোধবাবু)

সুরফাঁকতাল

+   0
১৮৮। তেটে তেটে কৎতেটে কেটেতাগ তেরে-

১   ২
কেটে তাগ তেরেকেটে তাগ ধেরেকেটে

0   +
তাগ ঘড়ান তাগ ঘড়ান ধা

+   0
১৮৯। কৎ তেরে কেটে তাগ তাগ তেরেকেটে

১   ২
তাগ তেরেকেটে তাগ দি কেটে তাগ

0   +
গদিঘেনে নাগতেরেকেটে তাগ ধা

+   0   ১   ২
১৯০। ধা ঘেড়ে নাগ ধা ঘেড়ে ধেৎতা গদি-

0   +
ঘেনে নাগ তেরেকেটে তাগ তেরেকেটে ধা

+   0
১৯১। ধেত্তা গদিঘেনে নাগ তেরে কেটে তাগ

১   ২
তাগ তেরেকেটে তাগ তেরেকেটে তাগ

0   +
তেরেকেটে তাগ দেৎ ধা

+   0
১৯২। ধা ঘেড়ে নাগ ধা তেটে কত্তা গদিঘেনে

১   ২   0
ধা তেটে কত্তা গদিঘেনে ধা তেটে কত্তা

+
গদিঘেনে ধা

+   0   ১
১৯৩। তাগ দাগে ঘে তেরেকেটে তাগ গদি

২   0   +
ঘেনে গদিঘেনে ধা গেড়ে গেড়ে থুন ধাত্তি

0   ১
কেড়ে নাগ ধেরেকেটে কৎ তেটে ধা

২   0   +   0   ১
তা আনে ধা তেটে ধা তা আনে ধা

২   0   +
তেটে ধা তা আনে ধা

+   0   ১   ২
১৯৪। থুদি ঘেনে দ্রেগে ন্না আড়ে তাগ ধা তা

৩   +   0   ১
আনে কত্তা ধা ৺তাকেড়ে নাগ ধা

২   0   +
তা কেড়েনাগ ধা ৺তা কেড়েনাগ ধা

ক্রমশঃ

সংবাদ

সঙ্গীতজ্ঞ ব্যক্তির স্মৃতিসভা

গত ১৯এ ফেব্রুয়ারী রবিবার দিবস নৈহাটী নিবাসী স্বর্গীয় অরবিন্দ মুখোপাধ্যায় মহাশয়ের স্মৃতি-সভা হইয়াছে। এই উপলক্ষে স্থানীয় বহু ভদ্রমহোদয়গণ উপস্থিত হন। রায়বাহাদুর শ্রীযুক্ত শ্যামাচরণ ভট্টাচার্য্য মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করেন। সভার উদ্বোধন-সঙ্গীত, সঙ্গীত-শিক্ষক শ্রীযুক্ত শৈলেন্দ্রনাথ দত্ত ও সুকণ্ঠী শ্রীমতী আশালতা দেবী কর্ত্তৃক গীত হইলে সভাপতি মহাশয় একটি নাতিদীর্ঘ বক্তৃতায় পরলোকগত ব্যক্তির গুণকীর্ত্তন করেন। স্বর্গীয় অরবিন্দবাবু বিখ্যাত ধামারী বিশ্বনাথ রাও মহাশয়ের কৃতী ছাত্র ছিলেন। সঙ্গীতের উন্নতিকল্পে তিনি বহু চেষ্টা করিয়াছিলেন। প্রতি শনিবারে তাঁহার বাড়ীতে অনেক বিখ্যাত গায়ক আসিতেন ও সঙ্গীতের মজলিস হইত। তাহার পর সভাপতি মহাশয় পরলোকগত ব্যক্তির একটি প্রতিকৃতির আবরণ উন্মোচন করেন। সভায় উপস্থিত ব্যক্তিগণের মধ্যে শ্রীযুক্ত হিমাংশু চ্যাটার্জ্জী, শ্রীযুক্ত মঞ্জুগোপাল ভট্টাচার্য্য এম, এ, শ্রীযুক্ত মোহিত মৈত্র বি, এ, শ্রীযুক্ত সুরেশ পাল বি, এল, শ্রীযুক্ত সুধীন রায় এম, বি মহোদয়গণের নাম উল্লেখযোগ্য। সন্ধ্যার পর সভাপতি মহাশয়কে ধন্যবাদ দিয়া সভা ভঙ্গ হয়।

শ্রীননীগোপাল চট্টোপাধ্যায়

—

'দুর্লভ' অর্চ্চনা

(২য় বর্ষ)

জাতো বারেন্দ্রকুলে গুণিগণনিলয়ে দুর্লভো 'দুর্লভ' ত্বং।
মগ্নঃ সঙ্গীত-নীরে পরমমধুময়ে ব্রহ্মণি ব্রহ্মরূপে॥
কূর্ম্মঃ কিংবা জয়ন্ত্যাং জনগণসমিতৌ সেবকৈঃ সেবিতোঽসি।
জীয়াৎ দীর্ঘং জগত্যাং পরহিতকরণে সঙ্গীতে সঙ্গীতজ্ঞঃ॥

দুর্লভ ধরণী দুর্লভ জননী
দুর্লভ জনম তোমার।
দুর্লভ সেবিত, দুর্লভ কাঙ্ক্ষিত
দুর্লভ বিদ্যার আগার॥

দুর্লভ বদনে দুর্লভ বাদনে
দুর্লভ জনম সভায়।
দুর্লভ সন্ধ্যায় দুর্লভ শিক্ষায়
'দুর্লভ' যে তৃপ্তি বিলায়॥

পরম কারুণিক দয়াময়ের অপার করুণায় দ্বিতীয় বর্ষের 'দুর্লভ' জয়ন্তী উৎসব অনুষ্ঠিত হইয়াছে। অর্চ্চনায় অনধিকারী আমরা আপনার ন্যায় মহৎ নিঃস্বার্থ ছাত্র-বৎসল শিক্ষাদাতাকে কি দিয়া অর্চ্চনা করিব জানি না, তথাপি বিদ্বজ্জন মণ্ডিত সঙ্গীত মুখরিত এই সান্ধ্য-অনুষ্ঠানে আমরা আপনাকে ভক্তিপ্রবণ হৃদয়ে অন্তরের ভক্তি জানাইতেছি। ভগবানের নিকট প্রার্থনা করি আপনি যশোমণ্ডিত হইয়া দীর্ঘজীবন লাভ করুন ও অস্মদৃশ ছাত্র-বর্গকে অমূল্য মৃদঙ্গ-বিদ্যা অকাতরে দান করিয়া বাণীর পুণ্য মন্দির পূর্ণ করুন। সকলের আপ্রাণ যত্নে যে অনুষ্ঠান অনুষ্ঠিত হইয়াছে, সেই সমবেত ছাত্রগণের হৃদয়ে আপনি আদর্শরূপে সর্ব্বদা জাগরূক হউন। শক্তি সামর্থ্য শূন্য অকৃতজ্ঞ আমরা এই পবিত্র সন্ধ্যায় ভক্তি পুষ্পাঞ্জলি দিতেছি গ্রহণ করুন। এই অর্চ্চনীয় অনুষ্ঠানে প্রীত হইয়া আপনি আপনার ছাত্রগণকে ও চিরকৃতজ্ঞ এ যজ্ঞের প্রধান পুরোহিত শ্রীযুক্ত অবিনাশচন্দ্র সান্যালকে আশীর্ব্বাদ

করুন যেন সকলে শিক্ষায় ও মহত্ত্বে আপনার আদর্শ অনুসরণ করিয়া প্রতিনিয়ত এইরূপ পবিত্র অনুষ্ঠান করিতে সক্ষম হয়।

যাঁহার পুণ্য নিলয়ে আজ জয়ন্তী উৎসবের পবিত্র আয়োজন সেই জনপ্রিয় স্বনামধন্য ভূস্বামী রায় সাহেব শ্রীযুক্ত অভয়পদ ভট্টাচার্য্য মহাশয়কে শত শত ধন্যবাদ। এই সদনুষ্ঠানে অনুগ্রহ পরবশ ভট্টাচার্য্য মহাশয় সাহায্য না করিলে আমরা এ বিষয়ে সাহসী হইতাম না, অতএব শক্তি সামর্থ্যশূন্য অকৃতজ্ঞ আমরা, উপস্থিত ভদ্রমহোদয়-গণকে, সমাগত বিখ্যাত কীর্ত্তি সঙ্গীতজ্ঞগণকে ও স্থান দাতা শ্রীঅভয়পদ ভট্টাচার্য্য মহাশয়কে হৃদয়ের আন্তরিক কৃতজ্ঞতা জানাইতেছি। অলমতি—

চিরকৃতজ্ঞ—
জয়ন্তী 'সেবকবৃন্দ'

গত ২০এ ফাল্গুন, শনিবার সন্ধ্যায় মৃদঙ্গাচার্য্য পূজনীয় শ্রীযুক্ত দুর্লভচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের জন্ম দিবস উপলক্ষে হাওড়া জেলার সাঁত্রাগাছি গ্রামে রায়সাহেব শ্রীযুক্ত অভয়-পদ ভট্টাচার্য্য মহাশয়ের সুসজ্জিত ও প্রশস্ত প্রাঙ্গণে সঙ্গীত সভার বিরাট আয়োজন হইয়াছিল। শ্রীযুক্ত অবিনাশ চন্দ্র সান্যাল প্রমুখ তদীয় ছাত্রবৃন্দই এই অনুষ্ঠানের উদ্যোগী। নাটোরাধিপতির অনুপস্থিতিজ্ঞাপক পত্র পাঠান্তে সভাস্থ সকলের আগ্রহাতিশয্যে পরহিতৈষী স্বধর্ম্মনিষ্ঠ উদার চরিত মান্যবর ডাক্তার শ্রীযুক্ত মোহিতমোহন ভট্টাচার্য্য মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করেন।

পরে ছাত্রবৃন্দের পক্ষ হইতে রায় সাহেব শ্রীঅভয়পদ ভট্টাচার্য্য শ্রীযুক্ত দুর্লভচন্দ্র ভট্টাচার্য্য ও সভাপতি মহাশয়কে মাল্যচন্দন দ্বারা সুশোভিত করেন, এই সময় শ্রীযুক্ত শিবপ্রসাদ চট্টোপাধ্যায় "দুর্লভ অর্চ্চনা" পাঠ করেন, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সাংখ্যপুরাণতীর্থ রচিত দুর্লভ ভক্তি পুষ্পাঞ্জলি শ্রীযুক্ত মণীন্দ্রনাথ বাগ্‌চী এম্, এ মহোদয় আবৃত্তি করেন।

সভাপতি মহাশয় ও ভট্টাচার্য্য মহাশয় অতি সংক্ষেপে সরল ভাষায় সারগর্ভ বক্তৃতার দ্বারা সভাস্থ সকলের মনো-রঞ্জন করেন। অতঃপর স্তব তাল সংযোগে বাণীর আবাহনায় একাগ্রচিত্ত প্রথিতযশা সুকণ্ঠ শ্রীযুক্ত গোপাল-চন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বঙ্কিমচন্দ্র ঘোড়ই বি, এ, শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত ললিত মুখোপাধ্যায়, শ্রীযুক্ত বিজয় মুখোপাধ্যায়, শ্রীযুক্ত ননী পাঠক প্রভৃতি গুণীগণ সঙ্গীত আলাপ করেন এবং শ্রীযুক্ত গোবিন্দ রাও মহাশয় স্বরদ আলাপে সভাস্থ সকলকে মোহিত করেন। বাদ্যবিশারদ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, কেবলবাবু, সুবোধবাবু, খগেনবাবু ও স্বয়ং ভট্টাচার্য্য মহাশয় মৃদঙ্গ সঙ্গত করিয়া সান্ধ্য সঙ্গীতসভা স্বর্গীয় করিয়া তুলিয়াছিলেন সভায় বহু শ্রোতৃবর্গের শুভাগমন হইয়াছিল এবং সকলকেই গ্রামস্থ বালকগণ ও জয়ন্তী-সেবকগণ যথেষ্ট সমাদর করিয়া-ছিল, এমনকি জলযোগেরও ভূরি আয়োজন ছিল। সভাপতি ধন্যবাদান্তে রাত্রি ৪ ঘটিকার সময় "জয়ন্তী" সভাভঙ্গ হয়।

—

নগেন্দ্র সঙ্গীত বিদ্যালয় বার্ষিকী

সুপ্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ শ্রীযুক্ত নগেন্দ্রনাথ দত্ত মহাশয়ের ছাত্র ও গুণানুরাগীগণ তাঁহার সম্মানার্থে পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় এবারও ২০এ ফাল্গুন শনিবার দিন সন্ধ্যাকালে কলিকাতার কানাই ধর লেনে একটী সঙ্গীতানুষ্ঠান করেন। বহু খ্যাতনামা কলাবিদ উক্ত অনুষ্ঠানে যোগদান করেন। প্রথমে পূর্ণবাবু সেতার বাজান, তৎপরে শচীন দাস ও

বিভূতি দত্ত একসঙ্গে খেয়াল গান করেন। অতঃপর বাচ্চু খাঁর সারেঙ্গী, রামকিষণ মিশ্র ও ভানু মিশ্রের খেয়াল গান, জমীরুদ্দিন খাঁর খেয়াল, ঠুংরী ও গজল, খসরু সাহেবের গজল গান, বিখ্যাত সারেঙ্গী গৌরীশঙ্করজীর সারেঙ্গী হয়। বিভিন্ন গান ও যন্ত্রীর সহিত সঙ্গত করিয়াছিলেন, বাঙ্গালীর গৌরব সুপ্রসিদ্ধ মৃদঙ্গী শ্রীযুক্ত নগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, নীলমণি বাবু, পরেশ বাবু, বুঁদি মিশ্র, শচীন দাস ও সুধাংশু দত্ত (শ্রীহিমাংশুকুমার দত্ত, সুরসাগর মহাশয়ের কনিষ্ঠ ভ্রাতা)। আসরে উপস্থিত ব্যক্তিগণের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণ ছিলেন, ভারতবিখ্যাত প্রবীনতম ওস্তাদ বাদল খাঁ সাহেব, শ্রীযুক্ত কিরণচাঁদ বড়াল, তনুসুলালবাবু, শ্রীযুক্ত পরেশ বন্দ্যোপাধ্যায়, অধ্যাপক শ্যামাপদ চক্রবর্ত্তী, অধ্যাপক কান্তি বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত কৌসুকী সেন ও বীরেন বাবু।

—

মির্জ্জাপুর সঙ্গীত সম্মিলন

এবারে মির্জ্জাপুরে নিখিল ভারত সঙ্গীত সম্মিলনীর অধিবেশন অতি সমারোহে সুসম্পন্ন হইয়াছে। ভারতবর্ষের বিভিন্ন স্থান হইতে বিখ্যাত গায়ক ও বাদকগণ নিমন্ত্রিত হইয়া উক্ত সম্মিলনে যোগদান করিয়াছিলেন। ৪ঠা মার্চ্চ ৬ ঘটিকায় মির্জ্জাপুরের ম্যাজিষ্ট্রেট, মিঃ সি, এফ, উড মহোদয়ের সভাপতিত্বে সভার কার্য্য আরম্ভ হয়। মিঃ রাঘবেন্দ্র গিরি মহারাজ এই সম্মিলনের প্রধান মন্ত্রী ছিলেন। কাশীর জমিদার বীণকার শ্রীযুক্ত বাবু শিবেন্দ্র নাথ বসু (সন্তুবাবু) এলাহাবাদ হইতে মিঃ ডি, এন্, ভট্টাচার্য্য এবং মির্জ্জাপুরের বহু গণ্যমান্য ব্যক্তি যোগদান করিয়াছিলেন। ৪ঠা, ৫ই, ৬ই ও ৭ই মার্চ্চ পর্য্যন্ত হইয়া কন্‌ফারেন্স্ শেষ হয়। পশ্চিম ও বঙ্গদেশ হইতে বহু সঙ্গীতাচার্য্যগণ গিয়াছিলেন। যে সকল ওস্তাদগণ যোগদান করিয়াছিলেন তাঁহাদের নাম যথা:—প্রসিদ্ধ গায়ক শ্রীযুক্ত গোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, খেয়াল গায়ক শ্রীরমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (বিষ্ণুপুর)। শ্রেষ্ঠ সেতার বাদক শ্রীযুক্ত ইনায়েৎ হোসেন খাঁ, (কলিকাতা)। মৃদঙ্গ বাদক শ্রীযুক্ত শম্ভু প্রসাদজী, (বাঁদা)। গায়ক শ্রীযুক্ত রামদাসজী, (কাশী)। গায়ক শ্রীযুক্ত থক্করজী, (এলাহাবাদ)। শ্রীযুক্ত রঘুনাথ প্রসাদজী (এলাহাবাদ)। গায়ক পণ্ডিত গোবিন্দ রাও (জব্বলপুর)। গায়ক শ্রীযুক্ত বলবন্ত রাও (গোয়ালিয়র)। গায়ক শ্রীযুক্ত শঙ্কররাও (প্রয়াগ)। গায়ক বুলাকী দাস, হার্ম্মোনিয়ম শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ (মির্জ্জাপুর)। নৃত্য শ্রীযুক্ত কার্ত্তিক রামজী (রায়গড়)। নৃত্য, শ্রীযুক্ত অচ্ছন সাহেব (লখ্‌নৌ)। গায়ক শ্রীযুক্ত যোশী (এলাহাবাদ) সুর মণ্ডল বাদক শ্রীযুক্ত কহ্নইয়া লাল (মথুরা) তবলা শ্রীযুক্ত কৃপারাম (রায়গড়), তবলা, দোস্ত মহম্মদ (মির্জ্জাপুর) ইত্যাদি ইত্যাদি বহুলোক যোগদান করিয়াছিলেন।

মির্জ্জাপুরের বিখ্যাত ধনী ও বীণাবাদক শ্রীযুক্ত শুকদেব প্রসাদ সরাও মহোদয় এই সম্মেলনে গুণিগণকে বিশেষ যত্ন ও থাকিবার স্থানের ব্যবস্থা করিয়াছিলেন।

ইহাদের মধ্যে অনেকেই স্বর্ণপদক প্রাপ্ত হইয়াছেন তাহার তালিকা পর সংখ্যায় দিবার ইচ্ছা রহিল।

—

শঙ্কর উৎসব

শনিবার ১৩ই ফাল্গুন ১৮নং রাধানাথ মল্লিকের লেনে শঙ্কর উৎসবের অধিবেশন সুচারুসম্পন্ন হইয়া গিয়াছে। উৎসবে বহু বিশিষ্ট গুণী ব্যক্তিগণ উপস্থিত ছিলেন তন্মধ্যে শ্রীগোপেশ্বর বন্দ্যোপাধ্যায়, শ্রীগোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়,

শ্রীসতীশচন্দ্র দত্ত (দানীবাবু), শ্রীভূতনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযোগীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীধীরেন্দ্রনাথ ভট্টাচার্য্য, ও শ্রীললিত মুখোপাধ্যায় ধ্রুপদ গান করিয়াছিলেন এবং শ্রীদুর্ল্লভ চন্দ্র ভট্টাচার্য্য মহাশয় প্রথম তিন জনের সঙ্গে, শ্রীঅরুণচন্দ্র অধিকারী (কেবলবাবু) শ্রীভূতনাথ বাবু ও যোগীণ বাবু উভয়ের সঙ্গে শ্রীদেবেন্দ্রনাথ দে (সুবোধ বাবু), ধীরেন্দ্র বাবুর সঙ্গে এবং শ্রীনগেন্দ্র নাথ মুখোপাধ্যায় মহাশয় ললিত বাবু ও গোপাল বাবুর সঙ্গে সঙ্গত করিয়াছিলেন, গান-বাজনা ধ্রুপদ অনুরাগী ব্যক্তি মাত্রকেই প্রচুর আনন্দ দান করিয়াছিলেন পরে ছোটে খাঁ সাহেবের সারঙ্গ ও পরেশ বাবুর সঙ্গত উত্তম হইয়াছিল। গৌরীশঙ্কর বাবুর সারঙ্গে একখানি শুদ্ধ রাগ বাজাইয়া সকলকে মুগ্ধ করিয়াছিলেন এবং একখানি গানের সুর বাজাইয়া প্রসিদ্ধ বুঁদি মিশ্রের তবলার বাজনা শুনাইবার সুবিধা দিয়াছিলেন সময়ে সময়ে তানও তুলিয়াছিলেন। শেষে কাশীর রামু মিশ্রের সুন্দর খেয়াল গানে এবং ভীষ্মদেব বাবুর গানে সকলেই মুগ্ধ হইয়াছিলেন। নগেন বাবু সভার তত্ত্বাবধান করিয়া সকলকে আপ্যায়িত করেন।

—

আলোচনা

গত ফাল্গুন মাস হইতে প্রতি সোমবার শ্রীযুক্ত সত্যকিঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয়ের বাড়ীতে গীত-বাদ্যাদির মজলিস্ হইতেছে। কলিকাতা হাওড়া, সালিখা, শিবপুর প্রভৃতি স্থান হইতে বহু গণ্যমান্য ব্যক্তি এই আসরে শ্রোতারূপে উপস্থিত হ'ন। বিখ্যাত খেয়ালী আসফ আলি খাঁ এবং পণ্ডিত বিষ্ণু দিগম্বর মহাশয়ের একজন সুদক্ষ ছাত্র শ্রীযুক্ত হংসরাজ দুইদিন উপস্থিত হইয়া তাঁহাদের সাধনা দেখাইয়া শ্রোতাদের মনোরঞ্জন করিয়াছিলেন। এই মজলিসে সত্যকিঙ্করবাবুও তাঁহার আলাপ, খ্যাল এবং সেতারের দ্বারা সকলকে মোহিত ও আশ্চর্য্যান্বিত করেন।

শ্রীশম্ভুনাথ সাহা বি, এ।

—

নলতা সঙ্গীত সম্মেলন।

৫ম বার্ষিক অধিবেশন।

কার্য্য তালিকা।

৮ই বৈশাখ, ১৩৪০

১। প্রার্থনা।
২। উদ্বোধন সঙ্গীত।
৩। সভাপতি নির্ব্বাচন।
৪। অভ্যর্থনা সঙ্গীত।
৫। অভ্যর্থনা সমিতির সভাপতির অভিভাষণ।
৬। গত অধিবেশনের কার্য্য বিবরণ।
৭। গত বৎসরের পুরস্কার বিতরণ।
৮। সাধারণের বক্তৃতা ও প্রবন্ধাদি পাঠ।
৯। সভাপতির অভিভাষণ।
১০। বিচারক নির্ব্বাচন।

৯ বৈশাখ, ১৩৪০

১। বালক বালিকাগণের সঙ্গীত প্রতিযোগিতা।
২। ধ্রপদ, খেয়াল, টপ্পা, ঠুংরী প্রতিযোগিতা।

১০ বৈশাখ ১৩৪০

১। বাংলা গীত প্রতিযোগিতা :—আধুনিক বাংলা গান, কীর্ত্তন, বাউল ইত্যাদি।

২। যন্ত্র সঙ্গীত প্রতিযোগিতা:—এস্রাজ, বেহালা, সেতার, বাঁশী, হারমোনিয়ম ইত্যাদি।

৩। সঙ্গীত চর্চ্চার জন্য সাধারণকে উৎসাহ দান।

৪। সভাপতিকে ধন্যবাদ।

৫। সর্ব্ব সাধারণকে এবং স্বেচ্ছাসেবকগণকে ধন্যবাদ।

৬। প্রার্থনা ও বিদায় সঙ্গীত।

দ্রষ্টব্য:—সঙ্গীত প্রতিযোগিগণ আগামী ৬ই বৈশাখের মধ্যে তাঁহাদের নাম তালিকাভুক্ত করিবার জন্য সম্পাদকের নিকট আবেদন করিবেন এবং যন্ত্রাদি সহ যথা সময়ে উপস্থিত হইয়া প্রতিযোগিতায় যোগদান করিবেন।

বিনীত—মহম্মদ বিনাত আলী মির
সম্পাদক, নলতা সঙ্গীত সম্মেলন।

—

যোগেন্দ্র স্মৃতিসভা

গত ৫ই মার্চ্চ, রবিবার দিবস সন্ধ্যা ৭ ঘটিকার সময় হাওড়া টাউন হলে স্বর্গীয় যোগেন্দ্রনাথ (কটিরাম-বাবু)-র বার্ষিক স্মৃতি-সভার অধিবেশন সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। মাননীয় শ্রীযুক্ত গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় সভাপতির আসন গ্রহণ করিবার পর শ্রীযুক্ত অবনীমোহন দাস মহাশয় বিশুদ্ধ ভারতীয় সঙ্গীতের প্রসার ও কটিরামবাবুর কর্ম্মময় জীবনী সম্বন্ধে একটি নাতিদীর্ঘ বক্তৃতা প্রদান করেন। অতঃপর ভারতের সুপ্রসিদ্ধ গুণীগণ কর্ত্তৃক গীত-বাদ্যাদির দ্বারা স্বর্গীয় সঙ্গীতজ্ঞের প্রতি শ্রদ্ধা-নিবেদন করিয়া সভার গৌরববৃদ্ধি করিয়াছিলেন। সভাস্থ গুণীগণের মধ্যে নিম্নলিখিত ব্যক্তিগণের নাম বিশেষ উল্লেখযোগ্য, মৃদঙ্গাচার্য্য শ্রীযুক্ত নগেন্দ্রনাথ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত সতীশচন্দ্র দত্ত দানীবাবু) ওস্তাদ আমীর খাঁ এবং অন্যান্য গুণীগণ। এতদ্ব্যতীত বহু সম্ভ্রান্ত ভদ্রমহোদয়গণের সমুপস্থিতিতে সভাটী সর্ব্বাঙ্গ-সুন্দর হইয়াছিল।

—

দ্বিতীয় বার্ষিক লছমীপ্রসাদ স্মৃতি-উৎসব

আগামী ৮ই ও ৯ই এপ্রেল শনি ও রবিবার সন্ধ্যায় খড়দহ সঙ্গীত সমাজের সভ্যগণের উদ্যোগে সঙ্গীতাচার্য্য স্বর্গীয় লছমীপ্রসাদ মিশ্র মহাশয়ের দ্বিতীয় বার্ষিক স্মৃতি-সভার অধিবেশন হইবে। সঙ্গীতানুরাগী সুধীবৃন্দ, স্বর্গীয় লছমীপ্রসাদের ছাত্রগণ ও তদীয় গুণগ্রাহীবর্গ উক্ত স্মৃতিবাসরে যোগদান করতঃ আমাদিগকে উৎসাহ দান করিয়া অনুষ্ঠানের সার্থকতা সম্পাদন করিলে বিশেষ অনুগৃহীত হইব।

বিনয়াবনত—
শ্রীযতীন্দ্রনাথ মুখোপাধ্যায়
খড়দহ সঙ্গীত সমাজ